জাতীয় রাজস্ব বোর্ড

করনীতি উইং

# আয়কর পরিপত্র

## ২০২৩-২০২৪

## সূচীপত্র


| ক্রম | বিষয় | পৃষ্ঠা |
|---|---|---|
| ১। | আয়কর আইন, ২০২৩, অর্থ আইন, ২০২৩, উৎসে কর বিধিমালা, ২০২৩ এবং বিভিন্ন প্রজ্ঞাপনের মাধ্যমে আয়করের ক্ষেত্রে আনীত পরিবর্তন সম্পর্কিত স্পষ্টিকরণ। | ১ |
| ২। | ২০২৩-২০২৪ করবর্ষের জন্য প্রযোজ্য আয়করের হার | ১ |
| ৩। | স্বাভাবিক ব্যক্তি করদাতা, হিন্দু অবিভক্ত পরিবার ও ফার্মের করহার | ১ |
| ৪। | কোম্পানী ব্যতীত নির্দিষ্ট শ্রেণির করদাতাদের করহার | ৩ |
| ৫। | কোম্পানির করহার | ৪ |
| ৬। | রপ্তানি আয়ের জন্য হ্রাসকৃত করহার | ৫ |
| ৭। | সুতা উৎপাদন, ডায়িং, ফিনিসিং ইত্যাদি হতে আয়ের জন্য হ্রাসকৃত করহার | ৬ |
| ৮। | হাঁস-মুরগীর খামার, হাঁস-মুরগী, চিংড়ি ও মাছের হ্যাচারী (hatchery) এবং মৎস্য চাষ হতে আয়ের জন্য হ্রাসকৃত করহার | ৬ |
| ৯। | সারচার্জ | ৭ |
| ১০। | পরিবেশ সারচার্জ | ৮ |
| ১১। | পরিবেশ সারচার্জ পরিশোধের শর্তাবলি | ৯ |
| ১২। | আয়কর আইনের প্রয়োগ সংক্রান্ত সাধারণ স্পষ্টিকরণ | ১০ |
| ১৩। | আয়কর আইন, ২০২৩ এ প্রদত্ত কতিপয় গুরূত্বপূর্ণ সংজ্ঞা | ১৩ |
| ১৪। | আয়কর আইন, ২০২৩ এর অধীন আয়ের খাত ও মোট আয় পরিগণনা | ২৪ |
| ১৫। | চাকরি হইতে আয় | ২৪ |
| ১৬। | পারকুইজিট, ভাতা ও সুবিধাদির আর্থিক মূল্য নির্ধারণ | ২৫ |
| ১৭। | কর্মচারী শেয়ার স্কিম হতে অর্জিত আয় | ২৬ |
| ১৮। | ভাড়া হইতে আয় | ২৮ |
| ১৯। | কৃষি হইতে আয় | ৩০ |
| ২০। | ব্যবসা হইতে আয় | ৩১ |
| ২১। | মূলধনি আয় | ৫৯ |
| ২২। | আর্থিক পরিসম্পদ হইতে আয় | ৬৩ |
| ২৩। | অন্যান্য উৎস হইতে আয় | ৭০ |
| ২৪। | সহযোগী সত্তার সহিত লেনদেন | ৭০ |
| ২৫। | কর পরিশোধ: উৎসে কর কর্তন ও সংগ্রহ | ৭১ |

| ক্রম | বিষয় | পৃষ্ঠা |
|---|---|---|
| ২৬। | নির্দিষ্ট ব্যক্তি যেভাবে চেনা যাবে | ৭৩ |
| ২৭। | রিটার্ন দাখিলের প্রমাণ উপস্থাপন ও ব্যাংক ট্রান্সফারের মাধ্যমে অর্থ পরিশোধ গ্রহণের ব্যর্থতায় উৎসে করহার নির্ধারণ | ৭৬ |
| ২৮। | কর ব্যতীত পরিশোধ এর ক্ষেত্রে গ্রস-আপ পূর্বক কর কর্তন বা সংগ্রহ | ৭৬ |
| ২৯। | উৎসে কর কর্তন বা সংগ্রহের নিমিত্ত বিভিন্ন হার সংক্রান্ত সারণী | ৭৮ |
| ৩০। | শেয়ার হস্তান্তর হইতে কর সংগ্রহ | ৮৬ |
| ৩১। | ন্যূনতম কর | ৮৬ |
| ৩২। | রিটার্ন দাখিল | ১১২ |
| ৩২। | করদাতার নিবন্ধন ও নিবন্ধন বাতিল | ১২৭ |
| ৩৩। | রিটার্ন দাখিলের প্রমাণ দাখিলের বাধ্যবাধকতা | ১২৮ |
| ৩৪। | PSR সংক্রান্ত প্রণিধানযোগ্য বিধানবলি | ১৩৯ |
| ৩৫। | রিটার্ন দখিলে প্রমান প্রদর্শন | ১৪০ |


**পরিশিষ্ট**


| | বিষয় | পৃষ্ঠা |
|---|---|---|
| পরিশিষ্ট ১ | এস.আর.ও. নং ২০৬-আইন/আয়কর-০১/২০২৩ | ১৪৩ |
| পরিশিষ্ট ২ | এস.আর.ও.নং-২২৪-আইন/আয়কর-৬/২০২৩ | ২১০ |
| পরিশিষ্ট ৩ | এস.আর.ও.নং-২৮৩-আইন/আয়কর-১৪/২০২৩ | ২১৬ |
| পরিশিষ্ট ৪ | বাণিজ্যিকভাবে পরিচালিত মোটরযান হতে কর সংগ্রহ | ২২৪ |
| পরিশিষ্ট ৫ | নৌযান পরিচালনা হতে কর সংগ্রহ | ২২৭ |
| পরিশিষ্ট ৬ | কতিপয় প্রজ্ঞাপনের তালিকা | ২২৯ |
| পরিশিষ্ট ৭ | রহিতকৃত প্রজ্ঞাপনসমূহের তালিকা | ২৩৪ |
| পরিশিষ্ট ০৮ | এস. আর. ও. নং-১৬৯-আইন/আয়কর/২০২৩ | ২৩৮ |
| পরিশিষ্ট ০৯ | এস. আর. ও. নং-২০৭-আইন/আয়কর-০২/২০২৩ | ২৩৯ |
| পরিশিষ্ট ১০ | *এস. আর. ও. নং -২০৮-আইন/*আয়কর-০৩/২০২৩ | ২৪৫ |
| পরিশিষ্ট ১১ | এস. আর. ও. নং ২১০-আইন/আয়কর-০৫/২০২৩ | ২৪৭ |
| পরিশিষ্ট ১২ | এস.আর.ও. নং ২২৫-আইন/আয়কর-৭/২০২৩ | ২৪৯ |
| পরিশিষ্ট ১৩ | এস. আর. ও. নং ২৫৯-আইন/আয়কর-০৮/২০২৩ | ২৫১ |

| | | |
|---|---|---|
| পরিশিষ্ট ১৪ | এস. আর. ও. নং-২৭৮-আইন/আয়কর-১২/২০২৩ | ২৫২ |
| পরিশিষ্ট ১৫ | এস. আর. ও. নং ২৭৯-আইন/আয়কর-১১/২০২৩ | ২৫৪ |
| পরিশিষ্ট ১৬ | এস. আর. ও. নং-২৮১-আইন/আয়কর-১৩/২০২৩ | ২৫৫ |
| পরিশিষ্ট ১৭ | এস. আর. ও. নং-২৮২-আইন/আয়কর-১৫/২০২৩ | ২৫৭ |
| পরিশিষ্ট ১৮ | এস.আর.ও নং ২৮৬-আইন/আয়কর-১৬/২০২৩ | ২৫৮ |
| পরিশিষ্ট ১৯ | উৎসে কর কর্তন/সংগ্রহ সংক্রান্ত অধিক্ষেত্র আদেশ | ২৫৯ |
| পরিশিষ্ট ২০ | অর্থ আইন, ২০২৩ এর তৃতীয় অধ্যায় | ২৭১ |
| পরিশিষ্ট ২১ | অর্থ আইন, ২০২৩ এর তফসিল-২ | ২৭৩ |
| পরিশিষ্ট ২২ | সরকারি কোষাগারে আয়কর জমার জন্য কর অঞ্চলভিত্তিক একাউন্ট কোড | ২৮৩ |

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জাতীয় রাজস্ব বোর্ড
রাজস্ব ভবন
শেরেবাংলা নগর, আগারগাঁও, ঢাকা
www.nbr.gov.bd

নথি নং- ০৮.০১.০০০০.০৩০.০৩.২৫.২৩ তারিখ: ২৭ আশ্বিন ১৪৩০ বঙ্গাব্দ
১২ অক্টোবর ২০২৩ খ্রিষ্টাব্দ

# আয়কর পরিপত্র ২০২৩-২০২৪

**বিষয়: আয়কর আইন, ২০২৩; অর্থ আইন, ২০২৩; উৎসে কর বিধিমালা, ২০২৩ এবং বিভিন্ন প্রজ্ঞাপনের মাধ্যমে আয়করের ক্ষেত্রে আনীত পরিবর্তন সম্পর্কিত স্পষ্টীকরণ।**

২২ জুন ২০২৩ তারিখে আয়কর আইন, ২০২৩ এর গেজেট প্রকাশিত হয়। অর্থ আইন, ২০২৩ এর মাধ্যমে আয়কর ও সারচার্জের হার নির্ধারণ এবং ভ্রমণ কর আইন, ২০০৩ এ প্রয়োজনীয় সংশোধনী আনা হয়েছে। অধিকন্তু, উৎসে কর বিধিমালা, ২০২৩ এর মাধ্যমে বিভিন্ন উৎসে করহার পুনঃনির্ধারণ করা হয়েছে। অর্থ আইন, ২০২৩; নূতন প্রবর্তিত আয়কর আইন, ২০২৩; উৎসে কর বিধিমালা, ২০২৩ ও সময়ে সময়ে জারিকৃত প্রজ্ঞাপনসমূহের যথাযথ প্রয়োগ নিশ্চিতকরণ এবং সংশ্লিষ্ট বিধি বিধানসমূহ করদাতাগণকে সহজভাবে অবহিতকরণের লক্ষ্যে উল্লেখযোগ্য বিষয়সমূহ নিম্নে ব্যাখ্যা ও উদাহরণসহ উপস্থাপন করা হলো:-

## ১। ২০২৩-২০২৪ করবর্ষের জন্য প্রযোজ্য আয়করের হার

অর্থ আইন, ২০২৩ এর তফসিল-২ তে ২০২৩-২০২৪ করবর্ষের জন্য করহার নির্ধারণ করা হয়েছে।

### ১.১ স্বাভাবিক ব্যক্তি করদাতা, হিন্দু অবিভক্ত পরিবার ও ফার্মের করহার

অর্থ আইন, ২০২৩ এ বর্ণিত করহারের তফসিল-২ অনুযায়ী প্রত্যেক স্বাভাবিক ব্যক্তি (বাংলাদেশী নন এরূপ বাংলাদেশে অনিবাসী স্বাভাবিক ব্যক্তি ব্যতীত), হিন্দু অবিভক্ত পরিবার ও ফার্মের মোট আয়ের উপর আয়করের হার নিম্নরূপ:

| | মোট আয় | করহার |
|---|---|---|
| (ক) | প্রথম ৩,৫০,০০০ টাকা পর্যন্ত মোট আয়ের উপর | শূন্য |
| (খ) | পরবর্তী ১,০০,০০০ টাকা পর্যন্ত মোট আয়ের উপর | ৫% |

| | মোট আয় | করহার |
|---|---|---|
| (গ) | পরবর্তী ৩,০০,০০০ টাকা পর্যন্ত মোট আয়ের উপর | ১০% |
| (ঘ) | পরবর্তী ৪,০০,০০০ টাকা পর্যন্ত মোট আয়ের উপর | ১৫% |
| (ঙ) | পরবর্তী ৫,০০,০০০ টাকা পর্যন্ত মোট আয়ের উপর | ২০% |
| (চ) | অবশিষ্ট মোট আয়ের উপর | ২৫% |

তবে, উল্লিখিত করহার করদাতার মর্যাদা নির্বিশেষে সিগারেট, বিড়ি, জর্দা, গুলসহ সকল প্রকার তামাকজাত পণ্য প্রস্তুতকারক করদাতার উক্ত ব্যবসা হতে অর্জিত আয়ের ক্ষেত্রে প্রযোজ্য হবে না।

তাছাড়া, তৃতীয় লিঙ্গের করদাতা, মহিলা করদাতা, ৬৫ বছর বা তদূর্ধ্ব বয়সের করদাতা, প্রতিবন্ধী ব্যক্তি (person with disability) করদাতা এবং গেজেটভুক্ত যুদ্ধাহত মুক্তিযোদ্ধা করদাতার ক্ষেত্রে করমুক্ত সীমা নিম্নরূপ:

১. মহিলা করদাতা এবং ৬৫ বছর বা তদূর্ধ্ব বয়সের করদাতার ক্ষেত্রে ৪,০০,০০০ টাকা;

২. তৃতীয় লিঙ্গের করদাতা এবং প্রতিবন্ধী ব্যক্তি করদাতার ক্ষেত্রে ৪,৭৫,০০০ টাকা;

৩. গেজেটভুক্ত যুদ্ধাহত মুক্তিযোদ্ধা করদাতার ক্ষেত্রে ৫,০০,০০০ টাকা।

করমুক্ত সীমা নির্ধারণের ক্ষেত্রে, কোনো প্রতিবন্ধী ব্যক্তির পিতামাতা বা আইনানুগ অভিভাবকের প্রত্যেক প্রতিবন্ধী সন্তান/পোষ্যের জন্য করমুক্ত আয়ের সীমা ৫০,০০০ টাকা বেশি হবে। প্রতিবন্ধী ব্যক্তির পিতা ও মাতা উভয়েই করদাতা হলে যেকোনো একজন এ সুবিধা পাবেন।

মোট আয়ের পরিমাণ করমুক্ত আয়সীমার অধিক হলে করদাতার অবস্থানভেদে প্রদেয় ন্যূনতম আয়করের পরিমাণ নিম্নরূপ:

| এলাকা | ন্যূনতম করের হার (টাকা) |
|---|---|
| ঢাকা উত্তর সিটি কর্পোরেশন, ঢাকা দক্ষিণ সিটি কর্পোরেশন এবং চট্টগ্রাম সিটি কর্পোরেশন এলাকায় অবস্থিত করদাতা | ৫,০০০ |
| অন্যান্য সিটি কর্পোরেশন এলাকায় অবস্থিত করদাতা | ৪,০০০ |
| সিটি কর্পোরেশন ব্যতীত অন্যান্য এলাকায় অবস্থিত করদাতা | ৩,০০০ |

অর্থাৎ করমুক্ত সীমার ঊর্ধ্বে আয় রয়েছে এমন করদাতার প্রদেয় আয়করের পরিমাণ বা বিনিয়োগজনিত কর রেয়াত বিবেচনার পর প্রদেয় আয়করের পরিমাণ ন্যূনতম আয়করের চেয়ে কম, শূন্য বা ঋণাত্মক হলেও তাকে প্রযোজ্য হারে ন্যূনতম আয়কর পরিশোধ করতে হবে।

এছাড়া, কোনো করদাতা স্বল্প উন্নত এলাকা (less developed area) বা সবচেয়ে কম উন্নত এলাকায় (least developed area) অবস্থিত কোনো ক্ষুদ্র বা কুটির শিল্পের মালিক হলে এবং উক্ত ক্ষুদ্র বা কুটির শিল্পের দ্রব্যাদি উৎপাদনে নিয়োজিত থাকলে করদাতার উক্ত ক্ষুদ্র বা কুটির শিল্প হতে উদ্ভূত আয়ের উপর নিম্নবর্ণিত হারে আয়কর রেয়াত প্রযোজ্য হবে:

| | **বিবরণ** | **রেয়াতের হার** |
|---|---|---|
| (১) | যেক্ষেত্রে সংশ্লিষ্ট বছরের উৎপাদনের পরিমাণ পূর্ববর্তী বছরের উৎপাদনের পরিমাণের তুলনায় ১৫% এর অধিক, কিন্তু ২৫% এর অধিক নয় | উক্ত আয়ের উপর প্রদেয় আয়করের ৫% |
| (২) | যেক্ষেত্রে সংশ্লিষ্ট বছরের উৎপাদনের পরিমাণ পূর্ববর্তী বছরের উৎপাদনের পরিমাণের তুলনায় ২৫% এর অধিক | উক্ত আয়ের উপর প্রদেয় আয়করের ১০% |

### ১.২ কোম্পানি ব্যতীত নির্দিষ্ট শ্রেণির করদাতাদের করহার

| | | |
|---|---|---|
| (১) | কোম্পানি এবং ব্যক্তি-সংঘ নহে, বাংলাদেশে অনিবাসী (অনিবাসী বাংলাদেশী ব্যতীত) এইরূপ অন্যান্য সকল করদাতার ক্ষেত্রে আয়ের উপর প্রযোজ্য কর- | উক্ত আয়ের ৩০% |
| (২) | কোম্পানি নহে, সিগারেট, বিড়ি, জর্দা, গুলসহ সকল প্রকার তামাকজাত পণ্য প্রস্তুতকারক এইরূপ করদাতার উক্ত ব্যবসায় হইতে অর্জিত আয়ের উপর প্রযোজ্য কর- | উক্ত আয়ের ৪৫% |
| (৩) | কোম্পানি নহে, ট্রাস্ট, তহবিল, ব্যক্তিসংঘ এবং অন্যান্য করারোপযোগ্য সত্তার ক্ষেত্রে আয়ের উপর প্রযোজ্য কর- | উক্ত আয়ের ২৭.৫%<br>তবে শর্ত থাকে যে, সকল প্রকার আয় ও প্রাপ্তি এবং প্রত্যেক একক লেনদেনে পাঁচ লক্ষ টাকার অধিক ও বার্ষিক সর্বমোট ছত্রিশ লক্ষ টাকার |

| | | |
|---|---|---|
| | | উর্ধ্বে সকল প্রকার ব্যয় ও বিনিয়োগ ব্যাংক ট্রান্সফারের মাধ্যমে সম্পন্ন করিতে ব্যর্থ হইলে উপরি-উক্ত করহার উক্ত আয়ের ৩০% হইবে। |
| (৪) | সমবায় সমিতি আইন, ২০০১ (২০০১ সনের ৪৭ নং আইন) অনুযায়ী নিবন্ধিত সমবায় সমিতির ক্ষেত্রে আয়ের উপর প্রযোজ্য কর- | উক্ত আয়ের ১৫% |
| (৫) | বেসরকারি বিশ্ববিদ্যালয়, বেসরকারি মেডিক্যাল কলেজ, বেসরকারি ডেন্টাল কলেজ, বেসরকারি ইঞ্জিনিয়ারিং কলেজ বা কেবলমাত্র তথ্যপ্রযুক্তি বিষয়ে শিক্ষাদানে নিয়োজিত বেসরকারি কলেজ এর উদ্ভূত আয়ের উপর প্রযোজ্য কর- | উক্ত আয়ের ১৫% |

## ১.৩ কোম্পানির করহার

| কোম্পানির বর্ণনা | প্রযোজ্য করহার | *শর্ত পরিপালনের ব্যর্থতায় করহার |
|---|---|---|
| পাবলিকলি ট্রেডেড কোম্পানি যাদের পরিশোধিত মূলধনের ১০% এর অধিক শেয়ার IPO (Initial Public Offering) এর মাধ্যমে হস্তান্তরিত হয়েছে | ২০% | ২২.৫% |
| পাবলিকলি ট্রেডেড কোম্পানি যাদের পরিশোধিত মূলধনের ১০% বা ১০% এর কম শেয়ার IPO (Initial Public Offering) এর মাধ্যমে হস্তান্তরিত হয়েছে | ২২.৫% | ২৫% |
| আয়কর আইন, ২০২৩ এ সংজ্ঞায়িত কোম্পানিসমূহের মধ্যে যারা পাবলিকলি ট্রেডেড নয় | ২৭.৫% | ৩০% |
| এক ব্যক্তি কোম্পানি | ২২.৫% | ২৫% |
| পাবলিকলি ট্রেডেড-ব্যাংক, বীমা ও আর্থিক প্রতিষ্ঠান (মার্চেন্ট ব্যাংক ব্যতীত) | ৩৭.৫% | শর্ত প্রযোজ্য নয় |
| পাবলিকলি ট্রেডেড নয় এরূপ-ব্যাংক, বীমা ও আর্থিক প্রতিষ্ঠান | ৪০% | শর্ত প্রযোজ্য নয় |
| মার্চেন্ট ব্যাংক | ৩৭.৫% | শর্ত প্রযোজ্য নয় |
| সিগারেট, বিড়ি, জর্দা, গুলসহ সকল প্রকার তামাকজাত পণ্য প্রস্তুতকারী কোম্পানি | ৪৫% | শর্ত প্রযোজ্য নয় |

| | | |
|---|---|---|
| | (+) ২.৫ % সারচার্জ | |
| পাবলিকলি ট্রেডেড মোবাইল ফোন অপারেটর কোম্পানি যদি তার পরিশোধিত মূলধনের ন্যূনতম ১০% শেয়ার, যার মধ্যে Pre-Initial Public Offering Placement ৫% এর অধিক থাকতে পারবে না | ৪০% | শর্ত প্রযোজ্য নয় |
| পাবলিকলি ট্রেডেড নয় এমন মোবাইল ফোন কোম্পানি | ৪৫% | শর্ত প্রযোজ্য নয় |
| **শর্ত:** সকল প্রকার আয় ও প্রাপ্তি এবং প্রত্যেক একক লেনদেনে পাঁচ লক্ষ টাকার অধিক ও বার্ষিক সর্বমোট ছত্রিশ লক্ষ টাকার উর্ধ্বে সকল প্রকার ব্যয় ও বিনিয়োগ ব্যাংক ট্রান্সফারের মাধ্যমে সম্পন্ন করতে হবে। | | |

### ১.৪ রপ্তানি আয়ের জন্য হ্রাসকৃত করহার

এস. আর. ও. নং ২১০-আইন/আয়কর-০৫/২০২৩, তারিখ: ২৬ জুন, ২০২৩ খ্রিষ্টাব্দ দ্বারা রপ্তানি হতে অর্জিত সকল প্রকার আয়ের উপর নিম্নবর্ণিত শর্তসাপেক্ষে আয়কর অব্যাহতি বা, ক্ষেত্রমত, হ্রাস করে প্রদেয় আয়করের হার নিম্নোক্তভাবে ধার্য করা হয়েছে-

(ক) স্বাভাবিক ব্যক্তি (individual), ফার্ম ও হিন্দু অবিভক্ত পরিবার কর্তৃক অর্জিত আয়ের ৫০% করমুক্ত থাকিবে;

(খ) স্বাভাবিক ব্যক্তি (individual), ফার্ম ও হিন্দু অবিভক্ত পরিবার ব্যতীত অন্যান্য করদাতাদের করহার ১২% হইবে; এবং

(গ) স্বাভাবিক ব্যক্তি (individual), ফার্ম ও হিন্দু অবিভক্ত পরিবার ব্যতীত অন্যান্য করদাতা কর্তৃক Leadership in Energy and Environmental Design (LEED) Certified কারখানায় উৎপাদিত পণ্য রপ্তানি হইতে অর্জিত আয়ের উপর ১০%।

উক্ত হ্রাসকৃত করহারের সুবিধা পেতে হলে রপ্তানিকারককে নিম্নোক্ত শর্তাবলি পরিপালন করতে হবে-

**(অ)** রপ্তানিকারককে করদাতা শনাক্তকরণ নম্বর (টিআইএন)-ধারী হতে হবে;

**(আ)** এ প্রজ্ঞাপনের অধীন অনুমোদিত প্রতিষ্ঠানকে আয়কর আইন, ২০২৩ এর বিধানাবলি পরিপালন করতে হবে;

**(ই)** কোনো আয়বর্ষে (income year) পরিবেশ সংশ্লিষ্ট বিধি-বিধান লঙ্ঘনের দায়ে সরকারের কোনো কর্তৃপক্ষ কর্তৃক অর্থদণ্ড আরোপিত হলে সংশ্লিষ্ট করবর্ষে নিয়মিত হারে আয়কর পরিশোধযোগ্য হবে;

(ঈ) সকল প্রকার Transportation Service, Mobile Telecommunication Service এবং Internet and Internet Related Service এর জন্য এ প্রজ্ঞাপনে বর্ণিত কর অব্যাহতি সুবিধা প্রযোজ্য হবে না।

(উ) আয়কর আইন, ২০২৩ এর কোনো বিধান বা অন্য কোনো প্রজ্ঞাপনের অধীন কোনো করদাতা কর অব্যাহতি সুবিধা প্রাপ্ত হলে এ প্রজ্ঞাপনের বর্ণিত কর অব্যাহতি সুবিধা প্রাপ্য হবেন না।

হ্রাসকৃত করহারের এই সুবিধা ১ জুলাই ২০২৩ তারিখে আরব্ধ করবর্ষ হতে শুরু করে ৩০ জুন ২০২৮ তারিখে সমাপ্ত করবর্ষ পর্যন্ত বলবৎ থাকবে।

এখানে উল্লেখ্য, যেক্ষেত্রে স্বাভাবিক ব্যক্তি, ফার্ম ও হিন্দু অবিভক্ত পরিবার ব্যতীত অন্যান্য করদাতাদের একই খাতে দেশীয় ও রপ্তানি আয় রয়েছে, সেক্ষেত্রে আনুপাতিক আয় ও ব্যয় বিভাজন প্রযোজ্য হবে।

### ১.৫ সুতা উৎপাদন, ডায়িং, ফিনিসিং ইত্যাদি হতে আয়ের জন্য হ্রাসকৃত করহার

এস. আর. ও. নং ১৫৯-আইন/আয়কর/২০২২, তারিখ: ০১ জুন,২০২২ খ্রিষ্টাব্দ দ্বারা বস্ত্র উৎপাদনের সহিত জড়িত কোন সুতা উৎপাদন, সুতা ডাইয়িং, ফিনিশিং, কোনিং, কাপড় তৈরী, কাপড় ডাইয়িং, প্রিন্টিং অথবা উক্তরূপ এক বা একাধিক প্রক্রিয়ায় নিয়োজিত কোন কোম্পানির উল্লিখিত শিল্পের ব্যবসা হতে অর্জিত আয়ের উপর নিম্নবর্ণিত শর্তসাপেক্ষে প্রদেয় আয়করের হার হ্রাস করে ১৫% (পনের শতাংশ) ধার্য করা হয়েছে-

(ক) উৎপাদনকারী প্রতিষ্ঠানকে কোম্পানী আইন, ১৯৯৪ (১৯৯৪ সালের ১৮ নং আইন) এর অধীনে নিবন্ধিত হতে হবে;

(খ) এই প্রজ্ঞাপনের সুবিধা পেতে আয়কর আইন, ২০২৩ এর বিধানাবলি পরিপালন করতে হবে;

(গ) কোন আয়বর্ষে পরিবেশ সংশ্লিষ্ট বিধি বিধান লংঘনের দায়ে সরকারের কোন কর্তৃপক্ষ কর্তৃক অর্থদন্ড আরোপিত হলে সংশ্লিষ্ট করবর্ষে নিয়মিত হারে আয়কর পরিশোধ করতে হবে;

হ্রাসকৃত করহারের এই সুবিধা ৩০ জুন ২০২৫ তারিখে সমাপ্ত করবর্ষ পর্যন্ত বলবৎ থাকবে।

### ১.৬ হাঁস-মুরগীর খামার, হাঁস-মুরগী, চিংড়ি ও মাছের হ্যাচারী (hatchery) এবং মৎস্য চাষ হতে আয়ের জন্য হ্রাসকৃত করহার

এস. আর. ও. নং ১৫৭-আইন/আয়কর/২০২২, তারিখ: ০১ জুন,২০২২ খ্রিষ্টাব্দ দ্বারা হাঁস-মুরগীর খামার, হাঁস-মুরগী, চিংড়ি ও মাছের হ্যাচারী (hatchery) এবং মৎস্য চাষ হতে অর্জিত আয়ের উপর আয়কর আইন, ২০২৩ এর বিধানাবলি পরিপালন

সাপেক্ষে উক্ত আইনের অধীনে প্রদেয় আয়কর হ্রাসপূর্বক নিম্নরূপে ধার্য করা হয়েছে, যথা:-

| **আয়ের পরিমাণ** | **আয়করের হার** |
|---|---|
| প্রথম ১০ লক্ষ টাকা পর্যন্ত আয়ের উপর | শূন্য |
| পরবর্তী ১০ লক্ষ টাকা পর্যন্ত আয়ের উপর | ৫% |
| পরবর্তী ১০ লক্ষ টাকা পর্যন্ত আয়ের উপর | ১০% |
| অবশিষ্ট আয়ের উপর | ১৫% |

২। **সারচার্জ**

স্বাভাবিক ব্যক্তি করদাতার ক্ষেত্রে, আয়কর আইন, ২০২৩ এর ধারা ১৬৭ অনুযায়ী পরিসম্পদ ও দায়ের বিবরণীতে প্রদর্শিত নিম্নবর্ণিত সম্পদের ভিত্তিতে, এই অনুচ্ছেদ এর অধীন সারচার্জ পরিগণনার পূর্বে পরিবেশ সারচার্জ ব্যতীত নির্ধারিত প্রদেয় করের উপর নিম্নরূপ হারে সারচার্জ প্রদেয় হইবে, যথা:-

| **সম্পদ** | **সারচার্জের হার** |
|---|---|
| (ক) নীট পরিসম্পদের মূল্যমান চার কোটি টাকা পর্যন্ত- | শূন্য |
| (খ) নীট পরিসম্পদের মূল্যমান চার কোটি টাকার অধিক কিন্তু দশ কোটি টাকার অধিক নহে;<br><br>বা, নিজ নামে একের অধিক মোটর গাড়ি<br><br>বা, মোট ৮,০০০ বর্গফুটের অধিক আয়তনের গৃহ-সম্পত্তি | ১০% |
| (গ) নীট পরিসম্পদের মূল্যমান দশ কোটি টাকার অধিক কিন্তু বিশ কোটি টাকার অধিক নহে- | ২০% |
| (ঘ) নীট পরিসম্পদের মূল্যমান বিশ কোটি টাকার অধিক কিন্তু পঞ্চাশ কোটি টাকার অধিক নহে- | ৩০% |
| (ঙ) নীট পরিসম্পদের মূল্যমান পঞ্চাশ কোটি টাকার অধিক হইলে | ৩৫% |

সিগারেট, বিড়ি, জর্দা, গুলসহ সকল প্রকার তামাকজাত পণ্য প্রস্তুতকারক করদাতার উক্ত ব্যবসায় হতে অর্জিত আয়ের উপর ২.৫% হারে সারচার্জ পরিশোধ করতে হবে। সারচার্জ পরিগণনা বা নির্ধারণের ক্ষেত্রে নিম্নবর্ণিত ব্যাখ্যাসমূহ প্রযোজ্য হবে,যথা:

(১) “নীট পরিসম্পদের মূল্যমান” বলতে আয়কর আইন, ২০২৩ এর ধারা ১৬৭ অনুযায়ী পরিসম্পদ ও দায়ের বিবরণীতে প্রদর্শনযোগ্য নীট পরিসম্পদের মূল্যমান বুঝাবে; এবং

(২) “মোটর গাড়ি” বলতে বাস, মিনিবাস, কোস্টার, প্রাইম মুভার, ট্রাক, লরি, ট্যাংক লরি, পিকআপ ভ্যান, হিউম্যান হলার, অটোরিকশা ও মোটর সাইকেল ব্যতীত অন্যান্য মোটরযান অন্তর্ভুক্ত হবে।

## ৩। পরিবেশ সারচার্জ

কোন করদাতার (অর্থাৎ কোম্পানিসহ সকল প্রকারের করদাতা) নামে একাধিক মোটর গাড়ি থাকলে তার একের অধিক প্রত্যেকটি গাড়ির জন্য নিম্নবর্ণিত সারণীতে উল্লেখিত হারে পরিবেশ সারচার্জ পরিশোধ করতে হবে, যথা:-

| ক্রমিক নং | মোটর গাড়ির বর্ণনা | পরিবেশ সারচার্জের হার (টাকায়) |
|---|---|---|
| ১। | ১৫০০ সিসি বা ৭৫ কিলোওয়াট পর্যন্ত প্রতিটি মোটর গাড়ির জন্য | ২৫,০০০ |
| ২। | ১৫০০ সিসি বা ৭৫ কিলোওয়াটের অধিক কিন্তু ২০০০ সিসি বা ১০০ কিলোওয়াটের অধিক নহে এমন প্রতিটি মোটর গাড়ির জন্য | ৫০,০০০ |
| ৩। | ২০০০ সিসি বা ১০০ কিলোওয়াটের অধিক কিন্তু ২৫০০ সিসি বা ১২৫ কিলোওয়াটের অধিক নহে এমন প্রতিটি মোটর গাড়ির জন্য | ৭৫,০০০ |
| ৪। | ২৫০০ সিসি বা ১২৫ কিলোওয়াটের অধিক কিন্তু ৩০০০ সিসি বা ১৫০ কিলোওয়াটের অধিক নহে এমন প্রতিটি মোটর গাড়ির জন্য | ১,৫০,০০০ |
| ৫। | ৩০০০ সিসি বা ১৫০ কিলোওয়াটের অধিক কিন্তু ৩৫০০ সিসি বা ১৭৫ কিলোওয়াটের অধিক নহে এমন প্রতিটি মোটর গাড়ির জন্য | ২,০০,০০০ |
| ৬। | ৩৫০০ সিসি বা ১৭৫ কিলোওয়াটের অধিক এমন প্রতিটি মোটর গাড়ির জন্য | ৩,৫০,০০০ |

**পরিবেশ সারচার্জ পরিশোধের শর্তাবলি:**

(ক) একাধিক গাড়ির ক্ষেত্রে যে গাড়ির উপর সর্বনিম্ন হারে পরিবেশ সারচার্জ আরোপিত হবে সে গাড়ি ব্যতীত অন্যান্য গাড়ির বিপরীতে পরিবেশ সারচার্জ পরিশোধ করতে হবে;

(খ) গাড়ির নিবন্ধন বা ফিটনেস নবায়নকারী কর্তৃপক্ষ গাড়ির নিবন্ধন বা ফিটনেস নবায়নকালে উৎসে পরিবেশ সারচার্জ সংগ্রহ করবেন;

(গ) একাধিক বছরের জন্য গাড়ির নিবন্ধন বা ফিটনেস নবায়ন করা হলে যে অর্থবর্ষে গাড়ির নিবন্ধন বা ফিটনেস নবায়ন করা হয়েছে তার পরবর্তী অর্থবর্ষগুলোর ৩০ জুন তারিখের মধ্যে প্রযোজ্য হারে পরিবেশ সারচার্জ পরিশোধ করতে হবে;

(ঘ) কোন করদাতা শর্ত (গ) মোতাবেক উৎসে পরিবেশ সারচার্জ পরিশোধ করতে ব্যর্থ হলে সেক্ষেত্রে নিবন্ধন বা ফিটনেস নবায়নকালে *ক + খ* নিয়মানুযায়ী পরিবেশ সারচার্জ হার নির্ধারিত হবে, যেখানে-

*ক* = বিগত বছর বা বছরগুলোতে অপরিশোধিত পরিবেশ সারচার্জের পরিমাণ,

*খ* = যে বছরে করদাতা পরিবেশ সারচার্জ পরিশোধ করছেন সে অর্থ বছরের জন্য নির্ধারিত পরিবেশ সারচার্জের পরিমাণ;

(ঙ) একাধিক বছরের জন্য গাড়ির নিবন্ধন বা ফিটনেস নবায়ন করার ক্ষেত্রে প্রতিবছর আয়কর রিটার্ন দাখিলের পূর্বে পরিবেশ সারচার্জ পরিশোধ করা না হলে উপকর কমিশনার আয়কর রিটার্ন প্রসেস বা কর নির্ধারণকালে তা আদায় করবেন;

(চ) পরিবেশ সারচার্জ প্রত্যর্পনযোগ্য বা অন্যকোন প্রকারের কর বা সারচার্জের সাথে সমন্বয়যোগ্য হবে না;

(ছ) "মোটর গাড়ি" বলতে বাস, মিনিবাস, কোস্টার, প্রাইম মুভার, ট্রাক, লরি, ট্যাংক লরি, পিকআপ ভ্যান, হিউম্যান হলার, অটোরিকশা ও মোটর সাইকেল ব্যতীত অন্যান্য মোটরযান অন্তর্ভুক্ত হইবে।

**উদাহরণ ১**

মিজ অরণ্য অহমের ১৫০০ সিসির একটি সেডান কার এবং ১৭৫ কিলোওয়াটের একটি টেসলা কার রয়েছে। দুটো গাড়ির জন্য-ই কি পরিবেশ সারচার্জ পরিশোধ করতে হবে? গাড়ির ফিটনেস নবায়নকালে নবায়নকারী কর্তৃপক্ষের নিকট পরিবেশ সারচার্জ বাবদ কত টাকা এ-চালানের মাধ্যমে পরিশোধ করতে হবে?

কোনো করদাতার একাধিক গাড়ি থাকলে একের অধিক যতটি গাড়ি থাকবে ততটি গাড়ির জন্য পরিবেশ সারচার্জ প্রদেয় হবে। মিজ অরণ্য অহমের দুটো গাড়ি রয়েছে। তাঁকে কেবল একটি গাড়ির জন্য পরিবেশ সারচার্জ পরিশোধ করতে হবে। একাধিক গাড়ির ক্ষেত্রে যে গাড়ির উপর সর্বনিম্ন হারে পরিবেশ সারচার্জ আরোপিত হতে পারে উক্ত গাড়ি ব্যতীত অন্যান্য গাড়ির জন্য প্রযোজ্য হারে পরিবেশ সারচার্জ প্রদেয় হবে।

এখানে দেখা যাচ্ছে, ১৫০০ সিসির একটি সেডান গাড়ির জন্য পরিবেশ সারচার্জের পরিমাণ হচ্ছে ২৫,০০০ টাকা এবং ১৭৫ কিলোওয়াটের গাড়ির জন্য পরিবেশ সারচার্জের পরিমাণ ২,০০,০০০ টাকা। এ দুটি গাড়ির মধ্যে ১৭৫ কিলোওয়াটের গাড়ির জন্য পরিবেশ সারচার্জের পরিমাণ ২,০০,০০০ টাকা অধিক হওয়ায় করদাতা কর্তৃক পরিবেশ সারচার্জ হিসেবে ২,০০,০০০ টাকা প্রদেয় হবে। এ-চালানের মাধ্যমে উক্ত সারচার্জের অর্থ সরকারি কোষাগারে জমা করে এ-চালানের কপি গাড়ির ফিটনেস নবায়নকারী কর্তৃপক্ষের নিকট দাখিল করতে হবে।

## ৪। আয়কর আইনের প্রয়োগ সংক্রান্ত সাধারণ স্পষ্টিকরণ

**প্রশ্ন- ক: ২০২৩-২০২৪ করবর্ষের কর নিরূপণ আয়কর আইন, ২০২৩ নাকি Income-tax Ordinance, 1984 এর অধীন সম্পন্ন হবে?**

উত্তর: ২০২৩-২০২৪ করবর্ষের কর নিরূপণ আয়কর আইন, ২০২৩ এবং অর্থ আইন, ২০২৩ অনুযায়ী সম্পন্ন করতে হবে। আয়কর আইন, ২০২৩ কার্যকর হবার তারিখ হতে পরবর্তীকালে সকল কার্যবিধি- যেমন, নোটিশ জারি, শুনানীর তারিখ নির্ধারণ, কর নির্ধারণের ধারা আয়কর আইন, ২০২৩ অনুযায়ী উল্লেখ করতে হবে।

তবে, আয় নিরুপণের যে সকল ক্ষেত্রে পরিপালনজনিত ব্যর্থতার কারণে কোনো খরচ অননুমোদনের বিধান আয়কর আইন, ২০২৩ এ রয়েছে কিন্তু Income-tax Ordinance, 1984-এ ছিলো না সে সকল বিধান ২০২৪-২০২৫ করবর্ষ হতে প্রযোজ্য হবে। যেমন, আয়কর আইন, ২০২৩ এর ধারা ৫৫তে “ব্যবসা হইতে আয়” পরিগণনাকালে কতিপয় ক্ষেত্রে বিয়োজন অনুমোদনযোগ্য না হবার উল্লেখ রয়েছে। ধারা ৫৫তে উল্লেখিত যেসকল ক্ষেত্রসমূহ নূতনভাবে প্রণয়ন করা হয়েছে অর্থাৎ Income-tax Ordinance, 1984 এর ধারা ৩০-এ ছিলো না সে সকল বিধান ২০২৪-২০২৫ করবর্ষ হইতে প্রযোজ্য হবে।

**উদাহরণ ২**

“ব্যবসা হইতে আয়” পরিগণনাকালে বেতন-ভাতাদি খাতে খরচ হিসাবে কোনো কর্মচারীকে মাসিক গ্রস বেতন ২০,০০০ টাকা বা তার অধিক ব্যাংক ট্রান্সফারের মাধ্যমে পরিশোধ করা না হলে তা Income-tax Ordinance, 1984 এর ধারা 30(i) অনুযায়ী খরচ হিসেবে অননুমোদিত হত। আয়কর আইন, ২০২৩ এর ধারা ৫৫(ট) অনুযায়ী কর্মচারীর “চাকরি হইতে আয়” বলে বিবেচিত এরূপ কোনো অর্থ যদি ব্যাংক ট্রান্সফারের মাধ্যমে পরিশোধ করা না হয় তবে তা “ব্যবসা হইতে আয়” পরিগণনাকালে বেতন-ভাতাদি খাতে খরচ হিসাবে অননুমোদিত হবে। এখন প্রশ্ন হলো, এক্ষেত্রে আয়কর আইন, ২০২৩ অনুযায়ী ২০২৩-২০২৪ করবর্ষের “ব্যবসা হইতে আয়” পরিগণনাকালে কোন বিধান প্রযোজ্য হবে? আয়কর আইনের ধারা ৫৫(ট) এর বিধান নাকি Income-tax Ordinance, 1984 এর ধারা 30(i) প্রযোজ্য হবে? এক্ষেত্রে Income-tax Ordinance, 1984 এর ধারা 30(i) প্রযোজ্য হবে।

**প্রশ্ন- খ: ২০২৩-২০২৪ করবর্ষে “ব্যবসা হইতে আয়” পরিগণনাকালে ক্ষতির জেরটানা ও সমন্বয় আয়কর আইন, ২০২৩ নাকি Income-tax Ordinance, 1984 এর বিধান প্রযোজ্য হবে?**

উত্তর: আয়কর আইন, ২০২৩ এর বিধান প্রযোজ্য হবে।

**প্রশ্ন- গ: ২০২৩-২০২৪ করবর্ষে লভ্যাংশ, ব্যাংক সুদ বা মুনাফা এবং সঞ্চয়পত্রের মুনাফা “অন্যান্য উৎসের আয়” নাকি “আর্থিক পরিসম্পদ হইতে আয়” হিসেবে গণ্য হবে?**

উত্তর: যেহেতু ২০২৩-২০২৪ করবর্ষের আয় পরিগণনা আয়কর আইন, ২০২৩ অনুযায়ী করতে হবে সেহেতু লভ্যাংশ, ব্যাংক সুদ বা মুনাফা এবং সঞ্চয়পত্রের মুনাফা “আর্থিক পরিসম্পদ হইতে আয়” হিসেবে গণ্য হবে।

**প্রশ্ন- ঘ: ২০২২-২০২৩ করবর্ষের কর নিরূপণ আয়কর আইন, ২০২৩ নাকি Income-tax Ordinance, 1984 এর অধীন সম্পন্ন হবে?**

উত্তর: ২০২২-২০২৩ করবর্ষের কর নিরূপণ Income-tax Ordinance, 1984 এবং অর্থ আইন, ২০২২ এর অনুযায়ী সম্পন্ন হবে। তবে, আয়কর আইন, ২০২৩ কার্যকর হবার তারিখ হতে পরবর্তীকালে সকল কার্যবিধি- যেমন, নোটিশ জারি, শুনানীর তারিখ নির্ধারণ, কর নির্ধারণের ধারা আয়কর আইন, ২০২৩ অনুযায়ী উল্লেখ করতে হবে।

**প্রশ্ন- ঙ: আয়কর আইন, ২০২৩ কার্যকর হবার পূর্বের তারিখ পর্যন্ত বোর্ড কর্তৃক নির্বাচিত অডিট মামলাসমূহ নিষ্পন্নে আয়কর আইন, ২০২৩ নাকি Income-tax Ordinance, 1984 অনুসরণ করতে হবে?**

উত্তর: আয়কর আইন, ২০২৩ কার্যকর হবার পূর্বের তারিখ পর্যন্ত বোর্ড কর্তৃক নির্বাচিত অডিট মামলাসমূহ Income-tax Ordinance, 1984 এ বর্ণিত বিধানানুসারে নিষ্পন্ন করতে হবে।

**প্রশ্ন- চ: আয়কর আইন, ২০২৩ এর মাধ্যমে যে সকল উৎস হতে কর্তিত কর নূতন করে ন্যূনতম করের আওতায় আনা হয়েছে তা ২০২৩-২০২৪ করবর্ষ হতে কার্যকর হবে নাকি ২০২৪-২০২৫ করবর্ষ হতে কার্যকর হবে?**

উত্তর: আয়কর আইন, ২০২৩ এর মাধ্যমে যে সকল ক্ষেত্রে নূতন করে ন্যূনতম করের বিধান আনয়ন করা হয়েছে সে সকল ক্ষেত্রে যদি পূর্ব হতেই পৃথক হিসাব সংরক্ষণের বাধ্যবাধকতা থাকে কেবল তখন-ই ন্যূনতম করের বিধান প্রযোজ্য হবে।

আয়কর আইন, ২০২৩ এর ধারা ১৬৩(২)(গ) অনুযায়ী ন্যূনতম কর প্রযোজ্য এরূপ আয়ের উৎস বা উৎসসমূহের জন্য ধারা ৭২ এর বিধানাবলী অনুসারে নিয়মিতভাবে হিসাব বহি সংরক্ষণ বাধ্যতামূলক। যেহেতু নিয়মিত হিসাব বহি সংরক্ষণের মতো

পরিপালনযোগ্য শর্তের ভুতাপেক্ষ প্রয়োগ বাস্তবসম্মত নয় সেহেতু এসকল বিধানের পূর্ণাঙ্গ পরিপালন ২০২৪-২০২৫ হতে প্রযোজ্য হবে।

**উদাহরণ ৩**

ন লিঃ একটি ঠিকাদারি প্রতিষ্ঠান। ঠিকাদারি ব্যবসার জামানত হিসেবে ন লিমিটেড কে বাণিজ্যিক ব্যাংকে নির্ধারিত অর্থ গচ্ছিত রাখতে হয়। ৩০ জুন ২০২৩ সমাপ্ত বছরে অনুরূপ জমা থেকে উক্ত প্রতিষ্ঠান ২০ কোটি টাকা উপার্জন করেছে যা থেকে ব্যাংক ২০% শতাংশ হারে ৪ কোটি টাকা কর্তন করেছে। ন লিঃ এর আয় এবং কর পরিগণনা কেমন হবে?

জামানতের টাকা ব্যাংকে রাখা ঠিকাদারি ব্যবসার শর্ত। তা সত্ত্বেও যেহেতু অর্থের লেনদেন বা গ্রাহক জমার ব্যবস্থাপনা প্রতিষ্ঠানটির মূল ব্যবসায়িক কার্যক্রম নয় অর্থাৎ ব্যাংক বা মোবাইল ব্যাংকিং প্রতিষ্ঠানের মতো নয় সেহেতু অনুরূপ জামানত থেকে আয় ন লিঃ এর ব্যবসা খাতের আয় হিসেবে গণ্য হবে না। এটি আর্থিক পরিসম্পদ হতে আয় হিসেবে বিবেচ্য হবে। আর্থিক পরিসম্পদ থেকে অর্জিত আয়ের হিসাব বরাবরই পৃথকভাবে সংরক্ষণের বাধ্যবাধকতা ছিল। এ কারণে ন লিঃ ক্ষেত্রে উপরোক্ত ব্যাংক জমার অর্থ থেকে অর্জিত আয়ের জন্য ধারা ১৬৩ এর বিধানাবলী ২০২৩-২৪ করবর্ষ থেকেই প্রযোজ্য হবে।

**প্রশ্ন- ছ: আয়কর আইন, ২০২৩ এর মাধ্যমে আনীত পরিবর্তনের ফলে অগ্রিম কর পরিশোধের ব্যর্থতায় সৃষ্ট ঘাটতির উপর সরল সুদ উদ্ভূত হলে তা কি ২০২৩-২০২৪ করবর্ষ হতে প্রযোজ্য হবে?**

উত্তর: না। আয়কর আইন, ২০২৩ এর মাধ্যমে আনীত পরিবর্তনের ফলে অগ্রিম কর পরিশোধের ব্যর্থতায় সৃষ্ট ঘাটতির উপর সরল সুদ উদ্ভূত হলে ২০২৩-২০২৪ করবর্ষে তা প্রযোজ্য হবে না।

**প্রশ্ন- জ: আয়কর আইনের কোন বিধানগুলি ভবিষ্যাপেক্ষ (prospective) এবং কোন বিধানগুলি ভুতাপেক্ষ (retrospective) প্রয়োগ হবে?**

উত্তর: কোনো ব্যক্তির কোনো আয়বর্ষের আয়ের উপর কর পরিগণনা বা কর নির্ধারণের জন্য প্রযোজ্য করহার যেমন: অর্থ আইনের মাধ্যমে নির্ধারিত করহার বা ন্যূনতম করহার ভূতাপেক্ষ (retrospective) প্রয়োগ হবে। অন্যান্য সকল ক্ষেত্রে যেমন: পরিপালন সম্পর্কিত সকল বিধানাবলি বা পরিপালন ব্যর্থতা হতে উদ্ভূত দায় সৃষ্টি করে এমন সকল বিধানাবলি বা উৎসে কর আদায় বা সংগ্রহ সম্পর্কিত বিধানাবলি বা রিটার্ন দাখিল সংক্রান্ত বিধানাবলি বা জরিমানা আরোপ সংক্রান্ত বিধানাবলি ভবিষ্যাপেক্ষ (prospective) প্রয়োগ হবে। তবে এক্ষেত্রে খেয়াল রাখতে হবে কোন বিধানগুলো তাৎক্ষণিক প্রযোজ্য বা কোন বিধানগুলো পরবর্তী করবর্ষ হতে প্রযোজ্য। যেমন, রিটার্ন দাখিল সংক্রান্ত যেকোনো বিধান ১ জুলাই তারিখ হতে প্রযোজ্য হবে। আবার কোনো প্রকারের ব্যয় অনুমোদন বা অননুমোদন সংক্রান্ত

বিধানগুলো পরবর্তী করবর্ষ হতে প্রযোজ্য হবে। একইভাবে উৎসে করের পরিপালন সংক্রান্ত কোন বিধানের লঙ্ঘনে অংশ-৭ অনুযায়ী কোনো ব্যবস্থা গ্রহণ বা জরিমানা আরোপের বিধান ১ জুলাই তারিখ হতেই কার্যকর হবে।

## ৫। আয়কর আইন, ২০২৩ এ প্রদত্ত কতিপয় গুরুত্বপূর্ণ সংজ্ঞা:

### ৫.১ করদিবস

আয়কর আইন, ২০২৩ এর ধারা ২(২৩) অনুযায়ী "করদিবস" অর্থ-

(ক) কোম্পানি ব্যতীত কোনো করদাতার ক্ষেত্রে, আয়বর্ষ সমাপ্তির পরবর্তী নভেম্বর মাসের ৩০ (ত্রিশ) তম দিন; (অর্থাৎ স্বাভাবিক ব্যক্তি, ফার্ম, ব্যক্তিসংঘ, হিন্দু অবিভক্ত পরিবার, ট্রাস্ট ও তহবিলের জন্য কর দিবস হচ্ছে ৩০ নভেম্বর)।

(খ) কোম্পানির ক্ষেত্রে, আয়বর্ষ সমাপ্তির পরবর্তী সপ্তম মাসের ১৫ (পনেরো) তম দিন অথবা যেইক্ষেত্রে উক্ত পনেরোতম দিন সেপ্টেম্বর মাসের ১৫ (পনেরো) তম দিনের পূর্বের তারিখে পড়ে, সেইক্ষেত্রে আয়বর্ষ সমাপ্তির পরবর্তী সেপ্টেম্বর মাসের পনেরোতম দিন;

(গ) পূর্বে কখনোই রিটার্ন দাখিল করেন নাই এইরূপ স্বাভাবিক ব্যক্তি করদাতার ক্ষেত্রে আয়বর্ষ শেষ হইবার পরবর্তী ৩০ জুন তারিখ;

(ঘ) বিদেশে অবস্থানরত কোনো স্বাভাবিক ব্যক্তি করদাতার ক্ষেত্রে, তার বাংলাদেশে প্রত্যাবর্তনের দিন হইতে ৯০ (নব্বই) তম দিন, যদি উক্তরূপ ব্যক্তি-

(অ) উচ্চ শিক্ষার জন্য ছুটিতে অথবা চাকরির জন্য প্রেষণে বা লিয়েনে নিযুক্ত হইয়া বাংলাদেশের বাহিরে অবস্থান করেন; বা

(আ) অর্থ উপার্জনের উদ্দেশ্যে বৈধ ভিসা এবং পারমিটধারী হয়ে বাংলাদেশের বাহিরে অবস্থান করেন;

(ঙ) যদি উপ-দফা (ক) ও (খ)তে উল্লিখিত দিন সরকারি ছুটির দিন হয়, তাহা হইলে উক্ত দিনের অব্যবহিত পরবর্তী কর্মদিবস;

বিদেশে অবস্থানরত অর্থ উপার্জনকারী কোনো ব্যক্তির জন্য, যিনি বৈধ ভিসা ও পারমিটধারী, বাংলাদেশে আগমনের দিন হতে ৯০তম দিন করদিবস হিসেবে গণ্য হবে। যদি কোনো ব্যক্তি ছুটিতে বা স্বল্পকিছু দিনের জন্য বাংলাদেশে আগমন করেন তার ক্ষেত্রেও এ নিয়ম প্রযোজ্য হবে। অর্থাৎ বাংলাদেশে যেকোনো মূহুর্তেই বা যে কয়দিনের জন্যই প্রত্যাবর্তন করুন না কেন বাংলাদেশে প্রত্যাবর্তনের দিন হতে ৯০তম দিনই করদিবস হিসেবে পরিগণিত হবে।

### ৫.২ ব্যক্তির সংজ্ঞা

আয়কর আইনের প্রয়োগ, করহার নির্ধারণ, পরিপালন সংক্রান্ত বিধি-বিধানের যথাযথ প্রয়োগ, লভ্যাংশ হতে কর আহরণ, নিরীক্ষিত হিসাব বিবরণী দাখিলসহ নানাবিধ প্রয়োগের জন্য "ব্যক্তি" মর্যাদা নির্ধারণ অত্যন্ত গুরুত্বপূর্ণ।

Income-tax Ordinance, 1984 এবং আয়কর আইন, ২০২৩ এর প্রদত্ত ব্যক্তির সংজ্ঞার তুলনামূলক আলোচনা কর যাক। Income-tax Ordinance, 1984 এর section 2(46) তে "ব্যক্তি" এর নিম্নরূপ সংজ্ঞা প্রদান করা হয়েছিলো-

"person" includes an individual, a firm, an association of persons, a Hindu undivided family, a trust, a fund, a local authority, a company, an entity and every other artificial juridical person.

আয়কর আইন, ২০২৩ এর ধারা ২(৬৯) এ প্রদত্ত ব্যক্তির সংজ্ঞা নিম্নরূপ:

**"ব্যক্তি"** অর্থে কোনো স্বাভাবিক ব্যক্তি, ফার্ম, ব্যক্তিসংঘ, হিন্দু অবিভক্ত পরিবার, ট্রাস্ট, তহবিল ও কোম্পানি অন্তর্ভুক্ত হইবে।

| ক্রমিক নং | Income-tax Ordinance, 1984 অনুযায়ী ব্যক্তি | আয়কর আইন, ২০২৩ অনুযায়ী ব্যক্তি |
|---|---|---|
| ১। | an individual | স্বাভাবিক ব্যক্তি |
| ২। | a firm | ফার্ম |
| ৩। | an association of persons | ব্যক্তিসংঘ |
| ৪। | a Hindu undivided family | হিন্দু অবিভক্ত পরিবার |
| ৫। | a trust | ট্রাস্ট |
| ৬। | a fund | তহবিল |
| ৭। | a company | কোম্পানি |
| ৮। | a local authority | কোম্পানি'র সংজ্ঞাভুক্ত |
| ৯। | an entity | |
| ১০। | every other artificial juridical person | |

অর্থাৎ আয়কর আইন, ২০২৩ এ প্রদত্ত ব্যক্তির সংজ্ঞায় স্থানীয় কর্তৃপক্ষ, কোনো সত্তা এবং অন্য কোনো কৃত্রিম ব্যক্তির স্বতন্ত্র অবস্থান নেই।

আয়কর আইন, ২০২৩ এ প্রদত্ত ব্যক্তির সংজ্ঞা হতে সুস্পষ্ট যে ব্যক্তি দুই ধরণের, যথা:

১। স্বাভাবিক ব্যক্তি (natural person or individual);

২। কৃত্রিম ব্যক্তি (artificial person)।

ফার্ম, ব্যক্তিসংঘ, হিন্দু অবিভক্ত পরিবার, ট্রাস্ট, তহবিল ও কোম্পানি কৃত্রিম ব্যক্তির প্রকারভেদ মাত্র। নিম্নে "ব্যক্তি" বা person উদাহরণসহ উপস্থাপন করা হলো, যথা:

| ক্রমিক নং | ব্যক্তি'র ধরণ | বৈশিষ্ট্য এবং উদাহরণ |
|---|---|---|
| ১। | স্বাভাবিক ব্যক্তি (individual) | সকল স্বাভাবিক ব্যক্তি বা natural person। যিনি কৃত্রিম ব্যক্তি নন। যেমন: জনাব সলিল সজল একজন বাংলাদেশি। ব্যক্তি হিসেবে তার মর্যাদা স্বাভাবিক ব্যক্তি। |
| ২। | ফার্ম (firm) | আয়কর আইন, ২০২৩ এর ধারা ২(৫৮) অনুযায়ী "ফার্ম" অর্থ Partnership Act, 1932 (Act No. IX of 1932) এ সংজ্ঞায়িত কোনো ফার্ম;<br>ক। The Partnership Act, 1932 এর ধারা ৪ অনুসারে- "Partnership" is the relation between persons who have agreed to share the profits of a business carried on by all or any of them acting for all.<br>Persons who have entered into partnership with one another are called individually "partners" and collectively "a firm", and the name under which their business is carried on is called the "firm name"।<br>খ। দুই বা ততোধিক ব্যক্তি- স্বাভাবিক বা কৃত্রিম যা-ই হোক না কেন, কর্তৃক পরিচালিত ব্যবসায়ের মুনাফা নিজেদের মধ্যে বন্টনের জন্য সম্মত হলে সে সম্পর্ককে যৌথ বা অংশীদারি কারবার বা "Partnership" বলে। "Partnership" এর জন্য এরূপে চুক্তিবদ্ধ ব্যক্তিগণ ব্যক্তিগতভাবে অংশীদার এবং সমষ্টিগতভাবে ফার্ম হিসেবে গণ্য হন।<br>গ। ফার্ম নিবন্ধিত বা অনিবন্ধিত হতে পারে।<br>ঘ। আয়কর আইন, ২০২৩ এর ধারা ২(৩১) এ প্রদত্ত "কোম্পানি" এর সংজ্ঞানুসারে ফার্মের কোন একজন অংশীদার যদি কোম্পানী আইন, ১৯৯৪ (১৯৯৪ সনের ১৮ নং আইন) এ সংজ্ঞায়িত অর্থে |

| ক্রমিক নং | ব্যক্তি'র ধরণ | বৈশিষ্ট্য এবং উদাহরণ |
|---|---|---|
| | | কোনো কোম্পানি বা বিদেশি সত্তা হয় তবে উক্ত ফার্ম কোম্পানি মর্যাদাভুক্ত হবে এবং আয়কর আইন, ২০২৩ এর সকল উদ্দেশ্যে কোম্পানি হিসেবে বিবেচিত হবে। |
| ৩। | ব্যক্তিসংঘ (association of persons) | ক। ব্যক্তিসংঘ তা যেকোনো প্রকারের হতে পারে। তবে যেহেতু আয়কর আইন, ২০২৩ এ কতিপয় ব্যক্তিসংঘকে আলাদা মর্যাদা প্রদান করা হয়েছে তাই তারা সরাসরি ব্যক্তিসংঘ হিসেবে গণ্য হবে না; যেমন- ফার্ম, কোম্পানি, ট্রাস্ট, ফান্ড, হিন্দু অবিভক্ত পরিবার।<br>খ। জয়েন্ট ভেঞ্চার, কনসোর্টিয়াম (প্রযোজ্যক্ষেত্রে), অনিবন্ধিত ক্লাব, অনিবন্ধিত সমিতি অথবা অনিবন্ধিত বা অন্য কোনভাবে আইনী সত্তা হিসেবে স্বীকৃতি নেই এমন যেকোন সংঘ যাদের উপর আয়কর আইন, ২০২৩ এর প্রযোজ্যতা রয়েছে।<br>গ। ব্যক্তিসংঘের সদস্যগণ "সদস্য" হিসেবে গণ্য হন।<br>ঘ। জয়েন্ট ভেঞ্চার এবং প্রযোজ্যক্ষেত্রে কনসোর্টিয়ামসহ অন্যান্য ব্যক্তিসংঘ যাদের কোন সদস্য যদি কোম্পানী আইন, ১৯৯৪ (১৯৯৪ সনের ১৮ নং আইন) এ সংজ্ঞায়িত অর্থে কোনো কোম্পানি বা বিদেশি সত্তা হয় তবে উক্ত জয়েন্ট ভেঞ্চার এবং প্রযোজ্যক্ষেত্রে কনসোর্টিয়ামসহ অন্যান্য ব্যক্তিসংঘ কোম্পানি মর্যাদাভুক্ত হবে এবং আয়কর আইন, ২০২৩ এর সকল উদ্দেশ্যে কোম্পানি হিসেবে বিবেচিত হবে। |
| ৪। | হিন্দু অবিভক্ত পরিবার (Hindu undivided family) | ক। হিন্দু আইনের অধীনে একজন সাধারণ পূর্বপুরুষের (a common ancestor) অধঃস্তন বংশধর পুরুষ, অবিবাহিত কন্যা ও অধঃস্তন বংশধর পুরুষগণের স্ত্রীগণের সমন্বয়ে গঠিত অবিভক্ত পরিবার।<br>খ। হিন্দু অবিভক্ত পরিবার কোন চুক্তির অধীন সৃষ্টি হতে পারবে না। |

| ক্রমিক নং | ব্যক্তি'র ধরণ | বৈশিষ্ট্য এবং উদাহরণ |
|---|---|---|
| | | গ। অধঃস্তন বংশধর পুরুষগণ আবশ্যিকভাবে সমাংশী বা coparcenary হবেন।<br>ঘ। হিন্দু অবিভক্ত পরিবারের বয়োজ্যেষ্ঠ পুরুষ যিনি একজন সমাংশী তিনি সাধারণতঃ কর্তা হিসেবে গণ্য। কর্তা হিন্দু অবিভক্ত পরিবারের আইনগত প্রতিনিধি হিসেবে বিবেচিত হন।<br>ঙ। যতদিন পর্যন্ত সহ-উত্তরাধিকারীগণ বা coparceners অবিভক্ত থাকবেন ততদিন পর্যন্ত হিন্দু অবিভক্ত পরিবার একটি একক সত্তা হিসেবে পরিগণিত হবে। |
| ৫। | ট্রাস্ট (trust) | আয়কর আইন, ২০২৩ এর ধারা ২(৩৮) **"ট্রাস্ট"** অর্থ Trust Act, 1882 (Act No. II of 1882) এর অধীন গঠিত ট্রাস্ট এবং Specific Relief Act, 1877 (Act No. II of 1877) এ সংজ্ঞায়িত ট্রাস্টও ইহার অন্তর্ভুক্ত হইবে:<br>তবে শর্ত থাকে যে, যেইক্ষেত্রে ট্রাস্ট কোনো কোম্পানি বা তহবিল গঠনের পূর্বশর্ত অথবা কোম্পানি বা তহবিল পরিচালনার উদ্দেশ্যে গঠিত হইয়া থাকে সেইক্ষেত্রে উক্ত কোম্পানি বা, ক্ষেত্রমত, তহবিল করযোগ্য সত্তা হইবে এবং ট্রাস্ট করযোগ্য সত্তা হিসাবে বিবেচিত হইবে না। ট্রাস্ট সম্পর্কে বিস্তারিত আলোচনা নিম্নরূপ:<br><br>ক। "ট্রাস্ট" বলতে The Trust Act, 1882 এর অধিন গঠিত ট্রাস্ট বুঝাবে। The Trust Act, 1882 ধারা ৩ অনুসারে-<br>অ। A **"trust"** is an ***obligation*** annexed to the ownership of property, and arising out of a confidence reposed in and accepted by the owner, or declared and accepted by him, for the benefit of another, or of another and the owner: |

| ক্রমিক নং | ব্যক্তি'র ধরণ | বৈশিষ্ট্য এবং উদাহরণ |
|---|---|---|
| | | আ। the person who reposes or declares the confidence is called the "author of the trust":<br>ই। the person who accepts the confidence is called the "trustee":<br>ঈ। the person for whose benefit the confidence is accepted is called the "beneficiary":<br>উ। the subject-matter of the trust is called "trust-property" or "trust-money":<br>ঊ। the "beneficial interest" or "interest" of the beneficiary is his right against the trustee as owner of the trust-property; and<br>ঋ। the instrument, if any, by which the trust is declared is called the "instrument of trust"।<br>খ। আবার Specific Relief Act, 1877 এর ধারা ৩ অনুযায়ী-<br>অ। "obligation" includes every duty enforceable by law;<br>আ। "trust" includes every species of express, implied, or constructive fiduciary ownership;<br>ই। "trustee" includes every person holding, expressly, by implication, or constructively, a fiduciary character;<br>গ। The Trust Act, 1882 এর ধারা ৫ এবং The Registration Act, 1908 এর ধারা ১৭ |

| ক্রমিক নং | ব্যক্তি'র ধরণ | বৈশিষ্ট্য এবং উদাহরণ |
|---|---|---|
| | | অনুযায়ী স্থাবর সম্পত্তি সংক্রান্ত সকল ট্রাস্ট দলিল বা "instrument of trust" নিবন্ধিত বা registered হতে হবে। অস্থাবর সম্পত্তির ক্ষেত্রে সম্পত্তির মালিকানা ট্রাস্টির নিকট হস্তান্তর না হওয়া পর্যন্ত ট্রাস্ট গঠিত হবেনা।<br>ঘ। The Trust Act, 1882 এর অধীন সৃষ্ট "ট্রাস্ট" এর কেবলমাত্র ট্রাস্ট দলিল অনুযায়ী পরিচালিত হলে এবং অন্যকোন উদ্দেশ্যে বা ভিন্ন কোন সত্তার প্রয়োজনে সৃষ্ট না হলে তা আয়কর আইন, ২০২৩ এর উদ্দেশ্যে ব্যক্তি হিসেবে গণ্য হবে। অর্থাৎ এর মর্যাদা হবে ট্রাস্ট।<br>ঙ। ট্রাস্ট কোনো কোম্পানি বা তহবিল গঠনের পূর্বশর্ত হিসেবে গঠিত হলে অথবা কোম্পানি বা তহবিল পরিচালনার উদ্দেশ্যে গঠিত হয়ে থাকলে সেক্ষেত্রে উক্ত কোম্পানি বা, ক্ষেত্রমত, তহবিল করযোগ্য সত্তা হবে এবং ট্রাস্ট করযোগ্য সত্তা হিসাবে বিবেচিত হইবে না।যেমন, বেসরকারি বিশ্ববিদ্যালয় বা মিউচ্যুয়াল ফান্ড বা অনুমোদিত ভবিষ্য তহবিলের জন্য ট্রাস্ট গঠনের আইনানুগ প্রয়োজনীয়তা রয়েছে। এক্ষেত্রে, বেসরকারি বিশ্ববিদ্যালয় সৃষ্টির উদ্দেশ্যে সৃষ্ট ট্রাস্ট করযোগ্য সত্তা হিসেবে পরিগণিত হবে না কেননা বেসরকারি বিশ্ববিদ্যালয় কোম্পানি হিসেবে করযোগ্য সত্তা হিসেবে পরিগণিত হবে। একইভাবে মিউচ্যুয়াল ফান্ড বা অনুমোদিত ভবিষ্য তহবিল আয়কর আইন, ২০২৩ এ তহবিল হিসেবে স্বীকৃত হবে। |
| ৬। | তহবিল (fund) | ক। আয়কর আইন, ২০২৩ এর ধারা ২(৪২) অনুযায়ী "তহবিল" অর্থ আপাতত বলবৎ কোনো আইন বা বিধির অধীন সৃষ্ট বা স্বীকৃত কোনো তহবিল। অর্থাৎ আয়কর আইন, ২০২৩ এর উদ্দেশ্যে তহবিল এর মর্যাদা হচ্ছে তহবিল।<br>খ। The Provident Funds Act, 1925; The Labor Act, 2006; The Trust Act, 1882; The Bangladesh Securities and |

| ক্রমিক নং | ব্যক্তি'র ধরণ | বৈশিষ্ট্য এবং উদাহরণ |
|---|---|---|
| | | Exchange Commission Act, 1993; Bangladesh Securities and Exchange and Commission (Mutual Fund) Rules-2001; Bangladesh Securities and Exchange Commission (Alternative Investment) Rules, 2015; The Bangladesh Securities and Exchange (Capital Market Stabilization Fund) Rules, 2021 ইত্যাদি আইন ও বিধিমালার অধীন সৃষ্ট বা স্বীকৃত ফান্ড বা তহবিল আয়কর আইন, ২০২৩ এর উদ্দেশ্যে ব্যক্তি হিসেবে গণ্য হবে। |
| ৭। | কোম্পানি (company) | ক। আয়কর আইন, ২০২৩ এর ধারা ২(৩১) অনুযায়ী ''কোম্পানি'' অর্থ কোম্পানী আইন, ১৯৯৪ (১৯৯৪ সনের ১৮ নং আইন) এ সংজ্ঞায়িত অর্থে কোনো কোম্পানি, এবং ইহার অন্তর্ভুক্ত হইবে-<br>(ক) বিদেশি কোনো প্রতিষ্ঠানের লিয়াজোঁ অফিস, রিপ্রেজেন্টেটিভ অফিস বা ব্রাঞ্চ অফিস;<br>(খ) যেকোনো বিদেশি সত্তা বা ব্যক্তির স্থায়ী কোনো প্রতিষ্ঠান;<br>(গ) বাংলাদেশের বাহিরের কোনো দেশের আইন দ্বারা বা আইনের অধীন নিবন্ধিত কোনো সংঘ বা সংস্থা;<br>(ঘ) যেকোনো ব্যাংক, বিমা বা আর্থিক প্রতিষ্ঠান;<br>(ঙ) যেকোনো শিল্প ও বাণিজ্য সংগঠন, ফাউন্ডেশন, সমিতি, সমবায় সমিতি এবং যেকোনো শিক্ষা প্রতিষ্ঠান;<br>(চ) এনজিও বিষয়ক ব্যুরো বা মাইক্রোক্রেডিট রেগুলেটরী অথরিটির সহিত নিবন্ধিত কোনো প্রতিষ্ঠান; |

| ক্রমিক নং | ব্যক্তি’র ধরণ | বৈশিষ্ট্য এবং উদাহরণ |
|---|---|---|
| | | (ছ) কোনো ফার্ম, ব্যক্তিসংঘ, জয়েন্ট ভেঞ্চার বা ব্যক্তিবর্গের সংগঠন, উহা যে নামেই অভিহিত হউক না কেন, যদি উক্তরূপ ব্যক্তিবর্গের কেহ কোম্পানী আইন, ১৯৯৪ (১৯৯৪ সনের ১৮ নং আইন) এ সংজ্ঞায়িত অর্থে কোনো কোম্পানি বা বিদেশি সত্তা হয়;<br><br>(জ) সংবিধিবদ্ধ সরকারি কর্তৃপক্ষ, স্থানীয় কর্তৃপক্ষ, সায়ত্বশাসিত সংস্থা;<br><br>(ঝ) আপাতত বলবৎ কোনো আইন দ্বারা বা আইনের অধীন প্রতিষ্ঠিত বা গঠিত যেকোনো সত্তা;<br><br>(ঞ) স্বাভাবিক ব্যক্তি, ফার্ম, ব্যক্তিসংঘ, ট্রাস্ট, হিন্দু অবিভক্ত পরিবার ও তহবিল ব্যতীত অন্য সকল সত্তা;<br><br>(ট) কোনো আইন দ্বারা বা আইনের অধীন নিগমিত নহে, এইরূপ কোনো বিদেশি সংঘ বা সংস্থা যাহা, বোর্ড কর্তৃক, সাধারণ বা বিশেষ আদেশ দ্বারা, এই আইনের উদ্দেশ্যপূরণকল্পে কোম্পানি হিসাবে ঘোষিত হইতে পারে;<br><br>খ। গণপ্রজাতন্ত্রী বাংলাদেশের সংবিধানের অনুচ্ছেদ ১৫২(১) অনুযায়ী "সংবিধিবদ্ধ সরকারী কর্তৃপক্ষ" অর্থ যে কোন কর্তৃপক্ষ, সংস্থা বা প্রতিষ্ঠান, যাহার কার্যাবলী বা প্রধান প্রধান কার্য কোন আইন, অধ্যাদেশ, আদেশ বা বাংলাদেশে আইনের ক্ষমতাসম্পন্ন চুক্তিপত্র-দ্বারা অর্পিত হয়। উদাহরণ হিসেবে নিম্নে কতিপয় প্রতিষ্ঠানের নাম উল্লেখ করা হলো-<br>১। জাতীয় কারিকুলাম এবং টেক্সবুক বোর্ড, মাদরাসা শিক্ষাবোর্ড, কারিগরি শিক্ষাবোর্ড, উচ্চ মাধ্যমিক ও মাধ্যমিক শিক্ষাবোর্ড ঢাকা, কুমিল্লা, যশোর, |

| ক্রমিক নং | ব্যক্তি'র ধরণ | বৈশিষ্ট্য এবং উদাহরণ |
|---|---|---|
| | | রাজশাহী, সিলেট, চট্টগ্রাম, বরিশাল ও দিনাজপুর, জাতীয় বিশ্ববিদ্যালয় গাজীপুর, উন্মুক্ত বিশ্ববিদ্যালয়, বাংলাদেশ পল্লী উন্নয়ন একাডেমি (বার্ড), পল্লী উন্নয়ন একাডেমি বগুড়া, কৃষিগবেষণা ইনস্টিটিউট, বিজ্ঞান ও শিল্পগবেষণা পরিষদ, ধান গবেষণা ইনস্টিটিউট, মান নিয়ন্ত্রণ ও পরীক্ষা ইনস্টিটিউট (বিএসটিআই), ইনস্টিটিউট অব ডেভেলপমেন্ট স্টাডিজ (বিআইডিএস),কৃষিগবেষণা কাউন্সিল (বার্ক), জাতীয় স্থানীয় সরকার ইনস্টিটিউট, পরমাণু শক্তি কমিশন, কৃষিউন্নয়ন করপোরেশন (বিএডিসি), পার্বত্য চট্টগ্রাম উন্নয়ন বোর্ড, রাজধানী উন্নয়ন কর্তৃপক্ষ (রাজউক), চট্টগ্রাম উন্নয়ন কর্তৃপক্ষ (সিডিএ), খুলনা উন্নয়ন কর্তৃপক্ষ (কেডিএ), রাজশাহী উন্নয়ন কর্তৃপক্ষ (আরডিএ), সেরিকালচার বোর্ড, রপ্তানি উন্নয়ন ব্যুরো, সেতু কর্তৃপক্ষ, বরেন্দ্র বহুমুখী উন্নয়ন কর্তৃপক্ষ (বিএমডিএ, রাজশাহী), রপ্তানি প্রক্রিয়াকরণ এলাকা কর্তৃপক্ষ (বেপজা), টেক্সাইল মিলস কর্পোরেশন (বিটিএমসি), চিনি ও খাদ্যশিল্প কর্পোরেশন ও সহযোগী প্রতিষ্ঠান, কেমিক্যাল ইন্ডাস্ট্রিজ করপোরেশন ও সহযোগী প্রতিষ্ঠান, ইস্পাত ও প্রকৌশল করপোরেশন ও সহযোগী প্রতিষ্ঠান, পেট্রোলিয়াম কর্পোরেশন, শিপিং কর্পোরেশন, ট্রেডিং কর্পোরেশন অব বাংলাদেশ, জুট মিলস কর্পোরেশন, সড়ক পরিবহন কর্পোরেশন (বিআরটিসি), বাংলাদেশ বনশিল্প উন্নয়ন কর্পোরেশন, মৎস্য উন্নয়ন কর্পোরেশন, চা বোর্ড, পর্যটন কর্পোরেশন, অভ্যন্তরীণ নৌপরিবহন কর্পোরেশন |

| ক্রমিক নং | ব্যক্তি'র ধরণ | বৈশিষ্ট্য এবং উদাহরণ |
|---|---|---|
| | | (বিআইডব্লিউটিসি), অভ্যন্তরীণ নৌপরিবহণ কর্তৃপক্ষ (বিআইডব্লিউটিএ), চট্টগ্রাম ওয়াসা, ঢাকা ওয়াসা, পানি উন্নয়ন বোর্ড,পল্লী বিদ্যুতায়ন বোর্ড (আরইবি), চট্টগ্রাম বন্দর কর্তৃপক্ষ, মোংলা বন্দর কর্তৃপক্ষ, বেসামরিক বিমান পরিবহণ কর্তৃপক্ষ, ক্ষুদ্র ও কুটিরশিল্প করপোরেশন, এনার্জি রেগুলেটরি কমিশন, বাংলাদেশ টেলি রেগুলেটরি কমিশন, বাংলাদেশ বিদ্যুৎ উন্নয়ন বোর্ড; এসএমই ফাউন্ডেশন; সরকারি কর্মচারী কল্যাণ বোর্ড;<br>২। বেজা, বেপজা, বিইপিজেড, বিসিআইসি, সিইজিআইএস, ইপিবি;<br>৩। বাংলাদেশ সেতু কর্তৃপক্ষ, বাংলাদেশ টেলিকম রেগুলেটরি অথরিটি; সিকিউরিটি প্রিন্টিং প্রেস, বিআইডব্লিউটিএ, বিআইডব্লিউটিসি, ঢাকা স্টক এক্সচেঞ্জ লিঃ, চট্টগ্রাম স্টক এক্সচেঞ্জ লিঃ;<br>৪। বাংলাদেশ পেট্রোলিয়াম কর্পোরেশন; বাপেক্স, বাংলাদেশ বনশিল্প উন্নয়ন কর্পোরেশন, বাংলাদেশ পাটকল কর্পোরেশন, বাংলাদেশ টেক্সটাইল মিলস্ কর্পোরেশন; সাধারণ বীমা কর্পোরেশন, জীবন বীমা কর্পোরেশন, বাংলাদেশ কৃষি উন্নয়ন কর্পোরেশন;<br>৫। রাজধানী উন্নয়ন কর্তৃপক্ষ, চট্টগ্রাম উন্নয়ন কর্তপক্ষ, খুলনা উন্নয়ন কর্তৃপক্ষ, গাজীপুর উন্নয়ন কর্তৃপক্ষ, কক্সবাজার উন্নয়ন কর্তৃপক্ষ, জাতীয় গৃহায়ন কর্তৃপক্ষ, সিভিল এভিয়েশন অথরিটি, বন্দর কর্তৃপক্ষ;<br>৬। সকল রাষ্ট্রায়ত্ব প্রতিষ্ঠান।<br><br>গ। আয়কর আইন, ২০২৩ এর ধারা ২(৯১) অনুযায়ী "স্থানীয় কর্তৃপক্ষ" অর্থ সিটি কর্পোরেশন, জেলা পরিষদ, উপজেলা পরিষদ, পৌরসভা এবং ইউনিয়ন পরিষদ; |

| ক্রমিক নং | ব্যক্তি'র ধরণ | বৈশিষ্ট্য এবং উদাহরণ |
|---|---|---|
| | | ঘ। আয়কর আইন, ২০২৩ এর উদ্দেশ্যে সকল ক্ষেত্রেই কোম্পানি অর্থ ধারা ২(৩১) তে সংজ্ঞায়িত কোম্পানি। তবে, কোথাও যদি কোম্পানী আইন, ১৯৯৪ এর অধীন প্রতিষ্ঠিত কোনো কোম্পানির উল্লেখ সুস্পষ্টভাবে থাকে কেবল সেক্ষেত্রেই তা ভিন্নভাবে প্রযোজ্য হবে। যেমন: লভ্যাংশের সংজ্ঞায় ব্যবহৃত কোম্পানি বলতে আয়কর আইনের ধারা ২(৩১) এ সংজ্ঞায়িত কোম্পানি বুঝাবে।<br><br>(ঙ) কোন করদাতার মর্যাদা স্বাভাবিক ব্যক্তি, ফার্ম, ব্যক্তিসংঘ, ট্রাস্ট, হিন্দু অবিভক্ত পরিবার ও তহবিল না হলে তার মর্যাদা কোম্পানি হিসেবে নির্ধারিত হবে। |

## ৬। আয়কর আইন, ২০২৩ এর অধীন আয়ের খাত ও মোট আয় পরিগণনা

আয়কর আইন, ২০২৩ এর ধারা ৩০ অনুযায়ী আয়ের খাতসমূহ নিম্নরূপ:

(ক) চাকরি হইতে আয়;
(খ) ভাড়া হইতে আয়;
(গ) কৃষি হইতে আয়;
(ঘ) ব্যবসা হইতে আয়;
(ঙ) মূলধনি আয়;
(চ) আর্থিক পরিসম্পদ হইতে আয়;
(ছ) অন্যান্য উৎস হইতে আয়।

### ৬.১ চাকরি হইতে আয়

আয়কর আইন, ২০২৩ এর ধারা ৩২ অনুযায়ী চাকরি হইতে আয় অর্থে নিম্নবর্ণিত আয়সমূহ অন্তর্ভুক্ত হবে, যথা:-

(ক) চাকরি হইতে প্রাপ্ত বা প্রাপ্য যেকোনো প্রকার আর্থিক প্রাপ্তি, বেতন ও সুযোগ-সুবিধা;
(খ) কর্মচারী শেয়ার স্কিম হইতে অর্জিত আয়;
(গ) কর অনারোপিত বকেয়া বেতন; বা
(ঘ) অতীত বা ভবিষ্যতের কোনো নিয়োগকর্তা হইতে প্রাপ্ত যেকোনো অঙ্ক বা সুবিধা।

তবে, নিম্নবর্ণিত প্রাপ্তিসমূহ এর অন্তর্ভুক্ত হবে না, যথা:

(ক) শেয়ারহোল্ডার পরিচালক নন এরূপ অন্য কোনো কর্মচারীর হার্ট, কিডনি, চক্ষু, লিভার ও ক্যানসার অপারেশন সংক্রান্ত চিকিৎসা ব্যয় বাবদ প্রাপ্ত অর্থ; বা

(খ) সম্পূর্ণরূপে এবং কেবল চাকরির দায়িত্ব পরিপালনের জন্য প্রাপ্ত এবং ব্যয়িত যাতায়াত ভাতা, ভ্রমণ ভাতা ও দৈনিক ভাতা।

এখানে উল্লেখ্য, যাতায়াত ভাতা, ভ্রমণ ভাতা ও দৈনিক ভাতা প্রাপ্ত এবং ব্যয়িত হতে হবে। যদি কোন অংশ ব্যয়িত না হয় এবং ফেরত দেয়া না হয় তবে তা বেতন খাতের আয় হিসেবে পরিগণিত হবে।

**উদাহরণ ৪**

মিজ দৌলত আকতার মালা কোনো আয়বর্ষে তার নিয়োগকর্তার নিকট হতে যাতায়াত ভাতা, ভ্রমণ ভাতা ও দৈনিক ভাতা হিসেবে মোট ৩,৬০,০০০ টাকা প্রাপ্ত হন। তন্মধ্যে তিনি ২,৫০,০০০ টাকা চাকরির কাজে ব্যয় করেন এবং বাকী ১,১০,০০০ টাকা তিনি খরচ করেন নি এবং নিয়োগকর্তাকে ফেরত প্রদান করেন নি। উক্ত ১,১০,০০০ টাকা প্রযোজ্য করবর্ষে মিজ মালার চাকরি হইতে আয় হিসেবে পরিগণিত হবে।

## পারকুইজিট, ভাতা ও সুবিধাদির আর্থিক মূল্য নির্ধারণ

আয়কর আইন, ২০২৩ এর ধারা ৩৩ অনুযায়ী আর্থিক মূল্যে প্রদেয় পারকুইজিট, ভাতা ও সুবিধা ব্যতীত অন্যান্য পারকুইজিট, ভাতা ও সুবিধার আর্থিক মূল্য নিম্নবর্ণিত সারণী মোতাবেক নির্ধারণ করতে হবে, যথা:-

| ক্রমিক নং | পারকুইজিট, ভাতা, সুবিধা, ইত্যাদি | নির্ধারিত মূল্য |
|---|---|---|
| ১। | আবাসন সুবিধা | (ক) আবাসনের ভাড়া সম্পূর্ণভাবে নিয়োগকর্তা কর্তৃক পরিশোধিত হলে অথবা নিয়োগকর্তা কর্তৃক আবাসনের ব্যবস্থা করা হলে আবাসনের বার্ষিক মূল্য;<br>(খ) হ্রাসকৃত ভাড়ায় প্রাপ্ত আবাসনের ক্ষেত্রে অনুচ্ছেদ (ক) অনুযায়ী নির্ধারিত ভাড়া এবং পরিশোধিত ভাড়ার পার্থক্য। |
| ২। | মোটরগাড়ি প্রতি সুবিধা | (ক) ২৫০০ সিসি পর্যন্ত গাড়ির ক্ষেত্রে মাসিক ১০ (দশ) হাজার টাকা;<br>(খ) ২৫০০ সিসির অধিক এইরূপ গাড়ির ক্ষেত্রে মাসিক ২৫ (পঁচিশ) হাজার টাকা। |
| ৩। | অন্য কোনো পারকুইজিট, ভাতা বা সুবিধা | পারকুইজিট, ভাতা বা সুবিধার আর্থিক মূল্য বা ন্যায্য বাজার মূল্য। |

**উদাহরণ ৫**

জনাব অনুভব ইসলাম একটি ফার্মে কর্মরত একজন চাকুরীজীবী। তিনি প্রতিদিন ফার্মের গাড়িতে করে অফিসে আসা-যাওয়া করেন। এই গাড়িতে তার অন্যান্য সহকর্মীগণও যাতায়াত করেন। এর বাইরে তিনি কোনো প্রকারের গাড়ি সুবিধা প্রাপ্ত হন না। করদাতাকে এই গাড়িতে করে অফিসে যাতায়াতের জন্য করদাতার কোনো প্রকারের পারকুইজিট পরিগণনা করতে হবে কিনা? করদাতার এই প্রকারের সুবিধা অর্থাৎ পিক এন্ড ড্রপ সুবিধা মোটর গাড়ি সুবিধা হিসেবে বিবেচিত হবে না।

**কর্মচারী শেয়ার স্কিম হতে অর্জিত আয়**

আয়কর আইন, ২০২৩ এর ধারা ৩৪ অনুযায়ী কোনো করদাতা কর্মচারী শেয়ার স্কিমের অধীন শেয়ার প্রাপ্ত হলে, শেয়ার প্রাপ্তির বছরে *ক- খ* নিয়মে আয় চাকরি হইতে আয়ের সাথে যোগ হবে, যেখানে-

ক = প্রাপ্তির তারিখে শেয়ারের ন্যায্য বাজার মূল্য,

খ = শেয়ার অর্জনের ব্যয়।

শেয়ার অর্জনের ব্যয় বলতে নিম্নবর্ণিত ব্যয়সমূহের যোগফল বুঝাবে, যথা:-

(ক) কর্মচারী শেয়ার অর্জনে যদি কোনো মূল্য পরিশোধ করেন;

(খ) কর্মচারী শেয়ার অর্জনের অধিকার বা সুযোগ আদায়ে যদি কোনো মূল্য পরিশোধ করেন।

তবে, কর্মচারী শেয়ার স্কিমের অধীন শেয়ার অর্জনের প্রাপ্ত অধিকার বা সুযোগ কর্মচারী বিক্রয় বা হস্তান্তর করলে চাকরি হইতে আয়ের সাথে ক - খ নিয়মে আয় যোগ হবে, যেখানে-

ক = শেয়ার অর্জনের অধিকার বা সুযোগ বিক্রয় বা হস্তান্তর মূল্য,

খ = শেয়ার অর্জনের অধিকার বা সুযোগ আদায়ে পরিশোধিত মূল্য।

**উদাহরণ ৬**

জনাব মাহির হোসেন কর্মচারী শেয়ার স্কিমের অধীন তার নিয়োগকর্তা কোম্পানি ক লিঃ এর ১০০টি শেয়ার প্রাপ্ত হলেন। শেয়ারের অভিহিত মূল্য ১০ টাকা এবং ন্যায্য বাজার মূল্য ১০০০ টাকা। জনাব হোসেন ১০০ টি শেয়ার প্রাপ্তি জন্য ৪০,০০০ টাকা ব্যয় করলেন। উক্ত ব্যয় ব্যতীত অন্য কোনো প্রকারের পরিশোধ জনাব হোসেনকে করতে হয়নি। প্রতিটি শেয়ারের ন্যায্য বাজারমূল্য ১০০০ টাকা হিসাবে ১০০ টি শেয়ারের ন্যায্য বাজার মূল্য ১,০০,০০০ টাকা। জনাব হোসেন ১,০০,০০০ টাকা মূল্যের শেয়ার অর্জনে ৪০,০০০ টাকা ব্যয় করছেন। অর্থাৎ কর্মচারী শেয়ার স্কিমের অধীন শেয়ার অর্জনের ফলে তার বেতন হইতে আয়ের সাথে (১,০০,০০০ – ৪০,০০০) টাকা বা ৬০,০০০ টাকা যোগ হবে।

জনাব হোসেন যদি পরবর্তীকালে ১০০টি শেয়ার প্রতিটি ১৫,০০০ টাকা দামে হস্তান্তর করেন তবে হস্তান্তরকালে তার মূলধনি আয়ের পরিমাণ হবে (১,৫০,০০০ – ১,০০,০০০) টাকা বা ৫০,০০০ টাকা।

**উদাহরণ ৭**

জনাব আজমান একটি প্রতিষ্ঠানের একজন বেতনভুক্ত কর্মকর্তা। তিনি ২০২২-২০২৩ আয়বর্ষে তার কোম্পানির ৫০০ টি শেয়ার ক্রয় করেন। উক্ত প্রতিটি শেয়ারের ক্রয়মূল্য বাবদ তিনি ২০০ টাকা পরিশোধ করেন। ৩০ জুন তারিখে প্রতিটি শেয়ারের বাজার মূল্য ছিলো ৩৫০ টাকা। কর্মচারী শেয়ার স্কিম এর আওতায় করদাতার করযোগ্য আয় কত? দেখা যায়, জনাব আজমান তার প্রতিষ্ঠানের ৫০০টি শেয়ার ক্রয় করেছেন। কিন্তু উক্ত শেয়ার ক্রয় তিনি কোনো প্রকারের কর্মচারী শেয়ার স্কিমের অধীনে করেননি। তাই, এক্ষেত্রে কর্মচারী শেয়ার স্কিম এর আওতায় কোনো প্রকারের আয় পরিগণতি হবে না। দিতীয়ত, তিনি শেয়ার ক্রয় করেছেন মাত্র, বিক্রয় করেননি। ফলে কোনো প্রকার মূলধনি আয়ের সুযোগ নেই।

**উদাহরণ ৮**

জনাব রিয়াদ হোসেন কর্মচারী শেয়ার স্কিমের অধীন তার নিয়োগকর্তা কোম্পানি খ লিঃ এর ১০০টি শেয়ার পাওয়ার জন্য যোগ্য হয়েছেন। প্রত্যকটি শেয়ারের অভিহিত মূল্য ১০ টাকা এবং ন্যায্য বাজার মূল্য ১০০০ টাকা। কর্মচারী শেয়ার স্কিমের অধীন প্রাপ্ত এই সুযোগ জনাব হোসেন চাইলে তিনি নিজে গ্রহণ করতে পারবেন অথবা অন্য কোন ব্যক্তির নিকট তিনি হস্তান্তর করতে পারবেন। জনাব হোসেন সরাসরি শেয়ার না কিনে তার শেয়ার ক্রয়ের অধিকার জনাব জসিমের নিকট ২০,০০০ টাকার বিনিময়ে হস্তান্তর করলেন। কর্মচারী শেয়ার স্কিমের অধীন শেয়ার ক্রয়ের অধিকার হস্তান্তরের ফলে প্রাপ্ত এই ২০,০০০ টাকা প্রযোজ্য করবর্ষে তার চাকরি হইতে আয়ের সাথে যোগ হবে।

চাকরি হইতে আয় পরিগণনার ক্ষেত্রে ষষ্ঠ তফসিলের অংশ ১ এর দফা (১৪) এবং দফা (২৭)-তে বর্ণিত প্রাপ্তিসমূহ করমুক্ত থাকবে। দফাসমূহ নিম্নরূপ:

(১৪) কোনো নিয়োগকারী কর্তৃক কোনো কর্মচারীর ব্যয় পুনর্ভরণ (reimbursement) যদি-

(ক) উক্ত ব্যয় সম্পূর্ণভাবে এবং আবশ্যকতা অনুসারে কর্মচারীর দায়িত্ব পালনের সূত্রে ব্যয়িত করা হয়; এবং

(খ) নিয়োগকারীর জন্য উক্ত কর্মচারীর মাধ্যমে এইরূপ ব্যয় নির্বাহ সর্বাধিক সুবিধাজনক ছিল;

(২৭) “চাকরি হইতে আয়” হিসাবে পরিগণিত আয়ের এক-তৃতীয়াংশ বা ৪ (চার) লক্ষ ৫০ (পঞ্চাশ) হাজার টাকা যা কম।

**উদাহরণ ৯**

মিজ সুরাইয়া ইয়োহেনসন বাংলাদেশি নন এরূপ অনিবাসী একজন করদাতা। তিনি বাংলাদেশে বহুজাতিক কোম্পানি ঘ লিঃ এর একজন কর্মচারী। ২০২২-২০২৩ আয়বর্ষে তিনি বাংলাদেশে ১৮৩ দিনের কম সময়কাল অবস্থান করেন। এ সময়ে তিনি বাংলাদেশে ৬ মাস কর্মরত ছিলেন। তার চাকরি হতে প্রাপ্তি সমূহ নিম্নরূপ:

(ক) মাসিক মূল বেতনের পরিমাণ ২,০০,০০০ টাকা;

(খ) বাংলাদেশে অবস্থানকালে তিনি কোম্পানি কর্তৃক সরবরাহকৃত ফ্ল্যাটে অবস্থান করেন। উক্ত ফ্ল্যাটের ভাড়ামূল্য হিসাবে কোম্পানি ফ্ল্যাটের মালিককে প্রতি মাসে ৭৫,০০০ টাকা পরিশোধ করে;

(গ) তিনি কোম্পানি কর্তৃক প্রদত্ত ২৭৫০ সিসির একটি গাড়ি ব্যবহার করেন;

(ঘ) ৫ লক্ষ টাকা তালিকাভুক্ত কোম্পানি ক-৭ পিএলসি এর শেয়ারে বিনিয়োগ করেন;

(ঙ) ৫ লক্ষ টাকা খনিট মিউচ্যুয়াল ফান্ডের ইউনিট শেয়ারে বিনিয়োগ করেন;

আয়কর আইন, ২০২৩ এর ধারা ৩৩ অনুযায়ী ২৫০০ সিসির অধিক এরূপ গাড়ির ক্ষেত্রে মাসিক ২৫,০০০ টাকা করে পারকুইজিট হিসাব করতে হবে। ফলে, করদাতার বার্ষিক চাকরি হইতে আয় হবে {(২,০০,০০০ + ৭৫,০০০ + ২৫,০০০) × ৬} টাকা বা মোট ১৮,০০,০০০ টাকা। ষষ্ঠ তফসিলের অংশ ১ এর দফা (২৭) অনুযায়ী “চাকরি হইতে আয়” হিসাবে পরিগণিত আয়ের এক-তৃতীয়াংশ বা ৪ (চার) লক্ষ ৫০ (পঞ্চাশ) হাজার টাকা যা কম তা করমুক্ত হওয়ায় মিজ সুরাইয়ার চাকরি হতে নিট করযোগ্য আয় হবে (১৮,০০,০০০ – ৪,৫০,০০০) টাকা বা ১৩,৫০,০০০ টাকা। ৩০% হারে তাঁর প্রদেয় করের পরিমাণ হবে ৪,০৫,০০০ টাকা।

যেহেতু করদাতা বাংলাদেশি নন এরূপ অনিবাসী স্বাভাবিক ব্যক্তি করদাতা তাই তিনি ধারা ৭৮ অনুযায়ী বিনিয়োগ জনিত সাধারণ কর রেয়াত প্রাপ্য হবেন না।

## ৬.২ ভাড়া হইতে আয়

আয়কর আইন, ২০২৩ এর ধারা ৩৬ অনুযায়ী নিম্নবর্ণিত আয়সমূহ ভাড়া হইতে আয় হিসেবে গণ্য হবে, যথা:

(ক) কোনো সম্পত্তির মোট ভাড়ামূল্য হতে অনুমোদনযোগ্য সর্বমোট খরচ বাদ দিলে যা অবশিষ্ট থাকবে তাই;

(খ) সম্পত্তির কোনো অংশ কোনো ব্যক্তির নিজ ব্যবসায়ের উদ্দেশ্যে নিয়োজিত থাকলে এবং তা হতে প্রাপ্ত আয় উক্ত ব্যক্তির ব্যবসা হইতে আয় খাতে পরিগণনাযোগ্য হলে, সম্পত্তির উক্ত অংশের আয় ভাড়া হতে আয় হিসেবে পরিগণিত হবে না;

(গ) কোনো সম্পত্তির ভাড়ার প্রকৃতি, কারবার, বাণিজ্য বা ব্যবসা নির্বিশেষে যে ধরনেরই হউক না কেন, ভাড়া হইতে আয় খাতের অধীন আয় পরিগণনা করতে হবে।

**“সম্পত্তি”** অর্থ গৃহ সম্পত্তি, জমি, আসবাবপত্র, ফিক্সার, কারখানা ভবন, ব্যবসার আঙ্গিনা, যন্ত্রপাতি, ব্যক্তিগত যানবাহন ও মূলধনি প্রকৃতির অন্য কোনো ভৌত পরিসম্পদ, যা ভাড়া প্রদান করা যায়।

**“ভাড়া প্রদান”** অর্থ মালিকানা বা স্বত্ব ত্যাগ ব্যতিরেকে কোনো নির্দিষ্ট সময়ের জন্য সম্পত্তির ব্যবহারের অধিকার প্রদান, তবে নিজস্ব মালিকানাধীন হউক বা না হউক, কোনো তফসিলি ব্যাংক, বিনিয়োগ ব্যাংক, কোনো উন্নয়নমূলক আর্থিক প্রতিষ্ঠান অথবা মুদারাবা বা লিজিং কোম্পানি কর্তৃক অন্য কোনো ব্যক্তিকে ভাড়া প্রদান অর্ন্তভুক্ত হবে না;

“বার্ষিক মূল্য” অর্থ কোনো সম্পত্তি ভাড়ার ক্ষেত্রে-

(ক) বৎসরান্তে সম্পত্তির যুক্তিসংগত ভাড়া; বা

(খ) যেক্ষেত্রে বার্ষিক ভাড়ার পরিমাণ উপ-দফা (ক) অনুযায়ী নিরূপিত অঙ্কের অধিক হয়, সেক্ষেত্রে বার্ষিক ভাড়া;

**উদাহরণ ১০**

কোম্পানি ঙ ভবন নির্মাণ করে উক্ত ভবন আবাসিক ফ্ল্যাট এবং হোস্টেল হিসাবে ভাড়া প্রদান করে। কোম্পানির এ ধরণের ব্যবসা ব্যতীত অন্য কোনো প্রকার ব্যবসা নেই। কোম্পানির ভবন ভাড়া হতে আয় এই অধ্যায়ের অধীন ভাড়া হইতে আয় হিসেবে পরিগণিত হবে।

**উদাহরণ ১১**

জনাব অনন্ত ওসমানের একটি ২ তলা আবাসিক ভবন রয়েছে যার একটি তলা তিনি ব্যবহার করেন এবং অন্যটি প্রতি মাসে ৫০,০০০ টাকায় ভাড়া দেন। ভাড়াগ্রহীতা ব্যাংক ট্রান্সফারের মাধ্যমে জনাব ওসমানের ব্যাংক হিসাবে ভাড়া প্রেরণ করেন। ভাড়াগ্রহীতা হতে জনাব ওসমান কোনো প্রকারের অগ্রিম গ্রহণ করেননি। তিনি সমন্বয় অযোগ্য সিকিউরিটি ডিপোজিট হিসেবে ৫০,০০০ টাকা গ্রহণ করেছেন। মিউনিসিপ্যাল ট্যাক্স হিসাবে ১২,০০০ টাকা জনাব ওসমান পরিশোধ করেছেন।

| | **বিবরণ** | **টাকা** |
|---|---|---|
| | বাড়িভাড়া হতে আয় (৫০,০০০× ১২) | ৬,০০,০০০ |
| বাদ: | অনুমোদনযোগ্য বিয়োজনসমূহ | |
| | ভাড়ামূল্যের ২৫% | (১,৫০,০০০) |
| | মিউনিসিপ্যাল ট্যাক্স (হারাহারি) | (৬,০০০) |
| | **মোট করযোগ্য আয়** | ৪,৪৪,০০০ |

সিকিউরিটি ডিপোজিট করদাতার দায় বিধায় এটি মোট করযোগ্য আয়ের অন্তর্ভুক্ত হবে না। এছাড়াও ধারা ৩৯(২) মোতাবেক আংশিক ভাড়ার বিপরীতে আনুপাতিক হারে আংশিক খরচ অনুমোদনযোগ্য হবে।

### ৬.৩ কৃষি হইতে আয়

আয়কর আইন, ২০২৩ এর ধারা ৪০-৪৪ অনুযায়ী কৃষি হইতে আয় নিরূপিত হবে। ষষ্ঠ তফসিলের দফা (২০) অনুযায়ী কোনো স্বাভাবিক ব্যক্তির "কৃষি হইতে আয়" খাতের আওতাভুক্ত অনধিক ২ (দুই) লক্ষ টাকা পর্যন্ত আয় করমুক্ত থাকবে, যদি উক্ত ব্যক্তি-

(ক) পেশায় একজন কৃষক হন;

(খ) এর সংশ্লিষ্ট আয়বর্ষে নিম্নবর্ণিত আয় ব্যতীত কোনো আয় না থাকে, যথা;-

(অ) জমি চাষাবাদ হতে উদ্ভূত আয়;

(আ) সুদ বা মুনাফা বাবদ অনধিক ২০ (বিশ) হাজার টাকা আয়।

কোনো ব্যক্তির কৃষি সম্পর্কিত কার্যাবলি হতে অর্জিত আয় কৃষি হইতে আয় হিসাবে পরিগণিত হবে। কৃষি অর্থে যেকোনো প্রকার উদ্যান পালন, পশু-পাখি পালন, ভূমির প্রাকৃতিক ব্যবহার, হাঁস-মুরগি ও মাছের খামার, সরীসৃপ জাতীয় প্রাণীর খামার, নার্সারি, ভূমিতে বা জলে যেকোনো প্রকারের চাষাবাদ, ডিম-দুধ উৎপাদন, কাঠ, তৃণ ও গুল্ম উৎপাদন, ফল, ফুল ও মধু উৎপাদন এবং বীজ উৎপাদন অন্তর্ভুক্ত হবে।

তবে, কোনো ব্যক্তি কর্তৃক উৎপাদিত ও প্রক্রিয়াকৃত চা এবং রাবার এর বিক্রয়লব্ধ অর্থের ৪০% (চল্লিশ শতাংশ) ব্যবসা আয় এবং ৬০% (ষাট শতাংশ) কৃষি হইতে আয় বলে গণ্য হবে।

আয়কর আইন, ২০২৩ এর ধারা ৪৩ অনুযায়ী কৃষি হইতে আয় পরিগণনার ক্ষেত্রে যদি দেখা যায় করদাতা হিসাব সংরক্ষণ করছেন না, যে ক্ষেত্রে নিম্নবর্ণিত শর্তাবলি সাপেক্ষে উৎপাদিত কৃষি পণ্যের বাজার মূল্যের ৬০% (ষাট শতাংশ) অনুমোদিত ব্যয় হিসাবে পরিগণিত হবে, যথা:

(ক) করদাতা নিয়মিত হিসাবরক্ষণ পদ্ধতি প্রয়োগ করছেন না;

(খ) করদাতা এরূপ কোনো পদ্ধতি প্রয়োগ করছেন যার ভিত্তিতে করদাতার আয় বিষয়ে সিদ্ধান্তে উপনীত হওয়া সম্ভব নয় বলে উপকর কমিশনারের নিকট প্রতীয়মান হচ্ছে;

(গ) করদাতা হিসাব বা লেনদেনের রেকর্ডসমূহ সংরক্ষণ করতে ব্যর্থ হয়েছেন; বা

(ঘ) করদাতা যে হিসাব বা লেনদেনের রেকর্ডসমূহ সংরক্ষণ করেছেন তা যাচাইযোগ্য নয়।

তবে, যেক্ষেত্রে ভূমি বা আঙ্গিনার মালিক আধি, বর্গা, ভাগা বা অংশহারে কৃষি হইতে আয় প্রাপ্ত হবেন সেক্ষেত্রে উৎপাদিত কৃষি পণ্যের বাজার মূল্যের ৬০% (ষাট শতাংশ) অনুমোদিত ব্যয় হিসাবে পরিগণিত হবে না।

**উদাহরণ ১২**

জনাব অভয় অনিক ২০ একর কৃষি জমির মালিক। তিনি ২০২২-২০২৩ অর্থবর্ষে ১২ একর জমিতে নিজেই কৃষি কাজ করেন। অবশিষ্ট ৮ একর জমি অপর একজন কৃষকের নিকট তিনি বর্গা দেন। জনাব অনিকের নিজস্ব উৎপাদিত কৃষি পণ্যের বাজার মূল্য ২৪,০০,০০০ লক্ষ টাকা। তিনি ৮ একর জমির বর্গা হতে প্রাপ্ত হন ৮,০০,০০০ টাকা। জনাব অনিক কোন প্রকার হিসাব বহি সংরক্ষণ করেন না। এমতাবস্থায় তার নিজস্ব উৎপাদিত কৃষি পণ্যের বিপরীতে আয়ের পরিমাণ হবে (২৪,০০,০০০ – ২৪,০০,০০০ × ০.৬) টাকা বা ৯,৬০,০০০ টাকা। অর্থাৎ জনাব অনিকের কৃষি হইতে আয় হবে (৮,০০,০০০ + ৯,৬০,০০০) টাকা বা ১৭,৬০,০০০ টাকা।

**৬.৪ ব্যবসা হইতে আয়**

নিম্নবর্ণিত আয়সমূহ ব্যবসা হইতে আয় হিসাবে পরিগণিত হবে, যথা:-

(ক) আয়বর্ষের যেকোনো সময়ে করদাতা কর্তৃক পরিচালিত বা পরিচালিত বলে গণ্য ব্যবসায়ের কোনো লাভ ও মুনাফা;

(খ) কোনো ব্যবসায় বা পেশাজীবী সংগঠন বা এরূপ কোনো সংগঠন কর্তৃক তার সদস্যদের নির্দিষ্ট সেবা প্রদানের মাধ্যমে অর্জিত কোনো আয়;

(গ) কোনো ব্যক্তির অতীত, বর্তমান বা সম্ভাব্য ভবিষ্যৎ ব্যবসায়িক সম্পর্কের ধারাবাহিকতায় বা সম্পর্কের কারণে উদ্ভূত কোনো সুবিধার ন্যায্য বাজার মূল্য, তা অর্থে রূপান্তরযোগ্য হউক বা না হউক;

(ঘ) মুদ্রা বিনিময় হতে নগদায়িত লাভ (realized gain) যদি তা মূলধনি পরিসম্পদ অর্জন সংশ্লিষ্ট না হয়;

(ঙ) বন্ধ হয়ে যাওয়া কোনো ব্যবসা হতে কোনো আয়বর্ষে গৃহীত কোনো আয়।

"ব্যবসা" অর্থে নিম্নবর্ণিত বিষয়াদি অন্তর্ভুক্ত, যথা:-

(ক) কোনো ট্রেড, বাণিজ্য বা পণ্য উৎপাদন;

(খ) কোনো ট্রেড, বাণিজ্য বা পণ্য উৎপাদনধর্মী কোনো ঝুঁকি গ্রহণ বা কর্মপ্রচেষ্টা;

(গ) লাভজনক বা অলাভজনক কোনো সত্তার পণ্য বা সেবার বিনিময়; বা

(ঘ) যেকোনো পেশা বা বৃত্তি।

আয়কর আইন, ২০২৩ এর ধারা ৫৫-তে কতিপয় বিয়োজনকে সুস্পষ্টভাবে অননুমোদিত বিয়োজন হিসেবে গণ্য করা হয়েছে। তার তালিকা নিম্নরূপ:

(ক) যেকোনো প্রকারের ব্যয় বা পরিশোধ যার ক্ষেত্রে আয়কর আইনের অংশ ৭ এর বিধানাবলি যথাযথভাবে পরিপালন করা হয়নি;

(খ) কোনো ফার্ম বা ব্যক্তিসংঘ কর্তৃক ফার্মের কোনো অংশীদার বা ব্যক্তিসংঘের কোনো সদস্যকে প্রদত্ত সুদ, বেতন, কমিশন বা পারিতোষিক;

(গ) কোনো কোম্পানি কর্তৃক শেয়ারহোল্ডার পরিচালককে কোনো কমিশন বা ডিসকাউন্ট প্রদান;

(ঘ) আয়কর আইনের ধারা ৩২ এর ব্যাখ্যাতে সংজ্ঞায়িত পারকুইজিট বাবদ কোনো কর্মচারীকে প্রদত্ত ১০ (দশ) লক্ষ টাকার অতিরিক্ত যেকোনো অঙ্ক:

(ঙ) রয়্যালটি, লাইসেন্স ফি, কারিগরি সেবা ফি, কারিগরি কৌশল বাবদ ফি, কারিগরি সহায়তা ফি বা স্পর্শাতীত সম্পত্তি ব্যবহার বাবদ নির্বাহকৃত সমপ্রকৃতির অন্য যেকোনো ফি বাবদ মোট ব্যয়সমষ্টির ক্ষেত্রে আর্থিক বিবরণীতে প্রদর্শিত নীট ব্যবসায় মুনাফার ১০% (দশ শতাংশ) এর অতিরিক্ত ব্যয়;

(চ) বাংলাদেশে নিবন্ধিত নয় এরূপ কোনো কোম্পানি কর্তৃক নির্বাহকৃত হেড অফিস অথবা ইন্ট্রা-গ্রুপ ব্যয়, তা যে নামেই অভিহিত হউক না কেন, এর ক্ষেত্রে আর্থিক বিবরণীতে প্রদর্শিত নীট ব্যবসায় মুনাফার ১০% (দশ শতাংশ) এর অতিরিক্ত ব্যয়;

(ছ) ব্যবসায়িক প্রয়োজনে বিদেশ ভ্রমণ সম্পর্কিত ব্যয়ের ক্ষেত্রে আর্থিক বিবরণীতে প্রদর্শিত ব্যবসায়িক টার্নওভারের ০.৫% (শূন্য দশমিক পাঁচ শতাংশ) এর অতিরিক্ত অঙ্ক:

তবে, করদাতা সরকারকে কোনো সেবা প্রদানের কাজে বিদেশ ভ্রমণ করলে সেক্ষেত্রে এই সীমা প্রযোজ্য হইবে না: এবং

এই দফার অধীন পরিগণিত অতিরিক্ত অঙ্কের সমর্থনে প্রমাণাদি উপস্থাপন করলে এবং তার বাণিজ্যিক যৌক্তিকতা প্রমাণিত হলে এই দফায় প্রদত্ত সীমা প্রযোজ্য হবে না;

(জ) আপ্যায়ন ব্যয় হিসাবে নিম্নবর্ণিত অঙ্কের অতিরিক্ত অঙ্ক-

- (অ) আপ্যায়ন ব্যয় বিয়োজন ব্যতীত নিরূপিত ব্যবসায় আয়ের প্রথম ১০ (দশ) লক্ষ টাকার ৪% (চার শতাংশ); এবং
- (আ) আপ্যায়ন ব্যয় বিয়োজন ব্যতীত নিরূপিত ব্যবসায় আয়ের প্রথম ১০ (দশ) লক্ষ টাকা বাদে পরবর্তী অঙ্কের ২% (দুই শতাংশ);

(ঝ) ফ্রি স্যাম্পল বিতরণে নিম্নবর্ণিত অঙ্কের অতিরিক্ত অঙ্ক-

- (অ) ফার্মাসিউটিক্যাল শিল্পের ক্ষেত্রে-
  - (১) ব্যবসায়িক টার্নওভারের ৫ (পাঁচ) কোটি টাকা পর্যন্ত ২% (দুই শতাংশ) হারে;
  - (২) ব্যবসায়িক টার্নওভার ৫ (পাঁচ) কোটি টাকার অধিক, তবে ১০ (দশ) কোটি টাকার অধিক নহে এইরূপ ক্ষেত্রে ১% (এক শতাংশ) হারে;
  - (৩) ব্যবসায়িক টার্নওভার ১০ (দশ) কোটি টাকার অধিক এইরূপ ক্ষেত্রে ০.৫% (শূন্য দশমিক পাঁচ শতাংশ) হারে;
- (আ) খাদ্য, প্রসাধনী ও সুগন্ধি শিল্পের ক্ষেত্রে-
  - (১) ব্যবসায়িক টার্নওভারের ৫ (পাঁচ) কোটি টাকা পর্যন্ত ১% (এক শতাংশ) হারে;

(২) ব্যবসায়িক টার্নওভার ৫ (পাঁচ) কোটি টাকার অধিক, তবে ১০ (দশ) কোটি টাকার অধিক নহে এইরূপ ক্ষেত্রে ০.৫% (শূন্য দশমিক পাঁচ শতাংশ) হারে;

(৩) ব্যবসায়িক টার্নওভার ১০ (দশ) কোটি টাকার অধিক এইরূপ ক্ষেত্রে ০.২৫% (শূন্য দশমিক দুই পাঁচ শতাংশ) হারে;

(ই) অন্যান্য শিল্পের ক্ষেত্রে-

(১) ব্যবসায়িক টার্নওভারের ৫ (পাঁচ) কোটি টাকা পর্যন্ত ০.৫% (শূন্য দশমিক পাঁচ শতাংশ) হারে;

(২) ব্যবসায়িক টার্নওভার ৫ (পাঁচ) কোটি টাকার অধিক কিন্তু ১০ (দশ) কোটি টাকার অধিক নহে এইরূপ ক্ষেত্রে ০.২৫% (শূন্য দশমিক দুই পাঁচ শতাংশ) হারে;

(৩) ব্যবসায়িক টার্নওভার ১০ (দশ) কোটি টাকার অধিক এইরূপ ক্ষেত্রে ০.১% (শূন্য দশমিক এক শতাংশ) হারে;

(ঞ) বিজ্ঞাপন ব্যতীত অন্যান্য প্রচারণামূলক ব্যয়ের ক্ষেত্রে ব্যবসায়িক টার্নওভারের ০.৫% (শূন্য দশমিক পাঁচ শতাংশ) এর অধিক অঙ্ক;

(ট) কর্মচারীর চাকরি হইতে আয় বলে বিবেচিত এরূপ কোনো অর্থ যদি ব্যাংকিং মাধ্যমে পরিশোধ না হয়ে অন্য কোনো মাধ্যমে পরিশোধ করা হয়;

(ঠ) কোনো পরিশোধ যা ভাড়া হতে আয় বলিয়া বিবেচিত তা ব্যাংকিং মাধ্যমে পরিশোধ না হয়ে অন্য কোনো মাধ্যমে পরিশোধ হয়ে থাকলে উক্ত পরিশোধিত অর্থ;

(ড) কাঁচামাল বাবদ যেকোনো অঙ্কের পরিশোধ ব্যাংকিং মাধ্যমে পরিশোধিত না হয়ে অন্য কোনো মাধ্যমে পরিশোধিত হয়ে থাকলে ৫ (পাঁচ) লক্ষ টাকার অতিরিক্ত পরিশোধিত অঙ্ক;

(ঢ) দফা (ট), (ঠ) ও (ড) ব্যতীত অন্যান্য সকল প্রকার ব্যয়ের ক্ষেত্রে ৫০ (পঞ্চাশ) হাজার টাকার অতিরিক্ত অঙ্ক ব্যাংকিং মাধ্যমে পরিশোধ না হয়ে অন্য কোনো মাধ্যমে পরিশোধ হয়ে থাকলে উক্ত পরিশোধিত অর্থ;

(ণ) ধারা ২৬৪ এর উপ-ধারা (৩) এর দফা ২৫, ২৬, ২৮, ২৯, ৩৬, ৩৭, ৪২ ও ৪৩ অনুযায়ী রিটার্ন দাখিলের প্রমাণ দাখিলে বাধ্য এরূপ কোনো ব্যক্তিকে পরিশোধিত কোনো অঙ্ক, যদি অর্থ পরিশোধের সময় উক্ত ব্যক্তি রিটার্ন দাখিলের প্রমাণ দাখিলে ব্যর্থ হয়;

(ত) মূলধনি প্রকৃতির কোনো ব্যয় কিংবা করদাতার ব্যক্তিগত কোনো ব্যয়;

(থ) যেকোনো দায় যা সুস্পষ্টভাবে নিরূপিত নহে;

(দ) ব্যবসায়িক কর্মকান্ডের সহিত সম্পর্কিত নহে এইরূপ সকল প্রকার ব্যয়;

(ধ) International Financial Reporting Standard মোতাবেক কোনো পরিসম্পদের Right of Use (RoU) বাবদ দাবিকৃত কোনো অবচয় ভাতা ও সুদ বিয়োজন:

তবে শর্ত থাকে যে, এই ক্ষেত্রে ব্যবসার উদ্দেশ্যে ব্যবহৃত ভূমি বা আঙ্গিনার জন্য পরিশোধযোগ্য ভাড়া, উন্নয়ন ও সংরক্ষণ ব্যয় অনুমোদন করতে হবে;

(ন) ধারণাগত পরিসম্পদ অনিষ্টজনিত ক্ষতি (impairment loss);
(প) বোর্ড কর্তৃক অননুমোদিত কোনো তহবিলে প্রদত্ত অর্থ;
(ফ) নির্ধারিত পদ্ধতিতে হিসাবরক্ষণের বিধান পরিপালন না হলে প্রমাণকহীন সকল খরচ।

"নীট ব্যবসায় মুনাফা" অর্থ কোনো সত্তা কর্তৃক সরাসরি পরিচালিত ব্যবসায়িক মুনাফা, তবে কোনো সাবসিডিয়ারি, অ্যাসোসিয়েট বা জয়েন্ট ভেঞ্চার হতে অর্জিত মুনাফা এর অন্তর্ভুক্ত হবে না।

"প্রচারণামূলক ব্যয়" অর্থ ব্যবসায়ের উদ্দেশ্যে কাউকে কোনো বস্তু, অর্থ বা অন্য কোনো প্রকারের সুবিধার প্রদানের বিপরীতে দাবিকৃত ব্যবসায়িক খরচ দাবি, তবে বিজ্ঞাপন ব্যয় এর অন্তর্ভুক্ত হবে না।

**উদাহরণ ১৩**
মিজ ইমাকে তার নিয়োগকারী কোম্পানি বেতন পরিশোধ ছাড়াও অন্যান্য সুবিধা প্রদান করে থাকে। ২০২২-২০২৩ আয়বর্ষে মূল বেতন ব্যতীত প্রদত্ত অন্যান্য সুবিধাদি নিম্নরূপ:
(ক) সন্তানের স্কুলের বেতন বাবদ মাসিক ৩০,০০০ টাকা;
(খ) গৃহকর্মীর বেতন বাবদ মাসিক ১৫,০০০ টাকা;
(গ) ড্রাইভারের বেতন বাবদ মাসিক ৪০,০০০ টাকা;
(ঘ) যৌথ বিমার কিস্তি বাবদ মাসিক ১২,০০০ টাকা;
(ঙ) বাসা ভাড়া বাবদ বার্ষিক প্রদান করা হয় ১২,০০,০০০ টাকা;
(চ) বার্ষিক চিকিৎসা ভাতা প্রদান করা হয় ১,২০,০০০ টাকা;
(ছ) লিভ ফেয়ার ভাতা (এলএফএ) বাবদ বার্ষিক ১০,০০,০০০ টাকা;
(জ) বার্ষিক মহার্ঘ ভাতা ৪,০০,০০০ টাকা;
(ঝ) এককালীন ইনসেনটিভ বোনাস ৮,০০,০০০ টাকা; এবং
(ঞ) আয়কর পরিশোধ বাবদ ২,০০,০০০ টাকা।
মিজ ইমার চাকরি হইতে আয়ের ক্ষেত্রে প্রাপ্ত মোট করযোগ্য পারকুইজিট এবং নিয়োগকারী কোম্পানির জন্য ধারা ৫৫(ঘ) অনুযায়ী অননুমোদনযোগ্য পারকুইজিট নির্ধারণ করতে হবে।

২০২২-২০২৩ আয়বর্ষে মিজ ইমা কর্তৃক গৃহীত করযোগ্য সুবিধাধির মোট পরিমাণ:

| ক্রমিক নং | পারকুইজিটের ধরণ | টাকা |
|---|---|---|
| (ক) | সন্তানের স্কুলের বেতন বাবদ পরিশোধ (৩০,০০০ × ১২) | ৩,৬০,০০০ |
| (খ) | গৃহ কর্মীর বেতন বাবদ পরিশোধ (১৫,০০০ × ১২) | ১,৮০,০০০ |
| (গ) | ড্রাইভারের বেতন বাবদ পরিশোধ (৪০,০০০ × ১২) | ৪,৮০,০০০ |
| (ঘ) | যৌথ বিমার কিস্তি বাবদ পরিশোধ (১২,০০০ × ১২) | ১,৪৪,০০০ |

| | | |
|---|---|---|
| (ঙ) | বাসা ভাড়া বাবদ বার্ষিক প্রদান | ১২,০০,০০০ |
| (চ) | বার্ষিক চিকিৎসা ভাতা | ১,২০,০০০ |
| (ছ) | লিভ ফেয়ার ভাতা (এলএফএ) | ১০,০০,০০০ |
| (জ) | বার্ষিক মহার্ঘ ভাতা | ৪,০০,০০০ |
| (ঝ) | ইনসেনটিভ বোনাস | ৮,০০,০০০ |
| (ঞ) | নিয়োগকর্তা কর্তৃক পরিশোধিত আয়কর (আয়কর এস,আর, ও নং ১৮২-আইন-৯৯, তারিখ: ১ জুলাই, ১৯৯৯ ইং দ্বারা কর অব্যাহতি প্রাপ্ত) | - |
| | **মিজ ইমার পারকুইজিট বাবদ আয়** | **৪৬,৮৪,০০০** |

মিজ ইমাকে প্রদত্ত পারকুইজিটের জন্য আয়কর আইনের ধারা ৫৫(ঘ) অনুযায়ী কোম্পানির অননুমোদনযোগ্য অতিরিক্ত পারকুইজিট নির্ণয়:

| **ক্রমিক নং** | **পারকুইজিটের ধরণ** | **টাকা** |
|---|---|---|
| (ক) | সন্তানের স্কুলের বেতন বাবদ পরিশোধ (৩০,০০০ × ১২) | ৩,৬০,০০০ |
| (খ) | গৃহ কর্মীর বেতন বাবদ পরিশোধ (১৫,০০০ × ১২) | ১,৮০,০০০ |
| (গ) | ড্রাইভারের বেতন বাবদ পরিশোধ (৪০,০০০ × ১২) | ৪,৮০,০০০ |
| (ঘ) | যৌথ বিমার কিস্তি বাবদ পরিশোধ (১২,০০০ × ১২) | ১,৪৪,০০০ |
| (ঙ) | বাসা ভাড়া বাবদ বার্ষিক প্রদান | ১২,০০,০০০ |
| (চ) | বার্ষিক চিকিৎসা ভাতা | ১,২০,০০০ |
| (ছ) | লিভ ফেয়ার ভাতা (এলএফএ) | ১০,০০,০০০ |
| (জ) | বার্ষিক মহার্ঘ ভাতা | ৪,০০,০০০ |
| (ঝ) | ইনসেনটিভ বোনাস | ৮,০০,০০০ |
| (ঞ) | কোম্পানি কর্তৃক পরিশোধিত আয়কর | ২,০০,০০০ |
| | মোট পারকুইজিট | ৪৮,৮৪,০০০ |
| | বাদ: অনুমোদনযোগ্য পারকুইজিট | (১০,০০,০০০) |
| | **অননুমোদনযোগ্য অতিরিক্ত পারকুইজিট** | **৩৮,৮৪,০০০** |

**উদাহরণ ১৪**

ছ লিঃ রপ্তানি ব্যবসায় নিয়োজিত। ১ জুলাই ২০২২ হইতে ৩০ জুন ২০২৩ তারিখ পর্যন্ত তার মোট বিক্রয়ের পরিমাণ ২০ লক্ষ টাকা, বিক্রীত পণ্যের ক্রয়মূল্য ১৫ লক্ষ টাকা, পরিচালন খরচ ২ লক্ষ ২০ হাজার টাকা। উক্ত বছরে তার বৈদেশিক মুদ্রা বিনিময় হইতে লাভ বা ক্ষতির পরিমাণ নিম্নরূপ:

মজুদ পণ্য ক্রয় হইতে নগদায়িত ও অনগদায়িত লাভের পরিমাণ যথাক্রমে ১০ হাজার এবং ২০ হাজার টাকা। বৈদেশিক ঋণের মাধ্যমে সম্পদ ক্রয় হইতে নগদায়িত লাভ ৩০ হাজার টাকা।

**ছ লিঃ করপূর্ব নিট মুনাফা:**

| | | |
|---|---|---|
| বিক্রয় | | ২০,০০,০০০ |
| বাদ: বিক্রীত পণ্যের ব্যয় | | (১৫,০০,০০০) |
| **মোট মুনাফা** | | ৫,০০,০০০ |
| বাদ: পরিচালন খরচ | | (২,২০,০০০) |
| **পরিচালন মুনাফা** | | ২,৮০,০০০ |
| **যোগ: মুদ্রা বিনিময় হইতে লাভ (accrual basis)** | | |
| মজুদ পণ্য ক্রয় হইতে: | | |
| নগদয়িত লাভ | ১০,০০০ | |
| অনগদায়িত লাভ | ২০,০০০ | |
| বৈদেশিক ঋণের মাধ্যমে সম্পদ ক্রয় হতে নগদায়িত লাভ | ৩০,০০০ | |
| | | ৬০,০০০ |
| **করপূর্ব মুনাফা** | | ৩,৪০,০০০ |

**ছ লিঃ করদায় নির্ণয়:**

| | |
|---|---|
| করপূর্ব মুনাফা | ৩,৪০,০০০ |
| বাদ: মুদ্রা বিনিময় হইতে লাভ | (৬০,০০০) |
| | ২,৮০,০০০ |
| যোগ: মজুদ পণ্য ক্রয় হইতে নগদায়িত লাভ | ১০,০০০ |
| | ২,৯০,০০০ |
| ১২% হারে কর (২,৯০,০০০ × ১২%) | **৩৪,৮০০** |

বৈদেশিক মুদ্রার বিনিময় হতে লাভ বা ক্ষতি উদ্ভূত হওয়ার ক্ষেত্রে প্রথমে পরিচালন মুনাফা (operating income) নির্ধারণ করতে হবে। এরপর পরিচালন মুনাফার সাথে IFRS মেনে বৈদেশিক মুদ্রার বিনিময় হতে উদ্ভূত লাভ যোগ করে অথবা ক্ষতি বিয়োগ করে করপূর্ব মুনাফা নির্ধারণ করতে হবে। কিন্তু করযোগ্য আয় নির্ধারণের ক্ষেত্রে প্রদর্শিত করপূর্ব মুনাফা হতে IFRS অনুসারে উদ্ভূত লাভ বাদ বা ক্ষতি যোগ করে কেবল নগদায়িত লাভ যোগ বা নগদায়িত ক্ষতি বিয়োগ করতে হবে।

ধারা ৪৫(চ) অনুযায়ী মজুদ পণ্য ক্রয় হইতে বৈদেশিক মুদ্রার বিনিময় হতে নগদায়িত লাভ ব্যবসা হতে আয় হিসেবে পরিগণিত হবে। কিন্তু অনগদায়িত লাভ ব্যবসা হতে আয় হিসেবে পরিগণিত হবে না।

তৃতীয় তফসিল- অংশ ১ এর অনুচ্ছেদ ৩ এর উপ-অনুচ্ছেদ (৪) অনুযায়ী যেক্ষেত্রে কোন পরিসম্পদ অর্জনের সাথে বৈদেশিক মুদ্রায় গৃহীত ঋণ বা বৈদেশিক মুদ্রার সম্পৃক্ততা

থাকে সেক্ষেত্রে নিম্নবর্ণিত সমন্বয় করিবার পর কোন পরিসম্পদের অর্জনমূল্য পরিগণনা করা হবে, যথা: -

(ক) বিনিময় হার পরিবর্তনজনিত ক্ষতি, অথবা বিনিময় হার হেজিং বাবদ ব্যয় যোগ করে;

(খ) বিনিময় হার পরিবর্তনজনিত লাভ বিয়োগ করে।

বৈদেশিক ঋণের মাধ্যমে সম্পদ অর্জন করা হলে অর্জনমূল্যের সাথে বৈদেশিক মুদ্রার বিনিময় হতে নগদায়িত লাভ বা ক্ষতি সমন্বয় করতে হবে। অর্থাৎ, বৈদেশিক মুদ্রার বিনিময় হতে নগদায়িত লাভ উক্ত সম্পদের মূল্য থেকে বিয়োগ করতে হবে। এছাড়াও কর অবচয় পরিচালন ব্যয়ের অন্তর্ভুক্ত হওয়ায় আলাদাভাবে প্রদর্শন করা হলো না।

**উদাহরণ ১৫**

জ লিঃ আমদানি ও ট্রেডিং ব্যবসায় নিয়োজিত। ১ জুলাই ২০২২ হইতে ৩০ জুন ২০২৩ তারিখ পর্যন্ত তার মোট বিক্রয়ের পরিমাণ ২০ লক্ষ টাকা, বিক্রীত পণ্যের ব্যয় ১৫ লক্ষ টাকা, পরিচালন খরচ ২ লক্ষ ২০ হাজার টাকা।

উক্ত বছরে তার বৈদেশিক মুদ্রা বিনিময় হইতে লাভ বা ক্ষতির পরিমাণ নিম্নরূপ:

মজুদ পণ্য ক্রয় হইতে নগদায়িত ও অনগদায়িত ক্ষতির পরিমাণ যথাক্রমে ১০ হাজার এবং ২০ হাজার টাকা। বৈদেশিক ঋণের মাধ্যমে সম্পদ ক্রয় হইতে নগদায়িত ক্ষতি ৩০ হাজার টাকা।

**জ লিঃ এর করপূর্ব নিট মুনাফা:**

| | | |
|---|---|---|
| বিক্রয় | | ২০,০০,০০০ |
| বাদ: বিক্রীত পণ্যের ব্যয় | | (১৫,০০,০০০) |
| মোট মুনাফা | | ৫,০০,০০০ |
| বাদ: পরিচালন খরচ | | (২,২০,০০০) |
| পরিচালন মুনাফা | | ২,৮০,০০০ |
| **বাদ: মুদ্রা বিনিময় হইতে ক্ষতি** | | |
| মজুদ পণ্য ক্রয় হতে: | | |
| নগদয়িত ক্ষতি | ১০,০০০ | |
| অনগদায়িত ক্ষতি | ২০,০০০ | |
| বৈদেশিক ঋণের মাধ্যমে সম্পদ ক্রয় হতে নগদায়িত ক্ষতি | ৩০,০০০ | |
| | | (৬০,০০০) |
| করপূর্ব মুনাফা | | ২,২০,০০০ |

**জ লিঃ এর করদায় নির্ণয়:**

| | |
|---|---|
| করপূর্ব মুনাফা | ২,২০,০০০ |
| যোগ: মুদ্রা বিনিময় হতে ক্ষতি | ৬০,০০০ |
| | ২,৮০,০০০ |
| বাদ: মজুদ পণ্য ক্রয় হতে নগদায়িত ক্ষতি | (১০,০০০) |
| | ২,৭০,০০০ |
| ৩০% হারে কর (২,৭০,০০০ × ৩০%) | ৮১,০০০ |

বৈদেশিক ঋণের মাধ্যমে সম্পদ অর্জন করা হলে অর্জনমূল্যের সাথে বৈদেশিক মুদ্রার বিনিময় হতে নগদায়িত লাভ বা ক্ষতি সমন্বয় করতে হবে। অর্থাৎ, বৈদেশিক মুদ্রার বিনিময় হতে নগদায়িত বিনিময় ক্ষতি উক্ত সম্পদের মূল্যের সাথে যোগ করতে হবে। এছাড়াও কর অবচয় পরিচালন ব্যয়ের অন্তর্ভুক্ত হওয়ায় আলাদাভাবে প্রদর্শন করা হলো না।

**উদাহরণ ১৬**

ঝ লিঃ ষ্টেশনারী ব্যবসায় নিয়োজিত। ১ জুলাই ২০২২ হইতে ৩০ জুন ২০২৩ তারিখ পর্যন্ত তার করপূর্ব মুনাফা ছিল ২০ লক্ষ টাকা। উক্ত বছরে দেড় লক্ষ টাকায় ৫ টি চেয়ার কিনে প্রশাসনিক খরচ হিসাবে দেখানো হয়।

**ঝ লিঃ এর করদায় নির্ণয়:**

| | |
|---|---|
| করপূর্ব মুনাফা | ২০,০০,০০০ |
| যোগ: ৫৫ ধারায় অনুমোদন অযোগ্য ব্যয় | ১,৫০,০০০ |
| নিট করযোগ্য আয় | ২১,৫০,০০০ |
| করহার @ ২৭.৫% | |
| প্রদেয় কর | ৫,৯১,২৫০ |

ধারা ৫৫(ত) অনুযায়ী মূলধনি প্রকৃতির কোনো ব্যয় বিয়োজন অনুমোদনযোগ্য হইবে না।

তৃতীয় তফসিল – অংশ ২ এর অনুচ্ছেদ ৫ অনুযায়ী কর নির্ধারণকালে করদাতা কর্তৃক দাবিকৃত কোনো ব্যয় মূলধনি প্রকৃতির বলিয়া অননুমোদিত হলে করদাতার উক্ত ব্যয় পরবর্তী করবর্ষগুলোতে ১০% হারে অ্যামর্টাইজেশন ভাতা হিসাবে অনুমোদিত হবে।

**উদাহরণ ১৭**

ঞ লিঃ ষ্টেশনারী ব্যবসায় নিয়োজিত। ১ জুলাই ২০২২ হইতে ৩০ জুন ২০২৩ তারিখ পর্যন্ত তার করপূর্ব মুনাফা ছিল ১০ লক্ষ টাকা। উক্ত বছরে কুঋণ সঞ্চিতি হিসাবে ১,০০,০০০ টাকা চার্জ করা হয়েছে, যা সুস্পষ্টভাবে নিরুপিত নয়।

**ঞ লিঃ এর করদায় নির্ণয়:**

| | |
|---|---|
| করপূর্ব মুনাফা | ১০,০০,০০০ |
| যোগ: ৫৫ ধারায় অনুমোদন অযোগ্য ব্যয় | ১,০০,০০০ |
| করযোগ্য আয় | ১১,০০,০০০ |

ধারা ৫৫(থ) অনুযায়ী যেকোনো দায় যা সুস্পষ্টভাবে নিরূপিত নয় তা বিয়োজন অনুমোদনযোগ্য হবে না।

**উদাহরণ ১৮**

ঠ কোম্পানি লিঃ সেবা ব্যবসায় নিয়োজিত। ১ জুলাই ২০২২ হইতে ৩০ জুন ২০২৩ তারিখ পর্যন্ত তার করপূর্ব মুনাফা ছিল ১৫ লক্ষ টাকা। উক্ত বছরে Right of Use asset বাবদ অবচয় ভাতা দেখানো হয় ১,২০,০০০ টাকা এবং সুদ বিয়োগ করা হয় ২০,০০০ টাকা। লিজ বাবদ পরিশোধের পরিমাণ ছিল ১,০০,০০০ টাকা।

**ঠ লিঃ এর করদায় নির্ধারণ:**

| | | | |
|---|---|---|---|
| | করপূর্ব মুনাফা | | ১৫,০০,০০০ |
| যোগ: | ৫৫ ধারায় অনুমোদন অযোগ্য ব্যয় | | |
| | অবচয় RoU asset | ১২০,০০০ | |
| | সুদ খরচ RoU asset | ২০,০০০ | ১,৪০,০০০ |
| | | | ১৬,৪০,০০০ |
| বাদ: | অনুমোদনযোগ্য ব্যয়- লিজ বাবদ পরিশোধ | | (১,০০,০০০) |
| | নিট করযোগ্য আয় | | ১৫,৪০,০০০ |
| | প্রদেয় কর @ ২৭.৫% | | ৪,২৩,৫০০ |

ধারা ৫৫(ধ) অনুযায়ী IFRS মোতাবেক কোনো পরিসম্পদের Right of Use বাবদ দাবিকৃত কোন অবচয় ভাতা বা সুদ বিয়োজন অনুমোদনযোগ্য হবে না। তবে, প্রকৃত পরিশোধিত অংক অনুমোদনযোগ্য বিয়োজন হিসেবে গণ্য হবে।

**উদাহরণ ১৯**

চ লিঃ কোম্পানি খাদ্য উৎপাদন ব্যবসায় নিয়োজিত। ১ জুলাই ২০২২ হইতে ৩০ জুন ২০২৩ তারিখ পর্যন্ত কোম্পানির টার্নওভার ছিল ৬০,০০,০০,০০০ টাকা এবং করপূর্ব মুনাফা ছিল ৫,০০,০০,০০০ টাকা। করদাতা কাঁচামাল ক্রয় বাবদ দুটি লেনদেন ব্যতীত অন্য সকল লেনদেন ব্যাংক ট্রান্সফারের মাধ্যমে সম্পন্ন করেন। এছাড়াও করদাতার নিম্নবর্ণিত কর্মকান্ড পরিচালনা করেন:

১। কোম্পানির শেয়ারহোল্ডার পরিচালক জনাব রহিমকে ৫,০০,০০০ টাকা ডিসকাউন্ট প্রদান করা হয়;

২। কোম্পানির প্রধান নির্বাহী কর্মকর্তাকে নিম্নবর্ণিত সুবিধাসমুহ দেওয়া হয়:

(অ) কোম্পানি কর্তৃক নির্ধারিত একটি বাসভবন যার বার্ষিক মূল্য ১৮,০০,০০০ টাকা, এবং আবাসন ভাড়া বাবদ কোম্পানিকে প্রধান নির্বাহী পরিশোধ করেন বার্ষিক ২,৪০,০০০ টাকা;

(আ) চিকিৎসা ভাতা হিসাবে মাসিক ৩০,০০০ টাকা প্রদান করা হয়;

(ই) বার্ষিক কার রেন্টাল সুবিধা ৩,০০,০০০ টাকা প্রদান করা হয়;

(ঈ) যাতায়াত ভাতা হিসাবে ১,২০,০০০ টাকা প্রদান করা হয়;

(উ) ইনসেন্টিভ বোনাস হিসাবে ১২,০০,০০০ প্রদান করা হয়;

৩। রয়্যালটি ফি বাবদ ৭০,০০,০০০ টাকা খরচ হিসাবে দাবী করা হয়;

৪। উক্ত বছরে কোম্পানির ইন্ট্রা-গ্রুপ ব্যয় ৮০,০০,০০০ টাকা;

৫। বিদেশ ভ্রমণ বাবদ ব্যয় ৫০,০০,০০০ টাকা, যথাযথ নথি সংরক্ষণ করা হয়নি;

৬। আপ্যায়ন ব্যয় হিসাবে ১৫,০০,০০০ টাকা দেখানো হয়েছে;

৭। ফ্রী স্যাম্পল হিসাবে ৬,০০,০০০ টাকার পণ্য বিতরণ করা হয়েছে;

৮। প্রচারণামূলক ব্যয় ৫,০০,০০০ টাকা, যা বিজ্ঞাপনের অন্তর্ভুক্ত নয়;

৯। কাঁচামাল ক্রয় বাবদ ১০,০০,০০০ টাকা করে দুটি নগদ লেনদেন করা হয়;

১০। ৫,০০,০০০ টাকায় ৫০ টি চেয়ার কিনে প্রশাসনিক খরচ হিসাবে দেখানো হয়;

১১। দাতব্য প্রতিষ্ঠানে অনুদান ৫০,০০০ টাকা, যা ব্যবসায়িক কর্মকান্ডের সহিত সম্পর্কিত নয়;

১২। Right of Use asset বাবদ অবচয় ভাতা দেখানো হয় ১০,০০,০০০ টাকা এবং সুদ বিয়োগ করা হয় ২০০,০০০ টাকা; প্রকৃত লিজ বাবদ পরিশোধের পরিমাণ ছিল ৯০০,০০০ টাকা;

১৩। পরিসম্পদের ধারণাগত অনিষ্টজনিত ক্ষতি (impairment loss) দেখায় ৫,০০,০০০ টাকা;

১৪। অননুমোদিত তহবিলে প্রদত্ত অর্থের পরিমাণ ৫০০,০০০ টাকা;

১৫। উক্ত বছরে তার বৈদেশিক মুদ্রা বিনিময় হইতে লাভ বা ক্ষতির পরিমাণ নিম্নরূপ:

(অ) মজুদ পণ্য ক্রয় হইতে নগদায়িত ও অনগদায়িত ক্ষতির পরিমাণ যথাক্রমে ১০,০০,০০০ এবং ২০,০০,০০০ টাকা;

(আ) বৈদেশিক ঋণের মাধ্যমে সম্পদ ক্রয় হইতে নগদায়িত ক্ষতি ৩০,০০,০০০ টাকা;

১৬। হিসাব বইতে অবচয়ের পরিমাণ ছিল ৩০,০০,০০০ টাকা, কিন্তু তৃতীয় তফসিল অনুযায়ী অনুমোদিত অবচয় ভাতা ৪০,০০,০০০ টাকা;

করদাতার ব্যবসা হইতে করযোগ্য আয় নির্ধারণ করতে হবে।

| **চ লিঃ কোম্পানির করযোগ্য আয় নির্ধারণ** | | |
|---|---|---|
| করপূর্ব নীট মুনাফা | | ৫,০০,০০,০০০ |
| **যোগ: আলাদাভাবে বিবেচ্য ব্যয়াদি** | | |
| রয়্যালটি ফি | ৭০,০০,০০০ | |
| ইন্ট্রা-গ্রুপ ব্যয় | ৮০,০০,০০০ | |
| বিদেশ ভ্রমণ | ৫০,০০,০০০ | |
| আপ্যায়ন | ১৫,০০,০০০ | |
| ফ্রী স্যাম্পল | ৬,০০,০০০ | |
| প্রচারণামূলক ব্যয় | ৫,০০,০০০ | |
| Right of Use asset বাবদ অবচয় ভাতা | ১০,০০,০০০ | |
| Right of Use asset বাবদ সুদ খরচ | ২,০০,০০০ | |
| হিসাব বই অনুযায়ী অবচয় | ৩০,০০,০০০ | |
| বৈদেশিক মুদ্রার বিনিময় জনিত ক্ষতি- টীকা ৯ | ৬০,০০,০০০ | |
| | | ৩,২৮,০০,০০০ |
| | | ৮,২৮,০০,০০০ |
| **বাদ: অনুমোদনযোগ্য ব্যয়** | | |
| রয়্যালটি ফি - টীকা ১ | ৫০,০০,০০০ | |
| ইন্ট্রা-গ্রুপ ব্যয় - টীকা ২ | ৫০,০০,০০০ | |
| বিদেশ ভ্রমণ – টীকা ৩ | ৩০,০০,০০০ | |
| ফ্রী স্যাম্পল - টীকা ৪ | ৬,০০,০০০ | |
| প্রচারণামূলক ব্যয় - টীকা ৫ | ৫,০০,০০০ | |
| মজুদ পণ্য ক্রয় হতে নগদায়িত ক্ষতি – টীকা ৯ | ১০,০০,০০০ | |
| লিজ বাবদ প্রদান | ৯,০০,০০০ | |
| তৃতীয় তফসিল অনুযায়ী অনুমোদিত অবচয় ভাতা | ৪০,০০,০০০ | |
| | | ২,০০,০০,০০০ |

| | | |
|---|---|---|
| | | ৬,২৮,০০,০০০ |
| **যোগ: ৫৫ ধারানুযায়ী অননুমোদিত অন্যান্য ব্যয়** | | |
| শেয়ারহোল্ডার পরিচালকের ডিসকাউন্ট | ৫,০০,০০০ | |
| চেয়ার ক্রয় — টীকা ৮ | ৫,০০,০০০ | |
| অতিরিক্ত পারকুইজিট - টীকা ৬ | ২৫,৪০,০০০ | |
| কাঁচামাল বাবদ নগদে পরিশোধ - টীকা ৭ | ২০,০০,০০০ | |
| দাতব্য প্রতিষ্ঠানে অনুদান | ৫০,০০০ | |
| পরিসম্পদের ধারণাগত অনিষ্টজনিত ক্ষতি (impairment loss) | ৫,০০,০০০ | |
| অননুমোদিত তহবিলে প্রদত্ত অর্থ | ৫,০০,০০০ | |
| | | ৬৫,৯০,০০০ |
| আপ্যায়ন খরচ অনুমোদন পূর্ব ব্যবসা হইতে আয় | | ৬,৯৩,৯০,০০০ |
| বাদ: অনুমোদিত আপ্যায়ন ব্যয়- টীকা ১০ | | (১৪,০৭,৮০০) |
| আপ্যায়ন খরচ অনুমোদন পরবর্তী ব্যবসা হইতে আয় | | **৬,৭৯,৮২,২০০** |
| | | |
| **বাদ: ধারা ৫৬ (বিশেষ ব্যবসায় আয় পরিগণনা)** | | |
| রয়্যালটি ফি - টীকা ১ | ২০,০০,০০০ | |
| ইন্ট্রা-গ্রুপ ব্যয় - টীকা ২ | ৩০,০০,০০০ | |
| বিদেশ ভ্রমন - টীকা ৩ | ২০,০০,০০০ | |
| অতিরিক্ত পারকুইজিট - টীকা ৬ | ২৫,৪০,০০০ | |
| চেয়ার ক্রয় - টীকা ৮ | ৫,০০,০০০ | |
| কাঁচামাল বাবদ নগদে পরিশোধ - টীকা ৭ | ২০,০০,০০০ | |
| আপ্যায়ন ব্যয় - টীকা ১০ | ৯২,২০০ | |
| শেয়ারহোল্ডার পরিচালকের ডিসকাউন্ট | ৫,০০,০০০ | |
| দাতব্য প্রতিষ্ঠানে অনুদান | ৫০,০০০ | |
| পরিসম্পদের ধারণাগত অনিষ্টজনিত ক্ষতি (impairment loss) | ৫,০০,০০০ | |
| অননুমোদিত তহবিলে প্রদত্ত অর্থ | ৫,০০,০০০ | ১,৩৬,৮২,২০০ |
| **ব্যবসা হতে পরিগণিত করযোগ্য আয়** | | **৫,৪৩,০০,০০০** |
| | | |
| **বিশেষ ব্যবসায় আয়** | | **১,৩৬,৮২,২০০** |

| | | |
|---|---|---|
| | | |
| | | |
| **টীকা ১: অনুমোদনযোগ্য রয়্যালটি ফি নির্ধারণ** | | |
| দাবীকৃত রয়্যালটি ফি বাবদ খরচ | | ৭০,০০,০০০ |
| অনুমোদনযোগ্য রয়্যালটি ফি (৫,০০,০০,০০০ × ১০%)<br>*[ধারা ৫৫(ঙ) অনুযায়ী আর্থিক বিবরনীতে প্রদর্শিত নীট ব্যবসায় মুনাফার ১০% পর্যন্ত অনুমোদনযোগ্য; এটি সন্দেহাতীতভাবে আর্থিক বিবরনীতে প্রদর্শিত নীট ব্যবসায় মুনাফার ১০% এবং কোনোভাবেই কর পরবর্তী মুনাফার ১০% নয়।]* | | ৫০,০০,০০০ |
| অননুমোদনযোগ্য রয়্যালটি ফি (৭০,০০,০০০ - ৫০,০০,০০০) | | ২০,০০,০০০ |
| | | |
| **টীকা ২: অনুমোদনযোগ্য ইন্ট্রা-গ্রুপ ব্যয় নির্ধারণ** | | |
| দাবীকৃত ইন্ট্রা-গ্রুপ ব্যয় | | ৮০,০০,০০০ |
| অনুমোদনযোগ্য ইন্ট্রা-গ্রুপ ব্যয় (৫,০০,০০,০০০ × ১০%)<br>*[ধারা ৫৫(চ) অনুযায়ী আর্থিক বিবরনীতে প্রদর্শিত নীট ব্যবসায় মুনাফার ১০% পর্যন্ত অনুমোদনযোগ্য]* | | ৫০,০০,০০০ |
| অননুমোদনযোগ্য ইন্ট্রা-গ্রুপ ব্যয় (৮০,০০,০০০ – ৫০,০০,০০০) | | ৩০,০০,০০০ |
| | | |
| **টীকা ৩: অনুমোদনযোগ্য বিদেশ ভ্রমণ ব্যয় নির্ধারণ** | | |
| দাবীকৃত বিদেশ ভ্রমণ ব্যয় | | ৫০,০০,০০০ |
| অনুমোদনযোগ্য বিদেশ ভ্রমণ ব্যয় (৬০,০০,০০,০০০ × ০.৫০%)<br>*[ধারা ৫৫(ছ) অনুযায়ী আর্থিক বিবরনীতে প্রদর্শিত নীট ব্যবসায়িক টার্নওভারের ০.৫০% পর্যন্ত অনুমোদনযোগ্য]* | | ৩০,০০,০০০ |
| অননুমোদনযোগ্য বিদেশ ভ্রমণ ব্যয় (৫০,০০,০০০ - ৩০,০০,০০০) | | ২০,০০,০০০ |
| | | |
| **টীকা ৪: অনুমোদনযোগ্য ফ্রী স্যাম্পল ব্যয় নির্ধারণ** | | |
| দাবীকৃত ফ্রী স্যাম্পল ব্যয় | | ৬,০০,০০০ |
| অনুমোদনযোগ্য ফ্রী স্যাম্পল ব্যয় (৬০,০০,০০,০০০ × ০.২৫%) = ১৫,০০,০০০ | | ৬,০০,০০০ |

| | | |
|---|---|---|
| *[ধারা ৫৫(ঝ)(আ)(৩) অনুযায়ী খাদ্য উৎপাদন শিল্পের ক্ষেত্রে আর্থিক বিবরনীতে প্রদর্শিত ব্যবসায়িক টার্নওভার ১০ কোটি টাকার অধিক, এইরূপ ক্ষেত্রে ০.২৫% পর্যন্ত অনুমোদনযোগ্য]* | | |
| অননুমোদনযোগ্য ফ্রী স্যাম্পল ব্যয় | | ০ |
| | | |
| **টীকা ৫: অনুমোদনযোগ্য প্রচারণামূলক ব্যয় নির্ধারণ** | | |
| দাবীকৃত প্রচারণামূলক ব্যয় | | ৫,০০,০০০ |
| অনুমোদনযোগ্য প্রচারণামূলক ব্যয় (৬০,০০,০০,০০০ × ০.৫০%) = ৩০,০০,০০০ *[ধারা ৫৫(ঞ) অনুযায়ী আর্থিক বিবরনীতে প্রদর্শিত নীট ব্যবসায়িক টার্নওভারের ০.৫০% পর্যন্ত অনুমোদনযোগ্য]* | | ৫,০০,০০০ |
| অননুমোদনযোগ্য প্রচারণামূলক ব্যয় | | ০ |
| | | |
| **টীকা ৬: অনুমোদনযোগ্য পারকুইজিট ব্যয় নির্ধারণ** | | |
| বাড়ি ভাড়া (১৮,০০,০০০ – ২,৪০,০০০) | ১৫,৬০,০০০ | |
| চিকিৎসা ভাতা (৩০,০০০ × ১২) | ৩,৬০,০০০ | |
| বার্ষিক কার রেন্টাল সুবিধা | ৩,০০,০০০ | |
| যাতায়াত ভাতা | ১,২০,০০০ | |
| ইনসেন্টিভ বোনাস | ১২,০০,০০০ | |
| | | ৩৫,৪০,০০০ |
| বাদ: অনুমোদনযোগ্য পারকুইজিট *[ধারা ৫৫(ঘ) অনুযায়ী ধারা ৩২ এর ব্যাখ্যাতে সংজ্ঞায়িত পারকুইজিট বাবদ কোনো কর্মচারীকে প্রদত্ত ১০ (দশ) লক্ষ টাকার অতিরিক্ত যেকোনো অঙ্ক অননুমোদনযোগ্য]* | | (১০,০০,০০০) |
| অননুমোদনযোগ্য পারকুইজিট | | ২৫,৪০,০০০ |
| | | |
| **টীকা ৭: কাঁচামাল বাবদ নগদ পরিশোধ** | | |
| কাঁচামাল বাবদ নগদে পরিশোধ | | ২০,০০,০০০ |
| [*ধারা ৫৫(ড) অনুযায়ী কাঁচামাল বাবদ যেকোনো অঙ্কের পরিশোধ ব্যাংকিং মাধ্যমে পরিশোধিত না হয়ে অন্য কোনো মাধ্যমে পরিশোধিত হয়ে থাকলে ৫ লক্ষ টাকার অতিরিক্ত পরিশোধিত অঙ্ক]* | | |

| | |
|---|---|
| অননুমোদনযোগ্য ব্যয় | *২০,০০,০০০* |
| | |
| **টীকা ৮: চেয়ার ক্রয়** | |
| | |
| অননুমোদনযোগ্য | *৫,০০,০০০* |
| *অ্যামর্টাইজেশন টাকা ৫০,০০০ পরবর্তী বছর থেকে ১০% হারে অনুমোদনযোগ্য হইবে।* | |
| *অনুমোদনযোগ্য অ্যামর্টাইজেশন (৫,০০,০০০ * ১০%)= ৫০,০০০* | |
| | |
| **টীকা ৯: বৈদেশিক মুদ্রার বিনিময় জনিত লাভ বা ক্ষতি** | |
| মজুদ পণ্য ক্রয় হতে নগদায়িত ক্ষতি<br>*[ধারা ৪৯(থ) অনুযায়ী বৈদেশিক মুদ্রার নগদায়িত ক্ষতি অনুমোদনযোগ্য ব্যয়]* | *১০,০০,০০০* |
| মজুদ পণ্য ক্রয় হতে অনগদায়িত ক্ষতি<br>*[ধারা ৪৯(থ) অনুযায়ী বৈদেশিক মুদ্রার অনগদায়িত ক্ষতি অনুমোদনযোগ্য ব্যয় নয়]* | *২০,০০,০০০* |
| বৈদেশিক ঋণের মাধ্যমে সম্পদ ক্রয় হতে নগদায়িত ক্ষতি ৩০,০০,০০০ টাকা<br>*[তৃতীয় তফসিলের অংশ ১ এর অনুচ্ছেদ ৩ এর উপানুচ্ছেদ (৪) অনুযায়ী যেক্ষেত্রে কোনো পরিসম্পদ অর্জনের সাথে বৈদেশিক মুদ্রায় গৃহীত ঋণ বা বৈদেশিক মুদ্রার সম্পৃক্ততা থাকে, সেক্ষেত্রে নিম্নবর্ণিত সমন্বয় করার পর কোনো পরিসম্পদের অর্জনমূল্য পরিগণনা করা হবে, যথা:-*<br>*(ক) বিনিময় হার পরিবর্তনজনিত ক্ষতি অথবা বিনিময় হার হেজিং বাবদ ব্যয় যোগ করে;*<br>*(খ) বিনিময় হার পরিবর্তনজনিত লাভ বিয়োগ করে।*<br>*তাই উক্ত ব্যয় পরিসম্পদের ক্রয়মূল্যের সাথে সমন্বয়ের পর মোট অবচয় ভাতা অনুমোদন করা হয়েছে।]* | *৩০,০০,০০০* |
| **টীকা ১০: অনুমোদিত আপ্যায়ন ব্যয়** | |
| আপ্যায়ন ব্যয় | *১৫,০০,০০০* |
| অনুমোদনযোগ্য আপ্যায়ন ব্যয় | |

| | | |
|---|---|---|
| প্রথম ১০,০০,০০০ টাকা মুনাফা পর্যন্ত (১০,০০,০০০ × ৪%) | ৪০,০০০ | |
| পরবর্তী অঙ্কের জন্যে (৬,৮৩,৯০,০০০ × ২%) | ১৩,৬৭,৮০০ | |
| *[ধারা ৫৫(জ) অনুযায়ী আপ্যায়ন ব্যয় বিয়োজন ব্যতীত নিরূপিত ব্যবসায় আয়ের প্রথম ১০ লক্ষ টাকার উপর ৪% এবং পরবর্তী অঙ্কের উপর ২% অনুমোদনযোগ্য হবে]* | | |
| অনুমোদনযোগ্য আপ্যায়ন ব্যয় | | <u>(১৪,০৭,৮০০)</u> |
| অননুমোদনযোগ্য আপ্যায়ন ব্যয় | | ৯২,২০০ |
| | | |

**উদাহরণ ২০**

ম ফার্মাসিউটিক্যালস বাংলাদেশ লিমিটেড সুইজারল্যান্ড ভিত্তিক কোম্পানি ভ ফার্মাসিউটিক্যালস লিঃ এর বাংলাদেশি সাবসিডিয়ারি। ৩০ জুন ২০২৩ তারিখে সমাপ্ত আয়বর্ষের জন্য প্রস্তুতকৃত আয় বিবরণীতে প্রদর্শিত করপূর্ব নীট মুনাফার পরিমাণ ৫,৫০,০০,০০০ টাকা। উক্ত আয়বর্ষে কোম্পানির বার্ষিক টার্নওভার ছিল ১২০,০০,০০,০০০ টাকা। কোম্পানির অন্যান্য তথ্যাবলি নিম্নরুপ:

১। বেতনের মধ্যে একজন পরিচালককে দেওয়া ৩,৩০,০০০ টাকা রয়েছে। উক্ত অর্থ প্রদানের সময় উৎসে কর কর্তন করা হয়নি; [ধারা ৫৫(ক)]

২। হেড অফিসের খরচ বাবদ ৬০,০০,০০০ টাকা দেখানো হয়েছে, কিন্তু হেড অফিসের অডিট সার্টিফিকেট সরবারহ করা হয়নি; [ধারা ৫৫(চ)]

৩। আয় বিবরণীতে শুল্ক আইন লঙ্ঘনের জন্য ১১,০০০ টাকা জরিমানা অন্তর্ভূক্ত রয়েছে; [ধারা ৫৫(দ)]

৪। কোম্পানি তার একটি পরিবেশককে ১০,০০,০০০ টাকা কমিশন প্রদান করা হয়েছে, কিন্তু আয়কর আইন ২০২৩ এর ধারা ৯৪ এর বিধানাবলি পরিপালন করা হয়নি; [ধারা ৫৫(ক)]

৫। একটি বয়েজ বা বালক বিদ্যালয়ে ৫০,০০০ টাকা দান করা হয়েছে; [ধারা ৫৫(দ)]

৬। বেতনের মধ্যে ৭,৫০,০০০ টাকা অন্তর্ভূক্ত আছে যা ব্যবস্থাপনা পরিচালকের গৃহকর্মীদের প্রদান করা হয়েছে। এতদ্ব্যতীত অন্যান্য পারকুইজিটের পরিমাণ ১০,০০,০০০ টাকা; [ধারা ৫৫(ঘ)]

৭। সুদ ব্যয় হিসাবে ৩৩,৫০,০০০ টাকা দাবি করা হয়েছে। কোম্পানির বকেয়া ব্যাংক ঋণের পরিমাণ ২,১০,০০,০০০ টাকা। কোম্পানি বাংলাদেশে তার একটি

সহযোগী প্রতিষ্ঠানকে সুদমুক্ত ঋণ প্রদান করেছে ৭৫,০০,০০০ টাকা; [ধারা ৫২]

৮। ৩,০০,০০০ টাকা সুদ খরচ যা ২০১৯-২০ অর্থ বছর হতে এখন পর্যন্ত অপরিশোধিত রয়েছে এবং উক্ত খরচ ইতঃপূর্বে আয়কর কর্তৃপক্ষ কর্তৃক অনুমোদিত হয়েছিল; [ধারা ৪৬ (৭)]

৯। কোম্পানির ৪,০০,০০০ টাকার ট্রেডিং দায় ২ বছরের মধ্যে মওকুফ হয়েছে কিন্তু আয় বিবরণীতে ক্রেডিট করা হয়নি; [ধারা ৪৬(৮)]

১০। কনসালটেন্সি সেবার বিপরীতে ২,০০,০০০ টাকা পরিশোধ করা হয়েছে কিন্তু উৎসে কর কর্তন করা হয়নি; [ধারা ৫৫(ক)]

১১। কোম্পানি এই বছরে ৫,০০,০০০ টাকায় একটি সরঞ্জাম বিক্রয় করে, যার অর্জন মূল্য ছিল ৪,০০,০০০ টাকা এবং তৃতীয় তফসিল অনুযায়ী অবলোপিত মূল্য ছিল ২,০০,০০০ টাকা। কোম্পানি আয় বিবরণীতে এ বাবদ ৩,০০,০০০ টাকা আয় প্রদর্শন করেছে; [ধারা ৪৬(২), ৫৮(২)]

১২। কোম্পানির বিল্ডিং এর একটি বর্ধিত অংশ সম্পূর্ণরূপে আগুনে পুড়ে গিয়েছে যার অর্জন মূল্য ছিল ২,০০,০০০ টাকা এবং তৃতীয় তফসিল অনুযায়ী পুঞ্জিভূত অবচয়ের পরিমাণ ছিল ৫০,০০০ টাকা। বিমা কোম্পানির নিকট হতে ২,৫০,০০০ টাকা পাওয়া গিয়েছে এবং ধ্বংসাবশেষ বিক্রয় করে ৩০,০০০ টাকা পাওয়া গিয়েছে; [ধারা ৪৬(৩)]

১৩। কোম্পানি একটি নূতন মেশিন ক্রয় করে এবং এর বিপরীতে প্রারম্ভিক অবচয় ভাতা হিসাবে ৫,০০,০০০ দাবী করে; [ধারা ৫০(১)(খ), তৃতীয় তফসিল]

১৪। কর্মচারীদের সুবিধার্থে হাসপাতাল স্থাপনের জন্য ৫,০০,০০০ টাকা ব্যয় করা হয়েছে। কোম্পানি কর্মচারীদের কাছ থেকে কোনো চার্জ না নিয়েই এই স্বাস্থ্য সুবিধা প্রদান করেছে; [ধারা ৪৯(ফ)]

১৫। হিসাব বইয়ের বিগত বছরের অবচয় ২৫,০০,০০০ টাকা কিন্তু তৃতীয় তফসিল অনুযায়ী কর অবচয় ৩০,০০,০০০ টাকা, প্রারম্ভিক অবচয় ভাতা ব্যতীত; [তৃতীয় তফসিল]

১৬। ফ্রি স্যাম্পল হিসাবে ৬৫,০০,০০০ টাকার পণ্য বিতরণ করা হয়েছে। [৫৫(ঝ)(অ)]

১৭। সরকারের পৃষ্ঠপোষকতায় বাণিজ্য প্রতিনিধি দলের সদস্য হিসেবে বিদেশ সফরের জন্য ২,০০,০০০ টাকা ব্যয় করা হয়েছে; [ধারা ৪৯ (ধ)]

১৮। বাংলাদেশ ফার্মাসিউটিক্যাল সোসাইটি, যা বোর্ডের দ্বারা স্বীকৃত একটি পেশাদার সংগঠন, তাতে বার্ষিক সদস্যপদ ফি বাবদ ১,৫০,০০০ টাকা প্রদান করা হয়েছে; [৪৯ (দ)]

১৯। আপ্যায়ন ব্যয় বাবদ ৩৫,০০,০০০ টাকা দাবী করা হয়েছে; [ধারা ৫৫(জ)]

২০। সানরাইজ ক্লাব আয়োজিত বার্ষিক বনভোজনে ৭০,০০০ টাকা স্পন্সর করা হয়েছে; [ধারা ৫৫(দ)]

২১। শেয়ারে বিনিয়োগ হতে উৎসে কর কর্তন পরবর্তী লভ্যাংশ প্রাপ্তি ৮,০০,০০০ টাকা। উৎসে কর্তিত করের পরিমাণ ২,০০,০০০ টাকা; [ধারা ১১৭, ৬২(১)(ঘ), সপ্তম তফসিল – অনুচ্ছেদ ২]

২২। ব্যাংক হতে উৎসে কর কর্তন পরবর্তী প্রাপ্ত সুদ ৪,৮০,০০০ টাকা। যা উৎসে কর্তন পরবর্তী। উৎসে কর্তিত করের পরিমাণ ১,২০,০০০ টাকা; [ধারা ৬২ (১) (গ), ১০২]

২৩। একটি মেশিনের পুস্তকমূল্য ছিল ৫০,০০,০০০ টাকা, কিন্তু IFRS অনুযায়ী নায্য বাজার মূল্য অনুসরণ করিয়া উক্ত সম্পদের ন্যায্য বাজার মূল্য ধারা হয় ৮০,০০,০০০ টাকা; [ধারা ৫৭]

২৪। স্থায়ী আমানত হতে সুদ উদ্ভূত হয়েছে ৪,০০,০০০ টাকা যা এখনো প্রাপ্ত হয়নি; [ধারা ৬৩]

২৫। চুক্তি বাতিলের ক্ষতিপূরণ বাবদ প্রাপ্তি ৩,০০,০০০ টাকা; [ধারা ৬৭(৫)]

২৬। কোম্পানি বাণিজ্যিক ভবন ভাড়া হতে উক্ত আয়বর্ষে ৪০,০০,০০০ টাকা ভাড়া প্রাপ্ত হয়। এবং উক্ত আয়বর্ষের জুলাই মাসে ভবনের লিজ গ্রহীতার নিকট হতে অসমন্বয়যোগ্য সিকিউরিটি ডিপোজিট গ্রহণ করে ৫০,০০,০০০ টাকা যা ইজারার মেয়াদ শেষে ফেরতযোগ্য; [ধারা ৩৬, ৩৭]

২৭। কোম্পানির মোট বিক্রয়ের পরিমাণ ছিল ১২০,০০,০০,০০০ টাকা যার মধ্যে ২৫,০০,০০,০০০ টাকার পণ্য বিভিন্ন কোম্পানিকে সরবরাহ করা হয়। কোম্পানিকে সরবরাহকৃত পণ্য হতে উৎসে কর্তনের পরিমাণ ১,২৫,০০,০০০;

২৮। কাঁচামাল আমদানিকালে আমদানি পর্যায়ে কর্তিত উৎসে করের পরিমাণ ৫০,০০,০০০ টাকা; [ধারা ১২০]

২৯। কোম্পানি চারটি সমান কিস্তিতে ৮০,০০,০০০ টাকা অগ্রিম কর পরিশোধ করে। [ধারা ১৫৫]

| **ম ফার্মাসিউটিক্যালস লিঃ কোম্পানির করযোগ্য আয় নির্ধারণ** | | |
|---|---|---|
| করপূর্ব নীট মুনাফা | | ৫,৫০,০০,০০০ |
| **বিয়োগ: আলাদাভাবে বিবেচ্য আয়** | | |
| পরিসম্পদ বিক্রয় হতে লাভ - [টীকা ৩] | (৩,০০,০০০) | |
| পরিসম্পদ বিনষ্টজনিত লাভ - [টীকা ৪] | (১,৩০,০০০) | |
| লভ্যাংশ - [টীকা ৭] | (১০,০০,০০০) | |
| ব্যাংক সুদ- [টীকা ৮] | (৬,০০,০০০) | |

| | | |
|---|---|---|
| স্থায়ী আমানত হতে সুদ | (৪,০০,০০০) | |
| চুক্তি বাতিলের ক্ষতিপূরণ বাবদ প্রাপ্তি | (৩,০০,০০০) | |
| ভাড়া হইতে আয় [টীকা - ৯] | (২৮,০০,০০০) | |
| | | (৫৫,৩০,০০০) |
| | | ৪,৯৪,৭০,০০০ |
| **যোগ: আলাদাভাবে বিবেচ্য ব্যয়াদি** | | |
| হেড অফিস খরচ | ৬০,০০,০০০ | |
| সুদ ব্যয় [টীকা - ২] | ৩৩,৫০,০০০ | |
| হিসাব বই অনুযায়ী অবচয় | ২৫,০০,০০০ | |
| ফ্রি স্যাম্পল - [টীকা ৫] | ৬৫,০০,০০০ | |
| আপ্যায়ন ব্যয় - [টীকা ৬] | ৩৫,০০,০০০ | |
| | | ২,১৮,৫০,০০০ |
| | | ৭,১৩,২০,০০০ |
| **যোগ: ৪৬ ধারায় ব্যবসা হতে আয়ের বিশেষ ক্ষেত্রসমূহ** | | |
| পরিসম্পদ বিক্রয় হতে লাভ - [টীকা ৩] | ২,০০,০০০ | |
| পরিসম্পদ বিনষ্টজনিত লাভ - [টীকা ৪] | ৫০,০০০ | |
| অপরিশোধিত সুদ | ৩,০০,০০০ | |
| ট্রেডিং দায় মওকুফ | ৪,০০,০০০ | |
| | | ৯,৫০,০০০ |
| | | ৭,২২,৭০,০০০ |
| **যোগ: অননুমোদনযোগ্য ব্যয়** | | |
| উৎসে কর্তন ব্যতীত বেতন প্রদান | ৩,৩০,০০০ | |
| শুল্ক আইন লঙ্ঘনের জন্য জরিমানা | ১১,০০০ | |
| উৎসে কর্তন ব্যতীত কমিশন প্রদান | ১০,০০,০০০ | |
| অননুমোদিত বিদ্যালয়ে দান | ৫০,০০০ | |
| অতিরিক্ত পারকুইজিট (ব্যবস্থাপনা পরিচালকের গৃহকর্মীদের প্রদান) | ৭,৫০,০০০ | |
| উৎসে কর্তন ব্যতীত কনসালটেন্সি সেবার বিপরীতে পরিশোধ | ২,০০,০০০ | |
| সানরাইজ ক্লাবের পিকনিকে স্পনসর | ৭০,০০০ | |
| | | ২৪,১১,০০০ |

| | | |
|---|---|---|
| | | ৭,৪৬,৮১,০০০ |
| **বাদ: অনুমোদনযোগ্য ব্যয়** | | |
| হেড অফিস খরচ - [টীকা ১] | ৪৯,৪৭,০০০ | |
| সুদ ব্যয় - [টীকা ২] | ২১,৫৩,৫৭১ | |
| প্রারম্ভিক অবচয় ভাতা | ৫,০০,০০০ | |
| তৃতীয় তফসিল অনুযায়ী অবচয় | ৩০,০০,০০০ | |
| ফ্রি স্যাম্পল - [টীকা ৫] | ৬০,০০,০০০ | |
| | | (১,৬৬,০০,৫৭১) |
| আপ্যায়ন খরচ বিবেচনা ব্যতীত ব্যবসা হতে নিরূপিত আয় | | ৫,৮০,৮০,৪২৯ |
| বাদ: আপ্যায়ন খরচ - [টীকা ৬] | | ১১,৮১,৬০৯ |
| আপ্যায়ন খরচ বিবেচনা পরবর্তী ব্যবসা হতে নিরূপিত আয় | | ৫,৬৮,৯৮,৮২০ |
| | | |
| **বাদ: ৫৬ ধারায় বিবেচ্য বিশেষ আয়** | | |
| উৎসে কর্তন ব্যতীত বেতন প্রদান | ৩,৩০,০০০ | |
| হেড অফিস খরচ - [টীকা ১] | ১০,৫৩,০০০ | |
| শুল্ক আইন লঙ্ঘনের জন্য জরিমানা | ১১,০০০ | |
| উৎসে কর্তন ব্যতীত কমিশন প্রদান | ১০,০০,০০০ | |
| অননুমোদিত বিদ্যালয়ে দান | ৫০,০০০ | |
| অতিরিক্ত পারকুইজিট (ব্যবস্থাপনা পরিচালকের গৃহকর্মীদের প্রদান) | ৭,৫০,০০০ | |
| সানরাইজ ক্লাবের পিকনিকে স্পনসর | ৭০,০০০ | |
| উৎসে কর্তন ব্যতীত কনসালটেন্সি সেবার বিপরীতে পরিশোধ | ২,০০,০০০ | |
| ফ্রি স্যাম্পল - [টীকা ৫] | ৫,০০,০০০ | |
| আপ্যায়ন খরচ - [টীকা ৬] | ২৩,১৮,৩৯১ | |
| | | (৬২,৮২,৩৯১) |
| **৫৫ ধারায় অনোমুদিত ব্যতীত ব্যবসা হতে করযোগ্য আয়** | | ৫,০৬,১৬,৪২৯ |
| | | |
| | | |

<table>
<tr><td colspan="2"></td><td>মোট</td><td>১৬৩ (২) আয়</td><td>১৬৩(২) বাদে অন্যান্য আয়</td></tr>
<tr><td colspan="2">৫৫ ধারায় অননোমুদিত ব্যতীত ব্যবসা হতে করযোগ্য আয় এর বিভাজন [টীকা ১০]</td><td>৫,০৬,১৬,৪২৯</td><td>১,০৬,২৯,৪৫০</td><td>৩,৯৯,৮৬,৯৭৯</td></tr>
<tr><td colspan="2">ভাড়া হইতে আয়</td><td></td><td></td><td></td></tr>
<tr><td colspan="2">ভাড়া হইতে আয় [টীকা - ৯]</td><td>২৮,০০,০০০</td><td></td><td>২৮,০০,০০০</td></tr>
<tr><td colspan="2"></td><td></td><td></td><td></td></tr>
<tr><td colspan="2">মূলধনি আয়</td><td></td><td></td><td></td></tr>
<tr><td colspan="2">পরিসম্পদ বিক্রয় হতে লাভ - [টীকা ৩]</td><td>১,০০,০০০</td><td></td><td></td></tr>
<tr><td colspan="2">পরিসম্পদ বিনষ্টজনিত লাভ - [টীকা ৪]</td><td>৮০,০০০</td><td></td><td></td></tr>
<tr><td colspan="2"></td><td>১,৮০,০০০</td><td></td><td>১,৮০,০০০</td></tr>
<tr><td colspan="2">আর্থিক পরিসম্পদ হইতে আয়</td><td></td><td></td><td></td></tr>
<tr><td colspan="2">লভ্যাংশ</td><td>১০,০০,০০০</td><td></td><td></td></tr>
<tr><td colspan="2">ব্যাংক সুদ</td><td>৬,০০,০০০</td><td></td><td></td></tr>
<tr><td colspan="2"></td><td>১৬,০০,০০০</td><td>১৬,০০,০০০</td><td></td></tr>
<tr><td colspan="2">অন্যান্য উৎস হইতে আয়</td><td>৩,০০,০০০</td><td></td><td>৩,০০,০০০</td></tr>
<tr><td colspan="2"></td><td></td><td></td><td></td></tr>
<tr><td colspan="2">৫৫ ধারার অননুমোদনযোগ্য আয় বাদে মোট করযোগ্য আয়</td><td>৫,৫৪,৯৬,৪২৯</td><td>১,২২,২৯,৪৫০</td><td>৪,৩২,৬৬,৯৭৯</td></tr>
<tr><td></td><td>করহার</td><td>আয়কর</td><td>১৬৩ (২) আয়</td><td>১৬৩(২) বাদে অন্যান্য আয়</td></tr>
<tr><td>প্রদেয় কর</td><td></td><td></td><td></td><td></td></tr>
</table>

| | | | | |
|---|---|---|---|---|
| **নির্ধারণ** | | | | |
| **ব্যবসা হইতে আয়** | | | | |
| [১] ব্যবসা হতে কর | ২৭.৫০% | | ৩৩,৬৩,০৯৯ | ১,১৮,৯৮,৪১৯ |
| [২] ন্যূনতম কর (ধারা ১৬৩ (২)) | | | ১,২৫,০০,০০০ | |
| আয়কর (১, ও ২ এর মধ্যে যেটি বেশি) | | ২,৪৩,৯৮,৪১৯ | ১,২৫,০০,০০০ | ১,১৮,৯৮,৪১৯ |
| | | | | |
| **ভাড়া হইতে আয়** | ২৭.৫০% | ৭,৭০,০০০ | | ৭,৭০,০০০ |
| | | | | |
| **মূলধনি আয়** | ১৫% | ২৭,০০০ | | ২৭,০০০ |
| | | | | |
| **আর্থিক পরিসম্পদ হইতে আয়** | | | | |
| লভ্যাংশ | ২০.০০% | | ২,০০,০০০ | |
| ব্যাংক সুদ | ২৭.৫০% | | ১,৬৫,০০০ | |
| (১) মোট | | | ৩,৬৫,০০০ | |
| (২) ন্যূনতম কর (উৎসে কর্তন) | | | ৩,২০,০০০ | |
| করদায় (১ ও ২ এর মধ্যে যেটি | | ৩,৬৫,০০০ | | |

| | | | | |
|---|---|---|---|---|
| বেশি) | | | | |
| | | | | |
| **অন্যান্য উৎস হইতে আয়** | ২৭.৫০% | ৮২,৫০০ | | ৮২,৫০০ |
| | | | | |
| **মোট করদায়** | | ২,৫৬,৪২,৯১৯ | | |
| [২] ন্যূনতম কর (-ধারা ১৬৩ (৫))- [টীকা ১১] | | ৭২,৩০,৭৮০ | | |
| | | ২,৫৬,৪২,৯১৯ | | |
| **৫৫ ধারায় পরিগণিত বিশেষ ব্যবসা আয়ের উপর প্রদেয় কর** | ২৭.৫০% | ১৭,২৭,৬৫৮ | | |
| | | | | |
| **মোট প্রদেয় আয়কর** | | **২,৭৫,৭০,৫৭৭** | | |
| | | | | |
| **বাদঃ অগ্রিম কর** | | | | |
| ৮৯ ধারায় অগ্রিম কর কর্তন | | ১,২৫,০০,০০ | | |
| ১১৭ ধারায় অগ্রিম কর কর্তন | | ২,০০,০০০ | | |

| | | | | |
|---|---|---|---|---|
| ১০২ ধারায় অগ্রিম কর কর্তন | | ১,২০,০০০ | | |
| ১২০ ধারায় অগ্রিম কর কর্তন | | ৫০,০০,০০০ | | |
| ১৫৫ ধারায় পরিশোধিত অগ্রিম কর | | ৮০,০০,০০০ | | |
| | | (২,৫৮,২০,০০০) | | |
| **নীট করদায়** | | ১৭,৫০,৫৭৭ | | |
| | | | | |

| | | |
|---|---|---|
| | | |
| **টীকা ১: হেড অফিস খরচ -** | | |
| হেড অফিস খরচ | | ৬০,০০,০০০ |
| **নিট ব্যবসায় মুনাফা নির্ণয়** | | |
| করপূর্ব নীট মুনাফা | | ৫,৫০,০০,০০০ |
| **বিয়োগ: অন্যান্য আয়** | | |
| পরিসম্পদ বিক্রয় হইতে লাভ - [টীকা ৩] | (৩,০০,০০০) | |
| পরিসম্পদ বিনষ্টজনিত লাভ - [টীকা ৫] | (১,৩০,০০০) | |
| লভ্যাংশ - [টীকা ৭] | (১০,০০,০০০) | |
| ব্যাংক সুদ- [টীকা ৮] | (৬,০০,০০০) | |
| স্থায়ী আমানত হইতে সুদ | (৪,০০,০০০) | |
| চুক্তি বাতিলের ক্ষতিপূরণ বাবদ প্রাপ্তি | (৩,০০,০০০) | |
| ভাড়া হইতে আয় [টীকা - ৯] | (২৮,০০,০০০) | |
| | | (৫৫,৩০,০০০) |
| নিট ব্যবসায় মুনাফা | | ৪,৯৪,৭০,০০০ |
| অনুমোদনযোগ্য (৪,৯৪,৭০,০০০ × ১০%) | | ৪৯,৪৭,০০০ |
| অননুমোদনযোগ্য | | ১০,৫৩,০০০ |
| *[ধারা ৫৫(চ) অনুযায়ী আর্থিক বিবরনীতে প্রদর্শিত নীট ব্যবসায় মুনাফার ১০% পর্যন্ত অনুমোদনযোগ্য]* | | |

| | |
|---|---|
| | |
| **টীকা ২: সুদ ব্যয়** | |
| সুদ খরচ | ৩৩,৫০,০০০ |
| ব্যাংক লোন | ২,১০,০০,০০০ |
| সুদমুক্ত ঋণ প্রদান | (৭৫,০০,০০০) |
| | ১,৩৫,০০,০০০ |
| অনুমোদনযোগ্য<br>(৩৩,৫০,০০০*((১,৩৫,০০,০০০/২,১০,০০,০০০) | ২১,৫৩,৫৭১ |
| অননুমোদনযোগ্য | ১১,৯৬,৪২৯ |
| | ৩৩,৫০,০০০ |
| *[ধারা ৫২(২) মোতাবেক অর্থলগ্নী করা ব্যবসায় ব্যতীত অন্য কোনো ব্যবসায় কর্তৃক ধারকৃত কোনো অংশ ব্যবসায়ের বাহিরে অন্য উদ্দেশ্যে ব্যবহার করা হইলে বা ধারকৃত অর্থে অর্জিত সম্পদের কোনো অংশ ব্যবসায়ের বাহিরে অন্য কোথাও স্থানান্তর করা হইলে উক্ত অর্থ বা সম্পদের যেই অংশ ব্যবসায়ের কাজে ব্যবহার করা হইয়াছে সেই অংশের আনুপাতিক হারে সুদ বা মুনাফা ব্যয় অনুমোদিত হইবে।]* | |
| | |
| **টীকা ৩: পরিসম্পদ বিক্রয় হইতে লাভ** | |
| বিক্রয়মূল্য | ৫,০০,০০০ |
| বাদঃ অবলোপিত মূল্য | (২,০০,০০০) |
| মোট আয় | ৩,০০,০০০ |
| ক্রয়মূল্য | ৪,০০,০০০ |
| মূলধনি আয় (বিক্রয়মূল্য – ক্রয়মূল্য) | ১,০০,০০০ |
| ব্যবসা হতে আয় (মোট আয়- মূলধনি আয়) | ২,০০,০০০ |
| *[ধারা ৪৬(২) মোতাবেক বিক্রয়লব্ধ অর্থ যদি পরিসম্পদের অর্জন মূল্য হইতে অধিক হয় তাহলে বিক্রয়মূল্য এবং অর্জন মূল্যের পার্থক্য মুলধনী আয় হিসাবে পরিগণিত হইবে। অর্জন মূল্য এবং অবলোপিত মূল্যের পার্থক্য ব্যবসা হতে আয় হিসাবে পরিগণিত হইবে]* | |
| | |
| **টীকা ৪: বিমা কোম্পানি হইতে প্রাপ্ত ক্ষতিপূরণ** | |
| প্রস্তুতমূল্য ২,০০,০০০ | |

| | | |
|---|---|---|
| পূঞ্জিভুত অবচয় | *(৫০,০০০)* | |
| অবলোপিত মূল্য | | *১,৫০,০০০* |
| ক্ষতিপূরণ | *২,৫০,০০০* | |
| স্ক্র্যাপ মূল্য (ধ্বংসাবশেষ বিক্রি হতে প্রাপ্ত) | *৩০,০০০* | |
| | | *২,৮০,০০০* |
| মোট আয় | | *১,৩০,০০০* |
| মূলধনি আয় (২,৮০,০০০ - ২,০০,০০০) | | *৮০,০০০* |
| ব্যবসা হতে আয় (মোট আয়- মূলধনি আয়) | | *৫০,০০০* |
| *[ধারা ৪৬(৩) মোতাবেক পরিসম্পদের বিপরীতে বিমা, স্যালভেজ বা ক্ষতিপূরণ বাবদ প্রাপ্ত অর্থ যদি পরিসম্পদের অর্জন মূল্য হইতে অধিক হয় তাহলে বিক্রয় মূল্য এবং অর্জন মূল্যের পার্থক্য মুলধনী আয় হিসাবে পরিগণিত হইবে। অর্জন মূল্য এবং অবলোপিত মূল্যের পার্থক্য ব্যবসা হতে আয় হিসাবে পরিগণিত হইবে]* | | |
| | | |
| **টীকা ৫: ফ্রি স্যাম্পল** | | |
| ফ্রি স্যাম্পল | | *৬৫,০০,০০০* |
| টার্নওভার | | *১,২০,০০,০০,০০০* |
| অনুমোদনযোগ্য (১২০,০০,০০,০০০ * ০.৫০%) | | *৬০,০০,০০০* |
| অননুমোদনযোগ্য | | *৫,০০,০০০* |
| *[ধারা ৫৫(ঝ)(আ)(১) অনুযায়ী ফার্মাসিউটিক্যালস শিল্পের ক্ষেত্রে আর্থিক বিবরণীতে প্রদর্শিত ব্যবসায়িক টার্নওভার ১০ কোটি টাকার অধিক, এইরূপ ক্ষেত্রে ০.৫০% পর্যন্ত অনুমোদনযোগ্য]* | | |
| | | |
| **টীকা ৬: আপ্যায়ন** | | |
| আপ্যায়ন | | *৩৫,০০,০০০* |
| অনুমোদনযোগ্য: | | |
| প্রথম ১০০০০০০ টাকা মুনাফা পর্যন্ত (১০,০০,০০০ * ৪%) | | *৪০,০০০* |
| পরবর্তী অঙ্কের জন্যে (৫,৭০,৮০,৪২৯*২%) | | ১১,৪১,৬০৯ |
| অনুমোদনযোগ্য | | ১১,৮১,৬০৯ |
| অননুমোদনযোগ্য | | ২৩,১৮,৩৯১ |
| *[ধারা ৫৫(জ) অনুযায়ী আপ্যায়ন ব্যয় বিয়োজন ব্যতীত নিরূপিত* | | |

| | |
|---|---|
| *ব্যবসায় আয়ের প্রথম ১০ লক্ষ টাকার উপর ৪% এবং পরবর্তী অঙ্কের উপর ২% অনুমোদনযোগ্য হবে]* | |
| | |
| **টীকা ৭: লভ্যাংশ** | |
| প্রাপ্তি | ৮,০০,০০০ |
| উৎসে কর্তন ((২০/৮০)*৮,০০,০০০) | ২,০০,০০০ |
| লভ্যাংশ আয় | ১০,০০,০০০ |
| | |
| **টীকা ৮: ব্যাংক সুদ** | |
| প্রাপ্তি | ৪,৮০,০০০ |
| উৎসে কর্তন ((২০/৮০)*৪৮,০০,০০০) | ১,২০,০০০ |
| লভ্যাংশ আয় | ৬,০০,০০০ |
| | |
| **টীকা ৯: ভাড়া হইতে আয়** | |
| (খ) বার্ষিক ভাড়া | ৪০,০০,০০০ |
| (গ) বাদ: অনুমোদিত ব্যয় ভাড়ামূল্যের ৩০% | ১২,০০,০০০ |
| করযোগ্য ভাড়া আয় | ২৮,০০,০০০ |
| সিকিউরিটি ডিপোজিট | ৫০,০০,০০০ |
| *[সিকিউরিটি ডিপোজিট করদাতার দায় বিধায় এটি মোট করযোগ্য আয়ের অন্তর্ভুক্ত হবে না। এছাড়াও করদাতার ধারা ৩৮ (ঘ) মোতাবেক বাণিজ্যিক উদ্দেশ্যে ব্যবহৃত গৃহসম্পত্তির উপর ৩০% খরচ অনুমোদনযোগ্য হইবে ]* | |
| | |

| **টীকা ১০: ১৬৩(২) ধারা অনুযায়ী ব্যবসায়িক আয়ের বিভাজন** | **বিক্রয়** | **অনুপাত** |
|---|---|---|
| কোম্পানিকে সরবরাহ | ২৫,০০,০০,০০০ | ২১% |
| কোম্পানি বাদে খুচরা ব্যবসায়ীকে সরবরাহ | ৯৫,০০,০০,০০০ | ৭৯% |
| **মোট বিক্রয়** | ১,২০,০০,০০,০০০ | |
| | | |
| **নোট ১১: নূন্যতম কর** | | |
| টার্নওভার (১) | | ১,২০,০০,০০,০০০ |

| | | |
|---|---|---|
| পরিসম্পদ বিক্রয়জনিত ব্যবসায়িক আয় | ২৫০,০০০ | |
| ভাড়া হইতে আয় | ২৮,০০,০০০ | |
| মূলধনি আয় | ১,৮০,০০০ | |
| আর্থিক পরিসম্পদ হইতে আয় | ১৬,০০,০০০ | |
| অন্যান্য উৎস হইতে আয় | ৩,০০,০০০ | |
| অন্যান্য প্রাপ্তি (২) | | ৫১,৩০,০০০ |
| মোট গ্রস প্রাপ্তি (১)+(২) | | ১,২০,৫১,৩০,০০০ |
| | | |
| **গ্রস প্রাপ্তির উপর নূন্যতম কর নির্ণয়** | | |

| | **টাকা** | **হার** | **কর** |
|---|---|---|---|
| ১৬৩(৫) ধারা অনুযায়ী ব্যবসায়ী আয় হতে ন্যূনতম কর | ১,২০,০০,০০,০০০ | ০.৬০% | ৭২,০০,০০০ |
| ১৬৩(৫) ধারা অনুযায়ী পরিসম্পদ বিক্রয়জনিত ব্যবসায়িক আয় | ২৫০,০০০ | ০.৬০% | ১,৫০০ |
| ১৬৩(৫) ধারা অনুযায়ী ভাড়া হতে প্রাপ্য আয়ের ন্যূনতম কর | ২৮,০০,০০০ | ০.৬০% | ১৬,৮০০ |
| ১৬৩(৫) ধারা অনুযায়ী মূলধনি আয় হতে ন্যূনতম কর | ১,৮০,০০০ | ০.৬০% | ১,০৮০ |
| ১৬৩(৫) ধারা অনুযায়ী আর্থিক পরিসম্পদ(সুদ) হইতে আয় হতে ন্যূনতম কর | ৬,০০,০০০ | ০.৬০% | ৩,৬০০ |
| ১৬৩(৫) ধারা অনুযায়ী আর্থিক পরিসম্পদ(লভ্যাংশ) হইতে আয় হতে ন্যূনতম কর | ১০,০০,০০০ | ০.৬০% | ৬,০০০ |
| ১৬৩(৫) ধারা অনুযায়ী অনান্য আয় হতে ন্যূনতম কর | ৩,০০,০০০ | ০.৬০% | ১,৮০০ |
| | ১,২০,৫১,৩০,০০০ | | ৭২,৩০,৭৮০ |
| | | | |

ধারা ৪৬ (৭) অনুযায়ী যদি কোনো আয়বর্ষে কোনো ব্যক্তির নিকট প্রদেয় সুদ বা মুনাফা বাবদ কোনো খরচ বিয়োজিত হয় এবং যে আয়বর্ষে বিয়োজিত হয়েছে তা শেষ হবার পরবর্তী ৩ বছরের মধ্যে যদি উক্ত সুদ বা মুনাফা পরিশোধ করা না হয় তা হলে বর্ণিত ৩ বছর সমাপ্তির পরবর্তী আয়বর্ষে উক্ত সুদ বা মুনাফার অপরিশোধিত অঙ্ক করদাতার ব্যবসা হইতে আয় শ্রেণির আয় হিসাবে গণ্য হবে।

ধারা ৪৬(৮) অনুযায়ী কোনো আয়বর্ষে আয় পরিগণনায় যদি করদাতার ট্রেডিং দায় হিসাবে নেওয়া হয় এবং পরবর্তী কোনো আয়বর্ষে করদাতা যদি ট্রেডিং দায় বাবদ কোনো সুবিধা প্রাপ্ত হয়, তা হলে সে সুবিধা প্রাপ্তির আয়বর্ষে করদাতার ব্যবসা হইতে আয় শ্রেণির আয় হিসাবে গণ্য হবে। যেহেতু উক্ত ট্রেডিং দায় মউকুফের পরিমাণ আয় বিবরণীতে ক্রেডিট করা হয়নি, সেহেতু করযোগ্য আয় নিরূপনের সময় এটিকে আয় হিসাবে যোগ করতে হবে।

ধারা ৪৯(দ) মোতাবেক কোনো ক্লাব বা বাণিজ্যিক সমিতিতে প্রবেশ ফি-সহ তাহাদের সুবিধাদির ব্যবহারের জন্য চাঁদা এবং ধারা ৪৯ (ধ) মোতাবেক সরকার কর্তৃক স্পন্সরকৃত কোনো ট্রেড ডেলিগেশনের সদস্য হিসাবে বিদেশে সফর সম্পর্কিত কোনো নির্বাহকৃত ব্যয় ব্যবসায় হইতে আয় গণনার ক্ষেত্রে অনুমোদনযোগ্য সাধারণ বিয়োজন যা ইতোমধ্যে করপূর্ব নীট মুনফা পরিগণনার সময় বাদ দেওয়া হয়েছে।

### ৬.৫ মূলধনি আয়

আয়কর আইন, ২০২৩ এর ধারা ৫৭-৬১ অনুযায়ী মূলধনি আয় পরিগণনা করতে হবে। মূলধনি পরিসম্পদের মালিকানা হস্তান্তর হতে উদ্ভূত মুনাফা ও লাভ মূলধনি আয় হবে। তবে কোনো পরিসম্পদ যা প্রকৃত অর্থে হস্তান্তরিত হয়নি, তা হতে উদ্ভূত কোনো ধারণাগত লাভ বা মুনাফা মূলধনি আয় হিসাবে পরিগণিত হবেনা।

পরিসম্পদের উন্মুক্ত বাজারে বিক্রয় বা হস্তান্তর মূল্য এবং উক্ত পরিসম্পদের অর্জন মূল্যের পার্থক্য মূলধনি আয় হিসাবে পরিগণিত হবে। পরিসম্পদের উন্মুক্ত বাজারে বিক্রয় বা হস্তান্তর মূল্য হবে ‘ক’ এবং ‘খ’ এর মধ্যে যা অধিক, যেখানে-

ক = পরিসম্পদ হস্তান্তর হইতে প্রাপ্ত বা উপচিত অর্থ; এবং

খ = হস্তান্তরের তারিখে পরিসম্পদের ন্যায্য বাজার মূল্য;

“পরিসম্পদের অর্জন মূল্য” বলতে-

(অ) কোনো পরিসম্পদের অর্জন মূল্য হবে নিম্নবর্ণিত খরচসমূহের সমষ্টি-

(১) এরূপ কোনো খরচ যা কেবল উক্ত পরিসম্পদের স্বত্ব হস্তান্তরের সাথে সম্পর্কিত;

(২) পরিসম্পদের ক্রয়মূল্য; এবং

(৩) আয়কর আইনের ধারা ৩৮, ৪২, ৪৯, ৫০ বা ৬৪ অনুযায়ী অনুমোদিত খরচ ব্যতীত উক্ত পরিসম্পদ উন্নয়নের খরচ (যদি থাকে);

(আ) যেক্ষেত্রে হস্তান্তরকারি উক্ত পরিসম্পদ নিম্নবর্ণিতভাবে অর্জন করেছেন-

(১) কোনো উপহার, দান বা উইলের অধীন;

(২) সাকসেশন, উত্তরাধিকার বা পরম্পরাক্রমে;

(৩) প্রত্যাহারযোগ্য বা অপ্রত্যাহারযোগ্য কোনো ট্রাস্টের হস্তান্তরের অধীন;

(৪) কোনো কোম্পানি অবসায়নের জন্য মূলধনি পরিসম্পদের কোনো বিতরণের মাধ্যমে; বা

(৫) কোনো ফার্ম বা ব্যক্তিসংঘ বা হিন্দু অবিভক্ত পরিবারের বিভাজনের ক্ষেত্রে মূলধনি পরিসম্পদের বিতরণের মাধ্যমে,

সেক্ষেত্রে হস্তান্তরকারী কর্তৃক উক্ত পরিসম্পদের মালিকানা অর্জনের তারিখের ন্যায্য বাজার মূল্য উক্ত পরিসম্পদের অর্জনমূল্য হিসাবে বিবেচিত হবে।

**“মূলধনি পরিসম্পদ” অর্থ-**

(ক) কোনো করদাতা কর্তৃক ধারণকৃত যেকোনো প্রকৃতির বা ধরনের সম্পত্তি;

(খ) কোনো ব্যবসা বা উদ্যোগ (undertaking) সামগ্রিকভাবে বা ইউনিট হিসাবে;

(গ) কোনো শেয়ার বা স্টক,

তবে নিম্নবর্ণিত বিষয়সমূহ এর অন্তর্ভুক্ত নয়, যথা:-

(অ) করদাতার ব্যবসার উদ্দেশ্যে ধারণকৃত কোনো মজুদ, ভোগ্য পণ্য বা কাঁচামাল;

(আ) ব্যক্তিগত ব্যবহার্য সামগ্রী, যেমন- অস্থাবর সম্পত্তি অর্থে অন্তর্ভুক্ত পরিধেয় পোশাক, স্বর্ণালংকার, আসবাবপত্র, ফিক্সার বা কারুপণ্য, যন্ত্রপাতি ও যানবাহন যা করদাতা কর্তৃক অথবা তার উপর নির্ভরশীল পরিবারের কোনো সদস্য কর্তৃক কেবল ব্যক্তিগত প্রয়োজনে ব্যবহার করা হয় এবং তার ব্যবসার উদ্দেশ্যে ব্যবহার করা হয় না।

অর্থাৎ মূলধনি পরিসম্পদের মধ্যে জমি, বাড়ী, এ্যাপার্টমেন্ট, কমার্শিয়াল স্পেস, স্টক এক্সচেঞ্জে তালিকাভুক্ত কোম্পানির শেয়ার বা মিউচ্যুয়াল ফান্ড ইউনিট ইত্যাদি অন্তর্ভুক্ত। অন্যদিকে ব্যক্তিগত ব্যবহার্য গাড়ী, কম্পিউটার, আসবাবপত্র**,** অলং**কা**র ইত্যাদি অন্তর্ভুক্ত হবে না।

স্টক এক্সচেঞ্জে তালিকাভুক্ত কোম্পানির শেয়ার ট্রেড করে অর্জিত মূলধনি আয় স্বাভাবিক ব্যক্তি করদাতার হাতে করমুক্ত। তবে, স্টক এক্সচেঞ্জে তালিকাভুক্ত কোম্পানির শেয়ার বা মিউচ্যুয়াল ফান্ড ইউনিট বিক্রয় বা হস্তান্তর হতে ব্যাংক ও অন্যান্য আর্থিক প্রতিষ্ঠান, মার্চেন্ট ব্যাংক, শেয়ার ডিলার/ব্রোকার কোম্পানি এর স্পন্সর শেয়ারহোল্ডার, ডিরেক্টর এবং স্টক এক্সচেঞ্জে তালিকাভুক্ত কোম্পানির স্পন্সর শেয়ারহোল্ডার বা ডিরেক্টরদের আয় করযোগ্য। এছাড়াও আয়বর্ষের যেকোনো সময়ে

কোনো করদাতার কোনো স্টক এক্সচেঞ্জে তালিকাভুক্ত একটি কোম্পানির পরিশোধিত মূলধনের ১০% অধিক শেয়ার থাকলে ঐ কোম্পানির শেয়ার বিক্রি হতে অর্জিত আয়ও করযোগ্য হবে।

**উদাহরণ ২১**

২০২২-২০২৩ আয়বর্ষে ড লিঃ এর একটি স্থাবর সম্পত্তি ১,০০,০০,০০০ টাকা থেকে ২,৫০,০০,০০০ টাকায় পুনর্মূল্যায়ন করা হয়েছে। ১,৫০,০০,০০০ টাকা অন্যান্য আয়ের বিবৃতিতে (statement of other comprehensive income) পুনর্মূল্যায়ন লাভ (revaluation gain) হিসাবে দেখানো হয়েছে। করপূর্ব মুনাফার পরিমাণ ৫,০০,০০,০০০ টাকা যার মধ্যে পুনর্মূল্যায়ন লাভ (revaluation gain) ১,৫০,০০,০০০ টাকা অন্তর্ভুক্ত নয়। ড লিঃ কর নির্ধারণকালে কেবল করপূর্ব মুনাফা ৫,০০,০০,০০০ টাকার উপর কর নির্ধারণ করতে হবে। কেননা IAS অথবা IFRS অনুযায়ী ন্যায্য বাজার মূল্য পদ্ধতি অনুসরণ করে কোনো পরিসম্পদ যা প্রকৃত অর্থে হস্তান্তরিত হয়নি, তা হতে উদ্ভূত কোনো ধারণাগত লাভ বা মুনাফা মূলধনি আয় হিসাবে পরিগণিত হবে না।

**উদাহরণ ২২**

২০২২-২০২৩ আয়বর্ষে ঢ লিঃ এর একটি স্থাবর সম্পত্তি ১,০০,০০,০০০ টাকা। ঢ লিঃ উক্ত সম্পত্তি ভাড়া দিয়ে থাকে। অর্থাৎ উক্ত সম্পত্তি থেকে ঢ লিঃ এর ভাড়া আয় রয়েছে। উক্ত আয়বর্ষে উক্ত স্থাবর সম্পত্তি ২,৫০,০০,০০০ টাকায় পুনর্মূল্যায়ন করা হয়েছে। ১,৫০,০০,০০০ টাকা আয়ের বিবৃতিতে (statement of comprehensive income) পুনর্মূল্যায়ন লাভ (revaluation gain) হিসাবে দেখানো হয়েছে। করপূর্ব মুনাফার পরিমাণ ৫,০০,০০,০০০ টাকা এবং এর মধ্যে পুনর্মূল্যায়ন লাভ (revaluation gain) ১,৫০,০০,০০০ টাকা অন্তর্ভুক্ত । ঢ লিঃ কর নির্ধারণকালে কেবল করপূর্ব মুনাফা (৫,০০,০০,০০০ – ১,৫০,০০,০০০) টাকা বা ৩,৫০,০০,০০০ টাকার উপর কর নির্ধারণ করতে হবে। কেননা IAS অথবা IFRS অনুযায়ী ন্যায্য বাজার মূল্য পদ্ধতি অনুসরণ করে কোনো পরিসম্পদ যা প্রকৃত অর্থে হস্তান্তরিত হয়নি, তা হতে উদ্ভূত কোনো ধারণাগত লাভ বা মুনাফা মূলধনি আয় হিসাবে পরিগণিত হবে না। তাছাড়া উক্ত পুনর্মূল্যায়ন লাভ করপূর্ব মুনাফার অন্তর্ভুক্ত করা হলেও আয়কর আইন, ২০২৩ এর ধারা ৫৭ অনুযায়ী উক্ত ধারণাগত লাভ বা মুনাফা মূলধনি আয় হিসাবে পরিগণিত হবে না।

**উদাহরণ ২৩**

মিজ্ মাহফুজা সুলতানা ঢাকার গুলশান থানার বাসিন্দা। তিনি ২০২২-২০২৩ আয়বর্ষে ব্যবসা হতে ২০,০০,০০০ টাকা নিট মুনাফা প্রাপ্ত হন। এছাড়াও তিনি ২০২২-২০২৩ আয়বর্ষে নিম্নবর্ণিত আয় ও লেনদেন সম্পন্ন করেন, যথা:

১। ২০২২-২০২৩ অর্থবছরে তিনি ২,৪০,০০০ টাকা অগ্রিম কর পরিশোধ করেন;

২। মিজ্ মাহফুজার ক্যাপিটাল মার্কেটে বেনেফিশিয়ারি হিসাবে নগদায়িত অর্জন রয়েছে ১০,০০,০০০ টাকা এবং অনগদায়িত অর্জন রয়েছে ৩০,০০,০০০ টাকা;

৩। বিবেচ্য আয়বর্ষে তিনি ৫০,০০,০০০ টাকার সেকেন্ডারি শেয়ার ক্রয়ে বিনিয়োগ করেন;

৪। ২৩ জুন ২০২২ তারিখে তিনি গুলশান এলাকায় পাঁচ কাঠার একটি বাণিজ্যিক প্লট সাফ কবলা দলিলমূলে বিক্রয় করেন। যার হস্তান্তর মূল্য ছিলো ১০০ কোটি টাকা। হস্তান্তর দলিল রেজিস্ট্রেশনকালে তিনি ৪ কোটি টাকা উৎসে কর পরিশোধ করেন এবং হস্তান্তর জনিত অন্যান্য সকল খরচ ক্রেতা পরিশোধ করেন;

৫। হস্তান্তরিত প্লট তিনি তার পিতার নিকট হতে ২১ জানুয়ারি ২০১৭ খ্রিস্টাব্দে হেবামূলে প্রাপ্ত হন। হেবা দালিলে জমির মূল্য হিসেবে ২৫ কোটি টাকার উল্লেখ রয়েছে;

৬। ২০২২-২০২৩ অর্থবছরে তিনি একটি গাড়ির ক্রয়ের নিমিত্ত ১,০০,০০,০০০ টাকা অগ্রিম পরিশোধ করেন এবং পরবর্তীকালে গাড়ি ডেলিভারির ব্যর্থতায় ক্ষতিপূরণ বাবদ ১৮,০০,০০০ টাকা ক্ষতিপূরণ প্রাপ্ত হন। একই অর্থবছরে তিনি ১,৫০,০০,০০০ টাকা দিয়ে নূতন একটি গাড়ি ক্রয় করেন।

করদাতার অন্য কোনো প্রকার আয় নেই।

করদাতার ২০২৩-২০২৪ করবর্ষের আয় ও কর পরিগণনা হবে নিম্নরূপ:

| **করদাতার করযোগ্য মোট আয় নিম্নরূপ** | | | |
|---|---|---|---|
| **ক্রমিক নং** | **আয়ের খাত** | **মোট** | **করযোগ্য মোট আয়** |
| ১। | ব্যবসা হতে নীট আয় | | ২০,০০,০০০ |
| ২। | বেনেফিশিয়ারি হিসেবে নগদায়িত মূলধনি আয় *[অনগদায়িত মূলধনি আয় করযোগ্য নয়]* | | ১০,০০,০০০ |
| ৩। | জমি হস্তান্তর হতে মূলধনি আয় | (১০০,০০,০০,০০০-২৫,০০,০০,০০০) | ৭৫,০০,০০,০০০ |
| ৪। | অন্যান্য উৎস হইতে আয় | | ১৮,০০,০০০ |
| **মোট আয়** | | | **৭৫,৪৮,০০,০০০** |

| **ক। করদায় পরিগণনা** | | | |
|---|---|---|---|
| **মূলধনি আয় ব্যতীত করদাতার করযোগ্য আয় = ৩৮,০০,০০০** | | | |
| ১। | প্রথম ৪,০০,০০০ টাকা পর্যন্ত | ০% | ০ |
| ২। | পরবর্তী ১,০০,০০০ টাকা পর্যন্ত | ৫% | ৫,০০০ |
| ৩। | পরবর্তী ৩,০০,০০০ টাকা পর্যন্ত | ১০% | ৩০,০০০ |
| ৪। | পরবর্তী ৪,০০,০০০ টাকা পর্যন্ত | ১৫% | ৬০,০০০ |

| | | | |
|---|---|---|---|
| ৫। | পরবর্তী ৫,০০,০০০ টাকা পর্যন্ত | ২০% | ১,০০,০০০ |
| ৬। | পরবর্তী ২১,০০,০০০ টাকা পর্যন্ত | ২৫% | ৫,২৫,০০০ |
| (মূলধনি আয় ভিন্ন ভিন্ন হারে করারোপিত বিধায় আলাদাভাবে পরিগণনা করতে হবে) | | | |
| ৭। | বেনেফিশিয়ারি হিসেবে নগদায়িত মূলধনি আয় ১০,০০,০০০ টাকা এস. আর. ও নং ১৯৬-আইন/আয়কর/২০১৫ তারিখ: ৩০ জুন ২০১৫ দ্বারা করমুক্ত | | ০ |
| ৮। | জমি হস্তান্তর হতে মূলধনি আয় ৭৫,০০,০০,০০০ টাকার উপর এস.আর.ও নং ২৮৬-আইন/আয়কর-১৬/২০২৩, তারিখ: ১১ অক্টোবর ২০২৩ দ্বারা চূড়ান্ত করদায় | | ৪,০০,০০,০০০ |
| **গ্রস করদায়** | | | ৪,০৭,২০,০০০ |
| **খ। করদাতার কর রেয়াত নির্ধারণ** | | | |
| (অ) | ০.০৩ × ৩৮,০০,০০০ | ১,১৪,০০০ | |
| (আ) | ০.১৫ × ৫০,০০,০০০ | ৭,৫০,০০০ | |
| (ই) | ১০,০০,০০০ | | |
| মোট রেয়াতে পরিমাণ হচ্ছে (অ), (আ) ও (ই) এ তিনটির মধ্যে যেটি কম = | | | (১,১৪,০০০) |
| **প্রদেয় করদায়** | | | ৪,০৬,০৬,০০০ |
| **গ। অগ্রিম ও উৎসে পরিশোধিত কর** | | | |
| ১। | অগ্রিম কর | ২,৪০,০০০ | |
| ২। | উৎসে পরিশোধিত কর | ৪,০০,০০,০০০ | |
| | | ৪,০২,৪০,০০০ | |
| **অগ্রিম ও উৎসে পরিশোধিত মোট কর** | | | ৪,০২,৪০,০০০ |
| **রিটার্নের সাথে ১৭৩ ধারা অনুযায়ী প্রদেয় করের পরিমাণ** | | | **৩,৬৬,০০০** |

### ৬.৬ আর্থিক পরিসম্পদ হইতে আয়

আয়কর আইন, ২০২৩ এর ধারা ৬২-৬৫ অনুযায়ী আর্থিক পরিসম্পদ হইতে আয় পরিগণনা করতে হবে।

কোনো ব্যক্তির নিম্নবর্ণিত আয় “আর্থিক পরিসম্পদ হইতে আয়” খাতের অধীন পরিগণিত হবে, যথা:-

(ক) সরকারি বা সরকার কর্তৃক অনুমোদিত সিকিউরিটিজের সুদ, মুনাফা বা বাট্টা;

(খ) স্থানীয় কর্তৃপক্ষ বা কোম্পানি কর্তৃক ইস্যুকৃত ডিবেঞ্চার বা অন্য কোনো প্রকারের সিকিউরিটিজের সুদ, মুনাফা বা বাট্টা;

(গ) নিম্নবর্ণিত উৎস হতে প্রাপ্য সুদ বা মুনাফা, যথা: -

(অ) কোনো ব্যাংক বা আর্থিক প্রতিষ্ঠানে রক্ষিত আমানত, তাহা যে নামেই অভিহিত হউক না কেন;

(আ) কোনো আর্থিক পণ্য বা স্কিম;

(ঘ) লভ্যাংশ।

তবে, আর্থিক পরিসম্পদ হস্তান্তর হতে অর্জিত মূলধনি আয় "আর্থিক পরিসম্পদ হইতে আয়" হিসাবে পরিগণিত হবে না।

"সিকিউরিটিজ" অর্থে অন্তর্ভুক্ত হবে-

(ক) সরকার কর্তৃক ইস্যুকৃত ট্রেজারি বিল, বন্ড, সঞ্চয়পত্র, ঋণপত্র (debenture), সুকুক বা শরীয়াহ ভিত্তিক ইস্যুকৃত সিকিউরিটি বা অনুরূপ দলিল;

(খ) কোনো কোম্পানি বা আইনগত সত্তা বা ইস্যুয়ার কর্তৃক ইস্যুকৃত শেয়ার বা স্টক, বন্ধক বা চার্জ বা হাইপোথিকেশনের মাধ্যমে ইস্যুকৃত দলিল, বন্ড, ডিবেঞ্চার, ডেরিভেটিভস, মিউচুয়াল ফান্ড বা অলটারনেটিভ ইনভেস্টমেন্ট ফান্ডসহ যেকোনো যৌথ বিনিয়োগ স্কিমের ইউনিট, সুকুক বা শরীয়াহ ভিত্তিক ইস্যুকৃত অনুরূপ দলিল, এবং পূর্বোল্লিখিত দলিল গ্রহণার্থে ক্রয়ের অধিকার বা ক্ষমতাপত্র (warrant):

তবে, কোনো মুদ্রা বা নোট, ড্রাফট, চেক, বিনিময়পত্র, ব্যাংকের স্বীকৃতিপত্র, ব্যবসায়িক দেনাদারদের নিকট প্রাপ্য অর্থ (trade receivables) বা ব্যবসায়িক পাওনাদারদেরকে প্রদেয় অর্থ (trade payables) এর অন্তর্ভুক্ত হবে না।

আয়কর আইন, ২০২৩ এর ধারা ৬৩ অনুযায়ী কোনো ব্যক্তি যে আয়বর্ষে আর্থিক পরিসম্পদ হইতে আয় প্রাপ্ত হবেন বা যে আয়বর্ষে তার হিসাবে উক্ত আয় জমা হবে, এর মধ্যে যা পূর্বে ঘটে, সে আয়বর্ষে তা অন্তর্ভুক্ত হবে।

ধারা ৬৪ অনুযায়ী আর্থিক পরিসম্পদ হইতে আয় পরিগণনার ক্ষেত্রে অনুমোদনযোগ্য খরচ নিম্নরূপ, যথা:

"আর্থিক পরিসম্পদ হইতে আয়" খাতের আয় পরিগণনার ক্ষেত্রে, নিম্নবর্ণিত খরচসমূহ অনুমোদিত হবে, যথা: -

(ক) ব্যাংক বা আর্থিক প্রতিষ্ঠান কর্তৃক করদাতাকে সুদ বা মুনাফা প্রদানের বিপরীতে আয়কর ব্যতীত কর্তনকৃত অর্থ;

(খ) কেবল "আর্থিক পরিসম্পদ হইতে আয়" অর্জনের উদ্দেশ্যে ঋণকৃত অর্থের উপর পরিশোধিত সুদ;

(গ) কেবল সংশ্লিষ্ট আয় অর্জনের উদ্দেশ্যে, দফা (ক) বা (খ)তে উল্লিখিত ব্যয় ব্যতীত, নির্বাহকৃত অন্য কোনো ব্যয়।

**উদাহরণ ২৪**

একটি স্বীকৃত ভবিষ্য তহবিল বা রেকগনাইজড্ প্রভিডেন্ট ফান্ড ১ জুলাই ২০২১ তারিখে ৩ বছর মেয়াদি একটি এফডিআর (এফ- ১) এ ৫০,০০,০০০ টাকা বিনিয়োগ করে যার সুদের হার ১১% এবং এই সুদসহ আসল ৩ বছর পর মেয়াদান্তে ৩০ জুন ২০২৪ তারিখে প্রদেয়। জুন ২০২৩ সালের আর্থিক বিবরণী প্রস্তুতের সময় IFRS অনুযায়ী (এফ- ১) এর সুদ আয় নির্ধারণ করা হয় ৬,১০,৫০০ টাকা। ১ জুলাই ২০২০ তারিখে অপর একটি এফডিআর (এফ- ২) এ ৬০,০০,০০০ টাকা বিনিয়োগ করে যার সুদের হারও ছিল ১১% এবং এই সুদসহ আসল ৪ বছর পর মেয়াদান্তে ৩০ জুন ২০২৪ তারিখে প্রদেয়। জুন ২০২৩ সালের আর্থিক বিবরণী প্রস্তুতের সময় IFRS অনুযায়ী accrual basis এ (এফ- ২) এর সুদ আয় নির্ধারণ করা হয় ৮,১৩,১৮৬ টাকা। এফ-৩ নামক অন্য একটি এফডিআর হতে জুন ৩০, ২০২৩ মেয়াদান্তে তহবিলটি ২২,০৫,৭৮৬ টাকা সুদ প্রাপ্ত হয় যার বিপরীতে উৎসে কর্তিত করের পরিমাণ ১,১০,২৮৯ টাকা। এফ-৩ হতে উদ্ভূত সুদ পূর্বে করারোপিত হয়নি। ২০২৩-২৪ করবর্ষে ফান্ডের আর্থিক পরিসম্পদ হতে আয় কত?

| | | **টাকা** | **টাকা** |
|---|---|---|---|
| | আর্থিক বিবরণী অনুযায়ী উপচিত আয় (৬,১০,৫০০ + ৮,১৩,১৮৬) | ১৪,২৩,৬৮৬ | |
| **যোগ:** | ৬৩ ধারা অনুযায়ী এফ-৩ হতে নগদায়িত সুদ | ২২,০৫,৭৮৬ | |
| **বাদ:** | ৬৩ ধারা অনুযায়ী নগদায়িত আয় না হওয়ায় উপচিত আর্থিক পরিসম্পদের বিয়োজন | (১৪,২৩,৬৮৬) | |
| | **করযোগ্য আয়** | | ২২,০৫,৭৮৬ |
| | কর @২৭.৫% | | ৬,০৬,৫৯১ |
| **বাদ:** | ১০২ ধারায় কর্তিত কর @ ৫% | | ১,১০,২৮৯ |
| | **১৭৩ ধারায় প্রদেয় কর** | | ৪,৯৬,৩০২ |

এখানে উল্লেখ্য, যে সকল ফান্ডের অর্থবছর ৩১ ডিসেম্বর ২০২২ এ সমাপ্ত হয়েছে তারা ২০২৩-২০২৪ করবর্ষের রিটার্ন দাখিলের ক্ষেত্রে ১ জানুয়ারি, ২০২৩ থেকে ৩০ জুন, ২০২৩ এই ৬ মাসের জন্য নিরীক্ষিত আর্থিক বিবরণী দাখিল করতে পারবে। তবে, এক্ষেত্রে জুলাই- জুন মেয়াদের জন্য আর্থিক বিবরণী দাখিল করতে হবে।

তহবিল আয়কর আইন, ২০২৩ অনুসারে একটি করযোগ্য সত্তা। সকল প্রকারের তহবিলের করারোপ এই আইনের অধীন দু'ভাবে নির্ধারণ করা হয়। মিউচ্যুয়াল ফান্ড, বিকল্প বিনিয়োগ তহবিল, রিয়াল এস্টেট ইনভেস্টমেন্ট ট্রাস্ট, একচেঞ্জ ট্রেডেড ফান্ড

কর্তৃক অর্জিত সকল প্রকারের আয় করমুক্ত। কিন্তু এ সকল ফান্ডের বেনেফিসিয়ারীদের বরাবর ফান্ড কর্তৃক বিতরণকৃত লভ্যাংশ প্রযোজ্য হারে করযোগ্য।

স্বীকৃত ভবিষ্য তহবিল, অনুমোদিত বার্ধক্য তহবিল, পেনশন তহবিল এবং অনুমোদিত আনুতোষিক তহবিল কর্তৃক অর্জিত সকল প্রকারের আয়ের উপর তহবিলের কর পরিশোধ করার বাধ্যবাধকতা রয়েছে। তবে, স্বীকৃত ভবিষ্য তহবিল, অনুমোদিত বার্ধক্য তহবিল, পেনশন তহবিল এবং অনুমোদিত আনুতোষিক তহবিল হতে প্রাপ্ত লভ্যাংশ বেনেফিসীয়ারীদের হাতে করমুক্ত। নিম্নবর্ণিত সারণী প্রযোজ্য বিধানাবলি সুস্পষ্টভাবে উপস্থাপন করা হলো, যথা:

| ক্রমিক নং | প্রশ্ন | উত্তর |
|---|---|---|
| ১। | স্বীকৃত ভবিষ্য তহবিল, অনুমোদিত বার্ধক্য তহবিলে বিনিয়োগকৃত অর্থের উপর বিনিয়োগকারী কর রেয়াত প্রাপ্ত হবেন কিনা? | হ্যাঁ। ষষ্ঠ তফসিলের অংশ- ২ অনুযায়ী স্বীকৃত ভবিষ্য তহবিল, অনুমোদিত বার্ধক্য তহবিলে বিনিয়োগকৃত অর্থের উপর বিনিয়োগকারী কর রেয়াত প্রাপ্ত হবেন।<br><br>**উদাহরণ ২৫**<br>জনাব সাদ্দাম হোসেন ইমরান ২০২২-২০২৩ আয়বর্ষে স্বীকৃত ভবিষ্য তহবিলে ৫০০০ টাকা বিনিয়োগ করেন। তার পক্ষে তার নিয়োগকর্তা ৫০০০ টাকা উক্ত তহবিলে বিনিয়োগ করেন। জনাব ইমরানের হাতে ১০,০০০ টাকা কর রেয়াতযোগ্য বিনিয়োগ হিসেবে পরিগণিত হবে। অর্থাৎ করদাতা উক্ত অর্থের উপর কর রেয়াত প্রাপ্য হবেন। |
| ২। | কর্মচারী বা নিয়োগকর্তা হতে স্বীকৃত ভবিষ্য তহবিল, অনুমোদিত বার্ধক্য তহবিল, পেনশন তহবিল এবং অনুমোদিত আনুতোষিক তহবিল কর্তৃক গৃহীত কোনো চাঁদা এই | না। ষষ্ঠ তফসিলের অংশ- ১ অনুযায়ী কর্মচারী বা নিয়োগকর্তা হতে স্বীকৃত ভবিষ্য তহবিল, অনুমোদিত বার্ধক্য তহবিল, পেনশন তহবিল এবং অনুমোদিত আনুতোষিক তহবিল কর্তৃক |

| | | |
|---|---|---|
| | তহবিলসমূহের হাতের করযোগ্য কিনা? | গৃহীত কোনো চাঁদা এই তহবিলসমূহের হাতের করযোগ্য নয়।<br><br>**উদাহরণ ২৬**<br>জনাব জাহিদ হোসেন ২০২২-২০৩ আয়বর্ষে স্বীকৃত ভবিষ্য তহবিলে ৫০০০ টাকা বিনিয়োগ করেন। তার পক্ষে তার নিয়োগকর্তা ৫০০০ টাকা উক্ত তহবিলে বিনিয়োগ করেন।<br><br>জনাব জাহিদ ও তাঁর নিয়োগকর্তা কর্তৃক তহবিলে বিনিয়োগকৃত অংক ১০,০০০ টাকার উপর তহবিলকে কোনো প্রকারের কর পরিশোধ করতে হবে না। |
| ৩। | স্বীকৃত ভবিষ্য তহবিল, অনুমোদিত বার্ধক্য তহবিল, পেনশন তহবিল এবং অনুমোদিত আনুতোষিক তহবিল হতে কোনো কর্মচারী বা সুবিধাভোগী যদি কোনো আয় প্রাপ্ত হন তবে তা করযোগ্য কিনা? | স্বীকৃত ভবিষ্য তহবিল, অনুমোদিত বার্ধক্য তহবিল, পেনশন তহবিল এবং অনুমোদিত আনুতোষিক তহবিল হতে কোনো কর্মচারী বা সুবিধাভোগী যদি কোনো আয় প্রাপ্ত হন তবে তা কর্মচারীর বা সুবিধাভোগীর হাতে করযোগ্য নয়।<br><br>**উদাহরণ ২৭**<br>২০২২-২০২৩ আয়বর্ষে জনাব জাহাঙ্গীর শাহ স্বীকৃত ভবিষ্য তহবিল হতে উনার পুঞ্জিভূত বিনিয়োগ ৫,০০,০০০ টাকা এবং সুদ আয় ১,০০,০০০ টাকা প্রাপ্ত হন। জনাব শাহ কি উক্ত ১,০০,০০০ টাকার উপর কর পরিশোধ করবেন? না। স্বীকৃত ভবিষ্য তহবিল হতে অর্জিত |

| | | |
|---|---|---|
| | | অর্থের উপর কোনো প্রকার কর পরিশোধ করতে হবে না। |
| ৪। | স্বীকৃত ভবিষ্য তহবিল, অনুমোদিত বার্ধক্য তহবিল, পেনশন তহবিল এবং অনুমোদিত আনুতোষিক তহবিল একটি করযোগ্য সত্তা হিসেবে করমুক্ত কিনা? | না। স্বীকৃত ভবিষ্য তহবিল, অনুমোদিত বার্ধক্য তহবিল, পেনশন তহবিল এবং অনুমোদিত আনুতোষিক তহবিল একটি করযোগ্য সত্তা হিসেবে করমুক্ত নয়। অর্থ আইন, ২০২৩ এর দ্বিতীয় তফসিল অনুযায়ী এ সকল ফান্ডের করহার ২৭.৫%।<br><br>**উদাহরণ ২৮**<br>ক এমপ্লয়ীজ প্রভিডেন্ড ফান্ড ২০২২-২০২৩ আয়বর্ষে ১,০০,০০০ টাকা সুদ এবং মুনাফা বাবদ নগদে প্রাপ্ত হয়। উক্ত আয়ের উপর তহবিলকে ২৭.৫% হারে কর পরিশোধ করতে হবে। |
| ৫। | স্বীকৃত ভবিষ্য তহবিল, অনুমোদিত বার্ধক্য তহবিল, পেনশন তহবিল এবং অনুমোদিত আনুতোষিক তহবিলের আয়ের বিপরীতে উৎসে কর কর্তন প্রযোজ্য হবে কিনা? | হ্যাঁ। স্বীকৃত ভবিষ্য তহবিল, অনুমোদিত বার্ধক্য তহবিল, পেনশন তহবিল এবং অনুমোদিত আনুতোষিক তহবিলের আয়ের বিপরীতে উৎসে কর কর্তন প্রযোজ্য হবে। |
| ৬। | মিউচ্যুয়াল ফান্ড, বিকল্প বিনিয়োগ তহবিল, রিয়াল এস্টেট ইনভেস্টমেন্ট ট্রাস্ট, একচেঞ্জ ট্রেডেড ফান্ড কর্তৃক অর্জিত সকল প্রকারে আয় করমুক্ত কিনা? | হ্যাঁ। ষষ্ঠ তফসিলের অংশ ১ অনুযায়ী মিউচ্যুয়াল ফান্ড, বিকল্প বিনিয়োগ তহবিল, রিয়াল এস্টেট ইনভেস্টমেন্ট ট্রাস্ট, একচেঞ্জ ট্রেডেড ফান্ড কর্তৃক অর্জিত সকল প্রকারে আয় করমুক্ত। |
| ৭। | মিউচ্যুয়াল ফান্ড, বিকল্প বিনিয়োগ তহবিল, রিয়াল এস্টেট ইনভেস্টমেন্ট ট্রাস্ট, একচেঞ্জ ট্রেডেড | না। মিউচ্যুয়াল ফান্ড, বিকল্প বিনিয়োগ তহবিল, রিয়াল এস্টেট ইনভেস্টমেন্ট ট্রাস্ট, একচেঞ্জ |

| | | |
|---|---|---|
| | ফান্ডের আয়ের বিপরীতে উৎসে কর কর্তন প্রযোজ্য হবে কিনা? | ট্রেডেড ফান্ড কর্তৃক অর্জিত আয়ের বিপরীতে উৎসে কর কর্তন প্রযোজ্য হবে না। |
| ৮। | মিউচ্যুয়াল ফান্ড, বিকল্প বিনিয়োগ তহবিল, রিয়াল এস্টেট ইনভেস্টমেন্ট ট্রাস্ট, একচেঞ্জ ট্রেডেড ফান্ড হতে প্রাপ্ত লভ্যাংশের উপর ফান্ডের বিনিয়োগকারীদের কর পরিশোধ করতে হবে কিনা? | মিউচ্যুয়াল ফান্ড, বিকল্প বিনিয়োগ তহবিল, রিয়াল এস্টেট ইনভেস্টমেন্ট ট্রাস্ট, একচেঞ্জ ট্রেডেড ফান্ড হতে প্রাপ্ত লভ্যাংশের উপর ফান্ডের বিনিয়োগকারীদের কর পরিশোধ করতে হবে।<br><br>**উদাহরণ ২৯**<br>কখগ মিউচ্যুয়াল ফান্ড হতে মিজ দীপা ২০২২-২০২৩ আয়বর্ষে ১০,০০,০০০ টাকা লভ্যাংশ প্রাপ্ত হন। উক্ত লভ্যাংশ আয়ের উপর মিজ দীপাকে কর পরিশোধ করতে হবে কিনা?<br>হ্যাঁ। মিজ দীপাকে উক্ত লভ্যাংশ আয়ের উপর কর পরিশোধ করতে হবে। এ লভ্যাংশ মিজ দীপার আর্থিক পরিসম্পদ হতে আয় হিসেবে বিবেচিত হবে। |
| ৯। | ফান্ডের করদিবস কোন দিন? | আয়কর আইন, ২০২৩ এর ধারা ২(২৩) অনুযায়ী কোম্পানি ব্যতীত কোনো করদাতার ক্ষেত্রে করদিবস হচ্ছে আয়বর্ষ সমাপ্তির পরবর্তী নভেম্বর মাসের ৩০তম দিন। যেহেতু ফান্ড বা তহবিল একটি স্বতন্ত্র করযোগ্য সত্তা সেহেতু ফান্ডের জন্য করদিবস হচ্ছে নভেম্বর মাসের ৩০তম দিন। |

**উদাহরণ ৩০**

জনাব তাপস হাসান ১ জুলাই ২০২২ সালে ৩ মাস অন্তর মুনাফাভিত্তিক ৫ বছর মেয়াদি সঞ্চয়পত্রে ৫০০,০০০ টাকা বিনিয়োগ করেন যার সুদের হার বাৎসরিক ১১%। ২০২৩ সালের ৩০ জুন তারিখে প্রথম বছরের মুনাফা বাবদ ৪ কিস্তিতে ৫৫,০০০ টাকা প্রাপ্ত হন যার থেকে ১০৫ ধারায় উৎসে কর্তনকৃত করের পরিমাণ ৫,৫০০ টাকা। জনাব তাপস ১ জুলাই ২০২১ তারিখে ৩ বছর মেয়াদি একটি এফডিআর এ ৫০,০০,০০০ টাকা রাখে যার সুদের হার ১১% এবং এই সুদসহ আসল ৩ বছর পর মেয়াদান্তে ৩০ জুন ২০২৪ তারিখে প্রদেয়। ৩০ জুন ২০২৩ সালে তার বরাবরে ৬,১০,৫০০ টাকা সুদ আয় উদ্ভূত হয় কিন্তু এই আয় তার হিসাবে ক্রেডিট হয়নি। ১ মে ২০২৩ তারিখে ৩ মাস অন্তর মুনাফাভিত্তিক ৫ বছর মেয়াদি সঞ্চয়পত্রে ৬,০০,০০০ টাকা বিনিয়োগ করেন যার সুদের হার বাৎসরিক ১১%। ২০২৩ সালের জুন মাসের ৩০ তারিখের মধ্যে তিনি এই সঞ্চয়পত্র হতে কোন মুনাফা পান নি। ২০২৩-২৪ করবর্ষে জনাব তাপসের আর্থিক পরিসম্পদ হতে আয় নির্ধারণ করতে হবে।

আয়কর আইন, ২০২৩ এর ধারা ৬৩ অনুযায়ী ২০২২-২০২৩ আয়বর্ষে জনাব তাপস কেবল সঞ্চয়পত্র হতে আয় প্রাপ্ত হয়েছেন এবং এফডিআর হতে কোন আয় প্রাপ্ত হননি (তার বরাবরে উদ্ভূত হয়েছে), তাই ২০২৩-২০২৪ করবর্ষে জনাব তাপসের আর্থিক পরিসম্পদ হতে আয়ের পরিমাণ হবে ৫৫,০০০ টাকা।

### ৬.৭ অন্যান্য উৎস হইতে আয়

আয়কর আইন, ২০২৩ এর ধারা ৬৬-৬৯ অনুযায়ী অন্যান্য উৎস হইতে আয় পরিগণনা করতে হবে। কোনো করদাতার নিম্নবর্ণিত আয়সমূহ অন্যান্য উৎস হইতে আয় খাতের অধীন শ্রেণিভুক্ত ও পরিগণিত হবে, যথা: -

(ক) রয়্যালটি, লাইসেন্স ফি, কারিগরি জ্ঞানের জন্য ফি এবং স্পর্শাতীত সম্পত্তির ব্যবহারের অধিকার প্রদানের মাধ্যমে অর্জিত আয়;

(খ) সরকার প্রদত্ত নগদ ভর্তুকি;

(গ) আয়কর আইনের ধারা ৩০ এ বর্ণিত অন্য কোনো খাতের অধীন শ্রেণিভুক্ত হয়নি এরূপ কোনো উৎস হতে আয়।

কোনো উৎসের আয় হতে উৎসে কর কর্তন/আদায় করা হয়ে থাকলে করদাতা মোট (gross) প্রাপ্তি আয় হিসেবে প্রদর্শন করবেন, নীট (net) প্রাপ্তি নয়। যেমন: একজন করদাতার ব্যাংক হিসাবে উৎসে ১০ টাকা কর কর্তনের পর ৯০ টাকা ক্রেডিট হলো। করদাতা ৯০ টাকা নয় বরং ১০০ টাকাই ব্যাংক সুদ হতে প্রাপ্তি হিসেবে প্রদর্শন করবেন।

## ৭। সহযোগী সত্তার সাথে লেনদেন

যেক্ষেত্রে কোনো অনুমোদিত কর অবকাশপ্রাপ্ত সত্তা তার অন্য কোনো সহযোগী সত্তার সাথে লেনদেনে জড়িত থাকে এবং যদি উপকর কমিশনার এ মর্মে সন্তুষ্ট হন যে,-

(ক) লেনদেন উন্মুক্ত বাজার মূল্যে হয়নি; এবং

(খ) এই ধরনের লেনদেনের ফলে কোনো আয়বর্ষে কোনো সহযোগী সত্তার আয় প্রকৃত আয় আপেক্ষা কম হয়েছে,

সেক্ষেত্রে সহযোগী সত্তাটির জন্য যে পরিমাণে আয় কম পরিগণনা করা হয়েছে তা অনুমোদিত কর অবকাশপ্রাপ্ত সত্তাটির আয় হিসাবে বিবেচিত হবে এবং তা উক্ত আয়বর্ষের জন্য "অন্যান্য উৎস হইতে আয়" খাতে শ্রেণিভুক্ত হবে।

**উদাহরণ ৩১**

দ কোম্পানি লিঃ তার সহযোগী প্রতিষ্ঠান ধ কোম্পানি লিঃ থেকে ৫০০ ইউনিট মোটর বাইক ক্রয় করেন প্রতিটি ২,০০,০০০ টাকা দরে। ধ কোম্পানি লিঃ এর আয়ের উপর আগামী ১০ বছর কর অব্যাহতি রয়েছে। বাজার পর্যবেক্ষণ করে দেখা যায়, প্রতিটি মোটর বাইকের ন্যায্য বাজার মূল্য ১,৫০,০০০ টাকা। ধ কোম্পানি লিঃ এর প্রদর্শিত নিট মুনাফা ৪৮,০০,০০০ টাকা হলে ধারা ৮৩(১) এর বিধানের ফলে করযোগ্য অন্যান্য উৎসের আয়ের পরিমাণ কত হবে?

ক্রয়মূল্য এবং ন্যায্য বাজারমূল্যের পার্থক্য ধ কোম্পানি লিঃ এর অন্যান্য উৎসের আয় হিসেবে যোগ হবে, যথা: (ক্রয় মূল্য- ন্যায্য বাজার মূল্য) × ইউনিট
= (২,০০,০০০-১,৫০,০০০) × ৫০০
= ৫০,০০০ × ৫০০
= ২,৫০,০০,০০০ টাকা

আয়কর আইন, ২০২৩ এর ধারা ৮৩(১) অনুযায়ী যেক্ষেত্রে কোনো অনুমোদিত কর অবকাশপ্রাপ্ত সত্তা তার অন্য কোনো সহযোগী সত্তার সহিত লেনদেনে জড়িত থাকে এবং উপকর কমিশনার এ মর্মে সন্তুষ্ট হন যে, -
(ক) লেনদেন উন্মুক্ত বাজার মূল্যে হয় নি; এবং
(খ) এ ধরণের লেনদেনের ফলে কোনো আয়বর্ষে কোনো সহযোগী সত্তার আয় প্রকৃত আয় অপেক্ষা কম হয়েছে;
সেক্ষেত্রে সহযোগী সত্তাটির জন্য যে পরিমানে আয় কম পরিগণনা করা হয়েছে তা অনুমোদিত কর অবকাশপ্রাপ্ত সত্তাটির আয় হিসাবে বিবেচিত হবে এবং তা উক্ত আয়বর্ষের জন্য “অন্যান্য উৎস হইতে আয়” খাতে শ্রেণিভুক্ত হবে।

## ৮। কর পরিশোধ: উৎসে কর কর্তন ও সংগ্রহ

৮১ সংজ্ঞাসমূহ যা উৎসে কর কর্তন বা সংগ্রহের জন্য গুরুত্বপূর্ণ

(১) "অর্থ পরিশোধের জন্য দায়িত্বপ্রাপ্ত ব্যক্তি" বলতে-

(অ) "চাকরি হইতে আয়" খাতের অধীন আয় হিসাবে পরিগণিত হয় এরূপ কোনো অর্থ পরিশোধের ক্ষেত্রে স্বয়ং নিয়োগকর্তা বা

যেক্ষেত্রে নিয়োগকর্তা স্থানীয় কর্তৃপক্ষ, কোম্পানি বা প্রতিষ্ঠান হয়, সেক্ষেত্রে অনুরূপ কর্তৃপক্ষ, কোম্পানি বা প্রতিষ্ঠান এবং এদের প্রধান কর্মকর্তাও অন্তর্ভুক্ত হবে;

**উদাহরণ ৩২**

জনাব নীলাভ রবি একটি প্রোপাইটরশিপ ব্যবসা প্রতিষ্ঠানের মালিক। তিনি বেতন-ভাতাদি ব্যয় হিসাবে বার্ষিক ২ কোটি টাকা পরিশোধ করেন। তিনি কি অর্থ পরিশোধের জন্য দায়িত্বপ্রাপ্ত ব্যক্তি? হ্যাঁ। তিনি অর্থ পরিশোধের জন্য দায়িত্বপ্রাপ্ত ব্যক্তি হিসেবে পরিগণিত হবেন। জনাব নীলাভ রবিকে কি ধারা ৮৬ অনুযায়ী পরিশোধিত অর্থ হতে উৎসে কর কর্তন করতে হবে? হ্যাঁ। তাঁকে ধারা ৮৬ অনুযায়ী পরিশোধিত অর্থ হতে উৎসে কর কর্তন করতে হবে।

(আ) "আর্থিক পরিসম্পদ হইতে আয়" খাতের অধীন কোনো অর্থ পরিশোধের ক্ষেত্রে, উক্ত আর্থিক পরিসম্পদ ইস্যুকারী কোনো সংস্থা, কোম্পানি বা অন্য কোনো প্রতিষ্ঠান অথবা উক্ত সংস্থা, কোম্পানি বা প্রতিষ্ঠানের প্রধান কর্মকর্তা; এবং

(ই) এই আইনের অধীন করযোগ্য আয় হিসাবে পরিগণিত অন্য কোনো অর্থ পরিশোধের ক্ষেত্রে বা এই অংশের অধীন উৎসে কর কর্তন বা সংগ্রহ প্রযোজ্য হয় এরূপ কোনো অর্থ পরিশোধের ক্ষেত্রে, স্বয়ং অর্থ প্রদানকারী অথবা অর্থ প্রদানকারী কোনো কোম্পানি বা অন্য কোনো প্রতিষ্ঠান হলে, এর প্রধান কর্মকর্তাও অন্তর্ভুক্ত হবে;

(২) “**চুক্তি**” অর্থে উপ-চুক্তি, উপ-উপ-চুক্তি, অনুযাত (subsequent) চুক্তি, কোনো সমঝোতা (agreement) বা বন্দোবস্ত (arrangement) যে নামেই অভিহিত হউক না কেন, অন্তর্ভুক্ত হবে;

(৩) “**নির্দিষ্ট ব্যক্তি**” অর্থ-

(ক) কোনো কোম্পানি, ফার্ম, ব্যক্তিসংঘ, ট্রাস্ট বা তহবিল;

(খ) পাবলিক-প্রাইভেট পার্টনারশীপ;

(গ) কোনো বিদেশি ঠিকাদার, বিদেশি এন্টারপ্রাইজ বা বাংলাদেশের বাহিরে প্রতিষ্ঠিত কোনো সংঘ বা সংস্থা;

(ঘ) কোনো হাসপাতাল, ক্লিনিক বা ডায়াগনস্টিক সেন্টার;

(ঙ) বার্ষিক এক কোটি টাকার অধিক টার্নওভার বিশিষ্ট কোনো ই-কমার্স প্লাটফর্ম, যাহা অন্য কোনো নির্দিষ্ট ব্যক্তি নহে, যে নামেই অভিহিত হউক না কেন;

(চ) বার্ষিক ১ (এক) কোটি টাকার অধিক টার্নওভার বিশিষ্ট হোটেল, কমিউনিটি সেন্টার, ট্রান্সপোর্ট এজেন্সি;

(ছ) কৃষক নহেন এইরূপ কোনো ব্যক্তি যিনি তামাক পাতা, সিগারেট, বিড়ি, জর্দা, গুল ও অন্যান্য তামাক জাতীয় পণ্য উৎপাদন এবং সরবরাহে জড়িত।

অর্থাৎ স্বাভাবিক ব্যক্তি করদাতা যদি নিম্নবর্ণিত কোনো সত্তার মালিক হন বা নিজেই ব্যবসা পরিচালনা করেন তবে তিনি নির্দিষ্ট ব্যক্তি হিসেবে পরিগণিত হবেন, যথা:

(ক) কোনো বিদেশি ঠিকাদার;

(খ) বিদেশি এন্টারপ্রাইজ;

(গ) কোনো হাসপাতাল, ক্লিনিক বা ডায়াগনস্টিক সেন্টার;

(ঘ) বার্ষিক এক কোটি টাকার অধিক টার্নওভার বিশিষ্ট কোনো ই-কমার্স প্লাটফর্ম, হোটেল, কমিউনিটি সেন্টার, ট্রান্সপোর্ট এজেন্সি;

(ঙ) তামাক পাতা, সিগারেট, বিড়ি, জর্দা, গুল ও অন্যান্য তামাক জাতীয় পণ্য উৎপাদন এবং সরবরাহে জড়িত কোন ব্যক্তি বা প্রতিষ্ঠান। তবে, কৃষক এর অন্তর্ভুক্ত হবেন না।

**নির্দিষ্ট ব্যক্তি যেভাবে চেনা যাবে**

| ক্রমিক নং | ক্ষেত্রসমূহ | নির্দিষ্ট ব্যক্তি হবে কিনা? |
|---|---|---|
| ১। | কোম্পানি, ফার্ম, ব্যক্তিসংঘ, ট্রাস্ট বা তহবিল কি তাদের টার্নওভার নির্বিশেষে নির্দিষ্ট ব্যক্তি হিসেবে পরিগণিত হবে? | হ্যাঁ। উৎসে কর কর্তন বা সংগ্রহের ক্ষেত্রে টার্নওভার নির্বিশেষে কোম্পানি, ফার্ম, ব্যক্তিসংঘ, ট্রাস্ট বা তহবিল নির্দিষ্ট হিসেবে পরিগণিত হবে। কোম্পানি অর্থ আয়কর আইন, ২০২৩ এর ধারা ২(৩১) এ সংজ্ঞায়িত কোম্পানিকে বুঝাবে। |

| | | |
|---|---|---|
| ২। | জনাব শুভ বারই একটি ট্রান্সপোর্ট এজেন্সির মালিক এবং তার ব্যবসায়িক টার্নওভার বার্ষিক ১ কোটি টাকার অধিক নয়। তিনি কি নির্দিষ্ট ব্যক্তি হবেন? | না। তবে, তাঁর ব্যবসায়িক টার্নওভার ১ কোটি টাকার অধিক হলে তিনি নির্দিষ্ট ব্যক্তি হিসেবে গণ্য হবেন এবং প্রযোজ্য সকল ক্ষেত্রে উৎসে কর কর্তন করবেন। |
| ৩। | জনাব সীমান্ত মাগুরা জেলায় মাগুরা সুপার স্পেশালিটি হসপিটাল নামে একটি ব্যক্তি মালিকানাধীন হাসপাতালের মালিক। তিনি কি নির্দিষ্ট ব্যক্তি হবেন? | হ্যাঁ। হবেন। হাসপাতাল, ক্লিনিক বা ডায়াগনস্টিক সেন্টার ব্যক্তি মালিকানাধীন প্রতিষ্ঠান হলেও টার্নওভার নির্বিশেষে নির্দিষ্ট ব্যক্তি হিসেবে পরিগণিত হবেন। |
| ৪। | জনাব সাজিদ মাহমুদ একটি তামাক উৎপাদনকারী কোম্পানির তামাক পাতা সরবরাহকারী। তাঁর মাধ্যমে কোম্পানি কন্ট্রাক্ট ফার্মিং করে থাকে এবং কন্ট্রাক্ট ফার্মিং এর জন্য অগ্রিম পরিশোধ করে থাকে। তিনি কি নির্দিষ্ট ব্যক্তি হবেন? | হ্যাঁ। তিনি নির্দিষ্ট ব্যক্তি হিসেবে গণ্য হবেন। |

(৪) “**পরিশোধ**” বলতে স্থানান্তর, ক্রেডিট, পরিশোধের সমন্বয় বা কোনো পরিশোধ করিবার আদেশ বা নির্দেশ অন্তর্ভুক্ত হবে;

**উদাহরণ ৩৩**

মিজ্ শাহীন সুলতানা তানিহা কনস্ট্রাকশন কোঃ লিঃ এর একজন সরবরাহকারী। তিনি তানিহা কনস্ট্রাকশন কোঃ লিঃ কে ১০ কোটি টাকার পণ্য সরবরাহ করেছেন। তানিহা কনস্ট্রাকশন কোঃ লিঃ তানবির ইনক্ নামক প্রতিষ্ঠানকে শাহীন সুলতানা বরাবরে অর্থ পরিশোধের আদেশ বা নির্দেশনা প্রদান করেছে। প্রাপ্ত পরিশোধের আদেশ বা নির্দেশনা অনুযায়ী তানবির ইনক্ মিজ্ শাহীন সুলতানার ব্যাংক হিসাবে অর্থ স্থানান্তর করে। এক্ষেত্রে তানিহা কনস্ট্রাকশন কোঃ লিঃ সরবরাহ গ্রহণকারী এবং সরবরাহের বিপরীতে পরিশোধের আদেশ বা নির্দেশনা প্রদানকারী। পেমেন্টের অর্থানুযায়ী এক্ষেত্রে তানিহা কনস্ট্রাকশন কোঃ লিঃ প্রকৃতপক্ষে পেমেন্ট করেছে। তাই, তানিহা কনস্ট্রাকশন কোঃ লিঃ হচ্ছে উৎসে কর কর্তন ও জমার জন্য দায়িত্বপ্রাপ্ত ব্যক্তি। সে মোতাবেক তানিহা

কনস্ট্রাকশন কোঃ লিঃ কে উৎসে কর কর্তন ও জমাদানের বিষয়টি নিশ্চিত করতে হবে। উৎসে কর কর্তন ও জমার যেকোনো প্রকার ব্যত্যয়ের জন্য তানিহা কনস্ট্রাকশন কোঃ লিঃ দায়ী হবে।

(৫) "**ভিত্তিমূল্য**" বলতে নিম্নবর্ণিত তিনটি বিষয়ের মধ্যে যা অধিক তাকে বুঝাবে-

(অ) চুক্তি মূল্য;

(আ) বিল বা ইনভয়েসের অঙ্ক; বা

(ই) পরিশোধ।

ভিত্তিমূল্য কর কর্তনের নিমিত্ত করহার নির্ধারণের ক্ষেত্রে প্রযোজ্য। চুক্তি মূল্য, বিল বা ইনভয়েস অংক এবং পরিশোধ – এ তিনটির মধ্যে যেটি বেশি তাই হবে উৎস করহার নির্ধারণের ভিত্তি অংক। তবে, ভিত্তিমূল্য যদি মূল্য সংযোজন করসহ (মূসকসহ) মূল্য হয় তবে কর কর্তনের পূর্বে মূসক বাদ দিয়ে অবশিষ্ট অংক ভিত্তিমূল্য হবে।

**উদাহরণ ৩৪**

টি পেট্রোলিয়াম লিঃ একটি ইপিসি কন্ট্রাক্টের জন্য জিরকন কনসোর্টিয়ামকে নোটিফিকেশন অব এওয়ার্ড প্রদান করে। সেখানে মূসকসহ চুক্তি মূল্য ২০০ কোটি টাকা। উৎসে কর কর্তনকালে উক্ত চুক্তি মূল্য হতে প্রথমে মূসক বাদ দিতে হবে এবং অতপর প্রযোজ্য হারে কর কর্তন করতে হবে।

(৬) "**নিবাসী**" অর্থ কোনো আয়বর্ষে-

(ক) এরূপ কোনো ব্যক্তি যিনি নিম্নবর্ণিত সময়ব্যাপী বাংলাদেশে অবস্থান করেছেন-

(অ) ধারাবাহিকভাবে অথবা উক্ত বর্ষে সমষ্টিগতভাবে ন্যূনতম ১৮৩ দিন বা ততোধিক দিন; বা

(আ) উক্ত বর্ষে ধারাবাহিকভাবে বা সমষ্টিগতভাবে সর্বমোট ৯০ দিন বা ততোধিক দিন এবং অব্যবহিত পূর্ববর্তী ৪ বৎসরের মধ্যে ধারাবাহিকভাবে অথবা সমষ্টিগতভাবে মোট ৩৬৫ দিন অথবা ততোধিক দিন;

(খ) কোনো হিন্দু অবিভক্ত পরিবার, ফার্ম বা ব্যক্তিসংঘ যাহার নিয়ন্ত্রণ ও ব্যবস্থাপনা কার্যাদি সম্পূর্ণরূপে উক্ত বর্ষে বাংলাদেশের অভ্যন্তরে সংঘটিত হয়েছে;

(গ) কোনো বাংলাদেশি কোম্পানি বা অন্য কোনো কোম্পানি যাহার নিয়ন্ত্রণ ও ব্যবস্থাপনা কার্যাদি সম্পূর্ণরূপে উক্ত বর্ষে বাংলাদেশের অভ্যন্তর হতে সংঘটিত হয়েছে; এবং

(ঘ) কোনো ট্রাস্ট, তহবিল, সত্তা বা আইনের দ্বারা সৃষ্ট কৃত্রিম ব্যক্তিসত্তা যাহাদের সৃষ্টি বাংলাদেশে বলবৎ কোনো আইনের অধীন হইয়াছে বা যাহার নিয়ন্ত্রণ ও ব্যবস্থাপনা কার্যাদি সম্পূর্ণরূপে উক্ত বর্ষে বাংলাদেশের অভ্যন্তরে সংঘটিত হয়েছে;

"অনিবাসী" অর্থ নিবাসী নন এরূপ কোনো ব্যক্তি।

আয়কর আইন, ২০২৩ এর অধীন উৎসে কর কর্তন বা সংগ্রহের জন্য নিবাসী এবং অনিবাসী ব্যক্তি চিহ্নিতকরণ অতিব জরুরি। কেননা অনিবাসী ব্যক্তি হতে কর কর্তনের জন্য কেবল একটি ধারা প্রযোজ্য হবে। কোনো অনিবাসীর আয় হতে উৎসে কর কর্তন করতে হলে কেবল ধারা ১১৯ প্রযোজ্য হবে।

## ৮.২ রিটার্ন দাখিলের প্রমাণ উপস্থাপন ও ব্যাংক ট্রান্সফারের মাধ্যমে অর্থ পরিশোধ গ্রহণের ব্যর্থতায় উৎসে করহার নির্ধারণ

ধারা ১৪২ অনুযায়ী উৎসে কর কর্তন বা সংগ্রহের ক্ষেত্রে, যার নিকট হতে কর কর্তন বা সংগ্রহ করা হবে সে ব্যক্তি রিটার্ন দাখিলের প্রমাণ উপস্থাপন করতে ব্যর্থ হলে উৎসে কর কর্তন বা সংগ্রহের হার প্রযোজ্য হার অপেক্ষা ৫০% অধিক হবে। তবে, এ বিধান ধারা ১১৯ এর জন্য প্রযোজ্য হবে না।

এছাড়াও, যার নিকট হতে কর কর্তন বা সংগ্রহ করা হবে সে ব্যক্তি চুক্তিমূল্য, বিল, ভাড়া, ফি, চার্জ, রেমুনারেশন, বেতনাদি বা অন্য কোনো অর্থ পরিশোধ বাবদ কোনো অর্থ ব্যাংক ট্রান্সফারের মাধ্যমে গ্রহণ না করলে উৎসে কর কর্তন বা সংগ্রহের হার প্রযোজ্য হার অপেক্ষা ৫০% অধিক হবে।

## ৮.৩ কর ব্যতীত পরিশোধ এর ক্ষেত্রে গ্রস-আপ পূর্বক কর কর্তন বা সংগ্রহ

যেক্ষেত্রে অর্থ পরিশোধের জন্য দায়িত্বপ্রাপ্ত ব্যক্তি কোনো কর ব্যতীত কোনো পরিশোধ করেন, সেক্ষেত্রে নিম্নবর্ণিত পদ্ধতিতে পরিগণিত অঙ্কের উপর প্রযোজ্য হারে কর কর্তন করতে হবে, যথা:-

গ = (১০০ × ক)/(১০০-খ), যেখানে-

গ = কর্তনের উদ্দেশ্যে পরিগণিত অঙ্ক,

ক = কর ব্যতীত পরিশোধ এর পরিমাণ,

খ = প্রযোজ্য করহার।

**উদাহরণ ৩৫**

টি এ লিঃ জনাব তোফায়েল আহমেদ এর সাথে ১০ কোটি টাকা মূল্যের পণ্য সরবরাহের নিমিত্ত একটি চুক্তি সম্পাদন করেন। চুক্তির শর্তানুযায়ী টি এ লিঃ উক্ত পণ্য সরবরাহের বিপরীতে উদ্ভূত মূসক ও উৎসে প্রযোজ্য কর পরিশোধ করবে। জনাব আহমেদ যথাসময়ে পণ্য সরবরাহ করে। পণ্য সরবরাহের বিপরীতে টি এ কোম্পানি জনাব আহমেদকে ১০ কোটি টাকা ব্যাংক মাধ্যমে ট্রান্সফারের মাধ্যমে পরিশোধ করে এবং জনাব আহমেদ হতে রিটার্ন দাখিলের প্রমাণ গ্রহণ করে। কোম্পানি উৎসে কর পরিশোধের নিমিত্ত ১০ কোটি টাকাকে কি গ্রস-আপ করতে হবে? গ্রস-আপ কিভাবে করতে হবে? উৎসে কর কর্তনের হার ৭%।

যেহেতু কোম্পানি পণ্য সরবরাহের বিপরীতে উৎসে কর পরিশোধের জন্য সম্মত হয়েছে সেহেতু কোম্পানিকে কর কর্তনের নিমিত্ত আয়কর আইন, ২০২৩ এর ধারা ১৪১ অনুযায়ী পেমেন্ট গ্রস-আপ করতে হবে। গ্রস-আপ নিম্নবর্ণিতভাবে করতে হবে, যথা:

গ্রস-আপকৃত অংক = (১০০ × ১০,০০,০০,০০০)/(১০০ - ৭)

= ১০,৭৫,২৬,৮৮২

অর্থাৎ উক্ত ১০,৭৫,২৬,৮৮২ টাকার উপর ৭% হারে কর কর্তন পূর্বক অর্থ সরকারি কোষাগারে এ চালানের মাধ্যমে জমা করতে হবে।

তবে, যদি দেখা যায় জনাব আহমেদ রিটার্ন দাখিলের প্রমাণ দাখিলে ব্যর্থ হয়েছেন সেক্ষেত্রে ধারা ১৪২ অনুযায়ী কর কর্তনের হার ১০.৫% হবে এবং নিম্নবর্ণিতভাবে গ্রস-আপ করতে হবে, যথা:

গ্রস-আপকৃত অংক = (১০০ × ১০,০০,০০,০০০)/(১০০ - ১০.৫)

= ১১,১৭,৩১,৮৪৪

অর্থাৎ উক্ত ১১,১৭,৩১,৮৪৪ টাকার উপর ১০.৫% হারে কর কর্তন পূর্বক অর্থ সরকারি কোষাগারে এ চালানের মাধ্যমে জমা করতে হবে।

আবার, যদি দেখা যায় জনাব আহমেদ রিটার্ন দাখিলের প্রমাণ দাখিলে ব্যর্থ হয়েছেন এবং উক্ত ১০ কোটি টাকা ব্যাংক ট্রান্সফারের মাধ্যমে গ্রহণ করেননি, সেক্ষেত্রে ধারা ১৪২ অনুযায়ী কর কর্তনের হার ১৪% হবে এবং নিম্নবর্ণিতভাবে গ্রস-আপ করতে হবে, যথা:

গ্রস-আপকৃত অংক = (১০০ × ১০,০০,০০,০০০)/(১০০ - ১৪)

= ১১,৬২,৭৯,০৬৯

অর্থাৎ উক্ত ১১,৬২,৭৯,০৬৯ টাকার উপর ১৪% হারে কর কর্তন পূর্বক অর্থ সরকারি কোষাগারে এ চালানের মাধ্যমে জমা করতে হবে।

এক্ষেত্রে, পরিশোধিত করের অংক টি এ লিঃ সংশ্লিষ্ট আয়বর্ষের লাভ-ক্ষতির হিসাবে প্রদর্শন করতে পারবে এবং তা ধারা ৪৯ এর অধীন অনুমোদনযোগ্য ব্যয় হিসেবে গণ্য হবে।

## ৮.৪ উৎসে কর কর্তন বা সংগ্রহের নিমিত্ত বিভিন্ন হার সংক্রান্ত সারণী

উৎসে কর কর্তন প্রযোজ্য হয় এমন উৎসের নাম, কর্তনের হার, কর্তনের জন্য দায়িত্বপ্রাপ্ত ব্যক্তি এবং ন্যূনতম কর প্রযোজ্য কিনা তা নিম্নবর্ণিত সারণীতে বর্ণনা করা হলো; তবে, কোনো ক্ষেত্রে যদি বিস্তারিত জানার প্রয়োজন হয় সেক্ষেত্রে কলাম (৩) এ সংশ্লিষ্ট ধারা ও উৎসে কর কর্তন বিধিমালা, ২০২৩ হতে জেনে নিতে হবে:

| ক্রমিক নং | উৎসের নাম | ধারা | কর্তন বা সংগ্রহকারী ব্যক্তি | হার | ন্যূনতম করদায় কিনা? |
|---|---|---|---|---|---|
| (১) | (২) | (৩) | (৪) | (৫) | (৬) |
| ১। | চাকরির আয় | ৮৬ | চাকরির অর্থ পরিশোধের জন্য দায়িত্বপ্রাপ্ত ব্যক্তি | গড় হার | না |
| | সরকার বা অন্য কোনো কর্তৃপক্ষের নিকট হইতে "চাকরি হইতে আয়" | ৮৬(৩) | আয়ন-ব্যয়ন কর্মকর্তা (ডিডিও) | | |
| ২। | সংসদ সদস্যদের সম্মানী | ৮৭ | অর্থ পরিশোধের জন্য দায়িত্বপ্রাপ্ত ব্যক্তি | গড় হার | না |
| ৩। | শ্রমিক অংশগ্রহণ তহবিল এবং কল্যাণ তহবিলে প্রদত্ত অর্থ | ৮৮ | অর্থ পরিশোধের জন্য দায়িত্বপ্রাপ্ত ব্যক্তি | ১০% | হ্যাঁ |
| ৪। | ঠিকাদার, সরবরাহকারী ইত্যাদিকে প্রদত্ত অর্থ | ৮৯ | অর্থ পরিশোধের জন্য দায়িত্বপ্রাপ্ত ব্যক্তি | পরিশিষ্ট ১ দ্রষ্টব্য | হ্যাঁ |
| ৫। | সেবার ক্ষেত্রে পরিশোধ | ৯০ | অর্থ পরিশোধের জন্য দায়িত্বপ্রাপ্ত ব্যক্তি | পরিশিষ্ট ১ দ্রষ্টব্য | হ্যাঁ |

| ক্রমিক নং | উৎসের নাম | ধারা | কর্তন বা সংগ্রহকারী ব্যক্তি | হার | ন্যূনতম করদায় কিনা? |
|---|---|---|---|---|---|
| (১) | (২) | (৩) | (৪) | (৫) | (৬) |
| ৬। | স্পর্শাতীত সম্পত্তির জন্য পরিশোধিত অর্থ | ৯১ | অর্থ পরিশোধের জন্য দায়িত্বপ্রাপ্ত ব্যক্তি | ১০% ও ১২% (ভিত্তি মূল্য ২৫ লক্ষ টাকা অতিক্রম করিলে) | হ্যাঁ |
| ৭। | প্রচার মাধ্যমের বিজ্ঞাপন আয় | ৯২ | নির্দিষ্ট ব্যক্তি | ৫% | হ্যাঁ |
| ৮। | অভিনেতা, অভিনেত্রী, প্রযোজক, ইত্যাদি ব্যক্তিকে পরিশোধিত | ৯৩ | অর্থ পরিশোধের জন্য দায়িত্বপ্রাপ্ত ব্যক্তি | ১০% | না |
| ৯। | কমিশন, ডিসকাউন্ট, ফি, ইত্যাদি | ৯৪ | অর্থ পরিশোধের জন্য দায়িত্বপ্রাপ্ত ব্যক্তি | ১.৫%, ৩%, ৫%, ১০% | হ্যাঁ |
| ১০। | ট্রাভেল এজেন্টে | ৯৫ | অর্থ পরিশোধের জন্য দায়িত্বপ্রাপ্ত ব্যক্তি | ০.৩% | হ্যাঁ |
| ১১। | ঋণপত্রের কমিশন হিসাবে প্রাপ্ত অর্থ | ৯৬ | ঋণপত্র খোলার জন্য দায়িত্বপ্রাপ্ত ব্যক্তি | ৫% | না |
| ১২। | স্থানীয় ঋণপত্রের কমিশন হিসাবে প্রাপ্ত অর্থ | ৯৭ | ঋণদাতা, ব্যাংক বা আর্থিক প্রতিষ্ঠান | ৩%, ২%, ১% | না |
| ১৩। | সেলুলার মোবাইল ফোন অপারেটর কর্তৃক পরিশোধিত অর্থের | ৯৮ | কোম্পানির প্রধান নির্বাহী | ১০% | না |

| ক্রমিক নং | উৎসের নাম | ধারা | কর্তন বা সংগ্রহকারী ব্যক্তি | হার | ন্যূনতম করদায় কিনা? |
|---|---|---|---|---|---|
| (১) | (২) | (৩) | (৪) | (৫) | (৬) |
| ১৪। | জীবন বিমা পলিসির প্রিমিয়ামের অতিরিক্ত কোনো পরিশোধ | ৯৯ | অর্থ পরিশোধের জন্য দায়িত্বপ্রাপ্ত ব্যক্তি | ৫% | না |
| ১৫। | বিমার কমিশনের অর্থ | ১০০ | অর্থ পরিশোধের জন্য দায়িত্বপ্রাপ্ত ব্যক্তি | ৫% | হ্যাঁ |
| ১৬। | সাধারণ বিমা কোম্পানি জরিপকারীদের ফি, ইত্যাদি | ১০১ | অর্থ পরিশোধের জন্য দায়িত্বপ্রাপ্ত ব্যক্তি | ১৫% | হ্যাঁ |
| ১৭। | সঞ্চয়ী আমানত ও স্থায়ী আমানত, ইত্যাদির সুদ বা মুনাফা | ১০২ | সুদ বা মুনাফা পরিশোধের জন্য দায়িত্বপ্রাপ্ত ব্যক্তি | ২০%, ১০%, ৫% | হ্যাঁ |
| ১৮। | পোস্ট অফিস সঞ্চয় ব্যাংকে রক্ষিত অর্থের সুদ হইতে প্রাপ্ত আয়ের উপর | ১০৩ | আয়কর আদায়ের জন্য দায়িত্বপ্রাপ্ত ব্যক্তি | ১০% | না |
| ১৯। | নিবাসীর সুদ আয় | ১০৪ | নির্ধারিত ব্যক্তি | ১০% | না |
| ২০। | সঞ্চয় পত্রের মুনাফা | ১০৫ | মুনাফা প্রদানের জন্য দায়িত্বপ্রাপ্ত কোনো ব্যক্তি | ১০% | হ্যাঁ |
| ২১। | সিকিউরিটিজের সুদ | ১০৬ | সিকিউরিটিজ ইস্যুর দায়িত্বপ্রাপ্ত কোনো ব্যক্তি | ৫% | হ্যাঁ |
| ২২। | বাংলাদেশ ব্যাংক বিলের প্রকৃত মূল্যের ছাড় | ১০৭ | ছাড় বা কর্তনের জন্য কোনো পরিমাণ অর্থ পরিশোধের জন্য | সর্বোচ্চ হারে | না |

| ক্রমিক নং | উৎসের নাম | ধারা | কর্তন বা সংগ্রহকারী ব্যক্তি | হার | ন্যূনতম করদায় কিনা? |
|---|---|---|---|---|---|
| (১) | (২) | (৩) | (৪) | (৫) | (৬) |
| | | | দায়িত্বপ্রাপ্ত কোনো ব্যক্তি | | |
| ২৩। | আন্তর্জাতিক ফোন কলের জন্য প্রাপ্ত অর্থ | ১০৮ | অর্থ পরিশোধের জন্য দায়িত্বপ্রাপ্ত | ১.৫%, ৭.৫% | হ্যাঁ |
| ২৪। | ভাড়া হইতে | ১০৯ | ভাড়া গ্রহণকারী (অর্থ পরিশোধের জন্য দায়িত্বপ্রাপ্ত ব্যক্তি) | ৫% | না |
| ২৫। | কনভেনশন হল, কনফারেন্স সেন্টার, ইত্যাদি হইতে সেবা প্রদানের জন্য | ১১০ | ভাড়া গ্রহণকারী (অর্থ পরিশোধের জন্য দায়িত্বপ্রাপ্ত ব্যক্তি) | ৫% | হ্যাঁ |
| ২৬। | সম্পত্তি অধিগ্রহণের ক্ষতিপূরণ | ১১১ | ক্ষতিপূরণ প্রদানের জন্য দায়িত্বপ্রাপ্ত ব্যক্তি | ৬%, ৩% | হ্যাঁ |
| ২৭। | নগদ রপ্তানি ভর্তুকি | ১১২ | অর্থ পরিশোধের জন্য দায়িত্বপ্রাপ্ত কোনো ব্যক্তি | ১০% | হ্যাঁ |
| ২৮। | পরিবহণ মাশুল ফরওয়ার্ড এজেন্সি কমিশন | ১১৩ | অর্থ পরিশোধের জন্য দায়িত্বপ্রাপ্ত কোনো ব্যক্তি | ১৫% | হ্যাঁ |
| ২৯। | বিদ্যুৎ ক্রয়ের বিপরীতে | ১১৪ | বাংলাদেশ বিদ্যুৎ উন্নয়ন বোর্ড বা বিদ্যুৎ বিতরণে নিয়োজিত অন্য কোনো ব্যক্তি | ৬% | হ্যাঁ |
| ৩০। | রিয়েল এস্টেট উন্নয়নকারীর (ডেভেলপার) নিকট হইতে ভূমির মালিক কর্তৃক প্রাপ্ত আয় | ১১৫ | রিয়েল এস্টেট বা ভূমি উন্নয়ন (ল্যান্ড ডেভেলপমেন্ট) ব্যবসার সহিত জড়িত ব্যক্তি | ১৫% | হ্যাঁ |

| ক্রমিক নং | উৎসের নাম | ধারা | কর্তন বা সংগ্রহকারী ব্যক্তি | হার | ন্যূনতম করদায় কিনা? |
|---|---|---|---|---|---|
| (১) | (২) | (৩) | (৪) | (৫) | (৬) |
| ৩১। | বিদেশি ক্রেতার এজেন্টকে প্রদত্ত কমিশন বা পারিশ্রমিক | ১১৬ | ব্যাংক | ১০% | হ্যাঁ |
| ৩২। | লভ্যাংশ | ১১৭ | বাংলাদেশ নিবন্ধিত কোনো কোম্পানি বা অন্য কোনো কোম্পানির মুখ্য কর্মকর্তা (প্রধান নির্বাহী) | ১০%/১৫ % | হ্যাঁ |
| ৩৩। | লটারি, ইত্যাদি হইতে প্রাপ্ত আয় | ১১৮ | অর্থ পরিশোধের জন্য দায়িত্বপ্রাপ্ত ব্যক্তি | ২০% | হ্যাঁ |
| ৩৪। | অনিবাসীদের আয় | ১১৯ | অর্থ প্রদানকারী | অনধিক ৩০% পরিশিষ্ট ১দ্রষ্টব্য | ধারা ১১৯(৩) অনুযায়ী ন্যূনতম কর |
| ৩৫। | আমদানিকারকদের নিকট হইতে | ১২০ | কমিশনার, কাস্টমস বা এতদুদ্দেশ্যে ক্ষমতাপ্রাপ্ত অন্য কোনো কর্মকর্তা | অনধিক ২০% পরিশিষ্ট ১ দ্রষ্টব্য | হ্যাঁ |
| ৩৬। | জনশক্তি রপ্তানি | ১২১ | জনশক্তি, কর্মসংস্থান ও প্রশিক্ষণ ব্যুরোর মহাপরিচালক | ১০% | হ্যাঁ |
| ৩৭। | ক্লিয়ারিং ও ফরওয়ার্ডিং এজেন্ট | ১২২ | কমিশনার, কাস্টমস | ১০% | হ্যাঁ |

| **ক্রমিক নং** | **উৎসের নাম** | **ধারা** | **কর্তন বা সংগ্রহকারী ব্যক্তি** | **হার** | **ন্যূনতম করদায় কিনা?** |
|---|---|---|---|---|---|
| **(১)** | **(২)** | **(৩)** | **(৪)** | **(৫)** | **(৬)** |
| ৩৮। | রপ্তানি আয় | ১২৩ | রপ্তানিকারক | ১% | হ্যাঁ |
| ৩৯। | কোনো সেবা, রেভিনিউ শেয়ারিং, ইত্যাদি বাবদ বিদেশ হইতে প্রেরিত আয় | ১২৪ | ব্যক্তির হিসাবে পরিশোধ বা জমা প্রদানের জন্য দায়িত্বপ্রাপ্ত ব্যক্তি | ১০%, ৭.৫% | হ্যাঁ |
| ৪০। | জমির হস্তান্তর ক্ষেত্রে | ১২৫ | দলিল দস্তাবেজ নিবন্ধনের জন্য দায়িত্বপ্রাপ্ত কোনো নিবন্ধন কর্মকর্তা | পরিশিষ্ট ১ দ্রষ্টব্য | হ্যাঁ |
| ৪১। | আবাসিক উদ্দেশ্যে নির্মিত ভবন বা অ্যাপার্টমেন্টের ক্ষেত্রে রিয়েল এস্টেট বা ভূমি উন্নয়নকারী | ১২৬ | ভূমি বা ভবন বা অ্যাপার্টমেন্ট হস্তান্তরের জন্য কোনো দলিল দস্তাবেজ নিবন্ধনের জন্য দায়িত্বপ্রাপ্ত কোনো ব্যক্তি | পরিশিষ্ট ১ দ্রষ্টব্য | হ্যাঁ |
| ৪২। | সরকারি স্ট্যাম্প, কোর্ট ফি, কার্টিজ পেপার বাবদ পরিশোধিত কমিশন | ১২৭ | পরিশোধের জন্য দায়িত্বপ্রাপ্ত ব্যক্তি | ১০% | হ্যাঁ |
| ৪৩। | সম্পত্তির ইজারা | ১২৮ | Registration Act, 1908 (Act No. XVI of 1908) এর অধীন নিবন্ধনের জন্য দায়িত্বপ্রাপ্ত | ৪% | হ্যাঁ |

| ক্রমিক নং | উৎসের নাম | ধারা | কর্তন বা সংগ্রহকারী ব্যক্তি | হার | ন্যূনতম করদায় কিনা? |
|---|---|---|---|---|---|
| (১) | (২) | (৩) | (৪) | (৫) | (৬) |
| ৪৪। | সিগারেট উৎপাদনকারী | ১২৯ | ব্যান্ডরোল বিক্রির জন্য দায়িত্বপ্রাপ্ত কোনো ব্যক্তি | ১০% | হ্যাঁ |
| ৪৫। | ইট প্রস্তুতকারকের | ১৩০ | অনুমতি নবায়নের জন্য দায়িত্বপ্রাপ্ত কোনো ব্যক্তি | ৪৫ হাজার, ৭০ হাজার, ৯০ হাজার, ১ লক্ষ ৫০ হাজার | না |
| ৪৬। | ট্রেড লাইসেন্স প্রদান বা নবায়ন | ১৩১ | নবায়নের জন্য দায়িত্বপ্রাপ্ত কোনো ব্যক্তি | ৫০০, ১ হাজার, ২ হাজার | না |
| ৪৭। | কোনো নিবাসীর জাহাজ ব্যবসা | ১৩২ | ক্ষমতাপ্রাপ্ত কাস্টমস কমিশনার বা অন্য কোনো কর্তৃপক্ষ | ৩%, ৫% | হ্যাঁ |
| ৪৮। | প্রকাশ্য নিলামের বিক্রি | ১৩৩ | পণ্য বা সম্পত্তির স্বত্ব হস্তান্তর অথবা কোনো অধিকার চর্চার অনুমতি জন্য দায়িত্বপ্রাপ্ত কোনো ব্যক্তি | ১০%, ১% | হ্যাঁ |
| ৪৯। | শেয়ার হস্তান্তর | ১৩৪ | কোম্পানির শেয়ার হস্তান্তর নিবন্ধনের জন্য দায়িত্বপ্রাপ্ত ব্যক্তি | ১৫% | হ্যাঁ |
| ৫০। | প্লেসমেন্ট শেয়ারসহ সিকিউরিটিজ হস্তান্তর | ১৩৫ | শেয়ারহোল্ডার বা কোনো পরিচালক বা কোনো হোল্ডিং কোম্পানি | ৫% | হ্যাঁ |

| ক্রমিক নং | উৎসের নাম | ধারা | কর্তন বা সংগ্রহকারী ব্যক্তি | হার | ন্যূনতম করদায় কিনা? |
|---|---|---|---|---|---|
| (১) | (২) | (৩) | (৪) | (৫) | (৬) |
| | | | স্পন্সর বা স্টক এক্সচেঞ্জে তালিকাভুক্ত মিউচুয়াল ফান্ড এর ইউনিট হস্তান্তরের অনুমতি মোতাবেক বা কোনো মিউচুয়াল ফান্ডের স্পন্সর বা ধারক | | |
| ৫১। | স্টক এক্সচেঞ্জের শেয়ারহোল্ডারদের শেয়ার স্থানান্তর | ১৩৬ | স্টক এক্সচেঞ্জের প্রধান নির্বাহী কর্মকর্তা | ১৫% | হ্যাঁ |
| ৫২। | স্টক এক্সচেঞ্জের সদস্যদের | ১৩৭ | স্টক এক্সচেঞ্জের প্রধান নির্বাহী কর্মকর্তা | ০.০৫% | হ্যাঁ |
| ৫৩। | বাণিজ্যিকভাবে পরিচালিত মোটরযান | ১৩৮ | মোটরযান নিবন্ধন বা ফিটনেস নবায়নের জন্য দায়িত্বপ্রাপ্ত ব্যক্তি বা কর্তৃপক্ষ | পরিশিষ্ট ৪ দ্রষ্টব্য | হ্যাঁ |
| ৫৪। | নৌযান পরিচালনা | ১৩৯ | Inland Shipping Ordinance, 1976 (Ordinance No. LXXII of 1976) এর অধীন দায়িত্বপ্রাপ্ত ব্যক্তি | পরিশিষ্ট ৫দ্রষ্টব্য | হ্যাঁ |

### ৮.৫ শেয়ার হস্তান্তর হইতে কর সংগ্রহ (ধারা ১৩৪)

ধারা ১৩৪ অনুযায়ী নিবাসী কোনো ব্যক্তি হতে অপর কোনো ব্যক্তির নিকট তালিকাভুক্ত নয় এরূপ কোনো কোম্পানির শেয়ার হস্তান্তর নিবন্ধনের জন্য দায়িত্বপ্রাপ্ত ব্যক্তি উক্তরূপ হস্তান্তর নিবন্ধন করবেন না, যদি না হস্তান্তরকারী নিবাসী ব্যক্তি হস্তান্তরিত শেয়ারের অভিহিত মূল্য এবং ন্যায্য মূল্যের উপর ১৫% (পনেরো শতাংশ) হারে কর জমা প্রদানের চালান নিবন্ধনের আবেদনের সাথে সংযুক্ত করেন।

এখানে,

(ক) "**অভিহিত মূল্য**" অর্থ ইস্যুকারী কর্তৃক নির্ধারিত মূল্য এবং অতিরিক্ত কোনো অর্থ এর অন্তর্ভুক্ত হবে যদি তা-

   (অ) ব্যাংক ট্রান্সফারের মাধ্যমে সম্পন্ন করা হয়; এবং

   (আ) করদাতার আয়কর রিটার্নে যথাযথভাবে প্রদর্শিত হয়;

(খ) "**ন্যায্য মূল্য**" অর্থ শেয়ার হস্তান্তরের পূর্বে কৃত মূল্যায়ন প্রতিবেদনে (valuation report) পেশাদার মূল্যায়নকারী (Professional valuer) দ্বারা নির্ধারিত ন্যায্য মূল্য;

(গ) "**পেশাদার মূল্যায়নকারী (Professional valuer)**" বলতে বাংলাদেশ ব্যাংক কর্তৃক স্বীকৃত কোনো পেশাদার মূল্যায়নকারীকে বুঝাবে।

**উদাহরণ ৩৬**

মিজ তপমিতা চন্দ তনুশা একটি অ-তালিকাভুক্ত কোম্পানির ১,০০০ টি শেয়ারের মালিক। মিজ তনুশা প্রতিটি শেয়ার ১০০ টাকা দরে ক্রয় করেছিলেন। তিনি এই ১,০০০ টি শেয়ার ৫০০ টাকা দরে একটি বিদেশি কোম্পানির নিকট বিক্রি করছেন। আয়কর আইন, ২০২৩ এর ধারা ১৩৪ অনুযায়ী শেয়ারের মালিকানা পরিবর্তনের সময়, নিবন্ধক পেশাজীবী মূল্যায়ন রিপোর্ট দাখিল করতে বললে, এতে দেখা যায়, প্রতিটি শেয়ারের বর্তমান মূল্য ধরা হয়েছে ৫৫০ টাকা। এমতাবস্থায়, মিজ তনুশার করদায় নিম্নরূপে নিরূপিত হবে:

উৎসে কর্তিত কর = (পেশাজীবী মূল্যায়ন রিপোর্ট মোতাবেক মূল্য – ক্রয় মূল্য) × শেয়ার সংখ্যা × ১৫%

= (৫৫০ – ১০০) × ১০০০ × ১৫%

= ৬৭,৫০০ টাকা

## ৯। ন্যূনতম কর

(১) আয়ের খাত নয় বরং আয়ের উৎস ও করদাতা বিবেচনায় ন্যূনতম কর আরোপিত হয়। কোন কোন ধরনের আয়ের ক্ষেত্রে ন্যূনতম কর আরোপিত হবে তা আয়কর আইন, ২০২৩ এর ধারা ১৬৩ তে বলা হয়েছে। ধারা ১৬৩ (২) এর আওতায় উৎসে

কর্তিত বা আদায়কৃত কর শ্রেণি নির্বিশেষে সকল করদাতার ক্ষেত্রে কর্তন বা সংগ্রহ সংশ্লিষ্ট উৎস বা উৎসসমূহের জন্য করদাতার ন্যূনতম করদায় বলে বিবেচিত হবে এবং নিম্নে এর তালিকা প্রদান করা হলো:

| **ধারা** | **আয়ের উৎস** |
|---|---|
| ৮৮ | শ্রমিক অংশগ্রহণ তহবিলে প্রদত্ত অর্থ হতে উৎসে কর্তন |
| ৮৯ | ঠিকাদার, সরবরাহকারী ইত্যাদিকে প্রদত্ত অর্থ হইতে কর কর্তন |
| ৯০ | সেবার ক্ষেত্রে পরিশোধ হইতে কর্তন |
| ৯১ | স্পর্শাতীত সম্পত্তির জন্য পরিশোধিত অর্থ হইতে কর্তন |
| ৯২ | প্রচার মাধ্যমের বিজ্ঞাপন আয় হইতে কর কর্তন |
| ৯৪ | কমিশন, ডিসকাউন্ট, ফি, ইত্যাদি হতে কর্তন বা উৎসে কর সংগ্রহ |
| ৯৫ | ট্রাভেল এজেন্টের নিকট হইতে কর সংগ্রহ |
| ১০০ | বীমার কমিশনের অর্থ হইতে কর্তন |
| ১০১ | সাধারণ বীমা কোম্পানি জরিপকারীদের ফি, ইত্যাদি হইতে কর কর্তন |
| ১০২ | সঞ্চয়ী আমানত ও স্থায়ী আমানত, ইত্যাদি হইতে কর কর্তন |
| ১০৫ | সঞ্চয় পত্রের মুনাফা হইতে কর কর্তন |
| ১০৬ | সিকিউরিটিজের সুদ হইতে উৎসে কর কর্তন |
| ১০৮ | আন্তর্জাতিক ফোন কলের জন্য প্রাপ্ত অর্থ হইতে কর কর্তন |
| ১১০ | কনভেনশন হল, কনফারেন্স সেন্টার, ইত্যাদি হইতে সেবা প্রদানের জন্য কর কর্তন |
| ১১১ | সম্পত্তি অধিগ্রহণের ক্ষতিপূরণ হইতে উৎসে কর কর্তন |
| ১১২ | নগদ রপ্তানি ভর্তুকির উপর উৎসে কর কর্তন |
| ১১৩ | পরিবহন মাশুল ফরওয়ার্ড এজেন্সি কমিশন হইতে কর কর্তন |
| ১১৪ | বিদ্যুৎ ক্রয়ের বিপরীতে কর কর্তন |
| ১১৫ | রিয়েল এস্টেট উন্নয়নকারীর (ডেভেলপার) নিকট হতে ভূমির মালিক কর্তৃক প্রাপ্ত আয় হইতে কর কর্তন |
| ১১৬ | বিদেশী ক্রেতার এজেন্টকে প্রদত্ত কমিশন বা পারিশ্রমিক হতে কর কর্তন |
| ১১৭ | লভ্যাংশ হইতে কর কর্তন |
| ১১৮ | লটারি, ইত্যাদি হতে প্রাপ্ত আয় হইতে কর কর্তন |
| ১২০ | আমদানিকারকদের নিকট হইতে কর সংগ্রহ |
| ১২১ | জনশক্তি রপ্তানি হইতে কর সংগ্রহ |
| ১২২ | ক্লিয়ারিং ও ফরওয়ার্ডিং এজেন্টদের নিকট হইতে কর সংগ্রহ |
| ১২৩ | রপ্তানি আয় হইতে কর সংগ্রহ |
| ১২৪ | কোন সেবা, রেভিনিউ শেয়ারিং, ইত্যাদি বাবদ বিদেশ হইতে প্রেরিত আয় হইতে কর কর্তন |

| | |
|---|---|
| ১২৫ | সম্পত্তি হস্তান্তর, ইত্যাদি হইতে কর সংগ্রহ |
| ১২৬ | রিয়েল এস্টেট বা ভূমি উন্নয়নকারীদের নিকট হইতে কর সংগ্রহ |
| ১২৭ | সরকারি স্ট্যাম্প, কোর্ট ফি, কার্টিজ পেপার বাবদ পরিশধিত কমিশন হইতে কর সংগ্রহ |
| ১২৮ | সম্পত্তির ইজারা হইতে কর সংগ্রহ |
| ১২৯ | সিগারেট উৎপাদনকারীদের হইতে কর সংগ্রহ |
| ১৩২ | কোন নিবাসীর জাহাজ ব্যবসা হইতে কর সংগ্রহ |
| ১৩৩ | প্রকাশ্য নিলামের বিক্রি হইতে কর সংগ্রহ |
| ১৩৪ | শেয়ার হস্তান্তর হইতে কর সংগ্রহ |
| ১৩৫ | সিকিউরিটিজ হস্তান্তর হইতে কর সংগ্রহ |
| ১৩৬ | স্টক এক্সচেঞ্জের শেয়ারহোল্ডারদের শেয়ার স্থানান্তর হইতে কর সংগ্রহ |
| ১৩৭ | স্টক এক্সচেঞ্জের সদস্যদের নিকট হইতে কর সংগ্রহ |
| ১৩৮ | বাণিজ্যিকভাবে পরিচালিত মোটরযান হইতে কর সংগ্রহ |
| ১৩৯ | নৌযান পরিচালনা হইতে কর সংগ্রহ |

তবে, নিম্নবর্ণিত উৎসসমূহ হতে কর্তন বা সংগ্রহকৃত কর, ধারা ১৬৩(২) এর উদ্দেশ্যে ন্যূনতম কর হিসাবে গণ্য হবে না, যথা:

(ক) নিম্নবর্ণিত ব্যক্তিগণের নিকট হতে ধারা ৮৯ এর অধীন সংগ্রহকৃত কর-

(অ) কোনো তৈল কোম্পানি ঠিকাদার অথবা, কোনো তৈল কোম্পানি ঠিকাদারের উপ-ঠিকাদার;

(আ) পেট্রোল পাম্প স্টেশন ব্যতীত তৈল বাজারজাতকারী কোম্পানি ও তার ডিলার বা এজেন্ট;

(ই) তৈল পরিশোধনের সাথে সম্পৃক্ত কোনো কোম্পানি;

(ঈ) গ্যাস সঞ্চালন বা বিতরণের সাথে সম্পৃক্ত কোনো কোম্পানি;

(খ) সিমেন্ট, লৌহ বা লৌহজাত পণ্য, ফেরো অ্যালয় পণ্য বা সুগন্ধি, কার্বোনেটেড বেভারেজ এবং টয়লেট ওয়াটার উৎপাদনে নিয়োজিত কোনো শিল্প উদ্যোক্তা ব্যতীত অন্য কোনো শিল্প উদ্যোক্তা কর্তৃক তাহার নিজস্ব কাঁচামাল হিসাবে ব্যবহারের জন্য আমদানিকৃত পণ্য হতে ধারা ১২০ এর অধীন সংগৃহীত কর;

(২) ন্যূনতম কর প্রযোজ্য এরূপ আয়ের উৎস বা উৎসসমূহের জন্য আয়কর আইনের ধারা ৭২ এর বিধানাবলি অনুসারে নিয়মিতভাবে হিসাব বহি সংরক্ষণ করতে হবে;

(৩) ধারা ১৬৩(২) মোতাবেক ন্যূনতম কর প্রযোজ্য এরূপ কোনো উৎসের আয় নিয়মিত পদ্ধতিতে নির্ধারণ করতে হবে এবং উক্ত আয়ের উপর প্রযোজ্য হারে কর পরিগণনা করতে হবে; যদি এরূপে পরিগণনাকৃত কর সারণীতে উল্লেখিত ন্যূনতম কর অপেক্ষা অধিক হয়, তা হলে উক্ত আয়ের উপর উক্ত অধিকতর কর প্রদেয় হবে;

(৪) ধারা ১৬৩(২)(ঘ) অনুসারে পরিগণিত আয় বা ক্ষতি যথাক্রমে কোনো নিয়মিত উৎসের জন্য পরিগণনাকৃত আয় বা ক্ষতির সাথে সমন্বয় করা যাবে না।

(৫) ধারা ১৬৩(২) এর আওতায় নিয়মিত পদ্ধতিতে মোট আয় নিরূপণের ক্ষেত্রে খরচ দাবী আনুপাতিক হবে। অর্থাৎ গ্রস প্রাপ্তির আনুপাতিক হারে খরচ চার্জ করা যাবে। এক্ষেত্রে আয়কর আইনের অন্যান্য ধারার প্রয়োগ যথাযথভাবে করতে হবে, যেমন ধারা ৪৯ বা ৫৫ বা ৫৬ এর প্রয়োগ। কেবল Back calculation করে আয় নিরূপণ করা যাবে না। যথাযথ হিসাব সংরক্ষণ পূর্বক আয় নিরুপণ করতে হবে। অন্যথায় আয়কর আইনের প্রযোজ্য বিধি-বিধান অনুযায়ী কর নির্ধারণে কোন প্রকারের বাধা থাকবে না।

(৬) যেক্ষেত্রে কোনো করদাতার ধারা ১৬৩(২) এর অধীন ন্যূনতম কর প্রযোজ্য এরূপ এক বা একাধিক উৎসের আয় ছাড়াও নিয়মিত উৎস হতে আয় করেন, সেক্ষেত্রে-

(ক) নিয়মিত উৎস হতে আয়ের উপর নিয়মিত কর পরিগণনা করা হবে;

(খ) উক্ত করদাতার করদায় হবে ধারা ১৬৩(২) এর অধীন নির্ধারণকৃত কর এবং নিয়মিত উৎস হতে আয়ের উপর নিয়মিত করের সমষ্টি।

(৭) কোনো ব্যক্তি, ফার্ম বা কোম্পানির ন্যূনতম কর (টার্নওভারের উপর) হবে নিম্নরূপ, যথা:-

(ক) একজন করদাতা-

(অ) অনূন্য ৩ (তিন) কোটি টাকার গ্রস প্রাপ্তি রয়েছে এরূপ কোনো ব্যক্তি;

(আ) অনূন্য ৫০ (পঞ্চাশ) লক্ষ টাকার গ্রস প্রাপ্তি রয়েছে এরূপ কোনো ফার্ম বা ব্যক্তিসংঘ; বা

(ই) কোনো কোম্পানি,

কোনো করবর্ষে কোনো কারণে তার মুনাফা বা ক্ষতি যাই হউক না কেন, যাতে ধারাবাহিক ক্ষতি, বিগত এক বা একাধিক বর্ষে ক্ষতির সমন্বয় বা এই আইনের অধীন অনুমোদিত ভাতা (অবচয় ভাতাসহ) বা বিয়োজন দাবি অন্তর্ভুক্ত, নিম্নবর্ণিত সারণীতে উল্লেখিত হারে কোনো করবর্ষে ন্যূনতম কর পরিশোধের জন্য দায়ী থাকবে যথা:-

| ক্রমিক নং | করদাতার শ্রেণি | ন্যূনতম করহার |
|---|---|---|
| (১) | (২) | (৩) |
| ১। | সিগারেট, বিড়ি, চিবাইয়া খাওয়ার তামাক, ধোঁয়াবিহীন তামাক, বা অন্য কোনো তামাকজাত দ্রব্য প্রস্তুতকারক | গ্রস প্রাপ্তির ৩% (তিন শতাংশ) |
| ২। | কার্বোনেটেড বেভারেজ | গ্রস প্রাপ্তির ৫% (পাঁচ শতাংশ) |

| | | |
|---|---|---|
| ৩। | মোবাইল ফোন অপারেটর | গ্রস প্রাপ্তির ২% (দুই শতাংশ) |
| ৪। | সিগারেট, বিড়ি, চিবাইয়া খাওয়ার তামাক, ধোঁয়াবিহীন তামাক, বা অন্য কোনো তামাকজাত দ্রব্য প্রস্তুতকারক ব্যতীত অন্য কোনো স্বাভাবিক ব্যক্তি করদাতা | গ্রস প্রাপ্তির ০.২৫% (শূন্য দশমিক দুই পাঁচ শতাংশ) |
| ৫। | অন্য কোনো ক্ষেত্রে | গ্রস প্রাপ্তির ০.৬০% (শূন্য দশমিক ছয় শূন্য শতাংশ): |
| * এস.আর.ও নং ২৫৯-আইন/আয়কর-০৮/২০২৩, তারিখ:২৯ আগস্ট ২০২৩ মোতাবেক, নূন্যতম করহার ৫% এর স্থলে কার্বোনেটেড বেভারেজ উৎপাদনকারীদের জন্য ৩% নূন্যতম কর নির্ধারণ করা হয়েছে। উৎপাদনকারী ব্যতীত অন্যান্যদের ক্ষেত্রে নূন্যতম করহার ক্রমিক নং ৫ অনুযায়ী প্রযোজ্য হবে। | | |

তবে, পণ্য উৎপাদনে নিয়োজিত কোনো শিল্প প্রতিষ্ঠানের ক্ষেত্রে বাণিজ্যিক উৎপাদন শুরুর প্রথম ৩ বৎসরের জন্য, উক্ত হার হবে এরূপ প্রাপ্তির ০.১%।

(খ) যেক্ষেত্রে করদাতার এরূপ কোনো আয়ের উৎস থাকে যা কর অব্যাহতিপ্রাপ্ত, সেক্ষেত্রে উক্ত এক বা একাধিক উৎস হতে অর্জিত মোট প্রাপ্তি পৃথকভাবে প্রদর্শন করতে হবে, এবং এই উপ-ধারার অধীন ন্যূনতম কর নিম্নবর্ণিতভাবে পরিচালনা করতে হবে, যথা-

(অ) নিয়মিত হারে কর প্রদান করতে হবে এরূপ উৎস হতে অর্জিত প্রাপ্তির ক্ষেত্রে ধারা ১৬৩(৫)(ক) এর সারণীতে উল্লেখিত হার প্রয়োগ করে ন্যূনতম কর হিসাব করতে হবে;

(আ) কর অব্যাহতি বা হ্রাসকৃত করহার প্রাপ্ত উৎস হতে অর্জিত প্রাপ্তির ক্ষেত্রে, অব্যাহতি প্রাপ্ত বা হ্রাসকৃত কর হারের আনুপাতিক হারে ধারা ১৬৩(৫)(ক) এর সারণীতে উল্লেখিত হার হ্রাস করে ন্যূনতম কর হিসাব করতে হবে;

(ই) উপ-উপানুচ্ছেদ (অ) ও (আ) এর অধীন হিসাবকৃত ন্যূনতম করের সমষ্টি ধারা ১৬৩(৫) এর অধীন ন্যূনতম কর হইবে।

(৮) কোনো করদাতার ক্ষেত্রে ধারা ১৬৩ এর উপ-ধারা (২) ও উপ-ধারা (৫) উভয়ের বিধান প্রযোজ্য হলে, উক্ত করদাতা কর্তৃক পরিশোধযোগ্য ন্যূনতম কর হবে-

(ক) উপ-ধারা (২) এর অধীন ন্যূনতম কর; বা

(খ) উপ-ধারা (৫) এর অধীন ন্যূনতম কর, এই দুইয়ের মধ্যে যেটি অধিক।

(৯) ধারা ১৬৩ এর অধীন পরিশোধকৃত ন্যূনতম কর ফেরতযোগ্য হবে না অথবা পূর্ববর্তী এক বা একাধিক বর্ষে ফেরতযোগ্য বকেয়া বা কোনো উৎস হতে কোনো করবর্ষের ফেরতযোগ্য বকেয়ার বিপরীতে সমন্বয়যোগ্য হবে না।

(১০) যেক্ষেত্রে কোনো সারচার্জ, অতিরিক্ত অন্য কোনো সুদ, অতিরিক্ত কোনো অর্থ, ইত্যাদি এ আইনের বিধানাবলির অধীন পরিশোধযোগ্য হয়, সেক্ষেত্রে তা ন্যূনতম করের অতিরিক্ত হিসাবে পরিশোধযোগ্য হবে।

(১১) যেক্ষেত্রে কোনো করবর্ষে পরিগণনাকৃত নিয়মিত কর ধারা ১৬৩ এর অধীন ন্যূনতম কর অপেক্ষা অধিক হয়, সেক্ষেত্রে নিয়মিত কর পরিশোধযোগ্য হবে।

(১২) ধারা ১৬৩ উদ্দেশ্যপুরণকল্পে,-

(ক) "নিয়মিত উৎস" অর্থ এরূপ কোনো উৎস যার ক্ষেত্রে, ধারা ১৬৩(২) এর অধীন ন্যূনতম কর প্রযোজ্য নয়;

(খ) "নিয়মিত কর" অর্থ নিয়মিত পদ্ধতি ব্যবহার করে নিয়মিত আয়ের উপর পরিগণনাকৃত কর;

(গ) "নিয়মিত করহার" অর্থ এরূপ করের হার যা কর অব্যাহতিপ্রাপ্ত বা হ্রাসকৃত করহার অনুমোদিত না হলে প্রযোজ্য হবে।

(ঘ) "গ্রস প্রাপ্তি" অর্থ-

(অ) পণ্য বিক্রয়ের মাধ্যমে অর্জিত সকল প্রাপ্তি (উপচিতির বা accrual ভিত্তিতে);

(আ) কমিশন ও ডিসকাউন্টসহ সেবা বা সুবিধা প্রদানের জন্য প্রাপ্ত সকল ফি বা চার্জ;

(ই) আয়ের যেকোনো খাত হতে অর্জিত সকল প্রাপ্তি।

(১৩) ধারা ১৬৩(২)(ক) এর অধীন ন্যূনতম কর হিসেবে পরিগণিত হয় এমন কতিপয় উৎসে কর্তিত কর কতিপয় সুনির্দিষ্ট শ্রেণির করদাতার ক্ষেত্রে ঐ সকল উৎস হতে অর্জিত আয়ের বিপরীতে চূড়ান্ত করদায় হিসেবে বিবেচিত হবে। অর্থাৎ এ সকল উৎসের আয়ের বিপরীতে অর্জিত আয়ের বিপরীতে অতিরিক্ত কোনো কর পরিশোধ করতে হবে না।

এস.আর.ও নং ২৫৩-আইন/আয়কর-০৯/২০২৩, তারিখ: ২৩ আগষ্ট ২০২৩ এবং এস.আর.ও নং ২৮৬-আইন/আয়কর-১৬/২০২৩, তারিখ: ১১ অক্টোবর ২০২৩ দ্বারা জাতীয় রাজস্ব বোর্ড, আয়কর আইন, ২০২৩ (২০২৩ সনের ১২ নং আইন) এর ধারা ৭৬ এর উপ-ধারা (১)-এ প্রদত্ত ক্ষমতাবলে, নিম্নবর্ণিত সারণীর কলাম (২)-এ উল্লিখিত উৎস হইতে অর্জিত আয়ের বিপরীতে কলাম (৩)-এ উল্লিখিত ধারার অধীন উৎসে কর্তিত করের পরিমাণকে চূড়ান্ত করদায় হিসেবে নির্ধারণ করে উক্ত উৎস হতে অর্জিত আয়ের বিপরীতে উদ্ভূত অতিরিক্ত কোনো করদায় পরিশোধ হতে এতদ্দ্বারা অব্যাহতি প্রদান করল, যথা:

| **ক্রমিক নং** | **আয়ের উৎস** | **যে ধারার অধীন উৎসে কর কর্তনযোগ্য** | **যে সকল ব্যক্তির জন্য প্রযোজ্য** |
|---|---|---|---|
| (১) | (২) | (৩) | (৪) |

| | | | |
|---|---|---|---|
| ১। | সঞ্চয়ী আমানত ও স্থায়ী আমানত, ইত্যাদি হইতে অর্জিত সুদ বা মুনাফা | ১০২ | ধারা ১৬৬(২) অনুযায়ী রিটার্ন দাখিল হইতে অব্যাহতি প্রাপ্ত করদাতাগণ |
| ২। | সঞ্চয়পত্র হইতে অর্জিত মুনাফা | ১০৫ | সকল স্বাভাবিক ব্যক্তি করদাতা |
| ৩। | রপ্তানির বিপরীতে প্রাপ্ত নগদ ভর্তুকি | ১১২ | সকল করদাতা |
| ৪। | সম্পত্তি হস্তান্তর হইতে অর্জিত মূলধনি আয় | ১২৫ | সকল স্বাভাবিক ব্যক্তি করদাতা |

**উদাহরণ ৩৭**

প লিঃ একটি ট্রেডিং প্রতিষ্ঠান। এই প্রতিষ্ঠানটি বিভিন্ন ধরনের ট্রেডিং পণ্য আমদানি করে। আমদানি পর্যায়ে ধারা ১২০ এবং উৎসে কর বিধিমালা এর বিধি ৭ অনুযায়ী কর পরিশোধ করেছে। প লিঃ কে আমদানি ও আমদানির বিপরীতে অর্জিত আয়ের জন্য আলাদা হিসাব সংরক্ষণ করতে হবে। ধারা ৭২-৭৩ অনুযায়ী হিসাবরক্ষণ এবং নিরীক্ষিত আর্থিক প্রতিবেদন দাখিল করতে হবে। কোনো প্রকারের back calculation বা সংক্ষিপ্ত হিসাব দাখিলের সুযোগ নেই। অর্থাৎ কোনরূপ back calculation করে অনুমিত (presumptive) মোট আয় নিরূপণ করা যাবে না। কোম্পানি ব্যতীত অন্যান্য করদাতাদের ক্ষেত্রে যেরূপে ধারা ৭২-৭৩ প্রযোজ্য হবে সেরূপে হিসাবরক্ষণ করতে হবে এবং প্রযোজ্য ক্ষেত্রে নিরীক্ষিত আর্থিক প্রতিবেদন দাখিল করতে হবে।

**উদাহরণ ৩৮**

জনাব শাকুর পারফিউম আমদানি করে স্থানীয় বাজারে বিক্রি করেন। ৩০ জুন ২০২৩ তারিখে সমাপ্ত আয়বর্ষে তিনি মোট ৫০,০০,০০০ টাকার পারফিউম আমদানি করেন এবং আমদানি পর্যায়ে তিনি ১০,০০,০০০ টাকা কর পরিশোধ করেন। করদাতা উক্ত পণ্য ১,৫০,০০,০০০ টাকায় বিক্রয় করেন। তিনি দুটি প্রাইভেট কার ব্যবহার করেন। করদাতা ২০২৩-২০২৪ করবর্ষে উক্ত ব্যবসা হতে ৩০,০০,০০০ টাকা আয় প্রদর্শন করে রিটার্ন দাখিল করেন। করদাতার অন্য কোন প্রকারের আয় নেই। করদাতার কর নিম্নরূপে পরিগণনা করতে হবে, যথা:

করদাতা কর্তৃক নিরুপিত আয়: ৩০,০০,০০০ টাকা

নিয়মিত হারে পরিগণিত কর: ৫,৩২,৫০০ টাকা

উৎসে কর্তিত কর: ১০,০০,০০০ টাকা

ধারা ১৬৩(২) অনুযায়ী উৎসে কর্তিত করের পরিমাণ ন্যূনতম কর বিধায় করদাতার ন্যূনতম করদায় হবে ১০,০০,০০০ টাকা। করদাতার গ্রস প্রাপ্তি ১,৫০,০০,০০০ টাকা বিধায় ধারা ১৬৩(৫) প্রযোজ্য হবে না। করদাতা দুটি প্রাইভেট কার ব্যবহার করেন বিধায় করদাতাকে পরিবেশ সারচার্জ ও সারচার্জ পরিশোধ করতে হবে। সারচার্জ ও পরিবেশ সারচার্জ অবশ্যই ১০,০০,০০০ টাকার অতিরিক্ত প্রদেয় হবে। অর্থাৎ করদাতাকে (ন্যূনতম কর ১০,০০,০০০ টাকা + সারচার্জ + পরিবেশ সারচার্জ) পরিশোধ করতে হবে।

**উদাহরণ ৩৯**

জনাব ঋষভ ঋনয় বিভিন্ন ধরণের ইলেক্ট্রনিক পণ্য আমদানি করে স্থানীয় বাজারে বিক্রি করেন। ৩০ জুন ২০২৩ তারিখে সমাপ্ত আয়বর্ষে তিনি মোট ৫০,০০,০০০ টাকার আমদানি করেন এবং আমদানি পর্যায়ে তিনি ২,৫০,০০০ টাকা কর পরিশোধ করেন। উক্ত আয়বর্ষে করদাতার বিক্রয় হতে গ্রস প্রাপ্তি ১,৪৫,০০,০০০ টাকা। তিনি দুটি প্রাইভেট কার ব্যবহার করেন। করদাতা ২০২৩-২০২৪ করবর্ষে উক্ত ব্যবসা হতে ২৪,৫০,০০০ টাকা আয় প্রদর্শন করে রিটার্ন দাখিল করেন। করদাতার অন্য কোনো প্রকারের আয় নেই। করদাতার কর নিম্নরূপে পরিগণনা করতে হবে, যথা:

করদাতা কর্তৃক নিরুপিত আয়: ২৪,৫০,০০০ টাকা

নিয়মিত হারে পরিগণিত কর: ৩,৯৫,০০০ টাকা

উৎসে কর্তিত কর: ২,৫০,০০০ টাকা

নিয়মিত পদ্ধতিতে নির্ধারিত কর ৩,৯৫,০০০ টাকা ধারা ১৬৩(২)(ক) এর ন্যূনতম কর হিসেবে পরিগণিত ২,৫০,০০০ টাকা অপেক্ষা অধিক বিধায় ধারা ১৬৩(২)(ঘ) অনুযায়ী করদাতার করদায় হবে ৩,৯৫,০০০ টাকা। করদাতার গ্রস প্রাপ্তি ১,৪৫,০০,০০০ টাকা বিধায় ধারা ১৬৩(৫) প্রযোজ্য হবে না। করদাতা দুটি প্রাইভেট কার ব্যবহার করেন বিধায় করদাতাকে পরিবেশ সারচার্জ ও সারচার্জ পরিশোধ করতে হবে। সারচার্জ ও পরিবেশ সারচার্জ অবশ্যই ৩,৯৫,০০০ টাকার অতিরিক্ত প্রদেয় হবে। অর্থাৎ করদাতাকে (কর ৩,৯৫,০০০ টাকা + সারচার্জ + পরিবেশ সারচার্জ) পরিশোধ করতে হবে।

**উদাহরণ ৪০**

২০২২-২০২৩ আয়বর্ষে মিজ সঞ্চিতা শুভ্রার চাকরি হইতে আয়ের পরিমাণ ৭,০০,০০৫ টাকা। সঞ্চয়পত্রের মুনাফা রয়েছে ৫,০০,০০০ টাকা। তিনি ঢাকার বনানী আবাসিক এলাকায় ০.২৫ কাঠা ভূমি দলিলে উল্লেখিত মূল্য ৭৫,০০,০০০ টাকায় বিক্রি করেন। জমির মালিকানা হস্তান্তর দলিল নিবন্ধনকালে তিনি ৩,০০,০০০ টাকা উৎসে কর পরিশোধ করেন। মিজ শুভ্রার রিটার্নে উক্ত জমির অর্জনমূল্য প্রদর্শিত রয়েছে ৫,০০,০০০ টাকা। ব্যাংক সুদ আয় রয়েছে ৩,৫০,০০০ টাকা। চাকরি হইতে আয়ের উৎসে ৫,০০০ টাকা কর কর্তন করা হয়েছে। এছাড়াও অন্যান্য ক্ষেত্রে করদাতার আয়ের বিপরীতে প্রযোজ্য হারে উৎসে কর কর্তন করা হয়েছে। তিনি এ আয়বর্ষে রেয়াতযোগ্য কোনো বিনিয়োগ করেন নি। করদাতা ৮,১০০ বর্গফুট আয়তনের একটি গৃহ সম্পত্তির

মালিক। ২০২৩-২০২৪ করবর্ষে মিজ শুভ্রার করযোগ্য আয় ও করদায় নির্ধারণ করতে হবে।

**কর নির্ধারণ:**

| | | | |
|---|---|---|---|
| (ক) | চাকরি হইতে আয়<br>[চাকরি হতে গ্রস প্রাপ্তি ৭,০০,০০৫ টাকা; ষষ্ঠ তফসিলের অংশ-১ এর দফা (২৭) অনুযায়ী ৭,০০,০০৫ টাকার এক-তৃতীয়াংশ বা ৪ লক্ষ ৫০ হাজার টাকা করমুক্ত; ফলে চাকরি হইতে করযোগ্য আয় হবে ৪,৬৬,৬৭০] | | ৪,৬৬,৬৭০ |
| (খ) | আর্থিক পরিসম্পদ হইতে আয়<br>[৫,০০,০০০ + ৩,৫০,০০০] | | ৮,৫০,০০০ |
| (গ) | মূলধনি আয়<br>[৭৫,০০,০০০ – ৫,০০,০০০] | | ৭০,০০,০০০ |
| | | **মোট আয়** | ৮৩,১৬,৬৭০ |
| কর পরিগণনা: | | | |
| (ক) | এখানে মিজ শুভ্রার নিয়মিত উৎসের আয় কেবল মাত্র চাকরি হইতে অর্জিত আয়। এর বিপরীতে করদায়- | ৩,৩৩৩ | |
| (খ) | চাকরি হইতে আয় এবং ব্যাংক সুদ আয় চূড়ান্ত করদায় নয় বিধায় এই দুই খাতের আয় (৪,৬৬,৬৭০ + ৩,৫০,০০০) টাকা বা ৮,১৬,৬৭০ উপর করদায়- | ৩৭,৫০০ | |
| চাকরি হইতে আয় এবং ব্যাংক সুদ আয়ের বিপরীতে ধারা ১৬৩(৪) অনুযায়ী কর নিরূপণ: | | | |
| (১) | ব্যাংক সুদের উপর করদাতার করদায় (৩৭,৫০০ – ৩,৩৩৩) টাকা বা ৩৪,১৬৭ টাকা। ব্যাংক সুদের বিপরীতে কর্তিত করের পরিমাণ ৩৫,০০০ টাকা। তাই ধারা ১৬৩(৩) অনুযায়ী চাকরি হইতে আয় এবং ব্যাংক সুদ আয়ের প্রক্ষিতে করদাতার করদায় হবে (৩,৩৩৩ + ৩৫,০০০) টাকা বা ৩৮,৩৩৩ টাকা | ৩৮,৩৩৩ | |
| চূড়ান্ত করদায় নিরূপণ: | | | |

| | | | |
|---|---|---|---|
| (২) | এস.আর.ও নং ২৫৩-আইন/আয়কর-০৯/২০২৩, তারিখ: ২৩ আগষ্ট ২০২৩ এবং এস.আর.ও নং ২৮৬-আইন/আয়কর-১৬/২০২৩, তারিখ: ১১ অক্টোবর ২০২৩ দ্বারা যথাক্রমে সঞ্চয়পত্রের মুনাফা আয় এবং ভূমি হস্তান্তর হতে অর্জিত মূলধনি আয়ের বিপরীতে উৎসে কর্তিত কর স্বাভাবিক ব্যক্তি করদাতার জন্য চূড়ান্ত করদায় হিসেবে বিবেচিত। ফলে এই দুই উৎসের বিপরীতে মোট করের পরিমাণ (৫,০০,০০০ × ১০% + ৭৫,০০,০০০ × ৪%) টাকা বা ৩,৫০,০০০ টাকা | ৩,৫০,০০০ | |
| | করের পরিমাণ [(১)+(২)] | ৩,৮৮,৩৩৩ | |
| সারচার্জ নির্ধারণ | | | |
| | করদাতা ৮,১০০ বর্গফুট আয়তনে গৃহসম্পত্তি থাকায় করদাতাকে ৩,৮৮,৩৩৩ টাকার উপর ১০% | ৩৮,৮৩৩ | |
| | মোট প্রদেয় করের পরিমাণ | | ৪,২৭,১৬৬ |
| উৎসে কর্তিত করের ক্রেডিট | | | |
| ১। | চাকরি হইতে আয় | ৫,০০০ | |
| ২। | ব্যাংক সুদ হতে আয়ের বিপরীতে | ৩৫,০০০ | |
| ৩। | সঞ্চয়পত্রের মুনাফার বিপরীতে | ৫০,০০০ | |
| ৪। | ভূমি হস্তান্তরের বিপরীতে | ৩,০০,০০০ | |
| | | | (৩,৯০,০০০) |
| | রিটার্ন দাখিলের সময় আয়কর আইনের ১৭৩ ধারানুযায়ী প্রদেয় কর | | **৩৭,১৬৬** |

**উদাহরণ ৪১**

৩০ জুন ২০২৩ তারিখে সমাপ্ত আয়বর্ষে খাদ্য উৎপাদনকারী একটি কোম্পানির গ্রস প্রাপ্তি ছিলো ১,৭৫,০০,০০০ টাকা। তার মধ্যে ৩০% করহার প্রযোজ্য এমন আয়ের উৎসের গ্রস প্রাপ্তি ছিলো ৫৫,০০,০০০ টাকা; ১০% করহার প্রযোজ্য হয় এমন রপ্তানি আয়ের উৎসের গ্রস প্রাপ্তি ছিলো ৯৫,০০,০০০ টাকা; লভ্যাংশ আয় ছিলো ১৫,০০,০০০ টাকা। তিনি আলোচ্য আয়বর্ষে ৫০,০০,০০০ টাকার একটি মেশিনারিজ বিক্রয় করেন যার ক্রয়মূল্য ৪০,০০,০০০ টাকা। যার প্রেক্ষিতে মূলধনি আয় ১০,০০,০০০ টাকা। করদাতা কোম্পানির ক্ষেত্রে ধারা ১৬৩(৫) অনুযায়ী ন্যূনতম করের পরিমাণ নিম্নরূপে নির্ধারণ করতে হবে, যথা:

| নিয়মিত হারে করারোপযোগ্য গ্রস প্রাপ্তির ন্যূনতম কর নির্ধারণ | কর অব্যাহতি প্রাপ্ত বা হ্রাসকৃত হারে করারোপযোগ্য গ্রস প্রাপ্তির ন্যূনতম কর নির্ধারণ |
|---|---|
| নিয়মিত হারে করারোপযোগ্য গ্রস প্রাপ্তির পরিমাণ (৫৫,০০,০০০ + ১৫,০০,০০০ + ১০,০০,০০০) টাকা বা ৮০,০০,০০০ টাকা।<br>১৬৩(৫) অনুযায়ী ন্যূনতম কর = (৮০,০০,০০০ × ০.৬%) টাকা বা ৪৮,০০০ টাকা | রপ্তানি আয়ের উৎসের গ্রস প্রাপ্তি ছিলো ৯৫,০০,০০০ টাকা।<br><br>১৬৩(৫) অনুযায়ী ন্যূনতম কর = [(৯৫,০০,০০০ × ০.৬%) × ১০/৩০] টাকা বা ১৯,০০০ টাকা |
| ১৬৩(৫) অনুযায়ী মোট ন্যূনতম করের পরিমাণ (৪৮,০০০ + ১৯,০০০) টাকা বা ৬৭,০০০ টাকা। | |

**উদাহরণ ৪২**

২০২২-২০২৩ আয়বর্ষে জনাব শাহরিয়ার হাসান ৫০,০০,০০০ টাকার ট্রেডিং পণ্য আমদানি করেন। আমদানি পর্যায়ে উক্ত পণ্যের উপর উৎসে ৫% হারে কর কর্তন করা হয়। উক্ত পণ্য তিনি ৭০,০০,০০০ টাকায় বিক্রি করেন এবং ১০,০০,০০০ টাকা ক্ষতি প্রদর্শন করেন। একই সময়ে তিনি ৩,০০,০০,০০০ টাকার সবজি রপ্তানি করেন। সবজি রপ্তানি হতে তিনি ৪৫,০০,০০০ টাকা মুনাফা করেন। রপ্তানি প্রসিড ব্যাংকে জমার সময় ১% হারে কর কর্তন করা হয়। তিনি সঞ্চয়পত্রের মুনাফা বাবদ ৫,০০,০০০ টাকা প্রাপ্ত হন। জনাব হাসান ঢাকার বনানী আবাসিক এলাকায় ০.২৫ কাঠা ভূমি দলিলে উল্লেখিত মূল্য ৭৫,০০,০০০ টাকায় বিক্রি করেন। রিটার্নে উক্ত জমির অর্জনমূল্য প্রদর্শিত রয়েছে ৫,০০,০০০ টাকা। ব্যাংক সুদ আয় রয়েছে ৩,৫০,০০০ টাকা। এছাড়াও অন্যান্য ক্ষেত্রে করদাতার আয়ের বিপরীতে প্রযোজ্য হারে উৎসে কর কর্তন করা হয়েছে। তিনি এ আয়বর্ষে রেয়াতযোগ্য কোনো বিনিয়োগ করেন নি। করদাতা ৮,১০০ বর্গফুট আয়তনের একটি গৃহ সম্পত্তির মালিক। ২০২৩-২০২৪ করবর্ষে জনাব শাহরিয়ার হাসানের করযোগ্য আয় ও করদায় নিরূপণ করতে হবে।

**কর নির্ধারণ:**

| | | |
|---|---|---|
| (ক) | ব্যবসা হইতে আয়<br>[ধারা ৭০(৩) অনুযায়ী কর অব্যাহতিপ্রাপ্ত, হ্রাসকৃত করহার বা ন্যূনতম কর প্রযোজ্য হয় এইরূপ কোনো উৎসের বা খাতের ক্ষতির সমন্বয় বা জের টানা যাইবে না। ফলে হ্রাসকৃত হারে করারোপিত রপ্তানি আয়ের সাথে আমদানি ব্যবসার লোকসান সমন্বয় হবে না। এছাড়াও রপ্তানি ব্যবসা হতে প্রাপ্ত আয়ের ৫০% স্বাভাবিক | ২২,৫০,০০০ |

| | | | |
|---|---|---|---|
| | করদাতার হাতে করমুক্ত বিধায় রপ্তানি হতে অর্জিত আয় ৪৫,০০,০০০ এর ৫০% অর্থাৎ ২২,৫০,০০০ টাকা করযোগ্য হবে] | | |
| (খ) | আর্থিক পরিসম্পদ হইতে আয় [৫,০০,০০০ + ৩,৫০,০০০] | | ৮,৫০,০০০ |
| (গ) | মূলধনি আয় [৭৫,০০,০০০ – ৫,০০,০০০] | | <u>৭০,০০,০০০</u> |
| | | **মোট আয়** | ১,০১,০০,০০০ |
| কর পরিগণনা: | | | |
| (ক) | কেবল ন্যূনতম কর প্রযোজ্য হয় এরূপ আয় (২২,৫০,০০০ + ৩,৫০,০০০) টাকা বা ২৬,০০,০০০ টাকার বিপরীতে নিয়মিত করদায় ৪,৩২,৫০০ টাকা এবং ন্যূনতম করদায় (৩,০০,০০,০০০ × ০.০১ + ৩,৫০,০০০ × ০.১) টাকা বা ৩,৩৫,০০০ টাকা। ধারা ১৬৩(২)(ঘ) অনুযায়ী করদায় হবে ৪,৩২,৫০০ টাকা বা ৩,৩৫,০০০ টাকা- এই দুইয়ের মধ্যে যেটি অধিক | ৪,৩২,৫০০ | |
| (খ) | আমদানি ব্যবসার লোকসানের বিপরীতে ন্যূনতম কর আমদানি পর্যায়ে কর্তিত উৎসে কর = ৫০,০০,০০০ × ৫% | ২,৫০,০০০ | |
| চূড়ান্ত করদায় নিরূপণ: | | | |
| (গ) | এস.আর.ও নং ২৫৩-আইন/আয়কর-০৯/২০২৩, তারিখ: ২৩ আগষ্ট ২০২৩ এবং এস.আর.ও নং ২৮৬-আইন/আয়কর-১৬/২০২৩, তারিখ: ১১ অক্টোবর ২০২৩ দ্বারা যথাক্রমে সঞ্চয়পত্রের মুনাফা আয় এবং ভূমি হস্তান্তর হতে অর্জিত মূলধনি আয়ের বিপরীতে উৎসে কর্তিত কর স্বাভাবিক ব্যক্তি করদাতার জন্য চূড়ান্ত করদায় হিসেবে বিবেচিত। ফলে এই দুই উৎসের বিপরীতে মোট করের পরিমাণ (৫,০০,০০০ × ১০% + ৭৫,০০,০০০ × ৪%) টাকা বা ৩,৫০,০০০ টাকা | ৩,৫০,০০০ | |

| | | | | |
|---|---|---|---|---|
| | করের পরিমাণ [(ক)+(খ)+(গ)] | | ১০,৩২,৫০০ | |
| ধারা ১৬৩(৫) অনুযায়ী ন্যূনতম কর নির্ধারণ | | | | |
| (অ) | আমদানি ব্যবসার গ্রস প্রাপ্তি ও ব্যাংক সুদের উপর নিয়মিত করহার প্রযোজ্য বিধায় (৭০,০০,০০০ + ৩,৫০,০০০) বা ৭৩,৫০,০০০ এর বিপরীতে ন্যূনতম কর = ৭৩,৫০,০০০ × ০.২৫% | ১৮,৩৭৫ | | |
| (আ) | রপ্তানি ব্যবসার গ্রস প্রাপ্তির বিপরীতে ন্যূনতম কর = ৩,০০,০০,০০০ × ০.২৫% × ৫০% | ৩৭,৫০০ | | |
| | ধারা ১৬৩(৫) এর অধীন পরিগণিত মোট ন্যূনতম কর হবে (অ) ও (আ) এর যোগফল | ৫৫,৮৭৫ | | |
| **মোট প্রদেয় কর নির্ধারণ:** | | | | |
| | ধারা ১৬৩(২) এর অধীন পরিগণিত কর ধারা ১৬৩(৫) এর অধীন পরিগণিত কর অপেক্ষা অধিক হওয়া ধারা ১৬৩(২) এর অধীন পরিগণিত কর ন্যূনতম কর হবে। এছাড়া চূড়ান্ত করদায় চূড়ান্ত হওয়ার এর উপর ধারা ১৬৩(৫) এর প্রযোজ্যতা থাকবে না। অর্থাৎ করদাতার আয়ের বিপরীতে মোট কর | | ১০,৩২,৫০০ | |
| সারচার্জ নির্ধারণ | | | | |
| | করদাতা ৮,১০০ বর্গফুট আয়তনে গৃহসম্পত্তি থাকায় করদাতাকে ৮,০৭,৫০০ টাকার উপর ১০% | | ১,০৩,২৫০ | |
| | মোট প্রদেয় করের পরিমাণ | | | ১১,৩৫,৭৫০ |
| উৎসে কর্তিত করের ক্রেডিট | | | | |
| ১। | ব্যবসা হইতে আয়ের বিপরীতে (৩,০০,০০০ + ২,৫০,০০০) টাকা বা ৫,৫০,০০০ টাকা | | ৫,৫০,০০০ | |
| ২। | ব্যাংক সুদ হতে আয়ের বিপরীতে | | ৩৫,০০০ | |

| | | | |
|---|---|---|---|
| ৩। | সঞ্চয়পত্রের মুনাফার বিপরীতে | ৫০,০০০ | |
| ৪। | ভূমি হস্তান্তরের বিপরীতে | ৩,০০,০০০ | |
| | | | (৯,৩৫,০০০) |
| | রিটার্ন দাখিলের সময় আয়কর আইনের ১৭৩ ধারানুযায়ী প্রদেয় কর | | **২,০০,৭৫০** |

**উদাহরণ ৪৩**

৩০ জুন ২০২৩ তারিখে সমাপ্ত ২০২২-২০২৩ আয়বর্ষে প লজিস্টিক লিঃ পরিচালন মুনাফা ২,০০,০০০ টাকা প্রদর্শন করে। কোম্পানি বিবেচ্য সময়কালে ব্যবসায়ের গ্রস প্রাপ্তি ছিলো ৩,০০,০০,০০০ টাকা। কোম্পানি লভ্যাংশ বাবদ ৫,০০,০০০ টাকা প্রাপ্ত হন। কোম্পানি বনানী আবাসিক এলাকায় ০.২৫ কাঠা ভূমি দলিলে উল্লেখিত মূল্য ৭৫,০০,০০০ টাকায় বিক্রি করে। রিটার্নে উক্ত জমির অর্জনমূল্য প্রদর্শিত রয়েছে ৫,০০,০০০ টাকা। কোম্পানির ব্যাংক সুদ আয় রয়েছে ৩,৫০,০০০ টাকা। কোম্পানি লভ্যাংশ আয়, মূলধনি আয় এবং সুদ আয়ের বিপরীতে যথাক্রমে ১,০০,০০০ টাকা, ৩,০০,০০০ টাকা এবং ৭০,০০০ টাকা উৎসে কর কর্তন করা হয়েছে। করদাতা ব্যবসায়ের প্রাপ্তিসমূহ নগদ ও ব্যাংক ট্রান্সফারের মাধ্যমে গ্রহণ করে। ২০২৩-২০২৪ করবর্ষে প লজিস্টিক লিঃ এর করযোগ্য আয় ও করদায় নিরূপণ করতে হবে।

**কর নির্ধারণ:**

| | | | | |
|---|---|---|---|---|
| | | | | |
| (ক) | ব্যবসা হইতে আয় | | | ২,০০,০০০ |
| (খ) | আর্থিক পরিসম্পদ হইতে আয় [৫,০০,০০০ + ৩,৫০,০০০] | | | ৮,৫০,০০০ |
| (গ) | মূলধনি আয় [৭৫,০০,০০০ – ৫,০০,০০০] | | | ৭০,০০,০০০ |
| | **মোট আয়** | | | ৮০,৫০,০০০ |
| নিয়মিত হারে কর পরিগণনা: | | | | |
| (ক) | ব্যাংক সুদ ও ব্যবসা হইতে আয় (২,০০,০০০ + ৩,৫০,০০০) টাকা বা ৫,৫০,০০০ টাকার ৩০% | | ১,৬৫,০০০ | |
| (খ) | লভ্যাংশ ৫,০০,০০০ টাকার ২০% | | ১,০০,০০০ | |
| (গ) | মূলধনি আয় ৭০,০০,০০০ টাকার ১৫% | | ১০,৫০,০০০ | |
| | করের পরিমাণ [(ক)+(খ)+(গ)] | | ১৩,১৫,০০০ | |
| ধারা ১৬৩(২) অনুযায়ী ন্যূনতম কর নির্ধারণ | | | | |
| (অ) | ব্যবসা, ব্যাংক সুদ, লভ্যাংশ আয় ও মূলধনি আয়ের বিপরীতে ন্যূনতম | ৪,৭০,০০০ | | |

| | | | | |
|---|---|---|---|---|
| | কর (০+৭০,০০০ + ১,০০,০০০ + ৩,০০,০০০) | | | |
| (আ) | ব্যবসা, ব্যাংক সুদ, লভ্যাংশ আয় ও মূলধনি আয়ের উপর নিয়মিত কর | ১৩,১৫,০০০ | | |
| | অর্থাৎ ধারা ১৬৩(২) অনুযায়ী করের পরিমাণ | | ১৩,১৫,০০০ | |
| ধারা ১৬৩(৫) অনুযায়ী ন্যূনতম কর নির্ধারণ | | | | |
| | ব্যবসার গ্রস প্রাপ্তি, আর্থিক পরিসম্পদের গ্রস প্রাপ্তি ও ভূমি হস্তান্তরের বিপরীতে গ্রস প্রাপ্তিসহ মোট (৩,০০,০০,০০০ + ৮,৫০,০০০ + ৭০,০০,০০০) টাকা বা ৩,৮৩,৫০,০০০ টাকার বিপরীতে ন্যূনতম কর = ৩,৮৩,৫০,০০০ × ০.৬% | ২,২৭,১০০ | | |
| **মোট প্রদেয় কর নির্ধারণ:** | | | | |
| | ধারা ১৬৩(২) এর অধীন পরিগণিত কর ধারা ১৬৩(৫) এর অধীন পরিগণিত কর অপেক্ষা অধিক হওয়া ধারা ধারা ১৬৩(২) এর অধীন পরিগণিত কর করদাতা প্রদেয় কর হবে- | | | ১৩,১৫,০০০ |
| উৎসে কর্তিত করের ক্রেডিট | | | | |
| ১। | লভ্যাংশের বিপরীতে | | ১,০০,০০০ | |
| ২। | ব্যাংক সুদ হতে আয়ের বিপরীতে | | ৭০,০০০ | |
| ৩। | ভূমি হস্তান্তরের বিপরীতে | | ৩,০০,০০০ | |
| | | | | (৪,৭০,০০০) |
| | রিটার্ন দাখিলের সময় আয়কর আইনের ১৭৩ ধারানুযায়ী প্রদেয় কর | | | **৮,৪৫,০০০** |

**উদাহরণ ৪৪**

ণ সিমেন্ট কোম্পানি লিঃ একটি সিমেন্ট প্রস্তুতকারি প্রতিষ্ঠান। ২০২২-২০২৩ আয়বর্ষে কোম্পানির করপূর্ব মুনাফা ছিল ৩০,০০,০০,০০০ টাকা। উক্ত সময় কোম্পানির মোট লভ্যাংশ আয় ৫০,০০,০০০ টাকা। উৎসে কর কর্তন পূর্বক বাকী টাকা কোম্পানির ব্যাংক হিসাবে জমা হয়েছে। কোম্পানির ৫টি স্থায়ী আমানত হতে উদ্ভূত সুদের পরিমাণ ২৫,০০,০০০ টাকা। যার মধ্যে একটি এফডিআর হতে অর্জিত সুদ ১০,০০,০০০ টাকা যা

উক্ত এফডিআর হিসাবে ক্রেডিট হয়। উক্ত ক্রেডিটকৃত এফডিআর হতে ব্যাংক ২,০০,০০০ টাকা উৎসে কর কর্তন করে। অবশিষ্ট ৮,০০,০০০ টাকা কোম্পানির এফডিআর হিসাবে জমা হয়। বাকী ১৫,০০,০০০ টাকা কোম্পানি accrual basis এ তার হিসাব বিবরণীতে রেকর্ড করে। উক্ত ১৫,০০,০০০ টাকা কোম্পনির এফডিআর হিসাবসমূহে ক্রুডিট হয়নি। করদাতা চারটি সমকিস্তিতে অগ্রিম কর পরিশোধ করে। প্রতি কিস্তিতে ৫০,০০,০০০ টাকা পরিশোধ করে।

উক্ত সময়ে কোম্পানি ১২০,০০,০০,০০০ টাকার কাঁচামাল আমদানি করে। ২০,০০,০০০ টাকার প্যাকেজিং ম্যাটেরিয়ালস আমদানি করে। কাঁচামাল ও প্যাকেজিং ম্যাটেরিয়ালস আমদানির বিপরীতে ৫% হারে উৎসে কর কর্তন করা হয়। বিবেচ্য আয়বর্ষে কোম্পানির গ্রস প্রাপ্তির পরিমাণ ছিল ১৮০,৫০,০০,০০০ টাকা।

**ণ সিমেন্ট কোম্পানি লিঃ এর কর নির্ধারণ**

| | | | |
|---|---|---|---|
| | **করপূর্ব মুনাফা** | | ৩০,০০,০০,০০০ |
| বাদ: | আলাদাভাবে বিবেচ্য আয় | | |
| | লভ্যাংশ | ৫০,০০,০০০ | |
| | স্থায়ী আমানত হতে উদ্ভুত সুদের পরিমাণ (Accrual Basis) | ২৫,০০,০০০ | (৭৫,০০,০০০) |
| | | | |
| | (ক) ব্যবসা হইতে আয় | | ২৯,২৫,০০,০০০ |
| | (খ) আর্থিক পরিসম্পদ হইতে আয় | | |
| | (অ) লভ্যাংশ (আয়) | ৫০,০০,০০০ | |
| | (আ) স্থায়ী আমানতের সুদ (নগদ ভিত্তিতে গৃহীত) | ১০,০০,০০০ | ৬০,০০,০০০ |
| | | | |

| | | | | |
|---|---|---|---|---|
| **কর পরিগণনা** | | | | |
| | উৎসের নাম | আয়ের পরিমাণ | টাকা | করের পরিমাণ |
| (১) | ব্যবসা হইতে আয় @ ২৭.৫% | ২৯,২৫,০০,০০০ | ৮,০৪,৩৭,৫০০ | |
| (২) | ধারা ১৬৩(২) ধারায় ব্যবসা হইতে আয়ের বিপরীতে ন্যূনতম কর (১২০,০০,০০,০০০ | | ৬,০১,০০,০০০ | |

| | | | | |
|---|---|---|---|---|
| | + ২০,০০,০০০) × ৫% | | | |
| | (১) ও (২) এর মধ্যে যেটি অধিক | | | ৮,০৪,৩৭,৫০০ |
| | আর্থিক পরিসম্পদ হইতে আয় | | | |
| | লভ্যাংশ @ ২০% | ৫০,০০,০০০ | ১০,০০,০০০ | |
| | স্থায়ী আমানতের সুদ @ ২৭.৫% | ১০,০০,০০০ | ২,৭৫,০০০ | |
| (ক) | আর্থিক পরিসম্পদ হইতে মোট আয় | ৬০,০০,০০০ | ১২,৭৫,০০০ | |
| (খ) | ধারা ১৬৩(২) ধারায় আর্থিক পরিসম্পদ হইতে আয়ের বিপরীতে ন্যূনতম কর (১০,০০,০০০ + ২,০০,০০০) | | ১২,০০,০০০ | |
| | (ক) ও (খ) এর মধ্যে যেটি অধিক | | | ১২,৭৫,০০০ |
| (অ) | কর পূর্ববর্তী নিট মুনাফার বিপরীতে করদায় = ৮,০৪,৩৭,৫০০ + ১২,৭৫,০০০ | | ৮,১৭,১২,৫০০ | |
| (আ) | ধারা ১৬৩(৫) অনুযায়ী নির্ধারিত করদায় = ১৮০,৫০,০০,০০০ × .৬% | | ১,০৮,৩০,০০০ | |
| | ধারা ১৬৩(৫) বিবেচনার পর করদাতার কর পূর্ববর্তী নিট মুনাফার বিপরীতে মোট করদায় = | | | ৮,১৭,১২,৫০০ |

| | | | | |
|---|---|---|---|---|
| | (অ) ও (আ) এর মধ্যে যেটি অধিক | | | |
| বাদ: | অগ্রিম ও উৎসে কর | | | |
| | অগ্রিম কর | | ২,০০,০০,০০০ | |
| | আমদানির বিপরীতে উৎসে কর্তিত কর | | ৬,০১,০০,০০০ | |
| | লভ্যাংশের বিপরীতে উৎসে কর্তিত কর | | ১০,০০,০০০ | |
| | স্থায়ী আমানতের বিপরীতে উৎসে কর্তিত কর | | ২,০০,০০০ | |
| | মোট | | | ৮,১৩,০০,০০০ |
| | প্রদেয় কর | | | ৪,১২,৫০০ |

**উদাহরণ ৪৫**

ত সিমেন্ট কোম্পানি লিঃ একটি সিমেন্ট প্রস্তুতকারি প্রতিষ্ঠান। ২০২২-২০২৩ আয়বর্ষে কোম্পানির করপূর্ব ক্ষতির পরিমাণ ছিল ৩০,০০,০০,০০০ টাকা। উক্ত সময় কোম্পানির মোট লভ্যাংশ আয় ৫০,০০,০০০ টাকা। উৎসে কর কর্তন পূর্বক বাকী টাকা কোম্পানির ব্যাংক হিসাবে জমা হয়েছে। কোম্পানির ৫টি স্থায়ী আমানত হতে উদ্ভূত সুদের পরিমাণ ২৫,০০,০০০ টাকা। যার মধ্যে একটি এফডিআর হতে অর্জিত সুদ ১০,০০,০০০ টাকা যা উক্ত এফডিআর হিসাবে ক্রেডিট হয়। উক্ত ক্রেডিটকৃত এফডিআর হতে ব্যাংক ২,০০,০০০ টাকা উৎসে কর কর্তন করে। অবশিষ্ট ৮,০০,০০০ টাকা কোম্পানির এফডিআর হিসাবে জমা হয়। বাকী ১৫,০০,০০০ টাকা কোম্পানি accrual basis এ তার হিসাব বিবরণীতে রেকর্ড করে। উক্ত ১৫,০০,০০০ টাকা কোম্পনির এফডিআর হিসাবসমূহে ক্রডিট হয়নি। উক্ত সময়ে কোম্পানি ১২০,০০,০০,০০০ টাকার কাঁচামাল আমদানি করে। ২০,০০,০০০ টাকার প্যাকেজিং ম্যাটেরিয়ালস আমদানি করে। কাঁচামাল ও প্যাকেজিং ম্যাটেরিয়ালস আমদানির বিপরীতে ৫% হারে উৎসে কর কর্তন করা হয়। বিবেচ্য আয়বর্ষে কোম্পানির গ্রস প্রাপ্তির পরিমাণ ছিল ১৮০,৫০,০০,০০০ টাকা।

## ত সিমেন্ট কোম্পানি লিঃ এর কর নির্ধারণ

| | | | | |
|---|---|---|---|---|
| | **করপূর্ব মুনাফা** | | | (৩০,০০,০০,০০০) |
| বাদ: | আলাদাভাবে বিবেচ্য আয় | | | |
| | লভ্যাংশ | | ৫০,০০,০০০ | |
| | স্থায়ী আমানত হতে উদ্ভুত সুদের পরিমাণ (Accrual Basis) | | ২৫,০০,০০০ | (৭৫,০০,০০০) |
| | | | | |
| | (ক) ব্যবসা হইতে আয় | | | (৩০,৭৫,০০,০০০) |
| | (খ) আর্থিক পরিসম্পদ হইতে আয় | | | |
| | (অ) লভ্যাংশ (আয়) | | ৫০,০০,০০০ | |
| | (আ) স্থায়ী আমানতের সুদ (নগদ ভিত্তিতে গৃহীত) | | ১০,০০,০০০ | ৬০,০০,০০০ |
| | | | | |
| **কর পরিগণনা** | | | | |
| | উৎসের নাম | আয়ের পরিমাণ | টাকা | করের পরিমাণ |
| (১) | ব্যবসা হইতে আয় @ ২৭.৫% | (৩০,৭৫,০০,০০০) | ০ | |
| (২) | ধারা ১৬৩(২) ধারায় ব্যবসা হইতে আয়ের বিপরীতে ন্যূনতম কর (১২০,০০,০০,০০০ + ২০,০০,০০০) × ৫% | | ৬,০১,০০,০০০ | |
| | (১) ও (২) এর মধ্যে যেটি অধিক | | | ৬,০১,০০,০০০ |
| | আর্থিক পরিসম্পদ হইতে আয় | | | |
| | লভ্যাংশ @ ২০% | ৫০,০০,০০০ | ১০,০০,০০০ | |
| | স্থায়ী আমানতের সুদ @ ২৭.৫% | ১০,০০,০০০ | ২,৭৫,০০০ | |
| (ক) | আর্থিক পরিসম্পদ হইতে মোট আয় | ৬০,০০,০০০ | ১২,৭৫,০০০ | |

| | | | | |
|---|---|---|---|---|
| (খ) | ধারা ১৬৩(২) ধারায় আর্থিক পরিসম্পদ হইতে আয়ের বিপরীতে ন্যূনতম কর (১০,০০,০০০ + ২,০০,০০০) | | ১২,০০,০০০ | |
| | (ক) ও (খ) এর মধ্যে যেটি অধিক | | | ১২,৭৫,০০০ |
| | | | | |
| (অ) | কর পূর্ববর্তী নিট মুনাফার বিপরীতে করদায় = ৬,০১,০০,০০০ + ১২,৭৫,০০০ | | ৬,১৩,৭৫,০০০ | |
| (আ) | ধারা ১৬৩(৫) অনুযায়ী নির্ধারিত করদায় = ১৮০,৫০,০০,০০০ × .৬% | | ১,০৮,৩০,০০০ | |
| | ধারা ১৬৩(৫) বিবেচনার পর করদাতার কর পূর্ববর্তী নিট মুনাফার বিপরীতে মোট করদায় = (অ) ও (আ) এর মধ্যে যেটি অধিক | | | ৬,১৩,৭৫,০০০ |
| বাদ: | অগ্রিম ও উৎসে কর | | | |
| | আমদানির বিপরীতে উৎসে কর্তিত কর | | ৬,০১,০০,০০০ | |
| | লভ্যাংশের বিপরীতে উৎসে কর্তিত কর | | ১০,০০,০০০ | |

| | | | | |
|---|---|---|---|---|
| | স্থায়ী আমানতের বিপরীতে উৎসে কর্তিত কর | | ২,০০,০০০ | |
| | মোট | | | ৬,১৩,০০,০০০ |
| | প্রদেয় কর | | | ৭৫,০০০ |

**উদাহরণ ৪৬**

থ সিমেন্ট কোম্পানি লিঃ একটি সিমেন্ট প্রস্তুতকারি প্রতিষ্ঠান। ২০২২-২০২৩ আয়বর্ষে কোম্পানির করপূর্ব মুনাফা ছিল ৩০,০০,০০,০০০ টাকা। উক্ত সময় কোম্পানির মোট লভ্যাংশ আয় ৫০,০০,০০০ টাকা। উৎসে কর কর্তন পূর্বক বাকী টাকা কোম্পানির ব্যাংক হিসাবে জমা হয়েছে। কোম্পানির ৫টি স্থায়ী আমানত হতে উদ্ভুত সুদের পরিমাণ ২৫,০০,০০০ টাকা এরমধ্যে কোম্পানি একটি স্থায়ী আমানত নগদায়ন করেছে এবং উক্ত স্থায়ী আমানত হতে উৎসে কর্তিত কর পরবর্তী সুদ আয়ের পরিমাণ ৮,০০,০০০ টাকা। করদাতা চারটি সমকিস্তিতে অগ্রিম কর পরিশোধ করে। প্রতি কিস্তিতে ৫০,০০,০০০ টাকা পরিশোধ করে।

উক্ত সময়ে কোম্পানি ১২০,০০,০০,০০০ টাকার কাঁচামাল আমদানি করে। ২০,০০,০০০ টাকার প্যাকেজিং ম্যাটেরিয়ালস আমদানি করে। কাঁচামাল ও প্যাকেজিং ম্যাটেরিয়ালস আমদানির বিপরীতে ৫% হারে উৎসে কর কর্তন করা হয়। বিবেচ্য আয়বর্ষে কোম্পানির গ্রস প্রাপ্তির পরিমাণ ছিল ১৮০,৫০,০০,০০০ টাকা।

উক্ত সময়ে কোম্পানি প্রধানমন্ত্রীর শিক্ষা সহায়তা ট্রাস্ট আইন, ২০১২ এর অধীন প্রতিষ্ঠিত তহবিলে ৩০,০০,০০০ টাকা; সরকারের শিক্ষা মন্ত্রণালয় কর্তৃক অনুমোদিত মহিলা কলেজে ২৫,০০,০০০ টাকা; সরকারের শিক্ষা মন্ত্রণালয় কর্তৃক অনুমোদিত কারিগরি ও বৃত্তিমূলক প্রশিক্ষণ ইন্সটিটিউটে ৩,৭৫,০০,০০০ টাকা অনুদান প্রদান করে যা ব্যয় হিসেবে মোট আয় হতে বাদ দিয়ে করপূর্ব মুনাফা নির্ধারণ করে।

**থ সিমেন্ট কোম্পানি লিঃ এর কর নির্ধারণ**

| | | | |
|---|---|---|---|
| | **করপূর্ব মুনাফা** | | ৩০,০০,০০,০০০ |
| যোগ: | তিনটি তহবিলে অনুদানকৃত মোট অর্থের পরিমাণ (৩০,০০,০০০ + ২৫,০০,০০০ + ৩,৭৫,০০,০০০) টাকা | | ৪,৩০,০০,০০০ |
| | অনুদান পূর্ববর্তী প্রদর্শিত মোট আয় | | ৩৪,৩০,০০,০০০ |
| বাদ: | অনুমোদনযোগ্য অনুদান (টীকা দ্রষ্টব্য) | | ৩,৪৩,০০,০০০ |
| | অনুদান পরবর্তী মোট আয় | | ৩০,৮৭,০০,০০০ |
| বাদ: | আলাদাভাবে বিবেচ্য আয় | | |
| | লভ্যাংশ | ৫০,০০,০০০ | |
| | স্থায়ী আমানত হতে উদ্ভুত সুদের পরিমাণ (Accrual Basis) | ২৫,০০,০০০ | (৭৫,০০,০০০) |
| | ব্যবসা হইতে আয় | | ৩০,১২,০০,০০০ |

| | | | | |
|---|---|---|---|---|
| | আর্থিক পরিসম্পদ হইতে আয় | | | |
| | (অ) লভ্যাংশ (আয়) | | ৫০,০০,০০০ | |
| | (আ) স্থায়ী আমানতের সুদ (নগদ ভিত্তিতে গৃহীত) | | ১০,০০,০০০ | ৬০,০০,০০০ |
| | | | | |
| **করপরিগণনা** | | | | |
| | উৎসের নাম | আয়ের পরিমাণ | টাকা | করের পরিমাণ |
| (১) | ব্যবসা হইতে আয় @ ২৭.৫% | ৩০,১২,০০,০০০ | ৮,২৮,৩০,০০০ | |
| (২) | ধারা ১৬৩(২) ধারায় ব্যবসা হইতে আয়ের বিপরীতে ন্যূনতম কর (১২০,০০,০০,০০০ + ২০,০০,০০০) × ৫% | | ৬,০১,০০,০০০ | |
| | (১) ও (২) এর মধ্যে যেটি অধিক | | | ৮,২৮,৩০,০০০ |
| | আর্থিক পরিসম্পদ হইতে আয় | | | |
| | লভ্যাংশ @ ২০% | ৫০,০০,০০০ | ১০,০০,০০০ | |
| | স্থায়ী আমানতের সুদ @ ২৭.৫% | ১০,০০,০০০ | ২,৭৫,০০০ | |
| (ক) | আর্থিক পরিসম্পদ হইতে মোট আয় | ৬০,০০,০০০ | ১২,৭৫,০০০ | |
| (খ) | ধারা ১৬৩(২) ধারায় আর্থিক পরিসম্পদ হইতে আয়ের বিপরীতে ন্যূনতম কর (১০,০০,০০০ + ২,০০,০০০) | | ১২,০০,০০০ | |
| | (ক) ও (খ) এর মধ্যে যেটি অধিক | | | ১২,৭৫,০০০ |
| | | | | |
| (অ) | কর পূর্ববর্তী নিট মুনাফার বিপরীতে করদায় = ৮,২৮,৩০,০০০ + ১২,৭৫,০০০ | | ৮,৪১,০৫,০০০ | |

| | | | | |
|---|---|---|---|---|
| (আ) | ধারা ১৬৩(৫) অনুযায়ী নির্ধারিত করদায় = ১৮০,৫০,০০,০০০ × .৬% | | ১,০৮,৩০,০০০ | |
| | ধারা ১৬৩(৫) বিবেচনার পর করদাতার কর পূর্ববর্তী নিট মুনাফার বিপরীতে মোট করদায় = (অ) ও (আ) এর মধ্যে যেটি অধিক | | | ৮,৪১,০৫,০০০ |
| বাদ: | অগ্রিম ও উৎসে কর | | | |
| | অগ্রিম কর | | ২,০০,০০,০০০ | |
| | আমদানির বিপরীতে উৎসে কর্তিত কর | | ৬,০১,০০,০০০ | |
| | লভ্যংশের বিপরীতে উৎসে কর্তিত কর | | ১০,০০,০০০ | |
| | স্থায়ী আমানতের বিপরীতে উৎসে কর্তিত কর | | ২,০০,০০০ | |
| | মোট | | | ৮,১৩,০০,০০০ |
| | প্রদেয় কর | | | ২৮,০৫,০০০ |
| | | | | |
| **টীকা** | | | | |
| | অনুদান | টাকা | বাদযোগ্য সীমা | অনুমোদনযোগ্য অনুদান |
| | (১) ৬ষ্ঠ তফসিলের অংশ ২ অনুসারে প্রধানমন্ত্রীর শিক্ষা সহায়তা ট্রাস্ট আইন, ২০১২ এর অধীন প্রতিষ্ঠিত তহবিলে:<br>(ক) প্রকৃত অনুদান | ৩০,০০,০০০ | | |
| | (খ) কোম্পানির আয়ের ১০% = | ৩,০০,০০,০০০ | | |

| | | | | |
|---|---|---|---|---|
| | (৩০,০০,০০,০০০ × ১০%) | | | |
| | (গ) | ৮,০০,০০,০০০ | | |
| | (ক), (খ) ও (গ) এই তিনটির মধ্যে যেটি কম | | ৩০,০০,০০০ | |
| | (২) সরকারের শিক্ষা মন্ত্রণালয় কর্তৃক অনুমোদিত কোনো বালিকা বিদ্যালয় বা মহিলা কলেজে অনুদান | | ২৫,০০,০০০ | |
| | (৩) সরকারের শিক্ষা মন্ত্রণালয় কর্তৃক অনুমোদিত কারগরি ও বৃত্তিমূলক প্রশিক্ষণ ইন্সটিটিউটে অনুদান | | ৩,৭৫,০০,০০০ | |
| | মোট অনুদান | | ৪,৩০,০০,০০০ | |
| | ধারা ৭৭(২) অনুযায়ী বাদযোগ্য অনুদানের পরিমাণ অনুদান পূর্ববর্তী প্রদর্শিত মোট আয়ের ১০% এর অধিক হবে না। অর্থাৎ বাদযোগ্য অনুদানের পরিমাণ (৩৪,৩০,০০,০০০ × ১০%) বা ৩,৪৩,০০,০০০ টাকার এর অধিক হবে না। সুতরাং অনুমোদনযোগ্য অনুদান | | | ৩,৪৩,০০,০০০ |

**উদাহরণ ৪৭**

ঢ় কনস্ট্রাকশন লিঃ কনস্ট্রাকশন ব্যবসায় নিয়োজিত একটি কোম্পানি। কোম্পানিটি বাংলাদেশ সরকারের সাথে ১০০ কোটি টাকার একটি কনস্ট্রাকশন এবং ইনস্টলেশন প্রজেক্টের কনট্রাক্টর হিসেবে চুক্তিবদ্ধ হয়েছে। চুক্তিমূল্য ভিত্তিমূল্য হিসেবে আয়কর আইন, ২০২৩ এর ধারা ৮৯ এবং প্রযোজ্য বিধির অধীন উৎসে কর কর্তনের হার ৭%। উক্ত প্রজেক্ট থেকে কোম্পানি আগামী ৪ বছরের ১ম বছর ১০ কোটি টাকা, ২য় বছর ৩০ কোটি টাকা, ৩য় বছর ৪০ কোটি টাকা এবং ৪র্থ বছর ২০ কোটি টাকা প্রাপ্ত হবে। উক্ত অর্থের হতে উৎসে কর কর্তনপূর্বক অবশিষ্ট অর্থ কোম্পানিকে প্রদান করা হবে। যদিও কোম্পানির  ক্রমযোজিত কার্য সম্পাদনের পরিমাণ যথাক্রমে ১ম বছর শেষে ০%, ২য় বছরের শেষে ২০%, ৩য় বছরের শেষে ৬০%, এবং ৪র্থ বছরের শেষে ১০০%। ঢ় কনস্ট্রাকশন লিঃ এর নীট করপূর্ব মুনাফা যথাক্রমে ১ম বছর ০ টাকা, ২য় বছর ৫ কোটি টাকা, ৩য় বছর ৯ কোটি টাকা এবং ৪র্থ বছর ১৫ কোটি টাকা

ঢ় কনস্ট্রাকশন লিঃ এর আগামী ৪ বছরের সমন্বয়যোগ্য কর এবং অগ্রিম করের পরিমাণ নির্ণয় করতে হবে।

(কোটি টাকায়)

| বর্ষ | প্রাপ্ত অর্থ | উৎস কর কর্তন (৩) = (২) × ৭% | পূর্ববর্তী বছরে অসমন্বিত উৎস করের জের | ধারা ৭৪ অনুযায়ী টার্নওভার | করযোগ্য মুনাফা | নিয়মিত কর (৭) = (৬ × ২৭.৫%) | বর্তমান বছরে উৎসে কর হতে আনুপাতিক হারে সমন্বয়যোগ্য কর (৮) = ৫ × ৭% | সমন্বয় পরবর্তী নীট করদায় (৯) = ৭-৮ | পরবর্তী বছরের আয়করের সাথে সমন্বয়যোগ্য অগ্রিম কর (১০) = (৩+৪-৮) |
|---|---|---|---|---|---|---|---|---|---|
| (১) | (২) | (৩) | (৪) | (৫) | (৬) | (৭) | (৮) | (৯) | (১০) |
| ১ | ১০ | ০.৭ | ০ | - | ০ | ০ | ০ | ০ | ০.৭ |
| ২ | ৩০ | ২.১ | ০.৭ | ২০ | ৫ | ১.৩৭৫ | ১.৪ | *০ | ১.৪ |
| ৩ | ৪০ | ২.৮ | ১.৪ | ৪০ | ৯ | ২.৪৭৫ | ২.৮ | **০ | ১.৪ |
| ৪ | ২০ | ১.৪ | ১.৪ | ৪০ | ১৫ | ৪.১২৫ | ২.৮ | ১.৩২৫ | ++ |
| * | ৮৯ ধারায় কর্তনকৃত ১.৪ কোটি টাকা ১৬৩(২) ধারা অনুযায়ী ন্যূনতম কর | | | | | | | | |
| ** | ৮৯ ধারায় কর্তনকৃত ২.৮ কোটি টাকা ১৬৩(২) ধারা অনুযায়ী ন্যূনতম কর | | | | | | | | |
| ++ | পরবর্তী বছরে সমন্বয়যোগ্য করদায় নেই। | | | | | | | | |

**উদাহরণ ৪৮**

ম কোম্পানি লিঃ আমদানিকৃত পণ্যের ব্যবসায়ে নিয়োজিত। ২০২২ সালের জুলাই ১ তারিখ থেকে ৩০ জুন ২০২৩ পর্যন্ত কোম্পানি ১,০০০টি ফ্রিজ আমদানি করে। প্রতিটি ফ্রিজের আমদানি মূল্য ৪০,০০০ টাকা। আমদানিকালে আমদানি মূল্যের বিপরীতে উক্ত কোম্পানি হতে উৎসে ২০,০০,০০০ টাকা কর সংগ্রহ করা হয়। কোম্পানি ২০২২ -২০২৩ অর্থ বছরে আমদানিকৃত এই ১,০০০টি ফ্রিজ হতে ৯০০টি ফ্রিজ বিক্রয় করে। প্রতিটি ফ্রিজের বিক্রয়মূল্য ছিলো ৬০,০০০ টাকা। উক্ত অর্থ বছরে কোম্পানির হাতে ১০০টি ফ্রিজ অবিক্রীত রয়েছে। উক্ত বিক্রয়ের বিপরীতে কোম্পানির পরিচালন ব্যয় ছিলো

৫০,০০,০০০ টাকা এবং সুদ ব্যয়ের পরিমাণ ৩০,০০,০০০ টাকা। কোম্পানির ২০২৩-২০২৪ করবর্ষের করদায় নির্ধারণ করতে হবে।

| | |
|---|---|
| বিক্রয় (৯০০ × ৬০,০০০) | ৫,৪০,০০,০০০ |
| বাদ: বিক্রীত পণ্যের ব্যয় (৯০০ × ৪০,০০০) | (৩,৬০,০০,০০০) |
| **গ্রস মুনাফা** | **১,৮০,০০,০০০** |
| বাদঃ পরিচালন ব্যয় | (৫০,০০,০০০) |
| **পরিচালন মুনাফা** | **১,৩০,০০,০০০** |
| বাদ: সুদ বাবদ ব্যয় | (৩০,০০,০০০) |
| **করপূর্ব মুনাফা** | **১,০০,০০,০০০** |
| (ক) নিয়মিত হারে পরিগণিত করদায় (৩০%) | ৩০,০০,০০০ |
| (খ) ১৬৩(২) ধারা অনুসারে ন্যূনতম কর (২০,০০,০০০/১০০০ × ৯০০) | ১৮,০০,০০০ |
| **মোট করদায়: (ক) ও (খ) এর মধ্যে যেটি অধিক** | **৩০,০০,০০০** |
| বাদ: উৎসে পরিশোধিত অগ্রিম কর (বিক্রিত পণ্যের উপর) | (১৮,০০,০০০) |
| **নিট করদায়** | **১২,০০,০০০** |

ম কোম্পানি লিঃ তার অবিক্রীত পণ্যের উপর পরিশোধিত (২০,০০,০০০/১০০০ × ১০০) টাকা বা ২,০০,০০০ টাকা পরবর্তী বছরে উক্ত পণ্য বিক্রয়ের প্রদেয় আয়কর এর সাথে সমন্বয় করতে পারবেন।

পরবর্তী বছর ম কোম্পানি লিঃ ২,০০০টি ফ্রিজ আমদানি করে। প্রতিটি আমদানি মূল্য ৫০,০০০ টাকা। আমদানিকালে আমদানি মূল্যের বিপরীতে উক্ত কোম্পানি হতে উৎসে ৫০,০০,০০০ টাকা কর সংগ্রহ করা হয়। কোম্পানি ২০২৩ -২০২৪ অর্থ বছরে আমদানিকৃত এই ২,০০০টি ফ্রিজ হতে ১৬০০ টি ফ্রিজ এবং পূর্ববর্তী বছরের ১০০টি ফ্রিজসহ মোট ১৭০০টি ফ্রিজ বিক্রয় করে। প্রতিটি ফ্রিজের বিক্রয়মূল্য ৬০,০০০ টাকা। উক্ত অর্থ বছরে কোম্পানির হাতে ৪০০টি ফ্রিজ অবিক্রীত রয়েছে। উক্ত বিক্রয়ের বিপরীতে কোম্পানির পরিচালন ব্যয় ছিলো ৭০,০০,০০০ টাকা এবং সুদ ব্যয়ের পরিমাণ ৫০,০০,০০০ টাকা। কোম্পানির ২০২৪-২০২৫ করবর্ষের করদায় নির্ধারণ করতে হবে।

| | |
|---|---|
| বিক্রয় (১৭০০ × ৬০,০০০) | ১০,২০,০০,০০০ |
| বাদ: বিক্রীত পণ্যের ব্যয় (৫০,০০০ × ১৬০০) + (১০০ × ৪০,০০০) | (৮,৪০,০০,০০০) |
| **গ্রস মুনাফা** | **১,৮০,০০,০০০** |
| বাদ: পরিচালন ব্যয় | (৭০,০০,০০০) |
| **পরিচালন মুনাফা** | **১,১০,০০,০০০** |
| বাদ: সুদ বাবদ ব্যয় | (৫০,০০,০০০) |

| | |
|---|---|
| **করপূর্ব মুনাফা** | **৬০,০০,০০০** |
| (ক) নিয়মিত হারে পরিগণিত করদায় (৩০%) | ১৮,০০,০০০ |
| (খ) ১৬৩(২) ধারা অনুসারে ন্যূনতম কর (৫০,০০,০০০/২০০০ × ১৬০০) + (২০,০০,০০০/১০০০ × ১০০) | ৪২,০০,০০০ |
| **মোট করদায়: (ক) ও (খ) এর মধ্যে যেটি অধিক** | **৪২,০০,০০০** |
| বাদ: উৎসে পরিশোধিত অগ্রিম কর (এ বছরের আমদানির বিপরীতে বিক্রিত পণ্যের উপর; ৫০,০০,০০০/২০০০ × ১৬০০) | (৪০,০০,০০০) |
| বাদ: বিগত বছরের অবিক্রিত ফ্রিজ বিপরীতে পরিশোধিত করের সাথে এ বছরের বিক্রিত ফ্রিজের বিপরীতে পরিশোধিত করের সমন্বয় (২০,০০,০০০/১০০০ × ১০০) | (২০০,০০০) |
| **নিট করদায়** | - |

ম কোম্পানি লিঃ তার অবিক্রীত পণ্যের উপর পরিশোধিত (৫০,০০,০০০/২০০০ × ৪০০) টাকা বা ১০,০০,০০০ টাকা পরবর্তী বছরে উক্ত পণ্য বিক্রয়ের প্রদেয় আয়কর এর সাথে সমন্বয় করতে পারবেন।

এখানে উল্লেখ্য, ধারা ১৬৩(২) অনুযায়ী ন্যূনতম কর প্রযোজ্য হয় এরূপ আয়ের উৎস বা উৎসসমূহের জন্য ধারা ৭২ এর বিধানাবলি অনুসারে নিয়মিতভাবে হিসাব বহি সংরক্ষণ করতে হবে।

## ১০। রিটার্ন দাখিল

আয়কর আইন, ২০২৩ এ রিটার্ন দাখিল সংক্রান্ত বিধানাবলি নিম্নবর্ণিত সারণীতে উপস্থাপন করা হলো, যথা:

| ক্রমিক নং | রিটার্ন দাখিল সংক্রান্ত বিষয়াদি | |
|---|---|---|
| ১। | রিটার্ন কী? | আয়কর কর্তৃপক্ষের নিকট একজন করদাতার বার্ষিক আয়, ব্যয় এবং সম্পদের তথ্যাবলী নির্ধারিত ফরমে উপস্থাপন করার মাধ্যম হচ্ছে রিটার্ন। আয়কর আইন, ২০২৩ এর ধারা ১৬৫ অনুযায়ী জাতীয় রাজস্ব বোর্ড করদাতার শ্রেণিভিত্তিক এবং যেরূপ উপযুক্ত মনে করবে সেরূপে রিটার্ন নির্ধারণ করতে পারবে।<br>স্বাভাবিক ব্যক্তি করদাতাদের রিটার্ন সকল প্রকার আয়ের বিবরণী, বাংলাদেশে এবং বাংলাদেশের বাহিরে অবস্থিত সকল প্রকার পরিসম্পদ ও দায়ের |

| | | |
|---|---|---|
| | | বিবরণী এবং, ক্ষেত্রমত, জীবনযাপন সংশ্লিষ্ট সকল প্রকার ব্যয়ের বিবরণী সংবলিত হবে। |
| ২। | রিটার্ন দাখিল কে করবেন? | ধারা ১৬৬(১) অনুযায়ী নিম্নবর্ণিত ব্যক্তিগণের জন্য আয়কর রিটার্ন দাখিল বাধ্যতামূলক, যথা:<br>(ক) সংশ্লিষ্ট আয়বর্ষে তার আয় এই আইনের অধীন করমুক্ত আয়ের সীমা অতিক্রম করে;<br>(খ) সংশ্লিষ্ট আয়বর্ষের অব্যবহিত পূর্ববর্তী ৩ (তিন) বৎসরের মধ্যে কোনো বৎসর তার কর নির্ধারণ করা হয়;<br>(গ) উক্ত ব্যক্তি একটি কোম্পানি, কোনো শেয়ারহোল্ডার পরিচালক বা কোনো কোম্পানির শেয়ারহোল্ডার কর্মচারী, কোনো ফার্ম, কোনো ফার্মের অংশীদার, কোনো ব্যক্তিসংঘ, কোনো ব্যবসায় নির্বাহী বা ব্যবস্থাপকের পদধারী কোনো কর্মচারী, কোনো গণকর্মচারী হন বা কোনো অনিবাসী হন যার বাংলাদেশে স্থায়ী স্থাপনা রয়েছে;<br>(ঘ) উক্ত ব্যক্তি, কেবল দাতব্য উদ্দেশ্যে প্রতিষ্ঠিত কোনো প্রতিষ্ঠান ব্যতীত, সংশ্লিষ্ট আয়বর্ষে এরূপ কোনো আয় প্রাপ্ত হন, যা অংশ ৬ এর প্রথম অধ্যায়ের অধীন কর অব্যাহতি বা হ্রাসকৃত করহার সুবিধাপ্রাপ্ত;<br>(ঙ) ধারা ২৬১ অনুসারে করদাতা হিসাবে নিবন্ধনযোগ্য কোনো ব্যক্তি; বা<br>(চ) উক্ত ব্যক্তির ধারা ২৬৪ অনুযায়ী রিটার্ন দাখিলের প্রমাণ দাখিলের বাধ্যবাধকতা রয়েছে। |
| ৩। | রিটার্ন দাখিল কার কার জন্য বাধ্যতামূলক নয়? | ধারা ১৬৬(২) অনুযায়ী নিম্নবর্ণিত ব্যক্তিগণের জন্য আয়কর রিটার্ন দাখিল বাধ্যতামূলক নয়, যথা:<br>(ক) কোনো শিক্ষা প্রতিষ্ঠান-<br>(অ) যা বাংলা ভাষায় পাঠদানকারী প্রাথমিক বা প্রাক-প্রাথমিক বিদ্যালয় বা সরকারি মাধ্যমিক বা উচ্চ মাধ্যমিক বিদ্যালয়, বা যা |

| | | |
|---|---|---|
| | | মাসিক পেমেন্ট আদেশভুক্ত (এমপিও) শিক্ষা প্রতিষ্ঠান; এবং<br>(আ) যার ইংরেজি ভার্সন কারিকুলাম নাই;<br>(খ) সরকারি বিশ্ববিদ্যালয়;<br>(গ) বাংলাদেশ ব্যাংক;<br>(ঘ) স্থানীয় কর্তৃপক্ষ;<br>(ঙ) সংবিধিবদ্ধ সরকারি কর্তৃপক্ষ বা সায়ত্বশাসিত সংস্থা, যার সরকারের নিকট হতে প্রাপ্ত তহবিল ও সুদ আয় ব্যতীত অন্য কোনো আয় নাই;<br>(চ) আপাতত বলবৎ কোনো আইন দ্বারা বা আইনের অধীন প্রতিষ্ঠিত বা গঠিত যেকোনো সত্তা যাদের সরকারের নিকট হতে প্রাপ্ত তহবিল ব্যতীত অন্য কোনো আয় নাই;<br>(ছ) সরকারি ভবিষ্য তহবিল এবং সরকারি পেনশন তহবিল;<br>(জ) কোনো অনিবাসী স্বাভাবিক ব্যক্তি যার বাংলাদেশে কোনো নির্দিষ্ট ভিত্তি (fixed base) নাই; বা<br>(ঝ) বোর্ড কর্তৃক, সরকারি গেজেটে প্রজ্ঞাপন দ্বারা, রিটার্ন দাখিল করা হতে অব্যাহতিপ্রাপ্ত ব্যক্তিবর্গ। |
| ৪। | কোন ব্যক্তি করমুক্ত সত্তা হলে রিটার্ন দাখিল হতে অব্যাহতি পাবেন কি? | না। করমুক্ত সত্তা হলে রিটার্ন দাখিল হতে অব্যাহতি প্রাপ্ত হবে না। রিটার্ন দাখিল হতে অব্যাহতি প্রাপ্ত হতে হলে ১৬৬(২) অনুযায়ী রিটার্ন দাখিল হতে অব্যাহতি প্রাপ্ত হতে হবে অথবা এই ধারার অধীন সরকারি গেজেট প্রজ্ঞাপন দ্বারা রিটার্ন দাখিল হতে অব্যাহতি প্রাপ্ত হতে হবে। |
| ৫। | রিটার্ন দাখিলের সময় কখন? | ধারা ১৭১ অনুযায়ী প্রত্যেক করদাতাকে করদিবসের মধ্যে বা তার পূর্বে রিটার্ন দাখিল করতে হবে। |
| ৬। | কোথায় রিটার্ন দাখিল করা যাবে? | প্রত্যেক করদাতা তার জন্য নির্ধারিত অধিক্ষেত্র মোতাবেক রিটার্ন দাখিল করবেন। করদাতাগণ |

| | | |
|---|---|---|
| | | বোর্ড কর্তৃক নির্ধারিত পদ্ধতিতে অনলাইনেও রিটার্ন দাখিল করতে পারবেন।<br>কোনো অনিবাসি বাংলাদেশি করদাতা বিদেশে অবস্থান করলে তার রিটার্নের ভিত্তিতে করদায় পরিশোধের প্রমাণাদিসহ রিটার্ন নিকটস্থ বাংলাদেশ মিশনে দাখিল করতে পারবেন এবং মিশন তার দাপ্তরিক সিলসহ উক্ত রিটার্নের একটি প্রাপ্তি স্বীকার পত্র প্রদান করবে এবং রিটার্নটি বোর্ডের নিকট প্রেরণ করবে। |
| ৭। | করদিবসের পর রিটার্ন দাখিল করা যাবে কি? | হ্যাঁ। করদিবসের পর রিটার্ন দাখিল করা যাবে। |
| ৮। | করদাতা স্বেচ্ছায় করদিবসের পরে রিটার্ন দাখিল করতে পারবেন কি না? | হ্যাঁ। করদিবসের পর করদাতা স্বেচ্ছায় রিটার্ন দাখিল করতে পারবেন। |
| ৯। | করদিবসের পর রিটার্ন দাখিল করলে কর অব্যাহতি সুবিধা পাওয়া যাবে কি? | না। ধারা ৭৬(৫) অনুযায়ী করদিবসের মধ্যে কোনো ব্যক্তি কোনো করবর্ষে কর অব্যাহতি প্রাপ্ত হবেন না যদি তিনি নিম্নবর্ণিত শর্তাবলি পরিপালনে ব্যর্থ হন, যথা:-<br>(ক) করদিবসের মধ্যে রিটার্ন দাখিল; বা<br>(খ) ধারা ১৬৬ এবং ১৭১ এর বিধানাবলি পরিপালনপূর্বক রিটার্ন দাখিল; বা<br>(গ) উৎসে কর কর্তন, সংগ্রহ, জমা বা এতদসংক্রান্ত রিটার্ন দাখিল এবং অংশ ৭ এর বিধানাবলির পরিপালন; বা<br>(ঘ) কর অব্যাহতি প্রাপ্ত কোনো খাত হতে সকল প্রকার প্রাপ্তি ও আয় ব্যাংক ট্রান্সফারের মাধ্যমে গ্রহণে:<br>তবে, যেক্ষেত্রে প্রাপ্তির খাত “কৃষি হইতে আয়” হিসাবে পরিগণিত এবং কোনো আয়বর্ষে মোট প্রাপ্তির পরিমাণ ১ (এক) কোটি টাকার উর্ধ্বে নয় সেক্ষেত্রে সকল প্রকার প্রাপ্তি ও আয় ব্যাংক ট্রান্সফারের মাধ্যমে গ্রহণের বিধান প্রযোজ্য হবে না; |

| | | |
|---|---|---|
| ১০। | কর অব্যাহতি বলতে কী বুঝায়? | ধারা ২(২৬) অনুযায়ী "কর অব্যাহতি" অর্থ কোনো ব্যক্তিকে নিম্নবর্ণিত সুবিধা প্রদানের মাধ্যমে এ আইনের অধীন উদ্ভূত কোনো করদায় হতে আংশিক বা সম্পূর্ণ মুক্ত করা, যথা:-<br>(ক) রেয়াত, অবকাশ, অব্যাহতি;<br>(খ) হ্রাসকৃত হারে কর পরিশোধ; বা<br>(গ) মোট আয় পরিগণনা হতে কোনো আয় বাদ দেয়া। |
| ১১। | করদিবসের মধ্যে রিটার্ন দাখিলের ক্ষেত্রে কোন ধারা অনুযায়ী কর পরিগণনা করতে হবে? | করদিবসের মধ্যে রিটার্ন দাখিলের ক্ষেত্রে ধারা ১৭৩ অনুযায়ী কর পরিগণনা ও কর পরিশোধ করতে হবে।<br><br>**উদাহরণ ৪৯**<br>মিজ সুহাসিনীর ব্যবসা হইতে আয় রয়েছে। করদিবসের মধ্যে রিটার্ন দাখিলের ক্ষেত্রে, তার গ্রস করদায় ২০,০০০ টাকা। কর রেয়াতে পরিমাণ ৫,০০০ টাকা। উৎসে পরিশোধিত করের পরিমাণ ১৫,০০০ টাকা। রিটার্নের সাথে মিজ সুহাসিনীকে কি পরিমাণ কর পরিশোধ করতে হবে?<br><br>ধারা ১৭৩ অনুযায়ী নিম্নবর্ণিতভাবে করদায় নির্ধারণ ও পরিশোধ করতে হবে, যথা:<br>প্রদেয় করদায় = ২০,০০০-৫,০০০<br>= ১৫,০০০ টাকা<br>রিটার্নের সাথে এ-চালানের মাধ্যমে পরিশোধ করতে হবে (১৫,০০০-১৫,০০০) টাকা বা ০ টাকা। অর্থাৎ রিটার্ন দাখিলের সাথে করদাতাকে আর কোন প্রকারের অর্থ পরিশোধ করতে হবে না। |
| ১২। | করদিবসের পর রিটার্ন দাখিলের ক্ষেত্রে কোন ধারা অনুযায়ী কর পরিগণনা করতে হবে? | করদিবসের পর রিটার্ন দাখিলের ক্ষেত্রে ধারা ১৭৪ অনুযায়ী কর পরিগণনা ও কর পরিশোধ করতে হবে। |

| | | |
|---|---|---|
| ১৩। | ১৭৪ ধারায় কি বিলম্ব সুদ পরিগণনা করা হয়? | না। ১৭৪ ধারায় কোনো প্রকারের বিলম্ব সুদ পরিগণনা করা হয় না। কোনো করদাতা করদিবসের পর রিটার্ন দাখিল করলে তার করদায় নির্ধারণের নিয়ম-ই হচ্ছে ১৭৪ ধারানুসারে কর পরিগণনা। |
| ১৪। | ১৭৪ ধারার অনুসারে কিভাবে কর পরিগণনা করতে হবে? | ধারা ১৭৪ হচ্ছে করদিবস পরবর্তী সময়ে রিটার্ন দাখিল করা হলে করদায় পরিগণনার নিয়ম। করদাতা স্বয়ং কর দিবসের পর স্বনির্ধারণী পদ্ধতিতে রিটার্ন দাখিল করলে ধারা ১৭৪ অনুসারে কর পরিগণনাপূর্বক রিটার্ন দাখিল করবেন। করদিবসের পর সাধারণ পদ্ধতিতে রিটার্ন দাখিল করলে উপকর কমিশনার এ ধারা অনুসারে কর পরিগণনা করবেন।<br><br>কোনো করদাতা করদিবসের মধ্যে রিটার্ন দাখিলে ব্যর্থ হলে, নিম্নবর্ণিত নিয়মে করদাতার কর নির্ধারিত ও পরিশোধিত হবে, যথা:-<br>গ = ক × (১ + ০.০৪ × খ), যেখানে,-<br>গ = মোট প্রদেয় করের পরিমাণ, যেক্ষেত্রে-<br>(অ) করদাতা করদিবস পরবর্তী কোনো দিনে রিটার্ন দাখিল করেন; বা<br>(আ) কর কর্তৃপক্ষ করদিবস পরবর্তী কোনো দিনে করদাতার কর নির্ধারণ করেন,<br>ক = করদাতা করদিবসের মধ্যে রিটার্ন দাখিল করলে মোট যে পরিমাণ কর পরিশোধ করতেন সে অঙ্ক, তবে এক্ষেত্রে-<br>(অ) কর অব্যাহতি প্রাপ্ত আয় মোট আয়ের অন্তর্ভুক্ত হবে এবং নিয়মিত হারে কর পরিগণনা করতে হবে; এবং<br>(আ) ন্যূনতম কর, সারচার্জ ও সরল সুদ ব্যতীত এই আইনের অধীন প্রযোজ্য বা ধার্যকৃত কোনো জরিমানা বা কর এর অন্তর্ভুক্ত হবে না, |

| | | |
|---|---|---|
| | | খ = নিম্নবর্ণিতরূপে নির্ধারিত মাসের সংখ্যা, যথা:-<br>(অ) করদিবস অতিক্রান্ত হবার পর মাসের সংখ্যা যা অনধিক ২৪ হবে; এবং<br>(আ) কোনো মাসের ভগ্নাংশও ১ (এক) মাস হিসাবে পরিগণিত হবে।<br><br>**উদাহরণ ৫০**<br>মিজ সুহাসিনীর ব্যবসা হইতে আয় রয়েছে। করদিবসের মধ্যে রিটার্ন দাখিলের ক্ষেত্রে, তার গ্রস করদায় ২০,০০০ টাকা। কর রেয়াতে পরিমাণ ৫,০০০ টাকা। উৎসে পরিশোধিত করের পরিমাণ ১৫,০০০ টাকা। তিনি করদিবস অতিক্রান্ত হবার ২ মাস ২৮ দিন পর রিটার্ন দাখিল করবেন। রিটার্নের সাথে মিজ সুহাসিনীকে কি পরিমাণ কর পরিশোধ করতে হবে?<br><br>ধারা ১৭৪ অনুযায়ী নিম্নবর্ণিত ভাবে করদায় নির্ধারণ ও পরিশোধ করতে হবে, যথা:<br>প্রদেয় করদায় = ২০,০০০ × (১ + ০.০৪ × ৩)<br>= ২২,৪০০ টাকা<br>রিটার্নের সাথে এ-চালানের মাধ্যমে পরিশোধ করতে হবে (২২,৪০০-১৫,০০০) টাকা বা ৭,৪০০ টাকা।<br><br>**উদাহরণ ৫১**<br>২০২১-২০২২ আয়বর্ষে মিজ শিরিন আক্তারের সঞ্চয়পত্রের মুনাফা হতে আয় ৮,০০,০০০ টাকা। এছাড়াও উক্ত আয়বর্ষে তার জমি বিক্রয় হতে মূলধনি আয় রয়েছে ১০,০০,০০০ টাকা। উভয় উৎস হতে করদাতার উৎসে কর্তিত করের পরিমাণ ২,৮০,০০০ টাকা। করদাতার অন্যকোনো প্রকারের কোনো আয় নেই। করদাতা ১৮ অক্টোবর ২০২৩ তারিখে ২০২২-২০২৩ করবর্ষের জন্য রিটার্ন দাখিল করবেন। প্রশ্ন হলো আয়কর অধ্যাদেশ, ১৯৮৪ এর অধীন উক্ত করদায় চূড়ান্ত করদায় হওয়া সত্ত্বেও উক্ত আয়ের উপর আয়কর আইন, ২০২৩ |

| | | |
|---|---|---|
| | | এর ধারা ১৭৪ এর করদায় পরিগণনা করে কর পরিশোধ করতে হবে কিনা? না। যেহেতু করদাতার উক্ত উৎসসমূহ হতে উৎসে কর্তিত কর চূড়ান্ত করদায় হিসেবে আয়কর অধ্যাদেশ, ১৯৮৪-তে বিবেচিত তাই এটিকে কোনোভাবেই কর অব্যাহতি বলার সুযোগ নেই। ফলে, ২০২২-২০২৩ করবর্ষে বিবেচিত উক্ত করদায়ের উপর সারচার্জ ব্যতীত অতিরিক্ত কর আরোপ বা আদায়ের সুযোগ নেই। অর্থাৎ এক্ষেত্রে ধারা ১৭৪ এর প্রয়োগের সুযোগ নেই।<br><br>**উদাহরণ ৫২**<br>২০২২-২০২৩ আয়বর্ষে মিজ আরিশা সঞ্চয়পত্রের মুনাফা হতে আয় ৮,০০,০০০ টাকা। এছাড়াও উক্ত আয়বর্ষে তার জমি বিক্রয় হতে মূলধনি আয় রয়েছে ১০,০০,০০০ টাকা। উভয় উৎস হতে করদাতার উৎসে কর্তিত করের পরিমাণ ২,৮০,০০০ টাকা। করদাতার অন্যকোনো প্রকারের কোনো আয় নেই। করদাতা ২০২৩-২০২৪ করবর্ষের রিটার্ন কর দিবসের মধ্যে দাখিলে না ১৭৪ ধারা অনুযায়ী কর পরিগণনা কি প্রযোজ্য হবে? হ্যাঁ হবে। যেহেতু সরকারি প্রজ্ঞাপনের মাধ্যমে এ সকল উৎস হতে উৎসে কর্তিত করের পরিমাণকে চূড়ান্ত করদায় হিসেবে নির্ধারণ করে উক্ত উৎস হতে অর্জিত আয়ের বিপরীতে উদ্ভূত অতিরিক্ত কোনো করদায় পরিশোধ হতে অব্যাহতি প্রদান করা হয়েছে তাই এ ক্ষেত্রে ১৭৪ ধারা প্রযোজ্য হবে। |
| ১৫। | কর দিবসের পর স্বনির্ধারণী পদ্ধতিতে রিটার্ন দাখিল করা যাবে কি না? | যেকোনো করদাতা যেকোনো সময় রিটার্ন দাখিল করতে পারবেন এবং কেবল স্বনির্ধারণী পদ্ধতিতে রিটার্ন দাখিল করতে পারবেন। |
| ১৬। | স্বনির্ধারণী পদ্ধতি দাখিল বলতে কি বুঝায়? | স্বনির্ধারণী পদ্ধতিতে রিটার্ন দাখিল করার মানে হলো করদাতা নিজেই নিজের আয় ও কর নির্ধারণ করেন এবং সে মোতাবেক কর পরিশোধ ও রিটার্ন দাখিল করেন। স্বনির্ধারণী পদ্ধতিতে রিটার্ন দাখিলের ক্ষেত্রে আয় ও কর পরিশোধের সপক্ষে সকল প্রমাণদি সংযুক্ত করতে হবে। এক্ষেত্রে |

| | | |
|---|---|---|
| | | উপকর কমিশনার রিটার্ন কোনো গাণিতিক ত্রুটি লক্ষ্য করলে রিটার্ন প্রসেস করে করদাতার বরাবরে অতিরিক্ত অংক পরিশোধের জন্য বলতে পারেন এবং একই সাথে সংশোধিত রিটার্ন দাখিলের জন্যও বলতে পারেন। |
| ১৭। | সাধারণ পদ্ধতিতে রিটার্ন দাখিল বলতে কী বুঝায়? | সাধারণ পদ্ধতিতে রিটার্ন দাখিল করার মানে হলো করদাতা নিজেই নিজের আয় ও করপরিগণনা করেন এবং সে মোতাবেক কর পরিশোধ ও রিটার্ন দাখিল করেন। তবে, এক্ষেত্রে তিনি উপকর কমিশনারের কর্তৃক পুন: কর নির্ধারণের জন্য রিটার্ন দাখিল করেন। |
| ১৮। | স্বনির্ধারণী পদ্ধতি দাখিলের কোনো বাধ্যবাধকতা রয়েছে কি? | হ্যাঁ। ধারা ১৭০ অনুযায়ী সকল ব্যক্তিকে ধারা ১৮০ মোতাবেক অর্থাৎ স্বনির্ধারণী পদ্ধতিতে রিটার্ন দাখিল করতে হবে। তবে, নিম্নবর্ণিত ব্যক্তিদের ক্ষেত্রে স্বনির্ধারণী পদ্ধতিতে আয়কর রিটার্ন দাখিল বাধ্যতামূলক নয় (অর্থাৎ তারা সাধারণ পদ্ধতিতে রিটার্ন দাখিল করতে পারবেন), যথা:<br>১। এক ব্যক্তি কোম্পানি, ব্যাংক, ইন্স্যুরেন্স ও আর্থিক প্রতিষ্ঠান ব্যতীত অন্যান্য কোম্পানি; এবং<br>২। বাংলাদেশ ত্যাগকারী ব্যক্তি। |
| ১৯। | রিটার্ন দাখিলের সময় কী কী দলিলাদি দাখিল করতে হবে?<br>কোন রিটার্ন অসম্পূর্ণ রিটার্ন বলে বিবেচিত হবে?<br>বোর্ড কর্তৃক নির্ধারিত ইলেক্ট্রনিক সিস্টেমে রিটার্ন দাখিল করলে, রিটার্ন সম্পূর্ণ বলে গণ্য হবে কিনা? | ধারা ১৬৯ অনুযায়ী বোর্ড কর্তৃক নির্ধারিত ফরমে প্রয়োজনীয় বিবরণ ও তথ্যাদি প্রদান করে নির্ধারিত তফসিলসমূহ, বিবৃতি, হিসাব, পরিশিষ্ট বা দলিলাদিসহ রিটার্ন দাখিল করতে হবে।<br>করদাতা যদি কোম্পানি হন অথবা করদাতার যদি দীর্ঘমেয়াদি চুক্তি সম্পাদন হতে আয় থাকে তবে রিটার্নের সাথে নিম্নবর্ণিত দলিলাদি দাখিল করতে হবে, যথা:<br>(ক) নিরীক্ষিত আর্থিক বিবরণী;<br>(খ) যাচাইয়ের নিমিত্ত বোর্ড কর্তৃক, সময় সময়, নির্ধারিত মানদণ্ড অনুসরণের প্রমাণ; এবং<br>(গ) আর্থিক বিবরণীতে প্রদর্শিত লাভ-ক্ষতি এবং রিটার্নে প্রদর্শিত আয়ের মধ্যকার |

| | | |
|---|---|---|
| | | পার্থক্যের ব্যাখ্যাসহ একটি পৃথক পরিগণনা পত্র।<br>কোনো আয়বর্ষে আন্তর্জাতিক লেনদেন থাকলে এরূপ কোনো সত্তার ক্ষেত্রে, ধারা ২৩৮ এর অধীন আন্তর্জাতিক লেনদেন সম্পর্কিত একটি বিবরণী রিটার্নের সাথে দাখিল করতে হবে।<br><br>উল্লেখিত বিধানাবলির পরিপালনের ব্যর্থতায় একটি রিটার্নকে অসম্পূর্ণ রিটার্ন বলে বিবেচনা করা যাবে।<br><br>বোর্ড কর্তৃক নির্ধারিত ইলেক্ট্রনিক সিস্টেমে রিটার্ন দাখিল করলে রিটার্নটি সম্পূর্ণ বলে গণ্য হবে। |
| ২০। | কোম্পানি বা দীর্ঘমেয়াদি চুক্তি সম্পাদন হতে আয় রয়েছে এমন ব্যক্তি ব্যতীত অন্য কোনো ব্যক্তি কর্তৃক রিটার্নের সাথে নিরীক্ষিত আর্থিক বিবরণী দাখিলের বাধ্যবাধকতা রয়েছে কি? | ধারা ৭৩ অনুযায়ী নিম্নবর্ণিত ব্যক্তিদের নিরীক্ষিত আর্থিক বিবরণী দাখিল করতে হবে, যথা:<br>১। আয়কর আইন, ২০২৩ এ সংজ্ঞায়িত কোনো কোম্পানি<br>২। ৩ কোটি টাকার উর্ধ্বে টার্নওভার রহিয়াছে এইরূপ ফার্ম, ব্যক্তিসংঘ, তহবিল এবং দীর্ঘ মেয়াদি চুক্তি হইতে আয় প্রাপ্ত যেকোনো ব্যক্তি |
| ২১। | রিটার্নের সাথে কিরূপ নিরীক্ষিত আর্থিক বিবরণী দাখিল করতে হবে? | রিটার্নের সাথে চার্টার্ড অ্যাকাউন্টেন্ট দ্বারা প্রত্যয়িত আয় বিবরণী এবং স্থিতিপত্রের একটি অনুলিপি এ মর্মে প্রদান করতে হবে যে-<br>(ক) উক্ত করবর্ষের জন্য International Accounting Standards (IAS), International Financial Reporting Standards (IFRS) ও বাংলাদেশে বলবৎ সংশ্লিষ্ট আইন অনুযায়ী হিসাব সংরক্ষণ করা হয়েছে এবং বিবরণী প্রস্তুত ও দাখিল করা হয়েছে;<br>(খ) বোর্ড কর্তৃক, সময় সময়, নির্ধারিত মানদণ্ড (যেমন: Data Verification |

| | | |
|---|---|---|
| | | System বা DVS) অনুসরণ করা হয়েছে; এবং<br>(গ) International Standards on Auditing (ISA) অনুসারে নিরীক্ষা করা হয়েছে। |
| ২২। | রিটার্ন স্বাক্ষর বা প্রতিপাদনের প্রয়োজন রয়েছে কি? | বোর্ড কর্তৃক নির্ধারিত ইলেক্ট্রনিক মাধ্যমে রিটার্ন দাখিলের ক্ষেত্র ব্যতীত অন্যান্য ক্ষেত্রে রিটার্ন নিম্নবর্ণিত ব্যক্তি কর্তৃক স্বাক্ষরিত ও প্রতিপাদিত হইতে হইবে, যথা:-<br>(ক) কোনো স্বাভাবিক করদাতার ক্ষেত্রে, করদাতা স্বয়ং; তিনি বাংলাদেশে না থাকিলে সংশ্লিষ্ট কোনো ব্যক্তি কর্তৃক বা এতদুদ্দেশ্যে তৎকর্তৃক ক্ষমতাপ্রাপ্ত কোনো ব্যক্তি কর্তৃক, এবং তিনি মানসিক অপ্রকৃতিস্থতার কারণে স্বাভাবিক কর্ম করতে অপারগ হলে, তার অভিভাবক কর্তৃক বা তার পক্ষে স্বাক্ষর করতে আইনগতভাবে উপযুক্ত কোনো ব্যক্তি;<br>(খ) কোনো হিন্দু অবিভক্ত পরিবারের ক্ষেত্রে, পরিবারের কর্তা কর্তৃক, এবং কর্তা বাংলাদেশে অবস্থান না করিলে বা মানসিক অক্ষমতার কারণে স্বাভাবিক কর্ম করতে অপারগ হলে, উক্ত পরিবারের কোনো প্রাপ্তবয়স্ক ব্যক্তি;<br>(গ) কোনো কোম্পানি বা স্থানীয় কর্তৃপক্ষের ক্ষেত্রে, প্রধান কর্মকর্তা;<br>(ঘ) কোনো ফার্মের ক্ষেত্রে, কোনো নাবালক অংশীদার ব্যতীত, তার যেকোনো অংশীদার;<br>(ঙ) অন্য কোনো সংঘের ক্ষেত্রে, সংঘের কোনো সদস্য বা মুখ্য কর্মকর্তা; এবং<br>(চ) অন্যান্য ব্যক্তির ক্ষেত্রে, উক্ত ব্যক্তি কর্তৃক বা তার পক্ষে স্বাক্ষর করতে আইনগতভাবে উপযুক্ত কোনো ব্যক্তি। |

| | | |
|---|---|---|
| ২৩। | অসম্পূর্ণ রিটার্ন দাখিলের ফলাফল কী বা আয়ের স্বপক্ষে প্রমাণাদি উপস্থাপনের ব্যর্থতায় কী কী পরিস্থিতি উদ্ভূত হতে পারে?<br><br>স্বনির্ধারণী পদ্ধতিতে দাখিলকৃত কোন রিটার্নকে উপকর কমিশনার সাধারণ হিসাবে গণ্য করতে পারবেন কি না? | দাখিলকৃত রিটার্ন অসম্পূর্ণ হলে বা করদাতা আয়ের স্বপক্ষে প্রমাণাদি উপস্থাপনে ব্যর্থ হলে, উপকর কমিশনার ধারা ১৭৬(২) অনুযায়ী কারণ উল্লেখপূর্বক, করদাতার নিকট সংশ্লিষ্ট তথ্যাদি, যাচাইকরণ, বিবৃতি বা দলিলাদি নোটিশে উল্লিখিত সময়ের মধ্যে দাখিল করার জন্য নোটিশ প্রেরণ করতে পারবেন।<br><br>উক্ত নোটিশে প্রেক্ষিতে করদাতা নোটিশের বিষয়বস্তু সম্পূর্ণ বাস্তবায়ন করলে রিটার্ন বা সংশোধিত রিটার্ন দাখিলের তারিখে সম্পূর্ণ হয়েছে বলে বিবেচিত হবে।<br><br>করদাতা উক্ত নোটিশ পরিপালনে ব্যর্থ হলে উপকর কমিশনার ধারা ১৮০(১) এর শর্ত অনুযায়ী দাখিলকৃত রিটার্নকে সাধারণ রিটার্ন হিসেবে গণ্য করে কর নির্ধারণ করতে পারবেন। কোনো রিটার্ন সাধারণ রিটার্ন হিসেবে গণ্য হলে উপকর কমিশনার করদাতাকে ১৮৩ ধারায় শুনানী সুযোগ দিয়ে কর নির্ধারণ করবেন। ধারা ১৮৩ অনুযায়ী করদাতা শুনানীতে অংশগ্রহণ করতে ব্যর্থ হলে উপকর কমিশনার ধারা ১৮৪ অনুযায়ী সর্বোত্তম বিচার ভিত্তিক (বা এক তরফা) কর নির্ধারণ করবেন। |
| ২৪। | উপকর কমিশনার করবর্ষের মধ্যে ও করবর্ষের পরে রিটার্ন দাখিলের জন্য নোটিশ করতে পারবে কি না? | হ্যাঁ। উপকর কমিশনার ধারা ১৭২ অনুযায়ী যেকোনো সময়, কোনো ব্যক্তিকে, লিখিত নোটিশ দ্বারা, তার আয়ের রিটার্ন দাখিল করার জন্য নির্দেশ প্রদান করিতে পারবেন, যদি-<br>(ক) ধারা ১৬৬ এর অধীন উক্ত ব্যক্তির রিটার্ন দাখিল করা আবশ্যক হয়; বা<br>(খ) উক্ত ব্যক্তির মোট আয় সংশ্লিষ্ট আয়বর্ষে কর আরোপযোগ্য হয়।<br>এক্ষেত্রে রিটার্ন দাখিলের জন্য উপকর কমিশনার অনূন্য ২১ দিন সময় দিবেন। এছাড়াও তিনি যেরূপ বর্ধিত সময় অনুমোদন করবেন সেরূপ বর্ধিত সময়ের মধ্যে রিটার্ন দাখিল করতে হবে। |

| | | |
|---|---|---|
| | | করবর্ষ পরবর্তী যেকোনো সময় উপকর কমিশনারের নিকট যদি সুনির্দিষ্ট তথ্য থাকে যে কোনো ব্যক্তি সংশ্লিষ্ট করবর্ষে কোনো রিটার্ন দাখিল করেননি এবং তার ও কোনো কর নির্ধারণ করা হয়নি ফলে ঐ ব্যক্তি কর বা অন্যান্য অংক পরিশোধ এড়িয়ে গিয়েছেন তবে তিনি ২১২ ধারা অনুযায়ী নোটিশ জারি করতে পারবেন। |
| ২৫। | করদিবসের মধ্যে রিটার্ন দাখিল না করলে, নোটিশ প্রেরণের প্রেক্ষিতে স্বনির্ধারণী পদ্ধতিতে রিটার্ন দাখিল করা যাবে কি না? | হ্যাঁ। ধারা ১৭২ বা ধারা ২১২ এর অধীন নোটিশ জারির প্রেক্ষিতে স্বনির্ধারণী পদ্ধতিতে রিটার্ন দাখিল করা যাবে। তবে, এটি কেবল বকেয়া রিটার্ন দাখিল করার ক্ষেত্রে প্রযোজ্য হবে। |
| ২৬। | ২১২ ধারায় পুনঃউন্মোচনের জন্য নোটিশের প্রেক্ষিতে দাখিলকৃত রিটার্ন কি স্বনির্ধারণী হবে? | না। ২১২ ধারায় পুনঃউন্মোচনের জন্য নোটিশের প্রেক্ষিতে দাখিলকৃত রিটার্ন স্বনির্ধারণী পদ্ধতিতে দাখিলকৃত বলে গণ হবেনা। |
| ২৭। | কোনো করবর্ষে কোনো করদাতা স্বনির্ধারণী পদ্ধতিতে রিটার্ন দাখিল করলে উপকর কমিশনার উক্ত করবর্ষে সুনির্দিষ্ট তথ্যের ভিত্তিতে পুনঃউন্মোচন করতে পারবেন কিনা? | করদাতা যে করবর্ষে রিটার্ন দাখিল করলেন উক্ত করবর্ষে যদি উপকর কমিশনারের নিকট কর পরিশোধ এড়িয়ে যাওয়ার সুনির্দিষ্ট কোনো তথ্য থাকলে তিনি ২১২ ধারা অনুযায়ী পুনঃউন্মোচন করতে পারবেন। |
| ২৮। | করদাতা কর্তৃক দাখিলকৃত কোন রিটার্ন বাতিল করা যাবে কি না? | না। ধারা ১৭৬ এবং ধারা ১৮০(১) এক সঙ্গে বিবেচনা করলে দাখিলকৃত কোনো রিটার্ন বাতিলের কোনো সুযোগ নেই। সাধারণ রিটার্ন হিসেবে গণ্য করে কর নির্ধারণ করতে হবে। |
| ২৯। | সংশোধিত রিটার্ন কী? | করদাতা কর্তৃক দাখিলকৃত রিটার্নে কোন উপেক্ষিত বা অশুদ্ধ বিবৃতি পরিলক্ষিত হলে তা শুদ্ধ করে |

| | | |
|---|---|---|
| | | রিটার্ন দাখিল-ই সংশোধিত রিটার্ন। সংশোধিত রিটার্ন দাখিলের মাধ্যমে কম পরিগণিত কর পরিশোধ করা যাবে অথবা প্রদর্শিত আয়ের বিপরীতে অধিক কর পরিগণনা করা হলে সেক্ষেত্রে প্রত্যর্পণ দাবি করা যাবে। |
| ৩০। | সংশোধিত রিটার্ন কখন দাখিল করা যাবে? | নিম্নবর্ণিত ক্ষেত্রসমূহে সংশোধিত রিটার্ন দাখিল করা যাবে, যথা:<br>১। স্বনির্ধারণী পদ্ধতিতে রিটার্ন দাখিলের ১৮০তম দিনের মধ্যে সংশোধিত রিটার্ন দাখিল করা যাবে;<br>২। রিটার্ন প্রসেসের ফলশ্রুতিতে উপকর কমিশনারের নোটিশের প্রেক্ষিতে;<br>৩। ২১২ ধারার অধীন উপকর কমিশনারের নোটিশের প্রেক্ষিতে;<br>৪। ১৮২ ধারার অধীন অডিট প্রতিবেদন অনুসারে সংশোধিত রিটার্ন দাখিলের নোটিশের প্রেক্ষিতে;<br>৫। সাধারণ রিটার্ন দাখিল হয়েছে কিন্তু কর নির্ধারণ সম্পন্ন না হলে সংশ্লিষ্ট করবর্ষের কর নির্ধারণী আদেশ প্রণয়নের সর্বশেষ তারিখের অন্যূন ৬ মাস পূর্বে অথবা প্রথমবার ধার্যকৃত শুনানির তারিখের পূর্বে, যেটি আগে ঘটে। |
| ৩১। | কখন সংশোধিত রিটার্ন দাখিল করা যাবে না? | নিম্নবর্ণিত ক্ষেত্রসমূহে সংশোধিত রিটার্ন দাখিল করা যাবে না, যথা:<br>১। স্বনির্ধারণী পদ্ধতিতে রিটার্ন দাখিলের ক্ষেত্রে-<br>(ক) রিটার্ন দাখিল করার তারিখ হতে ১৮০ দিন শেষ হবার পর;<br>(খ) সংশোধিত রিটার্ন প্রথমবার দাখিলের পর; বা<br>(গ) মূল রিটার্নটি ধারা ১৮২ এর অধীনে অডিটের জন্য নির্বাচিত হবার পর।<br>২। সাধারণ রিটার্ন দাখিলের ক্ষেত্রে-<br>(ক) কোনো প্রদর্শিত দায় হ্রাস করে; |

| | | |
|---|---|---|
| | | (খ) সংশ্লিষ্ট করবর্ষের কর নির্ধারণী আদেশ প্রণয়নের সর্বশেষ তারিখের ৬ মাসের মধ্যে অথবা প্রথমবার ধার্যকৃত শুনানির তারিখে বা তারপর। |
| ৩২। | উৎসে করের রিটার্ন কী? কখন দাখিল করতে হবে? | উৎসে কর কর্তন বা সংগ্রহের বিস্তারিত বিবরণাদি সংবলিত রিটার্ন উৎসে করের রিটার্ন। এটি বোর্ড কর্তৃক নির্ধারিত একটি রিটার্ন। উৎসে কর বিধিমালায় এই রিটার্নটি রয়েছে। জাতীয় রাজস্ব বোর্ডের ওয়েবসাইটেও (www.nbr.gov.bd) এই রিটার্ন পাওয়া যাবে।<br><br>উৎসে করের রিটার্ন নিম্নবর্ণিত সময়ের মধ্যে দাখিল করতে হবে, যথা:-<br>(ক) প্রতি মাসের ১৫ তারিখের মধ্যে পূর্ববর্তী মাসের জন্য প্রযোজ্য রিটার্ন দাখিল করতে হবে; এবং<br>(খ) যেক্ষেত্রে কোনো মাসের ১৫ তারিখ সাপ্তাহিক বা সরকারি কোনো ছুটির দিন সেক্ষেত্রে পরবতী অফিস খোলার দিনের মধ্যে রিটার্ন দাখিল করতে হবে।<br>যেমন, অক্টোবর, ২০২৩ মাসে কর্তিত উৎসে কর নভেম্বর, ২০২৩ মাসের ১৪ তারিখের মধ্যে জমা করতে হবে এবং অক্টোবর, ২০২৩ মাসের জন্য প্রযোজ্য উৎসে করের রিটার্ন নভেম্বর, ২০২৩ মাসের ১৫ তারিখের মধ্যে দাখিল করতে হবে।<br>তবে, করদাতার আবেদনের প্রেক্ষিতে উপকর কমিশনার রিটার্ন দাখিলের সময় নির্ধারিত তারিখ হতে অনধিক ১৫ (পনেরো) দিন বা উক্ত মাসের শেষ দিন পর্যন্ত বৃদ্ধি করতে পারবেন। |
| ৩৩। | কে কে উৎসে করের রিটার্ন দাখিল করবেন? | নিম্নবর্ণিত ব্যক্তিগণ উৎসে করের রিটার্ন দাখিল করবেন, যথা:<br>১। আয়কর আইন, ২০২৩ এ সংজ্ঞায়িত কোনো কোম্পানি;<br>তবে, উক্ত সংজ্ঞাভুক্ত কোম্পানিসমূহের নিম্নবর্ণিত কোম্পানিসমূহ উৎসে করের রিটার্ন দাখিল হতে অব্যাহতি প্রাপ্ত, যথা: |

| | | |
|---|---|---|
| | | (ক) স্থানীয় কর্তৃপক্ষ;<br>(খ) স্বায়ত্তশাসিত সংস্থা;<br>(গ) সরকারের কোনো কর্তৃপক্ষ;<br>(ঘ) বাংলা ভাষায় পাঠদানকারী প্রাথমিক বা প্রাক-প্রাথমিক বিদ্যালয়, সরকারি মাধ্যমিক বা উচ্চ মাধ্যমিক বিদ্যালয়; বা<br>(ঙ) মাসিক পেমেন্ট আদেশভুক্ত (এমপিও) কোনো শিক্ষা প্রতিষ্ঠান ব্যতীত অন্যান্য কোম্পানি;<br>২। ফার্ম;<br>৩। ব্যক্তিসংঘ;<br>৪। বেসরকারি হাসপাতাল;<br>৫। ক্লিনিক; এবং<br>৬। ডায়াগনস্টিক সেন্টার। |

## ১১। করদাতা নিবন্ধন ও নিবন্ধন বাতিল

আয়কর আইন, ২৬১ ধারানুযায়ী কোনো ব্যক্তি নিজেকে করদাতা হিসাবে নিবন্ধন করবেন, যদি তিনি-

(ক) করদাতা হন;

(খ) ধারা ১৬৬ এর অধীন রিটার্ন জমা দিতে বাধ্য হন;

(গ) ধারা ২৬৪ এর অধীন রিটার্ন দাখিলের প্রমাণ উপস্থাপন করতে বাধ্য হন;

(ঘ) কর প্রদান করতে অথবা রিটার্ন দাখিল করতে ইচ্ছুক হন।

ধারা ২৬২ অনুসারে নিম্নবর্ণিত ক্ষেত্রে একজন ব্যক্তি নিবন্ধন বাতিলের আবেদন করতে পারবে, যথা:

(ক) ধারা ২৬৪ এর অধীন রিটার্ন দাখিলের প্রমাণ উপস্থাপনে আর বাধ্য না হন এবং-

(অ) ধারা ২ এর দফা ২২ এর অধীন করদাতা হিসাবে আর সংজ্ঞায়িত না হন;

(আ) পরপর বিগত ৩ বছর করযোগ্য আয় শূন্য হন এবং শারীরিক অক্ষমতার কারণে বা অন্য কোনো কারণে ভবিষ্যতে কোনো করযোগ্য আয় শূন্য থাকবেন; বা

(ই) ধারা ১৬৬ এর অধীন আর রিটার্ন দাখিলের প্রয়োজন নাই;

(খ) মৃত্যু, অবসায়ন, অবলুপ্তি (dissolution) বা অনুরূপ অন্য কোনো কারণে অস্তিত্বহীন হয়ে যান;

(গ) স্থায়ীভাবে বাংলাদেশ ত্যাগ করেন এবং বাংলাদেশে আয় উপার্জক কোনো কর্মকাণ্ড করবেন না;

(ঘ) ডুপ্লিকেট (duplicate) নিবন্ধন বা ভুল নিবন্ধন পেয়ে থাকেন;

(ঙ) আইনি মর্যাদা পরিবর্তন করেন;

(চ) অন্য কোনো আইনানুগ কারণ প্রদর্শন করেন।

১২। **রিটার্ন দাখিলের প্রমাণ দাখিলের বাধ্যবাধকতা**

আয়কর আইন, ২০২৩ এর ধারা ২৬৪ অনুযায়ী বিভিন্ন সেবা, পণ্য ক্রয়সহ নানাবিধ ক্ষেত্রে রিটার্ন দাখিলের প্রমাণ দাখিল বাধ্যতামূলক করা হয়েছে।

### ১২.১ PSR কী এবং এটি কার্যকর করার আইনি দায়িত্ব সম্পন্ন ব্যক্তিগণ কারা?

রিটার্ন দাখিলের প্রমাণ (Proof of Submission of Return or PSR) বলতে নিম্নবর্ণিত দলিলাদিকে বুঝাবে, যথা:

(ক) রিটার্ন দাখিলের প্রত্যয়ন বা প্রাপ্তি স্বীকার পত্র;

(খ) করদাতার নাম, টিআইএন এবং করবর্ষ সংবলিত সিস্টেম জেনারেটেড সার্টিফিকেট; বা

(গ) করদাতার নাম, টিআইএন এবং করবর্ষ সংবলিত উপকর কমিশনার কর্তৃক ইস্যুকৃত প্রত্যয়ন।

নিম্নবর্ণিত সারণীতে উল্লেখিত ক্ষেত্রসমূহ রিটার্ন দাখিলের প্রমাণ উপস্থাপনের বাধ্যবাধকতা রয়েছে, যথা:

| ক্রমিক নং | PSR দাখিলের ক্ষেত্রসমূহ | বাস্তবায়নকারী | কখন PSR দাখিল করতে হবে? |
|---|---|---|---|
| ১। | করারোপযোগ্য আয় না থাকা সাপেক্ষে, ২০ (বিশ) লক্ষাধিক টাকার ঋণ গ্রহণে; | ১। বাংলাদেশ ব্যাংক;<br>২। সকল ব্যাংক ও আর্থিক প্রতিষ্ঠান | ঋণের জন্য আবেদনকালে |
| ২। | কোন কোম্পানির পরিচালক বা স্পন্সর শেয়ারহোল্ডার হতে হলে | ১। RJSC<br>২।সংশ্লিষ্ট কোম্পানি | পরিচালক হিসেবে অন্তর্ভূক্তিকালে |
| ৩। | আমদানি নিবন্ধন সনদ ও রপ্তানি নিবন্ধন সনদ প্রাপ্তি ও বহাল রাখতে | আমদানি ও রপ্তানি নিয়ন্ত্রণ অধিদপ্তর | ১। সনদ প্রদান ও নবায়নকালে<br>২। প্রতিবছরের একটি নির্দিষ্ট সময়ে সর্বশেষ করবর্ষের PSR নিতে হবে |
| ৪। | ট্রেড লাইসেন্স প্রাপ্তি ও নবায়ন করতে | ১। সিটি কর্পোরেশন<br>২। পৌরসভা | ১। ট্রেড লাইসেন্স প্রদান ও নবায়নকালে |

| ক্রমিক নং | PSR দাখিলের ক্ষেত্রসমূহ | বাস্তবায়নকারী | কখন PSR দাখিল করতে হবে? |
| --- | --- | --- | --- |
| ৫। | সমবায় সমিতির নিবন্ধন | সমবায় অধিদপ্তর | নিবন্ধনকালে |
| ৬। | সাধারণ বিমার সার্ভেয়ার হিসেবে তালিকাভুক্তি এবং লাইসেন্স প্রাপ্তি ও নবায়ন করতে | বীমা উন্নয়ন ও নিয়ন্ত্রণ কর্তৃপক্ষ | ১। তালিকাভুক্তির সময়;<br>২। লাইসেন্স প্রাপ্তি ও নবায়নের সময় |
| ৭। | সিটি কর্পোরেশন, পৌরসভা ও ক্যান্টনমেন্ট বোর্ড এলাকায় ১০ লক্ষাধিক টাকার জমি, বিল্ডিং বা অ্যাপার্টমেন্ট বিক্রয় বা লিজ বা হস্তান্তর বা বায়নানামা বা আমমোক্তারনামা নিবন্ধন | রেজিস্ট্রেশনের জন্য দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা | রেজিস্ট্রেশনের সময় |
| ৮। | ক্রেডিট কার্ড প্রাপ্তি ও বহাল রাখতে | ব্যাংক | ১। ক্রেডিট কার্ড প্রাপ্তিতে<br>২। প্রতিবছরের একটি নির্দিষ্ট সময়ে সর্বশেষ করবর্ষের PSR নিতে হবে |
| ৯। | চিকিৎসক, দন্ত চিকিৎসক, আইনজীবী, চার্টার্ড একাউন্টেন্ট, কস্ট এন্ড ম্যানেজমেন্ট একাউন্টেন্ট, প্রকৌশলী, স্থপতি অথবা সার্ভেয়ার হিসেবে বা সমজাতীয় পেশাজীবী হিসেবে কোন স্বীকৃত পেশাজীবী সংস্থার সদস্যপদ প্রাপ্তি ও বহাল রাখতে | ১। বাংলাদেশ মেডিকেল ও ডেন্টাল কাউন্সিল<br>২। আইসিএবি, বাংলাদেশ<br>৩। আইসিএমএবি, বাংলাদেশ<br>৪। দ্যা ইনস্টিটিউশন অব ইঞ্জিনিয়ারস্<br>৫। বাংলাদেশ বার কাউন্সিল | ১। সনদ প্রাপ্তির আবেদনের সময়<br>২। প্রতিবছরের একটি নির্দিষ্ট সময়ে সর্বশেষ করবর্ষের PSR নিতে হবে |

| ক্রমিক নং | PSR দাখিলের ক্ষেত্রসমূহ | বাস্তবায়নকারী | কখন PSR দাখিল করতে হবে? |
|---|---|---|---|
| | | ৬। অন্যান্য পেশাজীবী সংগঠন | |
| ৭। | ঢাকার উত্তরা (সেক্টর ১০-১৪), নিকুঞ্জ (দক্ষিণ), নিকুঞ্জ (উত্তর), বাড্ডা পুনর্বাসন এলাকা, গেন্ডারিয়া পুনর্বাসন এলাকা, শ্যামপুর পুনর্বাসন এলাকা, আইজি বাগান পুনর্বাসন এলাকা ও টঙ্গী শিল্প এলাকা | দলিল মূল্যের ৮% বা কাঠাপ্রতি ১,২০,০০০ টাকা যাহা সর্বোচ্চ |
| ৮। | ঢাকার শ্যামপুর শিল্প এলাকা, পোস্তগোলা শিল্প এলাকা, জুরাইন শিল্প এলাকা | দলিল মূল্যের ৮% বা কাঠাপ্রতি ১,০০,০০০ টাকা যাহা সর্বোচ্চ |
| ৯। | ঢাকার খিলগাঁও পুনর্বাসন এলাকা (একশত ফিটের কম প্রশস্ত রাস্তার পাশে), রাজারবাগ পুনর্বাসন এলাকা (চল্লিশ ফিট ও অন্যান্য অভ্যন্তরীণ রাস্তার পাশে) | দলিল মূল্যের ৮% বা কাঠাপ্রতি ১,৫০,০০০ টাকা যাহা সর্বোচ্চ |
| ১০। | ঢাকার গোড়ান (চল্লিশ ফিট রাস্তার পাশে), হাজারীবাগ ট্যানারী এলাকা | দলিল মূল্যের ৮% বা কাঠাপ্রতি ৬০,০০০ টাকা যাহা সর্বোচ্চ: |

তবে শর্ত থাকে যে, যদি জমিতে কোনো স্থাপনা, বাড়ি, ফ্ল্যাট, অ্যাপার্টমেন্ট অথবা ফ্লোর স্পেস থাকে তবে, প্রতি বর্গ মিটারে ৮০০ (আটশত) টাকা হারে অথবা উক্ত স্থাপনা, বাড়ি, ফ্ল্যাট, অ্যাপার্টমেন্ট অথবা ফ্লোর স্পেস এর দলিল মূল্যের ৮% (আট শতাংশ) এর মধ্যে যাহা সর্বোচ্চ সেই হারে অতিরিক্ত কর প্রযোজ্য হইবে;

(গ) নিম্নবর্ণিত এলাকায় অবস্থিত জমি বা জমিসহ বাড়ির জন্য প্রযোজ্য করহার:

| ক্রমিক নং | এলাকার নাম | করহার |
|---|---|---|
| ১. | দফা (ক) এবং (খ)-তে বর্ণিত নহে এমন এলাকা যাহা রাজধানী উন্নয়ন কর্তৃপক্ষ (রাজউক) এবং চট্টগ্রাম উন্নয়ন কর্তৃপক্ষ (সিডিএ) এর আওতাধীন | দলিল মূল্যের ৮% |
| ২. | গাজীপুর, নারায়াণগঞ্জ, মুন্সিগঞ্জ, মানিকগঞ্জ, নরসিংদী, ঢাকা ও চট্টগ্রাম জেলা [রাজধানী উন্নয়ন কর্তৃপক্ষ (রাজউক) এবং চট্টগ্রাম উন্নয়ন কর্তৃপক্ষ (সিডিএ)ব্যতীত] এবং যে কোনো সিটি কর্পোরেশন (ঢাকা উত্তর সিটি কর্পোরেশন ও ঢাকা দক্ষিণ সিটি কর্পোরেশন ব্যতীত) এবং ক্যান্টনমেন্ট বোর্ড | দলিল মূল্যের ৬% |

| ক্রমিক নং | এলাকার নাম | করহার |
|---|---|---|
| ৩. | জেলা সদরে অবস্থিত পৌরসভা | দলিল মূল্যের ৬% |
| ৪. | অন্য যে কোনো পৌরসভা | দলিল মূল্যের ৪% |
| ৫. | দফা (ক), (খ) এবং (গ)-তে বর্ণিত নহে এমন যে কোনো এলাকা | দলিল মূল্যের ২% |

।”।

(৪) বিধি ৬ এর পর নিম্নরূপ নূতন বিধি ৬ক সন্নিবেশিত হইবে, যথা:-

“৬ক। **রিয়েল এস্টেট বা ভূমি উন্নয়নকারীর নিকট হইতে কর সংগ্রহ।**– ধারা ১২৬ এর উদ্দেশ্যপূরণকল্পে, Registration Act, 1908 (Act No. XVI of 1908) এর বিধান মোতাবেক কোনো ভূমি বা ভবন বা অ্যাপার্টমেন্ট হস্তান্তরের জন্য কোনো দলিল দস্তাবেজ নিবন্ধনের জন্য দায়িত্বপ্রাপ্ত কোনো ব্যক্তি, নিম্নবর্ণিত সারণীতে নির্ধারিত হারে হস্তান্তরকারী কর্তৃক কর পরিশোধ না করা পর্যন্ত, রিয়েল এস্টেট বা ভূমি উন্নয়নকারী ব্যবসায় নিয়োজিত কোনো ব্যক্তির নিকট হস্তান্তরের দলিলাদি নিবন্ধন করিবেন না, যথা:-

(ক) নিম্নবর্ণিত এলাকায় অবস্থিত নির্মিত ভবন বা অ্যাপার্টমেন্টের ক্ষেত্রে প্রযোজ্য করহার:

| ক্রমিক নং | এলাকার নাম | আবাসিক উদ্দেশ্যে নির্মিত ভবন বা অ্যাপার্টমেন্টের ক্ষেত্রে প্রযোজ্য করহার (প্রতি বর্গমিটার) | বাণিজ্যিক উদ্দেশ্যে নির্মিত ভবন বা অ্যাপার্টমেন্টের ক্ষেত্রে প্রযোজ্য করহার (প্রতি বর্গমিটার) |
|---|---|---|---|
| ১. | ঢাকার গুলশান মডেল টাউন, বনানী, বারিধারা, মতিঝিল বাণিজ্যিক এলাকা এবং দিলকুশা বাণিজ্যিক এলাকা | ১ (এক) হাজার ৬০০ (ছয়শত) টাকা | ৬ (ছয়) হাজার ৫০০ (পাঁচশত) টাকা |
| ২. | ঢাকার ধানমন্ডি আবাসিক এলাকা, ডিফেন্স অফিসার্স হাউজিং সোসাইটি (ডিওএইচএস), মহাখালী, লালমাটিয়া হাউজিং সোসাইটি, উত্তরা মডেল টাউন, বসুন্ধরা আবাসিক এলাকা, ঢাকা ক্যান্টনমেন্ট এলাকা, কাওরান বাজার বাণিজ্যিক এলাকা এবং চট্টগ্রামের পাঁচলাইশ আবাসিক এলাকা, খুলশি | ১ (এক) হাজার ৫০০ (পাঁচশত) টাকা | ৫ (পাঁচ) হাজার টাকা |

| | | | |
|---|---|---|---|
| | আবাসিক এলাকা, আগ্রাবাদ এবং নাসিরাবাদ | | |
| ৩. | ক্রমিক নং (১) এবং (২) এ বর্ণিত নহে তবে ঢাকা উত্তর সিটি কর্পোরেশন, ঢাকা দক্ষিণ সিটি কর্পোরেশন এবং চট্টগ্রাম সিটি কর্পোরেশনে অবস্থিত | ১ (এক) হাজার টাকা | ৩ (তিন) হাজার ৫০০ (পাঁচশত) টাকা |
| ৪. | অন্যান্য সিটি কর্পোরেশনে অবস্থিত | ৭০০ (সাতশত) টাকা | ২ (দুই) হাজার ৫০০ (পাঁচশত) টাকা |
| ৫. | ক্রমিক নং (১), (২), (৩) ও (৪) এ উল্লিখিত এলাকা ব্যতীত অন্যান্য এলাকায় অবস্থিত | ৩০০ (তিনশত) টাকা | ১ (এক) হাজার ২০০ (দুইশত) টাকা |

;

(খ) নিম্নবর্ণিত এলাকায় অবস্থিত ভূমির ক্ষেত্রে এবং যেইসব ক্ষেত্রে Stamp Act, 1899 (Act No. II of 1899) এর অধীন Stamp duty প্রযোজ্য সেই সকল ক্ষেত্রে প্রযোজ্য করহার:

| **ক্রমিক নং** | **এলাকার নাম** | **করহার** |
|---|---|---|
| ১. | ঢাকা, গাজীপুর, নারায়ণগঞ্জ, মুন্সীগঞ্জ, মানিকগঞ্জ, নরসিংদী এবং চট্টগ্রাম জেলা | দলিল মূল্যের ৫% (পাঁচ শতাংশ)। |
| ২. | অন্য যেকোনো জেলা | দলিল মূল্যের ৩% (তিন শতাংশ)। |

।”।

২। এই প্রজ্ঞাপন ১ জুলাই, ২০২৩ খ্রিষ্টাব্দ তারিখে কার্যকর হইয়াছে বলিয়া গণ্য হইবে।

**জাতীয় রাজস্ব বোর্ডের আদেশক্রমে,**

**ড. সামস উদ্দিন আহমেদ**
**সদস্য (গ্রেড-১)**
**(কর নীতি)**

**গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার**
**অর্থ মন্ত্রণালয়**
**জাতীয় রাজস্ব বোর্ড**
**(আয়কর)**

**প্রজ্ঞাপন**

**তারিখ: ১৮ আশ্বিন, ১৪৩০বঙ্গাব্দ/ ০৩ অক্টোবর, ২০২৩ খ্রিষ্টাব্দ**

**এস.আর.ও.নং-২৮৩-আইন/আয়কর-১৪/২০২৩।-** জাতীয় রাজস্ব বোর্ড, আয়কর আইন, ২০২৩ (২০২৩ সনের ১২ নং আইন) এর ধারা ৩৪৩ এ প্রদত্ত ক্ষমতাবলে, উৎসে কর বিধিমালা, ২০২৩ এর নিম্নরূপ অধিকতর সংশোধন করিল, যথা:-

উপরি-উক্ত বিধিমালার-

(১) বিধি ৩ এর উপ-বিধি (১) এর দফা (খ) এর সারণী-২ এর ক্রমিক নং ১০ এর বিপরীতে কলাম ২-এর দফা (খ)-এ উল্লিখিত "আলু" শব্দের পর "মাছ, মাংস," শব্দগুলি ও কমাগুলি সন্নিবেশিত হইবে;

(২) বিধি ৪ এ উল্লিখিত সারণীর ক্রমিক নং ৩ এর বিপরীতে কলাম ২-এর দফা (ঘ)-এ উল্লিখিত "ব্যক্তিগত নিরাপত্তা" শব্দগুলির পরিবর্তে "বেসরকারি নিরাপত্তা সেবা" শব্দগুলি প্রতিস্থাপিত হইবে;

(৩) বিধি ৬ এর পরিবর্তে নিম্নরূপ বিধি ৬ প্রতিস্থাপিত হইবে, যথা:-

"৬। **সম্পত্তি হস্তান্তর হইতে কর আদায়।-** (১) আইনের ধারা ১২৫ এর অধীন উৎসে কর সংগ্রহের ক্ষেত্রে Registration Act, 1908 (Act No. XVI of 1908) এর section 17 এর sub-section (1) এর clauses (b), (c) বা (e) এর অধীন দলিল দস্তাবেজ নিবন্ধনের জন্য দায়িত্বপ্রাপ্ত কোনো নিবন্ধন কর্মকর্তা কোনো দলিল দস্তাবেজ নিবন্ধন করিবেন না, যদি না সম্পত্তি হস্তান্তরকারি নিম্নবর্ণিত সারণীদ্বয়ে নির্ধারিত হারে কর পরিশোধের প্রমাণ হিসেবে এ-চালানের কপি নিবন্ধনের আবেদনের সহিত সংযুক্ত করেন, যথা:-

**সারণী-১**

| ক্রমিক নং | মৌজা | ক-শ্রেণির করহার | খ-শ্রেণির করহার | গ-শ্রেণির করহার | ঘ-শ্রেণির করহার | ঙ-শ্রেণির করহার |
|---|---|---|---|---|---|---|
| ১। | ঢাকা জেলার গুলশান, বনানী, মতিঝিল ও | দলিলে উল্লিখিত ভূমির | দলিলে উল্লিখিত ভূমির | দলিলে উল্লিখিত ভূমির | দলিলে উল্লিখিত ভূমির | দলিলে উল্লিখিত ভূমির |

| ক্রমিক নং | মৌজা | ক-শ্রেণির করহার | খ-শ্রেণির করহার | গ-শ্রেণির করহার | ঘ-শ্রেণির করহার | ঙ-শ্রেণির করহার |
|---|---|---|---|---|---|---|
| | তেজগাঁও থানার অন্তর্গত সকল মৌজা | মূল্যের ৮% বা কাঠাপ্রতি ১৫,০০,০০০ টাকা যেটি অধিক | মূল্যের ৮% বা কাঠাপ্রতি ৬,০০,০০০ টাকা যেটি অধিক | মূল্যের ৮% বা কাঠাপ্রতি ১৫,০০,০০০ টাকা যেটি অধিক | মূল্যের ৮% বা কাঠাপ্রতি ৬,০০,০০০ টাকা যেটি অধিক | মূল্যের ৮% বা কাঠাপ্রতি ৫,০০,০০০ টাকা যেটি অধিক |
| ২। | ঢাকা জেলার ধানমন্ডি, ওয়ারী, তেজগাঁও শিল্পাঞ্চল থানা, শাহবাগ, রমনা, পল্টন, বংশাল, নিউমার্কেট ও কলাবাগান থানার অন্তর্গত সকল মৌজা | দলিলে উল্লিখিত ভূমির মূল্যের ৮% বা কাঠাপ্রতি ১০,০০,০০০ টাকা যেটি অধিক | দলিলে উল্লিখিত ভূমির মূল্যের ৮% বা কাঠাপ্রতি ৪,০০,০০০ টাকা যেটি অধিক | দলিলে উল্লিখিত ভূমির মূল্যের ৮% বা কাঠাপ্রতি ১০,০০,০০০ টাকা যেটি অধিক | দলিলে উল্লিখিত ভূমির মূল্যের ৮% বা কাঠাপ্রতি ৪,০০,০০০ টাকা যেটি অধিক | দলিলে উল্লিখিত ভূমির মূল্যের ৮% বা কাঠাপ্রতি ৩,০০,০০০ টাকা যেটি অধিক |
| ৩। | ঢাকা জেলার খিলক্ষেত, কাফরুল, মোহাম্মদপুর, সূত্রাপুর, যাত্রাবাড়ী, উত্তরা মডেল থানা, ক্যান্টনমেন্ট থানা, চকবাজার থানা, কোতোয়ালি থানা, লালবাগ থানা, খিলগাঁও, শ্যামপুর ও গেন্ডারিয়া থানার অন্তর্গত সকল মৌজা | দলিলে উল্লিখিত ভূমির মূল্যের ৮% বা কাঠাপ্রতি ৫,০০,০০০ টাকা যেটি অধিক | দলিলে উল্লিখিত ভূমির মূল্যের ৮% বা কাঠাপ্রতি ২,০০,০০০ টাকা যেটি অধিক | দলিলে উল্লিখিত ভূমির মূল্যের ৮% বা কাঠাপ্রতি ৫,০০,০০০ টাকা যেটি অধিক | দলিলে উল্লিখিত ভূমির মূল্যের ৮% বা কাঠাপ্রতি ২,০০,০০০ টাকা যেটি অধিক | দলিলে উল্লিখিত ভূমির মূল্যের ৮% বা কাঠাপ্রতি ১,৫০,০০০ টাকা যেটি অধিক |
| ৪। | ঢাকা জেলার, বিমানবন্দর, উত্তরা পশ্চিম, মুগদা, রূপনগর, ভাষানটেক, বাড্ডা থানা, পল্লবী থানা, ভাটারা, শাহজাহানপুর, | দলিলে উল্লিখিত ভূমির মূল্যের ৮% বা কাঠাপ্রতি ৪,০০,০০০ | দলিলে উল্লিখিত ভূমির মূল্যের ৮% বা কাঠাপ্রতি ১,৫০,০০০ | দলিলে উল্লিখিত ভূমির মূল্যের ৮% বা কাঠাপ্রতি ৪,০০,০০০ | দলিলে উল্লিখিত ভূমির মূল্যের ৮% বা কাঠাপ্রতি ১,৫০,০০০ | দলিলে উল্লিখিত ভূমির মূল্যের ৮% বা কাঠাপ্রতি ১,০০,০০০ |

| ক্রমিক নং | মৌজা | ক-শ্রেণির করহার | খ-শ্রেণির করহার | গ-শ্রেণির করহার | ঘ-শ্রেণির করহার | ঙ-শ্রেণির করহার |
|---|---|---|---|---|---|---|
| | মিরপুর মডেল থানা, দারুস সালাম থানা, দক্ষিনখান থানা, উত্তরখান থানা, তুরাগ থানা, শাহ আলী থানা, সবুজবাগ থানা, কদমতলী থানা, কামরাঙ্গীরচর থানা, হাজারীবাগ, ডেমরা ও আদাবর থানার অন্তর্গত সকল মৌজা; গাজীপুর জেলার জয়দেবপুর ও কালীগঞ্জ থানার অন্তর্গত সকল মৌজা এবং নারায়ণগঞ্জ জেলার সদর, রূপগঞ্জ ও সোনারগাঁও থানার অন্তর্গত সকল মৌজা | টাকা যেটি অধিক | টাকা যেটি অধিক | টাকা যেটি অধিক | টাকা যেটি অধিক | টাকা যেটি অধিক |
| ৫। | চট্টগ্রাম জেলার খুলশী, পাঁচলাইশ, পাহাড়তলী, হালিশহর ও কোতোয়ালী থানার অন্তর্গত সকল মৌজা; নারায়ণগঞ্জ জেলার ফতুল্লা, সিদ্দিরগঞ্জ, বন্দর থানার অন্তর্গত সকল মৌজা এবং গাজীপুর জেলার সদর, বাসন, | দলিলে উল্লিখিত ভূমির মূল্যের ৬% বা কাঠাপ্রতি ৩,০০,০০০ টাকা যেটি অধিক | দলিলে উল্লিখিত ভূমির মূল্যের ৬% বা কাঠাপ্রতি ১,০০,০০০ টাকা যেটি অধিক | দলিলে উল্লিখিত ভূমির মূল্যের ৬% বা কাঠাপ্রতি ৩,০০,০০০ টাকা যেটি অধিক | দলিলে উল্লিখিত ভূমির মূল্যের ৬% বা কাঠাপ্রতি ১,০০,০০০ টাকা যেটি অধিক | দলিলে উল্লিখিত ভূমির মূল্যের ৬% বা কাঠাপ্রতি ৮০,০০০ টাকা যেটি অধিক |

| ক্রমিক নং | মৌজা | ক-শ্রেণির করহার | খ-শ্রেণির করহার | গ-শ্রেণির করহার | ঘ-শ্রেণির করহার | ঙ-শ্রেণির করহার |
|---|---|---|---|---|---|---|
| | কোনাবাড়ী, গাছা, টঙ্গী পূর্ব ও টঙ্গী পশ্চিম থানার অন্তর্গত সকল মৌজা | | | | | |
| ৬। | ঢাকা জেলার দোহার, নবাবগঞ্জ, কেরাণীগঞ্জ, সাভার ও ধামরাই উপজেলার অন্তর্গত সকল মৌজা; চট্টগ্রাম জেলার আকবর শাহ, ইপিজেড, কর্ণফুলী, চকবাজার, চান্দগাঁও, ডবলমুরিং, পতেঙ্গা, পাঁচলাইশ, বন্দর, বাকলিয়া, বায়েজিদ বোস্তামি ও সদরঘাট থানার অন্তর্গত সকল মৌজা এবং নারায়ণগঞ্জ জেলার আড়াইহাজার থানার অন্তর্গত সকল মৌজা | দলিলে উল্লিখিত ভূমির মূল্যের ৬% বা কাঠাপ্রতি ২,০০,০০০ টাকা যেটি অধিক | দলিলে উল্লিখিত ভূমির মূল্যের ৬% বা কাঠাপ্রতি ৮০,০০০ টাকা যেটি অধিক | দলিলে উল্লিখিত ভূমির মূল্যের ৬% বা কাঠাপ্রতি ২,০০,০০০ টাকা যেটি অধিক | দলিলে উল্লিখিত ভূমির মূল্যের ৬% বা কাঠাপ্রতি ৮০,০০০ টাকা যেটি অধিক | দলিলে উল্লিখিত ভূমির মূল্যের ৬% বা কাঠাপ্রতি ৫০,০০০ টাকা যেটি অধিক |

**সারণী-২**

| ক্রমিক নং | মৌজা | করহার |
|---|---|---|
| ১। | সারণী-১ এর অন্তর্গত নহে কিন্তু ঢাকা দক্ষিণ, ঢাকা উত্তর, চট্টগ্রাম, নারায়গঞ্জ ও গাজীপুর সিটি কর্পোরেশন ব্যতীত অন্যান্য সিটি | দলিলে উল্লিখিত ভূমির মূল্যের ৬% |

| | | |
|---|---|---|
| | কর্পোরেশন ও অন্য কোনো উন্নয়ন কর্তৃপক্ষ এবং জেলা সদরে অবস্থিত সকল পৌরসভার অন্তর্গত সকল মৌজা | |
| ২। | সারণী-২ এর ক্রমিক নং ১ এবং সারণী-১ এর অন্তর্গত নহে এমন অন্য যেকোনো পৌরসভার অন্তর্গত সকল মৌজা | দলিলে উল্লিখিত ভূমির মূল্যের ৪% |
| ৩। | সারণী-২ এর ক্রমিক নং ১ ও ২ এবং সারণী-১ এর অন্তর্গত নহে এমন সকল উপজেলার (পৌরসভা ব্যতীত) অন্তর্গত সকল মৌজা | দলিলে উল্লিখিত ভূমির মূল্যের ২% |

(২) উপ-বিধি (১) এর অধীনে নিবন্ধিত ভূমিতে কোনো স্থাপনা, বাড়ি, ফ্ল্যাট, অ্যাপার্টমেন্ট অথবা ফ্লোর স্পেস থাকিলে নিম্নবর্ণিত হারে অতিরিক্ত কর প্রযোজ্য হইবে, যথা:-

(ক) শ্রেণি-ক হইতে শ্রেণি-ঘ এ উল্লিখিত ভূমিতে অবস্থিত স্থাপনা, বাড়ি, ফ্ল্যাট, অ্যাপার্টমেন্ট অথবা ফ্লোর স্পেস এর প্রতি বর্গ মিটারে ৮০০ (আটশত) টাকা হারে অথবা উক্ত স্থাপনা, বাড়ি, ফ্ল্যাট, অ্যাপার্টমেন্ট অথবা ফ্লোর স্পেস এর দলিলে উল্লিখিত মূল্যের ৮% (আট শতাংশ) এর মধ্যে যেটি অধিক; এবং

(খ) শ্রেণি-ঙ তে উল্লিখিত ভূমিতে অবস্থিত স্থাপনা, বাড়ি, ফ্ল্যাট, অ্যাপার্টমেন্ট অথবা ফ্লোর স্পেস এর প্রতি বর্গ মিটারে ৫০০ (পাঁচশত) টাকা হারে অথবা উক্ত স্থাপনা, বাড়ি, ফ্ল্যাট, অ্যাপার্টমেন্ট অথবা ফ্লোর স্পেস এর দলিলে উল্লিখিত মূল্যের ৬% (ছয় শতাংশ) এর মধ্যে যেটি অধিক;

(৩) এই বিধির উদ্দেশ্যেপূরণকল্পে,-

(ক) "ক-শ্রেণি" বলিতে রাজধানী উন্নয়ন কর্তৃপক্ষ, চট্টগ্রাম উন্নয়ন কর্তৃপক্ষ, গাজীপুর উন্নয়ন কর্তৃপক্ষ, জাতীয় গৃহায়ন কর্তৃপক্ষ, গণপূর্ত অধিদপ্তর এবং ক্যান্টনমেন্ট বোর্ড এর নিয়ন্ত্রণাধীন বাণিজ্যিক এলাকা বুঝাইবে;

(খ) "খ-শ্রেণি" বলিতে রাজধানী উন্নয়ন কর্তৃপক্ষ, চট্টগ্রাম উন্নয়ন কর্তৃপক্ষ, গাজীপুর উন্নয়ন কর্তৃপক্ষ, জাতীয় গৃহায়ন কর্তৃপক্ষ, গণপূর্ত অধিদপ্তর এবং ক্যান্টনমেন্ট বোর্ড এর নিয়ন্ত্রণাধীন আবাসিক এলাকা বুঝাইবে;

(গ) "গ-শ্রেণি" বলিতে রাজধানী উন্নয়ন কর্তৃপক্ষ, চট্টগ্রাম উন্নয়ন কর্তৃপক্ষ, গাজীপুর উন্নয়ন কর্তৃপক্ষ, জাতীয় গৃহায়ন কর্তৃপক্ষ, গণপূর্ত অধিদপ্তর এবং ক্যান্টনমেন্ট বোর্ড এর নিয়ন্ত্রণাধীন নহে কিন্তু ডেভেলপার বা রিয়েল এস্টেট ডেভেলপার কর্তৃক প্রতিষ্ঠিত বাণিজ্যিক এলাকা বুঝাইবে;

(ঘ) "ঘ-শ্রেণি" বলিতে রাজধানী উন্নয়ন কর্তৃপক্ষ, চট্টগ্রাম উন্নয়ন কর্তৃপক্ষ, গাজীপুর উন্নয়ন কর্তৃপক্ষ, জাতীয় গৃহায়ন কর্তৃপক্ষ, গণপূর্ত অধিদপ্তর এবং ক্যান্টনমেন্ট বোর্ড এর নিয়ন্ত্রণাধীন নহে কিন্তু ডেভেলপার বা রিয়েল এস্টেট ডেভেলপার কর্তৃক প্রতিষ্ঠিত আবাসিক এলাকা বুঝাইবে;

(ঙ) “ঙ-শ্রেণি” বলিতে “ক-শ্রেণি”, “খ-শ্রেণি”, “গ-শ্রেণি”, “ঘ-শ্রেণি” ব্যতীত অন্যান্য এলাকা বুঝাইবে;

(চ) “ডেভেলপার” বা “রিয়েল এস্টেট ডেভেলপার” বলিতে রিয়েল এস্টেট উন্নয়ন ও ব্যবস্থাপনা আইন, ২০১০ এর ধারা ২ এ সংজ্ঞায়িত ডেভেলপার বা রিয়েল এস্টেট ডেভেলপার বুঝাইবে; এবং

(ছ) “কাঠা” বলিতে ১.৬৫ শতাংশ ভূমি বুঝাইবে।”;

(৪) বিধি ৬ক এর পরিবর্তে নিম্নরূপ বিধি ৬ক প্রতিস্থাপিত হইবে, যথা:-

**“৬ক। রিয়েল এস্টেট বা ভূমি উন্নয়নকারীর নিকট হইতে কর সংগ্রহ।-(১)** আইনের ধারা ১২৬ এর অধীন উৎসে কর সংগ্রহের ক্ষেত্রে Registration Act, 1908 (Act No. XVI of 1908) এর বিধান মোতাবেক দলিল দস্তাবেজ নিবন্ধনের জন্য দায়িত্বপ্রাপ্ত কোনো ব্যক্তি কোনো ডেভেলপার বা রিয়েল এস্টেট ডেভেলপার কর্তৃক নির্মিত ভবন বা অ্যাপার্টমেন্ট হস্তান্তরের দলিল দস্তাবেজ নিবন্ধন করিবেন না, যদি না ডেভেলপার বা রিয়েল এস্টেট ডেভেলপার নিম্নবর্ণিত সারণীতে নির্ধারিত হারে কর পরিশোধের প্রমাণ হিসাবে এ-চালানের কপি নিবন্ধনের আবেদনের সহিত সংযুক্ত করেন, যথা:-

**সারণী**

| ক্রমিক নং | মৌজা | আবাসিক ভবন বা অ্যাপার্টমেন্টের ক্ষেত্রে প্রযোজ্য করহার (প্রতি বর্গমিটার) | বাণিজ্যিক ভবন বা অ্যাপার্টমেন্টের ক্ষেত্রে প্রযোজ্য করহার (প্রতি বর্গমিটার) |
|---|---|---|---|
| ১। | ঢাকা জেলার গুলশান, বনানী, মতিঝিল ও তেজগাঁও থানার অন্তর্গত সকল মৌজা | ১,৬০০ টাকা | ৬,৫০০ টাকা |
| ২। | ঢাকা জেলার ধানমন্ডি, ওয়ারী, তেজগাও শিল্পাঞ্চল থানা, শাহবাগ, রমনা, পল্টন, বংশাল, নিউমার্কেট ও কলাবাগান থানার অন্তর্গত সকল মৌজা | ১,৫০০ টাকা | ৫,০০০ টাকা |
| ৩। | ঢাকা জেলার খিলক্ষেত, কাফরুল, মোহাম্মদপুর, সূত্রাপুর, যাত্রাবাড়ী, উত্তরা মডেল থানা, ক্যান্টনমেন্ট থানা, চকবাজার থানা, কোতোয়ালি থানা, লালবাগ থানা, খিলগাঁও, শ্যামপুর, গেন্ডারিয়া থানার অন্তর্গত সকল মৌজা | ১,৪০০ টাকা | ৪,০০০ টাকা |
| ৪। | ঢাকা জেলার, বিমানবন্দর, উত্তরা পশ্চিম, মুগদা, রূপনগর, ভাষানটেক, বাড্ডা থানা, পল্লবী থানা, ভাটারা, শাহজাহানপুর, মিরপুর মডেল থানা, দারুস সালাম থানা, দক্ষিনখান থানা, উত্তরখান থানা, তুরাগ | ১,৩০০ টাকা | ৩,৫০০ টাকা |

| | | | |
|---|---|---|---|
| | থানা, শাহ আলী থানা, সবুজবাগ থানা, কদমতলী থানা, চকবাজার থানা, কামরাঙ্গীরচর থানা, কোতোয়ালি থানা, লালবাগ থানা, হাজারীবাগ, ডেমরা ও আদাবর থানার অন্তর্গত সকল মৌজা; চট্টগ্রাম জেলার খুলশী, পাঁচলাইশ, পাহাড়তলী, হালিশহর ও কোতোয়ালী থানার অন্তর্গত সকল মৌজা; গাজীপুর জেলার সদর, বাসন, কোনাবাড়ী, গাছা, টঙ্গী পূর্ব, টঙ্গী পশ্চিম থানার, জয়দেবপুর ও কালীগঞ্জ থানার অন্তর্গত সকল মৌজা এবং নারায়ণগঞ্জ জেলার সদর, ফতুল্লা, সিদ্দিরগঞ্জ, বন্দর, রূপগঞ্জ ও সোনারগাঁও থানার অন্তর্গত সকল মৌজা | | |
| ৫। | ঢাকা জেলার দোহার, নবাবগঞ্জ, কেরাণীগঞ্জ, সাভার ও ধামরাই উপজেলার অন্তর্গত সকল মৌজা; চট্টগ্রাম জেলার, আকবর শাহ, ইপিজেড, কর্ণফুলী, চকবাজার, চান্দগাঁও, ডবলমুরিং, পতেঙ্গা, পাঁচলাইশ, বন্দর, বাকলিয়া, বায়েজিদ বোস্তামি ও সদরঘাট থানার অন্তর্গত সকল মৌজা; নারায়ণগঞ্জ জেলার আড়াইহাজার থানার অন্তর্গত সকল মৌজা এবং ঢাকা দক্ষিণ, ঢাকা উত্তর, চট্টগ্রাম, নারায়গঞ্জ ও গাজীপুর সিটি কর্পোরেশন ব্যাতীত অন্যান্য সিটি কর্পোরেশন এ অবস্থিত সকল মৌজা | ৭০০ টাকা | ২,০০০ টাকা |
| ৬। | ক্রমিক নং ১, ২, ৩, ৪ ও ৫ এ উল্লিখিত নহে এমন সকল এলাকায় | ৩০০ টাকা | ১,০০০ টাকা |

(২) আইনের ধারা ১২৬ এর অধীন উৎসে কর সংগ্রহের ক্ষেত্রে Registration Act, 1908 (Act No. XVI of 1908) এর বিধান মোতাবেক দলিল দস্তাবেজ নিবন্ধনের জন্য দায়িত্বপ্রাপ্ত কোনো ব্যক্তি কোনো ডেভেলপার বা রিয়েল এস্টেট ডেভেলপার কর্তৃক নির্মিত ভবন বা অ্যাপার্টমেন্ট সংশ্লিষ্ট কোনো ভূমি, বা ডেভেলপার বা রিয়েল এস্টেট ডেভেলপার কর্তৃক উন্নয়নকৃত কোনো ভূমি হস্তান্তরের দলিল দস্তাবেজ নিবন্ধন করিবেন না, যদি না ডেভেলপার বা রিয়েল এস্টেট ডেভেলপার নিম্নবর্ণিত সারণীতে নির্ধারিত হারে কর পরিশোধের প্রমাণ হিসাবে এ-চালানের কপি নিবন্ধনের আবেদনের সহিত সংযুক্ত করেন, যথা:-

| ক্রমিক নং | এলাকার নাম | করহার |
|---|---|---|
| ১। | ঢাকা, গাজীপুর, নারায়ণগঞ্জ, মুন্সীগঞ্জ, মানিকগঞ্জ, নরসিংদী এবং চট্টগ্রাম জেলা | দলিলে উল্লিখিত ভূমির মূল্যের ৫% (পাঁচ শতাংশ), |
| ২। | অন্য যেকোনো জেলা | দলিলে উল্লিখিত ভূমির মূল্যের ৩% (তিন শতাংশ) |

।

(৩) এই বিধির উদ্দেশ্যেপূরণকল্পে, "ডেভেলপার" বা "রিয়েল এস্টেট ডেভেলপার" বলিতে রিয়েল এস্টেট উন্নয়ন ও ব্যবস্থাপনা আইন, ২০১০ এর ধারা ২ এ সংজ্ঞায়িত ডেভেলপার বা রিয়েল এস্টেট ডেভেলপার বুঝাইবে।";

(৫) বিধি ৮ এ উল্লিখিত সারণীর সারি "গ" এরপর নিম্নরূপ সারি "ঘ" সন্নিবেশিত হইবে, যথা:-

| | | |
|---|---|---|
| ঘ। | অর্থবৎসরের জুন মাসের শেষ কর্মদিবেসে কর কর্তন বা সংগ্রহের ক্ষেত্রে | কর্তন বা সংগ্রহের দিন |

(৬) তফসিল-১ এর বর্ণিত উৎসে কর রিটার্ণ এর তফসিল চ এর অংশ ৩ এর শিরোনাম বিলুপ্ত হইবে।

২। এই প্রজ্ঞাপন অবিলম্বে কার্যকর হইবে।

**জাতীয় রাজস্ব বোর্ডের আদেশক্রমে,**

**আবু হেনা মোঃ রহমাতুল মুনিম**
সিনিয়র সচিব
অভ্যন্তরীণ সম্পদ বিভাগ, অর্থ মন্ত্রণালয়
ও
চেয়ারম্যান
জাতীয় রাজস্ব বোর্ড

পরিশিষ্ট-৪

# বাণিজ্যিকভাবে পরিচালিত মোটরযান হতে কর সংগ্রহ

**১৩৮। বাণিজ্যিকভাবে পরিচালিত মোটরযান হইতে কর সংগ্রহ।**—

(১) উপ-ধারা (২) এর বিধান সাপেক্ষে, মোটরযান নিবন্ধন বা ফিটনেস নবায়নের জন্য দায়িত্বপ্রাপ্ত ব্যক্তি বা কর্তৃপক্ষ মোটরযানের নিবন্ধন বা ফিটনেস নবায়ন করিবেন না, যদি না নিম্নবর্ণিত সারণীতে উল্লিখিত হারে পরিশোধিত অগ্রিম করের চালান মোটরযানের নিবন্ধন বা ফিটনেস নবায়নের আবেদনের সহিত দাখিল করা হয়, যথা:-

**সারণী**

| **ক্রমিক নং** | **গাড়ির ধরন** | **অগ্রিম কর (টাকা )** |
|---|---|---|
| (১) | (২) | (৩) |
| ১। | ৫২ আসনের অধিক আসন বিশিষ্ট বাস | ১৬ (ষোল) হাজার |
| ২। | ৫২ আসনের অধিক আসন নহে এইরূপ বাস | ১১ (এগারো) হাজার ৫০০ (পাঁচশত) |
| ৩। | শীতাতপ নিয়ন্ত্রিত বাস | ৩৭ (সাঁইত্রিশ) হাজার ৫০০ (পাঁচশত) |
| ৪। | ডাবল ডেকার বাস | ১৬ (ষোল) হাজার |
| ৫। | শীতাতপ নিয়ন্ত্রিত মিনিবাস/কোস্টার | ১৬ (ষোল) হাজার |
| ৬। | শীতাতপ নিয়ন্ত্রিত নহে এইরূপ মিনিবাস/কোস্টার | ৬ (ছয়) হাজার ৫০০ (পাঁচশত) |
| ৭। | প্রাইম মুভার | ২৪ (চব্বিশ) হাজার |
| ৮। | ৫ (পাঁচ) টনের অধিক পেলোড ক্যাপাসিটি বিশিষ্ট ট্রাক, লরি বা ট্যাংক লরি | ১৬ (ষোল) হাজার |

| | | |
|---|---|---|
| ৯। | ১.৫ (দেড়) টনের অধিক, তবে ৫ (পাঁচ) টনের অধিক নহে এইরূপ পেলোড ক্যাপাসিটি বিশিষ্ট ট্রাক, লরি বা ট্যাংক লরি | ৯ (নয়) হাজার ৫০০ (পাঁচশত) |
| ১০। | ১.৫ (দেড়) টনের অধিক নহে এইরূপ পেলোড ক্যাপাসিটি বিশিষ্ট ট্রাক, লরি বা ট্যাংক লরি | ৪ (চার) হাজার |
| ১১। | পিকআপ ভ্যান, হিউম্যান হলার, ম্যাক্সি বা অটো রিক্সা | ৪ (চার) হাজার |
| ১২। | শীতাতপ নিয়ন্ত্রিত ট্যাক্সিক্যাব | ১১ (এগারো) হাজার ৫০০ (পাঁচশত) |
| ১৩। | শীতাতপ নিয়ন্ত্রিত নহে এইরূপ ট্যাক্সিক্যাব | ৪ (চার) হাজার |

(২) যেইক্ষেত্রে একাধিক বৎসরের জন্য নিবন্ধন প্রদান বা ফিটনেস নবায়ন করা হয় সেইক্ষেত্রে উপ-ধারা (১) এর অধীন পরিশোধিতব্য কর নিবন্ধন প্রদান বা ফিটনেস নবায়নের বৎসরের পরবর্তী বৎসর বা বৎসরগুলোর ৩০ জুন তারিখ বা তৎপূর্বে সংগ্রহ করিতে হইবে।

(৩) যেইক্ষেত্রে কোনো বৎসর কোনো ব্যক্তি উপ-ধারা (২) অনুযায়ী অগ্রিম কর পরিশোধে ব্যর্থ হন, সেইক্ষেত্রে পরবর্তী বৎসরে উক্ত ব্যক্তি কর্তৃক পরিশোধিতব্য অগ্রিম করের পরিমাণ ***ক+খ*** নিয়মে নির্ধারিত হইবে, যেখানে-

**ক =** পূর্ববর্তী বৎসর বা বৎসরগুলোতে অপরিশোধিত অগ্রিম করের পরিমাণ, এবং

**খ =** পরিশোধের বৎসরে উপ-ধারা (১) অনুযায়ী পরিশোধিতব্য অগ্রিম করের পরিমাণ।

(৪) উপ-ধারা (১) এর অধীন অগ্রিম কর সংগ্রহ করা যাইবে না, যদি মোটরযানটি নিম্নবর্ণিত ব্যক্তি বা প্রতিষ্ঠানের হয়, যথা:-

(ক) সরকার বা স্থানীয় কর্তৃপক্ষ;

(খ) সরকার বা স্থানীয় সরকারের অধীন কোনো প্রকল্প, কর্মসূচি বা কার্যক্রম;

(গ) কোনো বৈদেশিক কূটনীতিক, বাংলাদেশে কোনো কূটনৈতিক মিশন, জাতিসংঘ ও ইহার অঙ্গ সংগঠনের দপ্তরসমূহ;

(ঘ) বাংলাদেশের কোনো বিদেশি উন্নয়ন অংশীজন এবং ইহার সংযুক্ত দপ্তর বা দপ্তরসমূহ;

(ঙ) সরকারের এমপিওভুক্ত (Monthly Payment Order) কোনো শিক্ষা প্রতিষ্ঠান;

(চ) সরকারি বিশ্ববিদ্যালয় (public university);

(ছ) গেজেটভুক্ত যুদ্ধাহত মুক্তিযোদ্ধা; বা

(জ) অগ্রিম কর পরিশোধ করিতে হইবে না মর্মে বোর্ড হইতে সার্টিফিকেট গ্রহণকারী কোনো প্রতিষ্ঠান।

# নৌযান পরিচালনা হতে কর সংগ্রহ

১৩৯। **নৌযান পরিচালনা হইতে কর সংগ্রহ।—**

(১) Inland Shipping Ordinance, 1976 (Ordinance No. LXXII of 1976) এর অধীন দায়িত্বপ্রাপ্ত ব্যক্তি উক্ত Ordinance এর section 9 এর অধীন কোনো নৌযানকে সার্ভে সার্টিফিকেট প্রদান করিবেন না বা section 12 এর অধীন সার্ভে সার্টিফিকেট নবায়ন করিবেন না, যদি না সার্ভে সার্টিফিকেট প্রাপ্তি বা সার্ভে সার্টিফিকেট নবায়নের আবেদনের সহিত নিম্নবর্ণিত সারণীতে উল্লিখিত হারে পরিশোধিত অগ্রিম কর জমার চালান সংযুক্ত করা হয়, যথা:-

**সারণী**

| **ক্রমিক নং** | **নৌযানের বর্ণনা** | **অগ্রিম কর (টাকা )** |
|---|---|---|
| (১) | (২) | (৩) |
| ১। | অভ্যন্তরীণ নৌ-পথে যাত্রী পরিবহনে নিয়োজিত নৌ-যানের ক্ষেত্রে | দিবাকালীন যাত্রী পরিবহণের ক্ষমতার ভিত্তিতে যাত্রী প্রতি ১২৫ (একশত পঁচিশ) টাকা। |
| ২। | অভ্যন্তরীণ নৌ-পথে মালামাল পরিবহনে নিয়োজিত কার্গো, কন্টেইনার (মাল্টিপারপাস) বা কোস্টারের ক্ষেত্রে | মালামাল পরিবহণের ক্ষমতার ভিত্তিতে গ্রস টনেজ প্রতি ১৭০ (একশত সত্তর) টাকা। |
| ৩। | অভ্যন্তরীণ নৌ-পথে মালামাল পরিবহনে নিয়োজিত ডাম্পবার্জের ক্ষেত্রে | মালামাল পরিবহণের ক্ষমতার ভিত্তিতে গ্রস টনেজ প্রতি ১২৫ (একশত পঁচিশ) টাকা। |

(২) যেইক্ষেত্রে একাধিক বৎসরের জন্য সার্ভে সার্টিফিকেট প্রদান বা সার্ভে সার্টিফিকেট নবায়ন করা হয় সেইক্ষেত্রে উপ-ধারা (১) এর অধীন পরিশোধতব্য কর সার্ভে সার্টিফিকেট প্রদান বা সার্ভে সার্টিফিকেট নবায়নের বৎসরের পরবর্তী বৎসর বা কোনো বৎসরের ৩০ জুন তারিখ বা তৎপূর্বে সংগ্রহ করিতে হইবে।

(৩) যেইক্ষেত্রে কোনো বৎসর কোনো ব্যক্তি উপ-ধারা (২) অনুযায়ী অগ্রিম কর পরিশোধে ব্যর্থ হন, সেইক্ষেত্রে পরবর্তী বৎসরে উক্ত ব্যক্তি কর্তৃক পরিশোধিতব্য অগ্রিম করের পরিমাণ ***ক+খ*** নিয়মে নির্ধারিত হইবে, যেখানে-

**ক =** পূর্ববর্তী বৎসর বা বৎসরগুলোতে অপরিশোধিত অগ্রিম করের পরিমাণ, এবং

**খ =** পরিশোধের বৎসরে উপ-ধারা (১) অনুযায়ী পরিশোধিতব্য অগ্রিম করের পরিমাণ।

(৪) এই ধারায় "**নৌ-যান (Inland Ship**)" এবং "**অভ্যন্তরীণ নৌ-পথ (Inland Water)"** বলিতে Inland Shipping Ordinance, 1976 (Ordinance No. LXXII of 1976) এ সংজ্ঞায়িত যথাক্রমে "Inland Ship" এবং "Inland Water" কে বুঝাইবে।

# কতিপয় প্রজ্ঞাপনের তালিকা

| ক্রমিক নং | এস, আর, ও নং | তারিখ | সংক্ষিপ্ত শিরোনাম |
|---|---|---|---|
| ১। | এস.আর.ও. নং-১৬৭-আইন/আয়কর/২০২৩ | ২৩/০৫/২০২৩ | Income Tax Rules, 1984 এর সংশোধন |
| ২। | এস.আর.ও. নং-১৬৮-আইন/আয়কর/২০২৩ | ২৩/০৫/২০২৩ | আয়কর রিটার্ন প্রস্তুতকারী বিধিমালা, ২০২৩ |
| ৩। | এস.আর.ও. নং-১৬৯-আইন/আয়কর/২০২৩ | ২৩/০৫/২০২৩ | নিম্নবর্ণিত প্রজ্ঞাপনসমূহ রহিতকরণ যথাক্রমে:<br>(ক) এস.আর.ও. নং ৪৭এ-এল/৭৬; তারিখ: ২৯.১১.১৯৭৬<br>(খ) এস.আর.ও. নং ৮৮-এল/৮০; তারিখ: ০১/০৪/১৯৮০<br>(গ) এস.আর.ও. নং ১৮৭-এল/৮৩; তারিখ: ১২/০৬/১৯৮৩<br>(ঘ) এস.আর.ও. নং ১৫০-আইন/২০০৩; তারিখ: ১২/০৬/২০০৩<br>(ঙ)এস.আর.ও.নং ৩৩৩-আইন/আয়কর/২০১১; তারিখ: ১০/১১//২০১১;<br>(চ) এস.আর.ও.নং ১৫৮-আইন/আয়কর/২০১৪; তারিখ: ২৬/০৬/২০১৪;<br>(ছ) এস.আর.ও.নং ১৫৯-আইন/ভ্রমণ/২০১৪; তারিখ: ২৬/০৬/২০১৪;<br>(জ) এস.আর.ও.নং ৩২৪-আইন/ভ্রমণ/২০১৫; তারিখ: ০৪/১১/২০১৫; |

| ক্রমিক নং | এস, আর, ও নং | তারিখ | সংক্ষিপ্ত শিরোনাম |
|---|---|---|---|
| ৪। | এস.আর.ও. নং-১৭০-আইন/আয়কর/২০২৩ | ২৩/০৫/২০২৩ | রপ্তানি হতে অর্জিত সকল প্রকার আয়ের উপর শর্ত সাপেক্ষে আয়কর অব্যাহতি। |
| ৫। | এস.আর.ও. নং-২০৬-আইন/আয়কর-০১/২০২৩ | ২৬/০৬/২০২৩ | উৎসে কর বিধিমালা, ২০২৩ |
| ৬। | এস.আর.ও. নং-২০৭-আইন/আয়কর-০২/২০২৩ | ২৬/০৬/২০২৩ | আয়কর রিটার্ন প্রস্তুতকারী বিধিমালা, ২০২৩ (সংশোধন) ২৩মে, ২০২৩ খ্রি. তারিখে জারীকৃত এস.আর.ও. নং-১৬৮-আইন/আয়কর/২০২৩ এতদ্দ্বারা রহিত করা হইলো। |
| ৭। | এস.আর.ও. নং-২০৮-আইন/আয়কর-০৩/২০২৩ | ২৬/০৬/২০২৩ | কয়লাভিত্তিক বিদ্যুৎ উৎপাদনকারী কোম্পানী ব্যতীত Private Power Generation কোম্পানির- আয়কর অব্যাহতি প্রদান সংক্রান্ত। |
| ৮। | এস.আর.ও. নং-২০৯-আইন/আয়কর-০৪/২০২৩ | ২৬/০৬/২০২৩ | Income Tax Rules, 1984 এর সংশোধন করে Rules 10, 10A, 12, 13, 14, 16, 17A, 17H, 17II, 18A, 19, 20, 21, 21A, 22, 24A, 33 এবং 33A -33J বিলুপ্ত করা হয়েছে। |
| ৯। | এস.আর.ও. নং-২১০-আইন/আয়কর-০৫/২০২৩ | ২৬/০৬/২০২৩ | রপ্তানি হতে অর্জিত সকল প্রকার আয়ের উপর শর্ত সাপেক্ষে আয়কর অব্যাহতি। (সংশোধিত) |
| ১০। | এস.আর.ও. নং-২২৪-আইন/আয়কর-০৬/২০২৩ | ১৭/০৭/২০২৩ | ধারা ৩৪৩ এ প্রদত্ত ক্ষমতাবলে, উৎসে কর বিধিমালা, ২০২৩ এর সংশোধন |
| ১১। | এস.আর.ও. নং-২২৫-আইন/আয়কর-০৭/২০২৩ | ১৭/০৭/২০২৩ | অবসরকালে প্রদত্ত লাম্পগ্র্যান্টসহ কেবল কেবল সরকারি বেতন আদেশে উল্লিখিত অন্যান্য ভাতা ও সুবিধাদিকে প্রদেয় আয়কর হইতে অব্যাহতি প্রদান। |

| ক্রমিক নং | এস, আর, ও নং | তারিখ | সংক্ষিপ্ত শিরোনাম |
|---|---|---|---|
| ১২। | এস.আর.ও. নং-২৫৯-আইন/আয়কর-০৮/২০২৩ | ২৯/০৮/২০২৩ | কর্বনেট বেভারেজ এর উপর নূন্যতম করহার ৫% হইতে হ্রাস করিয়া ৩% এ নির্ধারণ |
| ১৩। | এস.আর.ও. নং-২৫৩-আইন/আয়কর-০৯/২০২৩ | ২৩/০৮/২০২৩ | আয়কর আইন, ২০২৩ (২০২৩ সনের ১২ নং আইন) এর ধারা ৭৬ এর উপ-ধারা (১)-এ প্রদত্ত ক্ষমতাবলে, নিম্নবর্ণিত সারণীর কলাম (২)-এ উল্লিখিত উৎস হইতে অর্জিত আয়ের বিপরীতে কলাম (৩)-এ উল্লিখিত ধারার অধীন উৎসে কর্তিত করের পরিমাণকে চূড়ান্ত করদায় হিসেবে নির্ধারণ করিয়া উক্ত উৎস হইতে অর্জিত আয়ের বিপরীতে উদ্ভূত অতিরিক্ত কোনো করদায় পরিশোধ হইতে এতদ্দ্বারা অব্যাহতি প্রদান করিল। |
| ১৪। | এস.আর.ও. নং-২৬৬-আইন/আয়কর-১০/২০২৩ | ১২/০৯/২০২৩ | আয়কর রিটার্ন বিধিমালা, ২০২৩ |
| ১৫। | এস.আর.ও. নং-২৭৯-আইন/আয়কর-১১/২০২৩ | ৫/১০/২০২৩ | ১৯৭১: গণহত্যা-নির্যাতন আর্কাইভ ও জাদুঘর ট্রাস্ট এর ব্যাংক সুদ হইতে অর্জিত আয় ব্যতীত অন্যান্য সকল প্রকার অনুদান এবং আয়কে উক্ত আইনের অধীন আরোপণীয় আয়কর প্রদান হইতে, নিম্নবর্ণিত শর্ত সাপেক্ষে, ১০ (দশ) বছরের জন্য অব্যাহতি প্রদান |
| ১৬। | এস.আর.ও. নং-২৭৮-আইন/আয়কর-১২/২০২৩ | ৫/১০/২০২৩ | জাতীয় রাজস্ব বোর্ড, আয়কর আইন, ২০২৩ (২০২৩ সনের ১২ নং আইন), অত:পর উক্ত আইন বলিয়া উল্লিখিত, এর ধারা ৭৬ এর উপ-ধারা (১) এ প্রদত্ত ক্ষমতাবলে, ইস্পাহানী ইসলামিয়া আই ইনস্টিটিউট ও হাসপাতাল এর ব্যাংক সুদ হইতে অর্জিত আয় ব্যতীত চিকিৎসা সেবা হইতে উদ্ভূত |

| ক্রমিক নং | এস, আর, ও নং | তারিখ | সংক্ষিপ্ত শিরোনাম |
|---|---|---|---|
| | | | আয়কে উক্ত আইনের অধীন আরোপণীয় আয়কর প্রদান হইতে, নিম্নবর্ণিত শর্ত সাপেক্ষে, ০৩ (তিন) বছরের জন্য অব্যাহতি প্রদান করিল |
| ১৭। | এস.আর.ও. নং-২৮১-আইন/আয়কর-১৩/২০২৩ | ৩/১০/২০২৩ | জাতীয় রাজস্ব বোর্ড, আয়কর আইন, ২০২৩ (২০২৩ সনের ১২ নং আইন), অতঃপর উক্ত আইন বলিয়া উল্লিখিত, এর ধারা ৭৬ এর উপ-ধারা (১) এ প্রদত্ত ক্ষমতাবলে, দেশের যে সকল কয়লাভিত্তিক বিদ্যুৎ উৎপাদনকারী Private Power Generation কোম্পানী ৩০ জুন, ২০২০ খ্রিস্টাব্দ তারিখের মধ্যে বিদ্যুৎ প্লান্ট স্থাপনের জন্য চুক্তিবদ্ধ হইয়াছে এবং যেইগুলির বাণিজ্যিক উৎপাদন ৩০ জুন, ২০২৪ খ্রিস্টাব্দ তারিখের মধ্যে শুরু হইবে সেই সকল Private Power Generation কোম্পানিকে, নিম্নবর্ণিত ক্ষেত্রসমূহে, নিম্নবর্ণিত শর্তাবলি সাপেক্ষে, উক্ত আইনের অধীন প্রদেয় কর হইতে অব্যাহতি প্রদান করিল। |
| ১৮। | এস.আর.ও. নং-২৮৩-আইন/আয়কর-১৪/২০২৩ | ৩/১০/২০২৩ | উৎসে কর বিধিমালা, ২০২৩ এর নিম্নরূপ অধিকতর সংশোধন। [জমি, ফ্ল্যাট ও অবকাঠামোর রেজিস্ট্রেশনের কর হার যৌক্তিকীকরণ এবং জমি, অবকাঠামো ও রিয়েল এস্টেট ডেভেলপার কর্তৃক নির্মিত ভবন বা অ্যাপার্টমেন্টে এর মৌজাভিত্তিক কর নির্ধারণ এবং মাছ ও মাংসের সরবরাহের ক্ষেত্রে কর হার ২% হারে হ্রাস করণ এবং উৎসে কর বিধিমালার বিধি ৪ এর সারণীর |

| ক্রমিক নং | এস, আর, ও নং | তারিখ | সংক্ষিপ্ত শিরোনাম |
|---|---|---|---|
| | | | ক্রমিক নং ৩ এর (ঘ) এ উল্লিখিত ‘ব্যক্তিগত নিরাপত্তা’ শব্দগুলোর স্থলে ‘বেসরকারী নিরাপত্তা সেবা আইন, ২০০৬’ এর আলোকে ‘বেসরকারী নিরাপত্তা সেবা’ এবং বিধি ৫ এর সারণীর ক্রমিক নং ১৫ এ উল্লিখিত ‘কন্ট্রাক্ট বা সাব-কন্ট্রাক্ট’ এর স্থলে ‘ম্যানুফ্যাকচারিং, প্রসেস বা কনভারশন, পূর্ত কাজ, নির্মাণ, প্রকৌশল বা সমজাতীয় অন্য কোনো কাজের জন্য কন্ট্রাক্ট বা সাব-কন্ট্রাক্ট’ শব্দগুলো প্রতিস্থাপন করে আইনের যথাযথ ও সঠিক কার্যকারিতা আনয়ন করে এস, আর, ও] |
| ১৯। | এস.আর.ও. নং-২৮২-আইন/আয়কর-১৫/২০২৩ | ৩/১০/২০২৩ | আয়কর আইন, ২০২৩ (২০২৩ সনের ১২ নং আইন) এর ধারা ৭৬ এর উপ-ধারা (১) এ প্রদত্ত ক্ষমতাবলে, ঢাকা এলিভেটেড এক্সপ্রেসওয়ে পিপিপি প্রকল্পে নিয়োজিত বিদেশি নাগরিকদের উক্ত প্রকল্প হইতে উদ্ভূত বেতন ও ভাতার উপর আরোপণীয় আয়কর প্রদান হইতে, আয়কর অব্যাহতি। |

# রহিতকৃত প্রজ্ঞাপনসমূহের তালিকা

| ক্রমিক নং | এস, আর, ও নং | তারিখ | সংক্ষিপ্ত শিরোনাম |
|---|---|---|---|
| ১. | এস.আর.ও. নং ৪৭এ-এল/৭৬; | ২৯/১১/১৯৭৬ | শিল্প স্থাপনের জন্য বাংলাদেশের বাহির হতে গৃহীত ঋণের সুদের উপর আয়কর অব্যাহতি সংক্রান্ত। [এস.আর.ও নং-১৬৯-আইন/আয়কর/২০২৩, তারিখ: ২৩ মে, ২০২৩ খ্রিস্টাব্দ এর মাধ্যমে রহিত করা হয়েছে] |
| ২. | এস.আর.ও. নং ৮৮-এল/৮০; | ০১/০৪/১৯৮০ | মিউচ্যুয়াল ফান্ডের আয়কর অব্যাহতি সংক্রান্ত। [এস.আর.ও নং-১৬৯-আইন/আয়কর/২০২৩, তারিখ: ২৩ মে, ২০২৩ খ্রিস্টাব্দ এর মাধ্যমে রহিত করা হয়েছে] |
| ৩. | এস.আর.ও. নং ১৮৭-এল/৮৩; | ১২/০৬/১৯৮৩ | Unit Fund of the Investment Corporation of Bangladesh-এর আয়কে আয়কর অব্যাহতি সংক্রান্ত। [এস.আর.ও নং-১৬৯-আইন/আয়কর/২০২৩, তারিখ: ২৩ মে, ২০২৩ খ্রিস্টাব্দ এর মাধ্যমে রহিত করা হয়েছে] |
| ৪. | এস.আর.ও. নং ১৫০-আইন/২০০৩; | ১২/০৬/২০০৩ | বাংলাদেশে কর্মরত বিশ্ব ব্যাংক, জার্মান, কারিগরি সংস্থা ও জাপানি আন্তর্জাতিক উন্নয়ন সংস্থা এর স্টাফ তাহাদের পরিবারেরের সদস্যবর্গ এবং |

| ক্রমিক নং | এস, আর, ও নং | তারিখ | সংক্ষিপ্ত শিরোনাম |
|---|---|---|---|
| | | | পরামর্শকদের ভ্রমণ কর প্রদান হইতে অব্যাহতি প্রদান সংক্রান্ত। [এস.আর.ও নং-১৬৯-আইন/আয়কর/২০২৩, তারিখ: ২৩ মে, ২০২৩ খ্রিস্টাব্দ এর মাধ্যমে রহিত করা হয়েছে] |
| ৫. | এস.আর.ও.নং ৩৩৩-আইন/আয়কর/২০১১; | ১০/১১/২০১১; | মিউচুয়াল ফান্ড ইস্যুকারী ব্যক্তির উক্ত মিউচুয়াল ফান্ড হইতে অর্জিত আয়কে প্রদেয় কর হইতে অব্যাহতি। [এস.আর.ও নং-১৬৯-আইন/আয়কর/২০২৩, তারিখ: ২৩ মে, ২০২৩ খ্রিস্টাব্দ এর মাধ্যমে রহিত করা হয়েছে] |
| ৬. | এস.আর.ও.নং ১৫৮-আইন/আয়কর/২০১৪; | ২৬/০৬/২০১৪; | নিম্নবর্ণিত স্বায়ত্তশাসিত সংস্থার হ্রাসকৃত করহার ২৫% এ নির্ধারণ সংক্রান্ত যথা: ঢাকা ওয়াসা, চট্টগ্রাম ওয়াসা, খুলনা ওয়াসা, রাজশাহী ওয়াসা, বাংলাদেশ বেসামরিক বিমান চলাচল কর্তৃপক্ষ, রাজধানী উন্নয়ন কর্তৃপক্ষ, রাজশাহী উন্নয়ন কর্তৃপক্ষ, খুলনা উন্নয়ন কর্তৃপক্ষ, চট্টগ্রাম উন্নয়ন কর্তৃপক্ষ, জতীয় গৃহায়ন কর্তৃপক্ষ, চট্টগ্রাম বন্দর কর্তৃপক্ষ, মংলা বন্দর কর্তৃপক্ষ, মংলা বন্দর কর্তৃপক্ষ, পায়রা বন্দর কর্তৃপক্ষ, বাংলাদেশ স্থল বন্দর কর্তৃপক্ষ, বাংলাদেশ টেলিভিশন, বাংলাদেশ বেতার, বাংলাদেশ অভ্যন্তরীণ নৌ-পরিবহন কর্তৃপক্ষ, বাংলাদেশ রোড ট্রান্সপোর্ট অথরিটি (বিআরটিএ), বাংলাদেশ টেলিযোগাযোগ নিয়ন্ত্রণ কমিশন (বিটিআরসি), বাংলাদেশ সিকিউরিটিজ এন্ড এক্সচেঞ্জ কমিশন, |

| ক্রমিক নং | এস, আর, ও নং | তারিখ | সংক্ষিপ্ত শিরোনাম |
|---|---|---|---|
| | | | বাংলাদেশ বিদ্যুৎ উন্নয়ন বোর্ড, বাংলাদেশ পল্লী বিদ্যুতায়ন বোর্ড, বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড, বাংলাদেশ এক্সপোর্ট প্রসেসিং জোনস অথরিটি, যমুনা বহুমুখী সেতু কর্তৃপক্ষ, বরেন্দ্র বহুমুখী উন্নয়ন কর্তৃপক্ষ (রাজশাহী), বাংলাদেশ হাই-টেক পার্ক কর্তৃপক্ষ, বীমা উন্নয়ন ও নিয়ন্ত্রণয় কর্তৃপক্ষ, বীমা উন্নয়ণ ও নিয়ন্ত্রণ কর্তৃপক্ষ এবং টেকসই ও নবায়নযোগ্য জ্বালানি উন্নয়ন কর্তৃপক্ষ<br><br>[এস.আর.ও নং-১৬৯-আইন/আয়কর/২০২৩, তারিখ: ২৩ মে, ২০২৩ খ্রিস্টাব্দ এর মাধ্যমে রহিত করা হয়েছে] |
| ৭. | এস.আর.ও.নং ১৫৯-আইন/ভ্রমণ/২০১৪; | ২৬/০৬/২০১৪; | বিদেশ ভ্রমণ কর নির্ধারণ বিধিমালা, ২০১৪<br><br>[এস.আর.ও নং-১৬৯-আইন/আয়কর/২০২৩, তারিখ: ২৩ মে, ২০২৩ খ্রিস্টাব্দ এর মাধ্যমে রহিত করা হয়েছে] |
| ৮. | এস.আর.ও.নং ৩২৪-আইন/ভ্রমণ/২০১৫; | ০৪/১১/২০১৫; | স্থায়ীভাবে ভারতে গমণকারী ছিটমহলের বাসিন্দাদের প্রদেয় ভ্রমণ কর হইতে অব্যাহতি প্রদান সংক্রান্ত।<br>[এস.আর.ও নং-১৬৯-আইন/আয়কর/২০২৩, তারিখ: ২৩ মে, ২০২৩ খ্রিস্টাব্দ এর মাধ্যমে রহিত করা হয়েছে] |
| ৯. | এস.আর.ও. নং-১৬৮-আইন/আয়কর/২০২৩ | ২৩/০৫/২০২৩ | আয়কর রিটার্ন প্রস্তুতকারী বিধিমালা, ২০২৩ |

| ক্রমিক নং | এস, আর, ও নং | তারিখ | সংক্ষিপ্ত শিরোনাম |
| --- | --- | --- | --- |
| | | | [এস.আর.ও নং-২০৭-আইন/আয়কর-০২/২০২৩, তারিখ: ২৬ জুন, ২০২৩ খ্রিস্টাব্দ খ্রিস্টাব্দ এর মাধ্যমে রহিত করা হয়েছে] |
| ১০. | এস.আর.ও. নং-২১৩-আইন/আয়কর/২০১৩ | ০১/০৭/২০১৩ | কয়লা ভিত্তিক বিদ্যুৎ উৎপাদনকারী *চৎরাধঃব চড়বিৎ এবহবৎধঃরড়হ* কোম্পানি কর অব্যাহতি সংক্রান্ত। [এস.আর.ও নং-২৮১-আইন/আয়কর-১৩/২০২৩, তারিখ: ০৩ অক্টোবর, ২০২৩ খ্রিস্টাব্দ এর মাধ্যমে রহিত করা হয়েছে] |
| ১১. | এস.আর.ও. নং-১৫৮-আইন/আয়কর/২০২২ | ০১/০৬/২০২২ | রপ্তানি হইতে অর্জিত সকল প্রকার আয়ের উপর শর্ত সাপেক্ষে আয়কর অব্যাহতি বা হ্রাস করিয়া আয়করের হার ধার্য। [এস.আর.ও নং-২১০-আইন/আয়কর-০৫/২০২৩ খ্রিস্টাব্দ এর মাধ্যমে রহিত করা হয়েছে] |
| ১২. | (ক) এস.আর.ও. নং-২১১-আইন/আয়কর/২০১৩, তারিখ ০১ জুলাই, ২০১৩ খিস্টাব্দ (খ) এস.আর.ও. নং-০৫-আইন/আয়কর/২০২০, তারিখ ০৯ জানুয়ারি, ২০২০ খিস্টাব্দ এবং (গ) এস.আর.ও. নং-২১২-আইন/আয়কর/২০১৩, তারিখ ০১ জুলাই, ২০১৩ খিস্টাব্দ তারিখে জারিকৃত এস.আর.ও রহিত করা হয়েছে। | | কয়লা ভিত্তিক বিদ্যুৎ উৎপাদনকারী কোম্পানী ব্যতীত Private Power Generation কোম্পানি কর ৩ বছেরের জন্য অব্যাহতি সংক্রান্ত। [এস.আর.ও.নং-১৯৪-আইন/আয়কর/২০২৩, তারিখ: ১৯ জুন, ২০২৩ খ্রিস্টাব্দ এর মাধ্যমে রহিত করা হয়েছে] |

**গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার**
**অর্থ মন্ত্রণালয়**
**জাতীয় রাজস্ব বোর্ড**

**(আয়কর)**

**প্রজ্ঞাপন**

তারিখ: ০৯ জ্যৈষ্ঠ, ১৪৩০ বঙ্গাব্দ / ২৩ মে, ২০২৩ খ্রিষ্টাব্দ।

**এস. আর. ও. নং-১৬৯-আইন/আয়কর/২০২৩।–** Income-tax Ordinance, 1984 (Ordinance No. XXXVI of 1984), অতঃপর উক্ত Ordinance বলিয়া উল্লিখিত, এর section 44 এর sub-section (4) এর clause (b) তে প্রদত্ত ক্ষমতাবলে, সরকার, এই বিভাগের নিম্নবর্ণিত প্রজ্ঞাপনসমূহ রহিত করিল, যথা:-

(ক) No. S.R.O. 417A-L/76. dated 29th November, 1976;

(খ) No. S.R.O. 88-L/80. dated 1st April , 1980;

(গ) No. S.R.O. 187-L/83. dated 12th June, 1983;

(ঘ) **এস, আর, ও নং ১৫০-আইন/২০০৩**, তারিখ: ১২ জুন, ২০০৩ খ্রিষ্টাব্দ;

(ঙ) এস. আর. ও নং ৩৩৩--আইন/আয়কর/২০১১, তারিখ: ২৭ অক্টোবর, ২০১১ খ্রিষ্টাব্দ;

(চ) এস. আর. ও নং ১৫৮-আইন/আয়কর/২০১৪, তারিখ: ২৬ জুন ২০১৪ খ্রিষ্টাব্দ;

(ছ) **এস, আর, ও নং ১৫৯-আইন/ভ্রমণ/২০১৪**, তারিখ: ২৬ জুন ২০১৪ খ্রিষ্টাব্দ; এবং

(জ) **এস, আর, ও নং ৩২৪-আইন/ভ্রমণ/২০১৫**, তারিখ: ০৪ নভেম্বর ২০১৫ খ্রিষ্টাব্দ।

(২) এই প্রজ্ঞাপন ১ জুলাই, ২০২৩ খ্রিস্টাব্দ তারিখ হইতে কার্যকর হইবে।

**রাষ্ট্রপতির আদেশক্রমে,**

**(আবু হেনা মোঃ রহমাতুল মুনিম)**
**সিনিয়র সচিব**

পরিশিষ্ট-৯

**গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার**
**জাতীয় রাজস্ব বোর্ড**
**(আয়কর)**

**প্রজ্ঞাপন**

তারিখ: ১২ আষাঢ়, ১৪৩০ বঙ্গাব্দ/২৬ জুন, ২০২৩ খ্রিষ্টাব্দ

**এস. আর. ও. নং-২০৭-আইন/আয়কর-০২/২০২৩।**—জাতীয় রাজস্ব বোর্ড, আয়কর আইন, ২০২৩ (২০২৩ সনের ১২ নং আইন) এর ধারা ৩৪৩ এ প্রদত্ত ক্ষমতাবলে, নিম্নরূপ বিধিমালা প্রণয়ন করিল, যথা:-

১। **শিরোনাম।-** এই বিধিমালা আয়কর রিটার্ন প্রস্তুতকারী বিধিমালা, ২০২৩ নামে অভিহিত হইবে।

২। **সংজ্ঞা।-** বিষয় বা প্রসঙ্গের পরিপন্থী কিছু না থাকিলে, এই বিধিমালায়,-

(ক) **"আইন"** অর্থ আয়কর আইন, ২০২৩ (২০২৩ সনের ১২ নং আইন);

(খ) **"আয়কর রিটার্ন প্রস্তুতকারী"** অর্থ বিধি ৫ এর অধীন আয়কর রিটার্ন প্রস্তুতকারী হিসাবে তালিকাভুক্ত কোনো ব্যক্তি;

(গ) **"কর অভিজ্ঞান পরীক্ষা"** অর্থ বোর্ড কর্তৃক গৃহীত Tax Aptitude & Accounting Test (TAAT);

(ঘ) **"বোর্ড"** অর্থ জাতীয় রাজস্ব বোর্ড;

(ঙ) **"যোগ্য ব্যক্তি"** অর্থ আইনের ধারা ১৬৬ এর অধীন রিটার্ন দাখিলের বাধ্যবাধকতা রহিয়াছে এইরূপ ব্যক্তি;

(চ) **"সহায়তাকারী প্রতিষ্ঠান"** অর্থ বিধি ৭ এর অধীন বোর্ড কর্তৃক নির্বাচিত কোনো নিবন্ধিত ফার্ম বা কোম্পানী আইন, ১৯৯৪ (১৯৯৪ সনের ১৮ নং আইন) এর অধীন নিগমিত কোনো কোম্পানী।

৩। **আয়কর রিটার্ন প্রস্তুতকারী সনদ প্রাপ্তির যোগ্যতা।**— আয়কর রিটার্ন প্রস্তুতকারী সনদপ্রাপ্তির জন্য নিম্নবর্ণিত যোগ্যতা থাকিতে হইবে, যথা:-

(ক) সরকারি চাকরিতে কর্মরত নন এইরূপ বাংলাদেশি নাগরিক হইতে হইবে;

(খ) ন্যূনতম স্নাতক বা সমমান পরীক্ষায় উত্তীর্ণ হইতে হইবে;

(গ) স্বাভাবিক ব্যক্তি করদাতার আয়কর রিটার্ন প্রস্তুত ও দাখিলের বিষয়ে সম্যক ধারণা থাকিতে হইবে;

(ঘ) কম্পিউটার এবং আইসিটি বিষয়ে ব্যবহারিক জ্ঞান থাকিতে হইবে;

(ঙ) বোর্ড কর্তৃক গৃহীত কর অভিজ্ঞান পরীক্ষায় উত্তীর্ণ হইতে হইবে; এবং

(চ) টিআইএনধারী হইতে হইবে এবং আয়কর রিটার্ন দাখিলের প্রমাণ থাকিতে হইবে।

**৪। আয়কর রিটার্ন প্রস্তুতকারীর সনদ প্রদান।**― (১) বোর্ড, সময় সময়, আয়কর রিটার্ন প্রস্তুতকারীর সনদ প্রদানের যোগ্যতা যাচাইয়ের নিমিত্ত কর অভিজ্ঞান পরীক্ষা (TAAT) গ্রহণ করিবে এবং উত্তীর্ণ প্রার্থীদের আয়কর রিটার্ন প্রস্তুতকারী সনদ প্রদান করিবে।

(২) আইনের ধারা ৩২৭ অনুযায়ী কর আইনজীবী হিসাবে স্বীকৃত ব্যক্তিগণের আবেদনের প্রেক্ষিতে বোর্ড, কোনো প্রকার পরীক্ষা ব্যতিরেকে, তাহাদের যোগ্যতার সনদ ও অন্যান্য প্রযোজ্য দলিলাদি যাচাইপূর্বক আয়কর রিটার্ন প্রস্তুতকারী সনদ প্রদান করিবে।

(৩) বোর্ড আয়কর রিটার্ন প্রস্তুতকারীদের জন্য প্রয়োজনীয় পাঠ্যসূচি প্রণয়ন ও প্রচার করিবে।

**৫। আয়কর রিটার্ন প্রস্তুতকারীর তালিকাভুক্তি।**―(১) বিধি ৪ এর অধীন সনদপ্রাপ্ত আয়কর রিটার্ন প্রস্তুতকারী তালিকাভুক্তির জন্য বোর্ডের নিকট সরাসরি আবেদন করিতে পারিবেন এবং আবেদনে তিনি যেই সহায়তাকারী প্রতিষ্ঠানের সহিত তালিকাভুক্ত হইতে আগ্রহী তাহার নাম উল্লেখ করিতে পারিবেন।

(২) বোর্ড উপ-বিধি (১) এর অধীন প্রাপ্ত আবেদন যাচাইক্রমে আবেদনকারীকে আয়কর রিটার্ন প্রস্তুতকারী হিসাবে তালিকাভুক্তির নিমিত্ত বোর্ডের সহিত নিবন্ধনপূর্বক একটি অনন্য শনাক্তকরণ সংখ্যা বা Unique Identification Number প্রদান করিবে।

(৩) একজন আয়কর রিটার্ন প্রস্তুতকারী যেই সহায়তাকারী প্রতিষ্ঠানের সহিত তালিকাভুক্ত হইবেন সেই সহায়তাকারী প্রতিষ্ঠান বোর্ড কর্তৃক নির্বাচিত হইবে।

**৬। প্রতিনিধিত্ব।**―এই বিধিমালার অধীন গৃহীত কর অভিজ্ঞান পরীক্ষা (TAAT) উত্তীর্ণ ও সনদপ্রাপ্ত আয়কর রিটার্ন প্রস্তুতকারীগণ কেবল আয়কর রিটার্ন প্রস্তুত ও দাখিল করিতে পারিবেন এবং কোনোভাবেই আইনের ধারা ৩২৭ অনুযায়ী কর আইনজীবী হিসাবে গণ্য হইবেন না।

**৭। সহায়তাকারী প্রতিষ্ঠান নির্বাচন।**― (১) বোর্ড এই বিধিমালার অধীন কার্যক্রম সুষ্ঠুভাবে বাস্তবায়নের জন্য প্রয়োজনে, ভৌগোলিক এলাকা ভিত্তিক এক বা একাধিক সহায়তাকারী প্রতিষ্ঠান নির্বাচন করিতে পারিবে।

(২) সহায়তাকারী প্রতিষ্ঠান নির্বাচনে আয়কর বিষয়ক সেবা ও পরামর্শ প্রদানে অভিজ্ঞ প্রতিষ্ঠান অগ্রাধিকার পাইবে।

(৩) সহায়তাকারী প্রতিষ্ঠানের আয়কর রিটার্ন প্রস্তুতকারীদের প্রয়োজনীয় প্রশিক্ষণ প্রদানের সক্ষমতা থাকিতে হইবে।

(৪) সহায়তাকারী প্রতিষ্ঠানের আয়কর রিটার্ন প্রস্তুতকারীদের কম্পিউটার ল্যাবসহ রিটার্ন দাখিলের জন্য প্রয়োজনীয় লজিস্টিক সরবরাহের সক্ষমতা থাকিতে হইবে।

**৮। সহায়তাকারী প্রতিষ্ঠানের কার্যাবলি।**- সহায়তাকারী প্রতিষ্ঠানের কার্যাবলি হইবে নিম্নরূপ, যথা:-

(ক) বোর্ডের দিক নির্দেশনা ও তত্ত্বাবধানে কাজ করিবে এবং বোর্ড কর্তৃক, সময় সময়, জারীকৃত নির্দেশনাবলি অনুসরণ করিবে;

(খ) আয়কর রিটার্ন প্রস্তুতকারীদের ―

(অ) প্রোফাইল সংরক্ষণ করিবে;

(আ) কর্মদক্ষতা নিরীক্ষণ করিবে; এবং

(ই) দক্ষতা বৃদ্ধির প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণ করিবে।

**৯। আয়কর রিটার্ন প্রস্তুত এবং দাখিল।-** কোনো নিবাসী যোগ্য ব্যক্তি তাহার প্রথমবারের এবং পরবর্তী সময়ের আয়কর রিটার্ন, আয়কর রিটার্ন প্রস্তুতকারীর মাধ্যমে প্রস্তুত এবং দাখিল করিতে পারিবেন:

তবে শর্ত থাকে যে,

(ক) আইনের ধারা ১৬৬ এর অধীনে রিটার্ন দাখিল হইতে হবে;

(খ) আইনের ধারা ১৭৫, ১৮০(২) ও ২১২ এর অধীন দাখিলকৃত রিটার্ন হইবে না;

(গ) বোর্ড কর্তৃক নির্ধারিত অনলাইন মাধ্যমে রিটার্ন দাখিল করিতে হইবে।

১০। **যোগ্য ব্যক্তির কর্তব্য।—**যোগ্য ব্যক্তি নিশ্চিত হইবেন যে-

(ক) তাহার রিটার্ন এই বিধিমালার অধীন দাখিলযোগ্য;

(খ) তিনি, বোর্ড কর্তৃক নির্দেশিত পদ্ধতিতে, আয়কর রিটার্ন প্রস্তুতকারীকে সম্মতি প্রদান করিয়াছেন;

(গ) কর পরিগণনাসহ রিটার্নে উল্লিখিত তথ্যগুলি সঠিক ও সম্পূর্ণ;

(ঘ) তিনি আয়কর রিটার্ন প্রস্তুতকারীর নিকট হইতে কর প্রদানের চালান বুঝিয়া নিয়াছেন;

(ঙ) তিনি আয়কর রিটার্ন প্রস্তুতকারীর নিকট হইতে রিটার্ন দাখিলের সিস্টেম জেনারেটেড স্লিপ অথবা সার্টিফিকেট বুঝিয়া নিয়াছেন।

১১। **আয়কর রিটার্ন প্রস্তুতকারীর কর্তব্য।-** আয়কর রিটার্ন প্রস্তুতকারীর কর্তব্য হইবে নিম্নরূপ, যথা:-

(ক) তিনি দায়িত্বশীলতার সহিত যোগ্য ব্যক্তির রিটার্ন প্রস্তুত করিবেন;

(খ) তিনি রিটার্ন প্রস্তুত ও দাখিলের পূর্বে যোগ্য ব্যক্তির সম্মতি গ্রহণ করিবেন;

(গ) তিনি রিটার্নের একটি অনুলিপি সংশ্লিষ্ট যোগ্য ব্যক্তির কাছে হস্তান্তর করিবেন; এবং

(ঘ) রিটার্ন দাখিলের প্রমাণ (Proof of submission of return বা PSR) তাহার কাছে সংরক্ষণ করিবেন এবং যোগ্য ব্যক্তির নিকট হস্তান্তর করিবেন।

**১২। আয়কর রিটার্ন প্রস্তুতকারীদের প্রণোদনা।-** (১) বোর্ড আয়কর রিটার্ন প্রস্তুতকারীর জন্য নিম্নরূপ পরিমাণ প্রণোদনা অনুমোদন করিতে পারিবে, যথা:-

| সময় | আইনের ধারা ১৭৩ বা ১৭৪ এ প্রদত্ত মোট কর | প্রণোদনার হার |
|---|---|---|
| প্রথম, দ্বিতীয় ও তৃতীয় করবর্ষ | ন্যূনতম করের উপর | ১০% |
| | পরবর্তী পনেরো হাজার টাকা পর্যন্ত করের উপর | ২% |
| | পরবর্তী পঞ্চাশ হাজার টাকা করের উপর | ১% |
| | অবশিষ্ট করের উপর | ০.৫% |
| | ন্যূনতম করের উপর | ৫% |

| | | |
|---|---|---|
| চতুর্থ ও পঞ্চম করবর্ষ | পরবর্তী পনেরো হাজার টাকা পর্যন্ত করের উপর | ১% |
| | পরবর্তী পঞ্চাশ হাজার টাকা করের উপর | ০.৫% |
| | অবশিষ্ট করের উপর | ০.২৫% |

তবে শর্ত থাকে যে,

(ক) আয়কর রিটার্ন প্রস্তুতকারী দ্বারা প্রস্তুতকৃত আয়কর রিটার্নে করদাতার ঘোষিত আয়ের উপর করদাতার রিটার্নের সাথে প্রদত্ত ১৭৩ এবং ১৭৪ ধারার করের উপর প্রণোদনা প্রদান করা হইবে;

(খ) আয়কর রিটার্ন প্রস্তুতকারীর প্রাপ্য প্রণোদনার ১০% (দশ শতাংশ) সহায়তাকারী প্রতিষ্ঠান সার্ভিস চার্জ হিসাবে প্রাপ্য হইবে।

(২) যেক্ষেত্রে প্রথম বৎসরের আয়কর রিটার্ন দাখিলের পর কোনো যোগ্য ব্যক্তি আয়কর রিটার্ন প্রস্তুতকারী পরিবর্তন করিয়া নূতন আয়কর রিটার্ন প্রস্তুতকারীর মাধ্যমে দ্বিতীয়, তৃতীয়, চতুর্থ বা পঞ্চম করবর্ষের রিটার্ন দাখিল করিবেন, সেইক্ষেত্রে পরিবর্তিত আয়কর রিটার্ন প্রস্তুতকারী, ক্ষেত্রমত, দ্বিতীয়, তৃতীয়, চতুর্থ বা পঞ্চম করবর্ষের জন্য নির্ধারিত হারে প্রণোদনা প্রাপ্য হইবেন।

(৩) বোর্ড, সময় সময়, উপ-বিধি (১) এর অধীন নির্ধারিত প্রণোদনা পরিবর্তন করিতে পারিবে।

**ব্যাখ্যা**।-এই বিধির উদ্দেশ্যে-

(ক) "প্রথম করবর্ষ" অর্থ যে করবর্ষে যোগ্য ব্যক্তি তাহার আয়কর রিটার্ন প্রথমবারের মতো দাখিল করিবেন এবং উক্ত যোগ্য ব্যক্তি ইতঃপূর্বে কোনো করবর্ষে রিটার্ন দাখিল করেন নাই;

(খ) "দ্বিতীয় করবর্ষ" অর্থ প্রথম করবর্ষের পরের করবর্ষ;

(গ) "তৃতীয় করবর্ষ" অর্থ দ্বিতীয় করবর্ষের পরের করবর্ষ;

(ঘ) "চতুর্থ করবর্ষ" অর্থ তৃতীয় করবর্ষের পরের করবর্ষ;

(ঙ) "পঞ্চম করবর্ষ" অর্থ চতুর্থ করবর্ষের পরের করবর্ষ;

(চ) "১৭৩ এবং ১৭৪ ধারায় প্রদত্ত মোট কর" অর্থ যোগ্য ব্যক্তি কর্তৃক প্রদত্ত রিটার্নের সহিত প্রদত্ত ১৭৩ এবং ১৭৪ ধারার কর এবং ইহাতে নিম্নোক্ত করাদি বা পরিশোধ অন্তর্ভুক্ত হইবে না -

(অ) কর দিবসের পরে রিটার্ন দাখিলের জন্য পরিশোধিত অতিরিক্ত কোনো কর;

(আ) রিটার্নে দাবিকৃত প্রত্যার্পনযোগ্য কর; এবং

(ই) উৎসে পরিশোধিত কর।

**১৩। পঞ্চম করবর্ষ পরবর্তী রিটার্ন দাখিল।**— আয়কর রিটার্ন প্রস্তুতকারী একজন যোগ্য ব্যক্তির পঞ্চম করবর্ষ পরবর্তী যে কোনো সময়ের জন্য রিটার্ন প্রস্তুত ও দাখিল করিতে পারিবে:

তবে শর্ত থাকে যে, পঞ্চম করবর্ষ পরবর্তী যে কোনো সময়ের জন্য রিটার্ন দাখিলের জন্য কোনো প্রণোদনা প্রদান করা হইবে না।

**১৪। সহায়তাকারী প্রতিষ্ঠানের সার্ভিস চার্জ।-** সহায়তাকারী প্রতিষ্ঠান আয়কর রিটার্ন প্রস্তুতকারীর প্রণোদনার ১০% (দশ শতাংশ) সার্ভিস চার্জ হিসাবে প্রাপ্য হইবে।

**১৫। বিল দাখিল ও পরিশোধ।-** (১) বিধি ১২ এর অধীন আয়কর রিটার্ন প্রস্তুতকারী রিটার্ন দাখিলের প্রেক্ষিতে প্রাপ্য প্রণোদনার অর্থ প্রাপ্তির জন্য সহায়তাকারী প্রতিষ্ঠানের মাধ্যমে বোর্ডের নিকট আবেদন করিবে।

(২) আয়কর রিটার্ন প্রস্তুতকারীর প্রাপ্য প্রণোদনা ও নির্ধারিত সার্ভিস চার্জ প্রদর্শন করিয়া সহায়তাকারী প্রতিষ্ঠান বোর্ডের নিকট বিল দাখিল করিবেন।

(৩) বোর্ড পরীক্ষা-নিরীক্ষাপূর্বক বিল অনুমোদন করিবে এবং পৃথকভাবে আয়কর রিটার্ন প্রস্তুতকারীর প্রাপ্য প্রণোদনা ও সহায়তাকারী প্রতিষ্ঠানের সার্ভিস চার্জ পরিশোধ করিবে।

**১৬। আয়কর রিটার্ন প্রস্তুতকারী ও সহায়তাকারী প্রতিষ্ঠানের সহিত সম্পর্কিত বিবরণ রক্ষণাবেক্ষণ।-** (১) বোর্ড প্রত্যেক আয়কর রিটার্ন প্রস্তুতকারী ও সহায়তাকারী প্রতিষ্ঠানের সহিত সম্পর্কিত তথ্য সংরক্ষণ করিবে এবং, সময় সময়, তাহাদের কর্মদক্ষতা মূল্যায়ন করিবে।

(২) বোর্ড, সময় সময়, আয়কর রিটার্ন প্রস্তুতকারী ও সহায়তাকারী প্রতিষ্ঠানকে প্রয়োজনীয় নির্দেশনা প্রদান করিবে।

**১৭। আয়কর রিটার্ন প্রস্তুতকারীর সনদ বাতিল।-** (১) বোর্ড, কোনো আয়কর রিটার্ন প্রস্তুতকারীকে তাহার কাজের ঘাটতি ও তাহার অসদাচরণ সম্পর্কে সতর্ক করিতে পারিবে এবং নিম্নবর্ণিত ঘাটতি বা অসদাচরণের কারণে আয়কর রিটার্ন প্রস্তুতকারীর সনদ বাতিলের পদক্ষেপ গ্রহণ করিতে পারিবে, যথা:-

(ক) যদি তিনি করদাতাকে নিম্নবর্ণিত দলিলাদি সরবরাহ করিতে অপারগ হন -

(অ) দাখিলকৃত রিটার্নের সিস্টেম জেনারেটেড একটি অনুলিপি;

(আ) রিটার্ন দাখিলের প্রমাণ (Proof of submission of return বা PSR);

(খ) যদি তিনি তাহার দ্বারা প্রস্তুতকৃত রিটার্নে সঠিকভাবে করদাতা কর্তৃক সরবরাহকৃত তথ্য সন্নিবেশ করিতে ব্যর্থ হন;

(গ) যদি তিনি বিধি ১২ এর উপ-বিধি (১) এর অধীন প্রতারণামূলকভাবে প্রণোদনা দাবি করেন;

(ঘ) যদি তিনি কোনো আর্থিক অনিয়ম বা জালিয়াতির সহিত জড়িত থাকেন;

(ঙ) যদি তিনি ইচ্ছাকৃতভাবে রিটার্নে আয় বা আয়ের উপর পরিগণিত কর দায়বদ্ধতা অবমূল্যায়ন করিবার চেষ্টা করেন;

(চ) যদি তিনি গুরুতর প্রকৃতির অন্য কোনো অনিয়মের সহিত জড়িত থাকেন এবং বোর্ডের নিকট উহার স্বপক্ষে প্রমাণাদি উপস্থাপিত হয়;

(ছ) যদি তিনি, সময় সময়, বোর্ডের জারি করা নির্দেশনা মানিয়া চলিতে ব্যর্থ হন;

(জ) যদি তিনি আয়কর রিটার্ন প্রস্তুতকারী সনদ প্রাপ্তির পর সরকারি চাকরি থেকে আয় প্রাপ্ত হন।

(২) কোনো আয়কর রিটার্ন প্রস্তুতকারী এই বিধিমালার অধীন আয়কর রিটার্ন প্রস্তুত ও দাখিল করিতে পারিবেন, যদি না-

(ক) এই বিধিমালার অধীন তাহাকে প্রদত্ত আয়কর রিটার্ন প্রস্তুতকারী সনদ বোর্ড কর্তৃক স্থগিত বা প্রত্যাহার করা হয়; বা

(খ) এই বিধিমালা বোর্ড দ্বারা প্রত্যাহার করা হয়।

**১৮। সহায়তাকারী প্রতিষ্ঠানের সহিত চুক্তি বাতিল।**— বোর্ড স্বপ্রণোদিত হইয়া অথবা আয়কর রিটার্ন প্রস্তুতকারীর অভিযোগের ভিত্তিতে কোনো সহায়তাকারী প্রতিষ্ঠানকে উহার যে কোনো ধরনের পরিপালনজনিত ঘাটতি ও অসদাচরণ সম্পর্কে সতর্ক করিতে পারিবে এবং সহায়তাকারী প্রতিষ্ঠানের সহিত চুক্তি বাতিলের পদক্ষেপ গ্রহণ করিবে যদি সহায়তাকারী প্রতিষ্ঠান—

(ক) সন্তোষজনক সংখ্যক টিআরপি (Tax Return Preparer) তালিকাভুক্তকরণে ব্যর্থ হয়; বা

(খ) অন্য কোনো কারণে তাহার উপর অর্পিত দায়িত্ব পরিপালনে সক্ষম না হয়; বা

(গ) রাজস্ব ও জনস্বার্থ পরিপন্থি কোনো কর্মকাণ্ডে জড়িত বলিয়া বোর্ডের নিকট প্রতীয়মান হয়।

**১৯। গোপনীয়তা লঙ্ঘন।**— কোনো আয়কর রিটার্ন প্রস্তুতকারী অথবা কোনো সহায়তাকারী প্রতিষ্ঠান কোনো করদাতার তথ্যের গোপনীয়তা লঙ্ঘন করিলে, বোর্ড তাহার বিরুদ্ধে আয়কর আইনের অধীন ফৌজদারী মামলা দায়েরসহ অন্যান্য আইনানুগ ব্যবস্থা গ্রহণ করিতে পারিবে।

**২০। রহিতকরণ।**— ২৩ মে, ২০২৩ খ্রিষ্টাব্দ তারিখে এস.আর.ও. নং-১৬৮-আইন/আয়কর/২০২৩ এর মাধ্যমে প্রাক-প্রকাশিত আয়কর রিটার্ন প্রস্তুতকারী বিধিমালা, ২০২৩ এতদ্দ্বারা রহিত করা হইলো।

**জাতীয় রাজস্ব বোর্ডের আদেশক্রমে,**

**ড. সামস উদ্দিন আহমেদ**
**সদস্য (গ্রেড-১)**
**(কর নীতি)**

পরিশিষ্ট-১০

**গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার**
**জাতীয় রাজস্ব বোর্ড**

**(আয়কর)**

**প্রজ্ঞাপন**

তারিখ: **১২ আষাঢ়**, **১৪৩০** বঙ্গাব্দ/**২৬ জুন**, **২০২৩** খ্রিষ্টাব্দ।

**এস. আর. ও. নং -২০৮-আইন/আয়কর-০৩/২০২৩** /- জাতীয় রাজস্ব বোর্ড, আয়কর আইন, ২০২৩ (২০২৩ সনের ১২ নং আইন) এর ধারা ৭৬ এর উপ-ধারা (১) এ প্রদত্ত ক্ষমতাবলে, নিম্নবর্ণিত শর্ত সাপেক্ষে, কয়লাভিত্তিক বিদ্যুৎ উৎপাদনকারী কোম্পানি ব্যতীত, যেসকল Private Power Generation কোম্পানির-

(১) বাণিজ্যিক উৎপাদন ০১ জানুয়ারি, ২০২৩ খ্রিষ্টাব্দ হইতে ৩০ জুন, ২০২৪ খ্রিষ্টাব্দ তারিখের মধ্যে আরম্ভ হইবে, সেই সকল কোম্পানিকে নিম্নবর্ণিত ক্ষেত্রসমূহে উক্ত আইনের অধীন প্রদেয় কর হইতে অব্যাহতি প্রদান করিল, যথা:-

(ক) কোম্পানির কেবল বিদ্যুৎ উৎপাদন ব্যবসায় হইতে অর্জিত আয়ের উপর, উহাদের বাণিজ্যিক উৎপাদনের তারিখ হইতে ৩০ জুন, ২০৩৬ খ্রিষ্টাব্দ তারিখ পর্যন্ত;

(খ) কোম্পানিতে কর্মরত বিদেশি ব্যক্তিগণের আয়ের উপর, বাংলাদেশে তাহাদের আগমনের তারিখ হইতে পরবর্তী ৩ (তিন) বৎসরের জন্য;

(গ) কোম্পানি কর্তৃক গৃহীত বৈদেশিক ঋণের উপর প্রদেয় সুদের উপর;

(ঘ) কোম্পানি কর্তৃক প্রদেয় royalties, technical know-how and technical assistance fees এর উপর; এবং

(ঙ) কোম্পানির শেয়ার হস্তান্তরের ফলে উদ্ভূত মূলধনি আয়ের উপর;

(২) বাণিজ্যিক উৎপাদন ০১ জুলাই, ২০২৪ খ্রিষ্টাব্দ হইতে ৩০ জুন, ২০২৫ খ্রিষ্টাব্দ তারিখের মধ্যে আরম্ভ হইবে, সেই সকল কোম্পানিকে নিম্নবর্ণিত সারণী মোতাবেক উক্ত আইনের অধীন প্রদেয় কর হইতে অব্যাহতি প্রদান করিল, যথা:-

**সারণী**

| **কর অব্যাহতির মেয়াদ** | **কর অব্যাহতির হার** |
|---|---|
| বাণিজ্যিক উৎপাদন আরম্ভ হইতে প্রথম ৫ (পাঁচ) বৎসর পর্যন্ত (প্রথম, দ্বিতীয়, তৃতীয়, চতুর্থ ও পঞ্চম বৎসর) | ১০০% |

| | |
|---|---|
| পরবর্তী ৩ (তিন) বৎসর পর্যন্ত (ষষ্ঠ, সপ্তম ও অষ্টম বৎসর) | ৫০% |
| পরবর্তী ২ (দুই) বৎসর পর্যন্ত (নবম ও দশম বৎসর) | ২৫% |

**শর্তাবলি:**

(ক) উক্ত আইনের সকল বিধানাবলি পরিপালন করিতে হইবে; এবং

(খ) Private Sector Power Generation Policy of Bangladesh এ নির্ধারিত সকল শর্তাবলি পূরণ করিতে হইবে এবং উক্ত Policy-তে বর্ণিত ব্যবস্থা অনুসারে কোম্পানিসমূহ পরিচালিত হইতে হইবে।

২। ১৯ জুন, ২০২৩ খ্রিষ্টাব্দ তারিখে জারীকৃত প্রজ্ঞাপন এস. আর. ও নং-১৯৪-আইন/আয়কর/২০২৩ এতদ্দ্বারা রহিত করা হইল।

৩। এই প্রজ্ঞাপন অবিলম্বে কার্যকর হইবে।

**রাষ্ট্রপতির আদেশক্রমে,**

**(আবু হেনা মোঃ রহমাতুল মুনিম)**
**সিনিয়র সচিব**

**গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার**
**জাতীয় রাজস্ব বোর্ড**
**(আয়কর)**

**প্রজ্ঞাপন**

তারিখ: ১২ আষাঢ়, ১৪৩০ বঙ্গাব্দ/২৬ জুন, ২০২৩ খ্রিষ্টাব্দ

**এস. আর. ও. নং ২১০-আইন/আয়কর-০৫/২০২৩।–** জাতীয় রাজস্ব বোর্ড, আয়কর আইন, ২০২৩ (২০২৩ সনের ১২ নং আইন), অতঃপর উক্ত আইন বলিয়া উল্লিখিত, এর ধারা ৭৬ এর উপ-ধারা (১) এ প্রদত্ত ক্ষমতাবলে, রপ্তানি হইতে অর্জিত সকল প্রকার আয়ের উপর নিম্নবর্ণিত শর্ত সাপেক্ষে, আয়কর অব্যাহতি বা, ক্ষেত্রমত, হ্রাস করিয়া প্রদেয় আয়করের হার নিম্নবর্ণিতভাবে ধার্য করিল, যথা:-

(ক) স্বাভাবিক ব্যক্তি (individual), ফার্ম ও হিন্দু অবিভক্ত পরিবার কর্তৃক অর্জিত আয়ের ৫০% করমুক্ত থাকিবে;

(খ) স্বাভাবিক ব্যক্তি (individual), ফার্ম ও হিন্দু অবিভক্ত পরিবার ব্যতীত অন্যান্য করদাতাদের করহার ১২% হইবে; এবং

(গ) স্বাভাবিক ব্যক্তি (individual), ফার্ম ও হিন্দু অবিভক্ত পরিবার ব্যতীত অন্যান্য করদাতা কর্তৃক Leadership in Energy and Environmental Design (LEED) Certified কারখানায় উৎপাদিত পণ্য রপ্তানি হইতে অর্জিত আয়ের উপর ১০%।

**<u>শর্তাবলি:</u>**

(অ) রপ্তানিকারককে করদাতা শনাক্তকরণ নম্বর (টিআইএন)-ধারী হইতে হইবে;

(আ) এই প্রজ্ঞাপনের অধীন অনুমোদিত প্রতিষ্ঠানকে উক্ত আইনের বিধানাবলি পরিপালন করিতে হইবে;

(ই) কোনো আয়বর্ষে (income year) পরিবেশ সংশ্লিষ্ট বিধি-বিধান লঙ্ঘনের দায়ে সরকারের কোনো কর্তৃপক্ষ কর্তৃক অর্থদণ্ড আরোপিত হইলে সংশ্লিষ্ট করবর্ষে নিয়মিত হারে আয়কর পরিশোধযোগ্য হইবে।

২। সকল প্রকার Transportation Service, Mobile Telecommunication Service এবং Internet and Internet Related Service এর জন্য এই প্রজ্ঞাপনে বর্ণিত কর অব্যাহতি সুবিধা প্রযোজ্য হইবে না।

৩। উক্ত আইনের কোনো বিধান বা অন্য কোনো প্রজ্ঞাপনের অধীন কোনো করদাতা কর অব্যাহতি সুবিধা প্রাপ্ত হইলে এই প্রজ্ঞাপনের বর্ণিত কর অব্যাহতি সুবিধা প্রাপ্য হইবেন না।

৪। ১ জুন ২০২২ তারিখ জারীকৃত প্রজ্ঞাপন এস. আর. ও নং-১৫৮-আইন/আয়কর/২০২২ এতদ্দ্বারা রহিত করা হইল।

৫। এই প্রজ্ঞাপন ১ জুলাই, ২০২৩ খ্রিষ্টাব্দ হইতে কার্যকর হইবে এবং ৩০ জুন ২০২৮ খ্রিষ্টাব্দ পর্যন্ত কার্যকর থাকিবে।

**রাষ্ট্রপতির আদেশক্রমে,**

**ড. সামস উদ্দিন আহমেদ**
**সদস্য (গ্রেড-১)**
**(কর নীতি)**

পরিশিষ্ট-১২

**গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার**
**অর্থ মন্ত্রণালয়**
**জাতীয় রাজস্ব বোর্ড**
**(আয়কর)**

**প্রজ্ঞাপন**

তারিখ: ২৯ আষাঢ়, ১৪৩০ বঙ্গাব্দ/ ১৩ জুলাই, ২০২৩ খ্রিষ্টাব্দ

**এস.আর.ও. নং ২২৫-আইন/আয়কর-৭/২০২৩।**— জাতীয় রাজস্ব বোর্ড, আয়কর আইন, ২০২৩ (২০২৩ সনের ১২ নং আইন) এর ধারা ৭৬ এর উপ-ধারা (১) এ প্রদত্ত ক্ষমতাবলে, সরকারি বেতন আদেশভুক্ত কর্মচারীদের সরকার কর্তৃক প্রদত্ত মূল বেতন, উৎসব ভাতা ও বোনাস, যে নামেই অভিহিত হউক না কেন, ব্যতীত অবসরকালে প্রদত্ত লাম্প গ্র্যান্টসহ কেবল সরকারি বেতন আদেশে উল্লিখিত অন্যান্য ভাতা ও সুবিধাদিকে প্রদেয় আয়কর হইতে এতদ্দ্বারা অব্যাহতি প্রদান করিল।

**ব্যাখ্যা**: এই প্রজ্ঞাপনে—

(১) সরকারি বেতন আদেশভুক্ত কর্মচারী বলিতে নিম্নবর্ণিত কর্মচারী বা ব্যক্তিকে বুঝাইবে, যথা:—

(ক) অর্থ মন্ত্রণালয়ের অর্থ বিভাগ কর্তৃক জারীকৃত,—

(অ) চাকরি (বেতন ও ভাতাদি) আদেশ, ২০১৫ এর অনুচ্ছেদ ১ এর উপ-অনুচ্ছেদ (৪) অনুযায়ী যে সকল কর্মচারীর জন্য উক্ত আদেশ প্রযোজ্য;

(আ) চাকরি [স্ব-শাসিত (Public Bodies) এবং রাষ্ট্রায়ত্ত প্রতিষ্ঠানসমূহ] (বেতন ও ভাতাদি) আদেশ, ২০১৫, এর অনুচ্ছেদ ১ এর উপ-অনুচ্ছেদ (৪) অনুযায়ী যে সকল কর্মচারীর জন্য উক্ত আদেশ প্রযোজ্য;

(ই) চাকরি (ব্যাংক, বীমা ও আর্থিক প্রতিষ্ঠান) (বেতন ও ভাতাদি) আদেশ, ২০১৫ এর অনুচ্ছেদ ১ এর উপ-অনুচ্ছেদ (৪) অনুযায়ী যে সকল কর্মচারীর জন্য উক্ত আদেশ প্রযোজ্য;

(ঈ) চাকরি (বাংলাদেশ পুলিশ) (বেতন ও ভাতাদি) আদেশ, ২০১৫ এর অনুচ্ছেদ ১ এর উপ-অনুচ্ছেদ (৪) অনুযায়ী যে সকল কর্মচারীর জন্য উক্ত আদেশ প্রযোজ্য;

(উ) চাকরি (বর্ডার গার্ড বাংলাদেশ) (বেতন ও ভাতাদি) আদেশ, ২০১৫ এর অনুচ্ছেদ ১ এর উপ-অনুচ্ছেদ (৪) অনুযায়ী যে সকল কর্মচারীর জন্য উক্ত আদেশ প্রযোজ্য;

(ঙ) বাংলাদেশ জুডিসিয়াল সার্ভিস (বেতন ও ভাতাদি) আদেশ, ২০১৬ এর অনুচ্ছেদ ১ এর উপ-অনুচ্ছেদ (৪) অনুযায়ী যে সকল কর্মচারীর জন্য উক্ত আদেশ প্রযোজ্য;

(খ) জাতীয় বেতনস্কেল, ২০১৫ এর আলোকে প্রতিরক্ষা মন্ত্রণালয় কর্তৃক জারীকৃত যৌথ বাহিনী নির্দেশাবলী (Joint Services Instructions) নম্বর ০১/২০১৬ এর অনুচ্ছেদ ২ অনুযায়ী যে সকল ব্যক্তিবর্গের জন্য উক্ত নির্দেশাবলী প্রযোজ্য; এবং

(গ) যিনি কোনো আইন, বিধি বা প্রবিধানের অধীন কোনো পদে নিয়োজিত থাকাকালীন সরাসরি সরকারি কোষাগার হইতে বেতন বা আর্থিক সুবিধা, যে নামেই অভিহিত হউক না কেন, প্রাপ্ত হন;

(২) সরকারি বেতন আদেশ বলিতে নিম্নবর্ণিত আদেশ বা, ক্ষেত্রমত, নির্দেশাবলীকে বুঝাইবে, যথা: —

(ক) অনুচ্ছেদ (১) এর উপ-অনুচ্ছেদ (ক)-তে উল্লিখিত বেতন স্কেল সংক্রান্ত আদেশ;

(খ) অনুচ্ছেদ (১) এর উপ-অনুচ্ছেদ (খ)-তে উল্লিখিত বেতন স্কেল সংক্রান্ত নির্দেশাবলী; এবং

(গ) কোনো আইন, বিধি বা প্রবিধানের অধীন কোনো পদে নিয়োজিত কর্মচারীর জন্য জারীকৃত বেতন বা আর্থিক সুবিধা সংক্রান্ত আদেশ।

২। এই প্রজ্ঞাপনের অধীন কর অব্যাহতিপ্রাপ্ত করদাতাগণ আয়কর আইন, ২০২৩ এর ষষ্ঠ তফসিলের অংশ-১ এর দফা (২৭) এ উল্লিখিত সুবিধা প্রাপ্য হইবেন না।

৩। ২২ জুন, ২০১৭ খ্রিষ্টাব্দ তারিখে জারীকৃত প্রজ্ঞাপন এস.আর.ও. নং ২১১-আইন/আয়কর/২০১৭ এতদ্দারা রহিত করা হইল।

৪। এই প্রজ্ঞাপন ১ জুলাই, ২০২৩ খ্রিষ্টাব্দ তারিখে কার্যকর হইয়াছে বলিয়া গণ্য হইবে।

**জাতীয় রাজস্ব বোর্ডের আদেশক্রমে,**

**আবু হেনা মোঃ রহমাতুল মুনিম**
সিনিয়র সচিব

অভ্যন্তরীণ সম্পদ বিভাগ, অর্থ মন্ত্রণালয়

ও

চেয়ারম্যান

জাতীয় রাজস্ব বোর্ড।

**গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার**
**অর্থ মন্ত্রণালয়**
**জাতীয় রাজস্ব বোর্ড**
**(আয়কর)**

**প্রজ্ঞাপন**

তারিখ: **১৪ ভাদ্র, ১৪৩০** বঙ্গাব্দ/**২৯ আগস্ট, ২০২৩** খ্রিষ্টাব্দ

**এস. আর. ও. নং ২৫৯-আইন/আয়কর-০৮/২০২৩।**—জাতীয় রাজস্ব বোর্ড, আয়কর আইন, ২০২৩ (২০২৩ সনের ১২ নং আইন) এর ধারা ৭৬ এর উপ-ধারা (১) এ প্রদত্ত ক্ষমতাবলে, উক্ত আইনের ধারা ১৬৩ এর উপ-ধারা (৫) এর সারণীর ক্রমিক নং ২ এর কলাম (২) এ উল্লিখিত কার্বনেটেড বেভারেজ এর উপর উহার বিপরীতে কলাম (৩) এ উল্লিখিত ন্যূনতম কর হার ৫% হইতে হ্রাস করিয়া ৩% এ নির্ধারণ করিল।

২। ইহা অবিলম্বে কার্যকর হইবে।

**রাষ্ট্রপতির আদেশক্রমে,**

**আবু হেনা মোঃ রহমাতুল মুনিম**

সিনিয়র সচিব
অভ্যন্তরীণ সম্পদ বিভাগ, অর্থ
মন্ত্রণালয়
ও
চেয়ারম্যান
জাতীয় রাজস্ব বোর্ড।

**গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার**
**অর্থ মন্ত্রণালয়**
**জাতীয় রাজস্ব বোর্ড**
**(আয়কর)**

**প্রজ্ঞাপন**

তারিখ: ১৭ আশ্বিন, ১৪৩০ বঙ্গাব্দ/ ০২ অক্টোবর, ২০২৩ খ্রিষ্টাব্দ

**এস. আর. ও. নং-২৭৮-আইন/আয়কর-১২/২০২৩।**—জাতীয় রাজস্ব বোর্ড, আয়কর আইন, ২০২৩ (২০২৩ সনের ১২ নং আইন), অত:পর উক্ত আইন বলিয়া উল্লিখিত, এর ধারা ৭৬ এর উপ-ধারা (১) এ প্রদত্ত ক্ষমতাবলে, ইস্পাহানী ইসলামিয়া আই ইনস্টিটিউট ও হাসপাতাল এর ব্যাংক সুদ হইতে অর্জিত আয় ব্যতীত চিকিৎসা সেবা হইতে উদ্ভূত আয়কে উক্ত আইনের অধীন আরোপণীয় আয়কর প্রদান হইতে, নিম্নবর্ণিত শর্ত সাপেক্ষে, ০৩(তিন) বছরের জন্য অব্যাহতি প্রদান করিল, যথা:-

**শর্তাবলি:**

(ক) এই প্রজ্ঞাপনের মাধ্যমে *অব্যাহতিপ্রাপ্ত সম্পূর্ণ আয় কেবল* ইস্পাহানী ইসলামিয়া আই ইনস্টিটিউট ও হাসপাতালের স্বাস্থ্যসেবা, স্বাস্থ্যশিক্ষা এবং এর উন্নয়ন কর্মকান্ডে ব্যয় করিতে হইবে;

(খ) উক্ত প্রতিষ্ঠানকে উক্ত আইনের ধারা 76 এর উপ-ধারা (5) এ বর্ণিত সকল শর্তাবলি পরিপালন করিতে হইবে;

(গ) উক্ত প্রতিষ্ঠানের হাসপাতাল কর্তৃক পরিচালিত মোট শয্যার অন্যূন ১০ (দশ) শতাংশ শয্যা দরিদ্র রোগীদের *বিনামূল্যে চিকিৎসার জন্য সংরক্ষিত* রাখিতে হইবে ও মোট অপারেশনের ১০ (দশ) শতাংশ অপারেশন দরিদ্র রোগীদের বিনামূল্যে সম্পন্ন করিতে হইবে এবং এতদ্‌বিষয়ে প্রদত্ত *সেবার হালনাগাদ তথ্য* উক্ত হাসপাতালের *নোটিশ বোর্ডে দৈনিক প্রদর্শন* করিতে হইবে;

(ঘ) সমজাতীয় অন্যান্য হাসপাতালের সেবা মূল্য অপেক্ষা হ্রাসকৃত মূল্যে সেবা প্রদান করিতে হইবে; এবং

(ঙ) উক্ত হাসপাতালের *দৃশ্যমান* কোনো *স্থানে এই* প্রজ্ঞাপনের সুস্পষ্ট মুদ্রিত কপি প্রদর্শন করিতে হইবে।

২। এই প্রজ্ঞাপন অবিলম্বে কার্যকর হইবে।

**জাতীয় রাজস্ব বোর্ডের আদেশক্রমে,**

আবু হেনা মোঃ রহমাতুল মুনিম
সিনিয়র সচিব
অভ্যন্তরীণ সম্পদ বিভাগ, অর্থ মন্ত্রণালয়
ও
চেয়ারম্যান
জাতীয় রাজস্ব বোর্ড

**গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার**
**অর্থ মন্ত্রণালয়**
**জাতীয় রাজস্ব বোর্ড**
**(আয়কর)**

**প্রজ্ঞাপন**

তারিখ: **১৭ আশ্বিন**, **১৪৩০**বঙ্গাব্দ/ **০২ অক্টোবর**, **২০২৩** খ্রিষ্টাব্দ

**এস. আর. ও. নং ২৭৯-আইন/আয়কর-১১/২০২৩।**—জাতীয় রাজস্ব বোর্ড, আয়কর আইন, ২০২৩ (২০২৩ সনের ১২ নং আইন) এর ধারা ৭৬ এর উপ-ধারা (১) এ প্রদত্ত ক্ষমতাবলে, ১৯৭১: গণহত্যা-নির্যাতন আর্কাইভ ও জাদুঘর ট্রাস্ট এর ব্যাংক সুদ হইতে অর্জিত আয় ব্যতীত অন্যান্য সকল প্রকার অনুদান এবং আয়কে উক্ত আইনের অধীন আরোপণীয় আয়কর প্রদান হইতে, নিম্নবর্ণিত শর্ত সাপেক্ষে, ১০ (দশ) বছরের জন্য অব্যাহতি প্রদান করিল, যথা:-

**শর্তাবলি:**

*(ক) এই প্রজ্ঞাপনের মাধ্যমে অব্যাহতিপ্রাপ্ত আয় কেবল ১৯৭১: গণহত্যা-নির্যাতন আর্কাইভ ও জাদুঘর ট্রাস্ট এর* পরিচালন ও *উন্নয়ন কর্মকান্ডে* ব্যয় *করিতে হইবে;*

*(খ) উক্ত ট্রাস্টকে উক্ত* আইনের *ধারা ৭৬ এর উপ-ধারা (৫) এ বর্ণিত সকল শর্তাবলি পরিপালন করিতে হইবে; এবং*

(গ) উক্ত ট্রাস্ট্রে প্রাপ্ত সকল অনুদান ব্যাংকিং চ্যানেলে গ্রহণ করিতে হইবে।

২। এই প্রজ্ঞাপন অবিলম্বে কার্যকর হইবে।

**জাতীয় রাজস্ব বোর্ডের আদেশক্রমে,**

**আবু হেনা মোঃ রহমাতুল মুনিম**
সিনিয়র সচিব
অভ্যন্তরীণ সম্পদ বিভাগ, অর্থ মন্ত্রণালয়
ও
চেয়ারম্যান
জাতীয় রাজস্ব বোর্ড

পরিশিষ্ট-১৬

**গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার**
**অর্থ মন্ত্রণালয়**
**জাতীয় রাজস্ব বোর্ড**
**(আয়কর)**

**প্রজ্ঞাপন**

**তারিখ: ১৮ আশ্বিন, ১৪৩০ বঙ্গাব্দ/ ০৩ অক্টোবর, ২০২৩ খ্রিষ্টাব্দ**

**এস. আর. ও. নং-২৮১-আইন/আয়কর-১৩/২০২৩।**-জাতীয় রাজস্ব বোর্ড, আয়কর আইন, ২০২৩ (২০২৩ সনের ১২ নং আইন), অতঃপর উক্ত আইন বলিয়া উল্লিখিত, এর ধারা ৭৬ এর উপ-ধারা (১) এ প্রদত্ত ক্ষমতাবলে, দেশের যে সকল কয়লাভিত্তিক বিদ্যুৎ উৎপাদনকারী Private Power Generation কোম্পানী ৩০ জুন, ২০২০ খ্রিস্টাব্দ তারিখের মধ্যে বিদ্যুৎ প্লান্ট স্থাপনের জন্য চুক্তিবদ্ধ হইয়াছে এবং যেইগুলির বাণিজ্যিক উৎপাদন ৩০ জুন, ২০২৪ খ্রিস্টাব্দ তারিখের মধ্যে শুরু হইবে সেই সকল Private Power Generation কোম্পানিকে, নিম্নবর্ণিত ক্ষেত্রসমূহে, নিম্নবর্ণিত শর্তাবলি সাপেক্ষে, উক্ত আইনের অধীন প্রদেয় কর হইতে অব্যাহতি প্রদান করিল, যথা:-

(ক) কেবল উহাদের বিদ্যুৎ উৎপাদন ব্যবসা হইতে অর্জিত আয়ের উপর, উহাদের বাণিজ্যিক উৎপাদনের তারিখ হইতে পরবর্তী ১৫ (পনেরো) বৎসরের জন্য;

(খ) কোম্পানিতে কর্মরত বিদেশী ব্যক্তিগণের আয়ের উপর, বাংলাদেশে তাহাদের আগমনের তারিখ হইতে পরবর্তী ৩ (তিন) বৎসরের জন্য;

(গ) কোম্পানী কর্তৃক গৃহীত বৈদেশিক ঋণের উপর প্রদেয় সুদের উপর;

(ঘ) কোম্পানি কর্তৃক প্রদেয় royalties, technical know-how and technical assistance fees এর উপর;

(ঙ) কোম্পানির শেয়ার হস্তান্তরের ফলে উদ্ভূত মূলধনী মুনাফার উপর।

**<u>শর্তাবলি:</u>**

(ক) কোম্পানিকে যথাযথভাবে হিসাব সংরক্ষণ করিতে হইবে এবং উক্ত আইনের সকল বিধানাবলি পরিপালন করিতে হইবে; এবং

(খ) কোম্পানিকে Private Sector Power Generation Policy of Bangladesh, 1996 এ নির্ধারিত সকল শর্তাবলি পূরণ করিতে হইবে এবং উক্ত Policy-তে বর্ণিত ব্যবস্থা অনুসারে কোম্পানিসমূহকে পরিচালিত হইতে হইবে।

২| ০১ জুলাই, ২০১৩ খ্রিষ্টাব্দ তারিখে জারীকৃত প্রজ্ঞাপন এস.আর.ও. নং ২১৩-আইন/আয়কর/২০১৩ এতদ্দ্বারা রহিত করা হইল।

৩। এই প্রজ্ঞাপন অবিলম্বে কার্যকর হইবে।

**জাতীয় রাজস্ব বোর্ডের আদেশক্রমে,**

**আবু হেনা মোঃ রহমাতুল মুনিম**
সিনিয়র সচিব

অভ্যন্তরীণ সম্পদ বিভাগ, অর্থ মন্ত্রণালয়

ও

চেয়ারম্যান

জাতীয় রাজস্ব বোর্ড।

পরিশিষ্ট-১৭

**গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার**
**অর্থ মন্ত্রণালয়**
**জাতীয় রাজস্ব বোর্ড**
**(আয়কর)**

**প্রজ্ঞাপন**

তারিখ**: ১৮ আশ্বিন**, **১৪৩০** বঙ্গাব্দ/ **০৩ অক্টোবর**, **২০২৩** খ্রিষ্টাব্দ

**এস. আর. ও. নং-২৮২-আইন/আয়কর-১৫/২০২৩।**—জাতীয় রাজস্ব বোর্ড, আয়কর আইন, ২০২৩ (২০২৩ সনের ১২ নং আইন) এর ধারা ৭৬ এর উপ-ধারা (১) এ প্রদত্ত ক্ষমতাবলে, ঢাকা এলিভেটেড এক্সপ্রেসওয়ে পিপিপি প্রকল্পে নিয়োজিত বিদেশি নাগরিকদের উক্ত প্রকল্প হইতে উদ্ভূত বেতন ও ভাতার উপর আরোপণীয় আয়কর প্রদান হইতে ০১/০৭/২০২৩ খ্রিস্টাব্দ তারিখ হইতে ৩০/০৬/২০২৬ খ্রিষ্টাব্দ তারিখ পর্যন্ত এতদ্দ্বারা অব্যাহতি প্রদান করিল।

**জাতীয় রাজস্ব বোর্ডের আদেশক্রমে,**

**আবু হেনা মোঃ রহমাতুল মুনিম**
সিনিয়র সচিব
অভ্যন্তরীণ সম্পদ বিভাগ, অর্থ মন্ত্রণালয়
ও
চেয়ারম্যান
জাতীয় রাজস্ব বোর্ড

পরিশিষ্ট-১৮

**গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার**
**অর্থ মন্ত্রণালয়**
**জাতীয় রাজস্ব বোর্ড**
**(আয়কর)**

**প্রজ্ঞাপন**

তারিখ: **২৬ আশ্বিন, ১৪৩০** বঙ্গাব্দ/ **১১ অক্টোবর, ২০২৩** খ্রিষ্টাব্দ

**এস.আর.ও নং ২৮৬-আইন/আয়কর-১৬/২০২৩/-** জাতীয় রাজস্ব বোর্ড, আয়কর আইন, ২০২৩ (২০২৩ সনের ১২ নং আইন) এর ধারা ৭৬ এর উপ-ধারা (১) এ প্রদত্ত ক্ষমতাবলে, নিম্নবর্ণিত সারণীর কলাম (১) এ উল্লিখিত উৎস হইতে অর্জিত আয়ের বিপরীতে কলাম (২) এ উল্লিখিত ধারার অধীন উৎসে কর্তিত করের পরিমাণকে চূড়ান্ত করদায় হিসেবে নির্ধারণ করিয়া উক্ত উৎস হইতে অর্জিত আয়ের বিপরীতে উদ্ভূত অতিরিক্ত কোনো করদায় পরিশোধ হইতে এতদ্দ্বারা অব্যাহতি প্রদান করিল, যথা:

**সারণী**

| **আয়ের উৎস** | **যে ধারার অধীন উৎসে কর কর্তনযোগ্য** | **যে সকল ব্যক্তির জন্য প্রযোজ্য** |
|---|---|---|
| (১) | (২) | (৩) |
| সম্পত্তি হস্তান্তর হইতে অর্জিত মূলধনি আয় | ১২৫ | সকল স্বাভাবিক ব্যক্তি করদাতা |

২। এই প্রজ্ঞাপন অবিলম্বে কার্যকর হইবে।

**জাতীয় রাজস্ব বোর্ডের আদেশক্রমে,**

**আবু হেনা মোঃ রহমাতুল মুনিম**
সিনিয়র সচিব
অভ্যন্তরীণ সম্পদ বিভাগ, অর্থ মন্ত্রণালয়
ও
চেয়ারম্যান
জাতীয় রাজস্ব বোর্ড

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জাতীয় রাজস্ব বোর্ড
রাজস্ব ভবন
প্লট-এফ ১/এ, আগারগাঁও, শের-ই-বাংলা নগর, ঢাকা।

*নথি: ৮.০১.০০০০.০২৭.০৭.০০২.২০(অংশ-২)* *তারিখ ঃ ২০/০৮/২০২৩ খ্রিঃ*

# বিষয়ঃ উৎসে কর কর্তন/সংগ্রহ সংক্রান্ত অধিক্ষেত্র আদেশ।

আয়কর আইন, ২০২৩ (২০২৩ সনের ১২ নং আইন) এর ধারা ৮ এর উপধারা ৪ এ প্রদত্ত ক্ষমতাবলে জাতীয় রাজস্ব বোর্ড উৎসে কর কর্তন/সংগ্রহ সংক্রান্ত অধিক্ষেত্র বিষয়ে ইতোপূর্বে জারীকৃত সকল আদেশ রহিত করে নিম্নরূপ আদেশ জারী করছে-

*(১)* আয়কর আইন, ২০২৩ এর ধারা ২*(৩১)* অনুযায়ী সংজ্ঞায়িত কোনো কোম্পানি কর্তৃক উৎসে কর্তিত বা সংগৃহীত কর, অনুচ্ছেদ *(২)* ব্যতীত অন্যান্য ক্ষেত্রে, তাদের কর নির্ধারণ (assessment) যে কর অঞ্চল/ইউনিট এর অধিক্ষেত্রাধীন সে কর অঞ্চল/ইউনিট এর অনুকুলে সরকারী কোষাগারে জমা প্রদান করতে হবে।

*(২)* তবে,

**(ক)** কোনো ব্যাংক (বাংলাদেশ ব্যাংক ব্যতীত) বা অন্যান্য আর্থিক প্রতিষ্ঠান কর্তৃক নিম্নবর্ণিত ক্ষেত্রে উৎসে কর্তিত বা
সংগৃহীত কর সারণী-**১** এর *৪* নং কলামে বর্ণিত কর অঞ্চল/ইউনিট এর অনুকূলে সরকারী কোষাগারে জমা প্রদান করতে হবে।

**সারণী-১**

| ক্রঃ নং | খাতসমূহ | উৎস কর কর্তন/আদায়ের স্থান বা এলাকা | যার অনুকুলে জমা প্রদান করতে হবে |
|---|---|---|---|
| (১) | (২) | (৩) | (৪) |
| ১ | সঞ্চয়পত্রের মুনাফা *(ধারা ১০৫)* | সমগ্র বাংলাদেশ | কর অঞ্চল-*১০*, ঢাকা |
| ২ | আন্তর্জাতিক ফোন কলের জন্য প্রাপ্ত অর্থ *(ধারা ১০৮)* | সমগ্র বাংলাদেশ | কর অঞ্চল-*১৫*, ঢাকা |
| ৩ | স্থানীয় ঋণপত্রের মাধ্যমে কমিশন হিসাবে প্রাপ্ত অর্থ | সমগ্র বাংলাদেশ | বৃহৎ করদাতা ইউনিট |

| | | | |
|---|---|---|---|
| | (ধারা ৯৭) | | |
| ৪ | রপ্তানি আয় হইতে<br>(ধারা ১২৩) | সমগ্র বাংলাদেশ | কর অঞ্চল-৪, ঢাকা |
| ৫ | বিদেশী ক্রেতার এজেন্টকে প্রদত্ত কমিশন বা পারিশ্রমিক পরিশোধ<br>(ধারা ১১৬) | ঢাকা জেলা | কর অঞ্চল-৬, ঢাকা |
| | | চট্টগ্রাম জেলা | কর অঞ্চল-৩, চট্টগ্রাম |
| | | অন্যান্য | সংশ্লিষ্ট কর অঞ্চল |
| ৬ | সঞ্চয়ী আমানত ও স্থায়ী আমানত, ইত্যাদি হইতে<br>(ধারা ১০২) | সমগ্র বাংলাদেশ | কর অঞ্চল-১, ঢাকা |
| ৭ | ঋণপত্রের কমিশন হিসাবে প্রাপ্ত অর্থ<br>(ধারা ৯৬) | সমগ্র বাংলাদেশ | বৃহৎ করদাতা ইউনিট |
| ৮ | কোনো সেবা, রেভিনিউ শেয়ারিং ইত্যাদি বাবদ বিদেশ হইতে প্রেরিত আয়<br>(ধারা ১২৪) | সমগ্র বাংলাদেশ | কর অঞ্চল-১১, ঢাকা |

**(খ)**

| **ক্রঃ নং** | **খাতসমূহ** | **উৎস কর কর্তন/আদায়ের স্থান বা এলাকা** | **যার অনুকূলে জমা প্রদান করতে হবে** |
|---|---|---|---|
| **(১)** | **(২)** | **(৩)** | **(৪)** |
| **১** | সিকিউরিটিজ হস্তান্তর হইতে<br>(ধারা ১৩৫) | ঢাকা জেলা | কর অঞ্চল-৩, ঢাকা |
| | | চট্টগ্রাম জেলা | কর অঞ্চল-৩, চট্টগ্রাম |
| **২** | স্টক এক্সচেঞ্জের শেয়ারহোল্ডারদের শেয়ার স্থানান্তর হইতে<br>(ধারা ১৩৬) | ঢাকা জেলা | কর অঞ্চল-৩, ঢাকা |
| | | চট্টগ্রাম জেলা | কর অঞ্চল-৩, চট্টগ্রাম |
| **৩** | স্টক এক্সচেঞ্জের সদস্যদের নিকট হইতে<br>(ধারা ১৩৭) | ঢাকা জেলা | কর অঞ্চল-৭, ঢাকা |
| | | চট্টগ্রাম জেলা | কর অঞ্চল-৩, চট্টগ্রাম |

*(৩)* আয়কর আইন, ২০২৩ এর ধারা **২*(৩১)*** অনুযায়ী কোম্পানী হিসেবে সংজ্ঞায়িত কিন্তু ধারা **১৬৬*(২)*** অনুযায়ী আয়কর *রিটার্ন* দাখিল হতে অব্যহতিপ্রাপ্ত এমন কোম্পানি *(*যেমন - *রিটার্ন* দাখিল হতে অব্যাহতি প্রাপ্ত সরকারের কোন কর্তৃপক্ষ বা সায়ত্বশাসিত সংস্থা, সরকারী বিশ্ববিদ্যালয়, বাংলাদেশ ব্যাংক, স্থানীয় কর্তৃপক্ষ ইত্যাদি*)* কর্তৃক নিম্নবর্ণিত ক্ষেত্রে উৎসে কর্তিত বা সংগৃহীত কর সারণী-**২** এর *৪* নং কলামে বর্ণিত কর অঞ্চল*/*ইউনিট এর অনুকূলে সরকারী কোষাগারে জমা প্রদান করতে হবে।

**সারণী-২**

| **ক্রঃ নং** | **খাতসমূহ** | **উৎস কর কর্তন/আদায়ের স্থান বা এলাকা** | **যার অনুকূলে জমা প্রদান করতে হবে** |
|---|---|---|---|
| *(১)* | *(২)* | *(৩)* | *(৪)* |
| ১। | চাকরি আয় হইতে<br>*(*ধারা ৮৬*)* | সমগ্র বাংলাদেশ | বেতনভোগী কর্মী *(বসঢ়ষড়ুবব)* যে কর অঞ্চল*/*ইউনিট এর করদাতা |
| ২। | সংসদ সদস্যদের সম্মানী হইতে<br>*(*ধারা ৮৭*)* | সমগ্র বাংলাদেশ | কর অঞ্চল-**১১**, ঢাকা |
| ৩। | ঠিকাদার, সরবরাহকারী ইত্যাদিকে প্রদত্ত অর্থ হইতে *:*<br>*(*ক*)* কোন চুক্তি সম্পাদন *(*অংশ ৭ এর অন্য কোনো ধারায় উল্লিখিত কোনো সেবা প্রদান সংশ্লিষ্ট চুক্তি ব্যতীত*);*<br>*(*খ*)* পণ্য সরবরাহ*;*<br>*(*গ*)* উৎপাদন, প্রক্রিয়াকরণ বা রূপান্তর*;*<br>*(*ঘ*)* মুদ্রণ, প্যাকেজিং বা বাঁধাই*;*<br>*(*ধারা ৮৯ এবং উৎসে কর বিধিমালা, ২০২৩ এর বিধি ৩*)* | ঢাকা জেলা | কর অঞ্চল-২, ঢাকা |
| | | চট্টগ্রাম জেলা | কর অঞ্চল-২, চট্টগ্রাম |
| | | অন্যান্য জেলা | সংশ্লিষ্ট কর অঞ্চল |
| ৪। | সেবার ক্ষেত্রে পরিশোধ হইতে *:*<br>*(*১*)* উপদেষ্টা পরামর্শ<br>*(*২*)* পেশাদার সেবা, প্রযুক্তিগত সেবা ফি, বা প্রযুক্তিগত সহায়তা ফি *(*ডাক্তার কর্তৃক প্রদত্ত পেশাগত সেবা ব্যতীত*)* | ঢাকা জেলা | কর অঞ্চল-৮, ঢাকা |
| | | চট্টগ্রাম জেলা | কর অঞ্চল-২, চট্টগ্রাম |
| | | অন্যান্য জেলা | সংশ্লিষ্ট কর অঞ্চল |

| | | | |
|---|---|---|---|
| | (ধারা ৯০ ও উৎসে কর বিধিমালা, ২০২৩ এর বিধি ৪) | | |
| ৫ (চলমান) | (২) পেশাগত সেবা (ডাক্তার কর্তৃক প্রদত্ত) (ধারা ৯০ ও উৎসে কর বিধিমালা, ২০২৩ এর বিধি ৪) | ঢাকা জেলা | কর অঞ্চল-১০, ঢাকা |
| | | চট্টগ্রাম জেলা | কর অঞ্চল-২, চট্টগ্রাম |
| | | অন্যান্য জেলা | সংশ্লিষ্ট কর অঞ্চল |
| ৫ (চলমান) | (৩) ক্যাটারিং; ক্লিনিং; সংগ্রহ এবং পুনরুদ্ধার এজেন্সি; ব্যক্তিগত নিরাপত্তা; জনবল সরবরাহ; ক্রিয়েটিভ মিডিয়া; জনসংযোগ; ইভেন্ট পরিচালনা; প্রশিক্ষণ; কর্মশালা পরিচালনা; কুরিয়ার সার্ভিস; প্যাকিং এবং শিফটিং; বা একই প্রকৃতির অন্যান্য সেবা<br>(৪) মিডিয়া ক্রয়ের এজেন্সি সেবা<br>(৫) ইন্ডেটিং কমিশন<br>(৬) মিটিং ফি, ট্রেনিং ফি বা সম্মানী<br>(৮) ক্রেডিট রেটিং সার্ভিস<br>(৯) মোটর গ্যারেজ বা ওয়ার্কশপ<br>(১০) ব্যক্তিগত কন্টেইনার পোর্ট বা ডকইয়ার্ড<br>(১১) শিপিং এজেন্সি কমিশন<br>(১২) স্টিভডোরিং/বার্থ অপারেশন কমিশন<br>(১৩) পরিবহন সেবা, গাড়ি ভাড়া, রাইড শেয়ারিং সেবা, ওয়াকিং স্পেস সরবরাহ সেবা, আবাসন সরবরাহ সেবাসহ যে কোন প্রকার শেয়ারিং ইকনোমিক প্লাটফর্ম<br>(১৪) বিদ্যুৎ সঞ্চালনায় নিয়োজিত হুইলিং চার্জ | ঢাকা জেলা | কর অঞ্চল-১৪, ঢাকা |
| | | চট্টগ্রাম জেলা | কর অঞ্চল-২,চট্টগ্রাম |
| | | অন্যান্য জেলা | সংশ্লিষ্ট কর অঞ্চল |

| | | | |
|---|---|---|---|
| | *(১৫)* ইন্টারনেট<br>*(১৬)* মোবাইল ফাইন্যান্সিয়াল সেবা অথবা তাদের চ্যানেল পার্টনারদের সার্ভিস ডেলিভারি এজেন্ট<br>*(১৭)* ব্যাংক, বিমা ও আর্থিক প্রতিষ্ঠান কর্তৃক প্রদত্ত সেবা ব্যতীত আয়কর আইন, ২০২৩ এর অংশ ৭ এ সুনির্দিষ্টকৃত নয় এমন যেকোনো সেবা<br>*(ধারা ৯০ ও উৎসে কর বিধিমালা, ২০২৩ এর বিধি ৪)* | | |
| ৫<br>(চলমান) | *(৭)* মোবাইল নেটওয়ার্ক অপারেটর, প্রযুক্তিগত সহায়তা সেবা প্রদানকারী বা মোবাইল ব্যাংকিং কার্যক্রমে নিযুক্ত সরবরাহকারী এজেন্ট<br>*(ধারা ৯০ ও উৎসে কর বিধিমালা, ২০২৩ এর বিধি ৪)* | সমগ্র বাংলাদেশ | বৃহৎ করদাতা ইউনিট |
| ৬। | স্পর্শাতীত সম্পত্তির জন্য পরিশোধিত অর্থ হইতে *:*<br>রয়্যালটিজ, ফ্র্যাঞ্চাইজ, লাইসেন্স, ট্রেডমার্ক, পেটেন্ট, কপিরাইট, শিল্প নকশা, উদ্ভিদের জাত, ভৌগলিক নির্দেশক পণ্য বা মেধাসত্ব সংক্রান্ত অন্য কোনো সম্পত্তি অথবা অভৌত বা অমূর্ত বা নিরাকার ***(রহঃধহমরনষবং)*** বিষয়<br>*(ধারা ৯১)* | ঢাকা জেলা | কর অঞ্চল-৮, ঢাকা |
| | | চট্টগ্রাম জেলা | কর অঞ্চল-২, চট্টগ্রাম |
| | | অন্যান্য জেলা | সংশ্লিষ্ট কর অঞ্চল |
| ৭। | প্রচার মাধ্যমের বিজ্ঞাপন আয় হইতে *:*<br>সংবাদপত্র, সাময়িকী, বেসরকারী টেলিভিশন চ্যানেল, বেসরকারী | ঢাকা জেলা | কর অঞ্চল-৫, ঢাকা |
| | | চট্টগ্রাম জেলা | কর অঞ্চল-৩, চট্টগ্রাম |
| | | অন্যান্য জেলা | সংশ্লিষ্ট কর অঞ্চল |

| | | | |
|---|---|---|---|
| | রেডিও স্টেশন, ইত্যাদিতে প্রচারিত বিজ্ঞাপন বা অন্য কোনো উদ্দেশ্যে পরিশোধ<br>*(ধারা ৯২)* | | |
| ৮। | অভিনেতা, অভিনেত্রী, প্রযোজক, ইত্যাদি ব্যক্তিকে পরিশোধিত অর্থ<br>*(ধারা ৯৩)* | সমগ্র বাংলাদেশ | কর অঞ্চল-১২, ঢাকা |
| ৮। | কমিশন, ডিসকাউন্ট, ফি, ইত্যাদি<br>*(ধারা ৯৪)* | ঢাকা জেলা | কর অঞ্চল-১২, ঢাকা |
| | | চট্টগ্রাম জেলা | কর অঞ্চল-৪, চট্টগ্রাম |
| | | অন্যান্য জেলা | সংশ্লিষ্ট কর অঞ্চল |
| ৯। | ট্রাভেল এজেন্ট নিকট হইতে<br>*(ধারা ৯৫)* | ঢাকা জেলা | কর অঞ্চল-৪, ঢাকা |
| | | চট্টগ্রাম জেলা | কর অঞ্চল-২, চট্টগ্রাম |
| | | অন্যান্য জেলা | সংশ্লিষ্ট কর অঞ্চল |
| ১০। | সেলুলার মোবাইল ফোন অপারেটর কর্তৃক পরিশোধ<br>*(ধারা ৯৮)* | সমগ্র বাংলাদেশ | বৃহৎ করদাতা ইউনিট |
| ১১। | জীবন বিমা পলিসির প্রিমিয়ামের অতিরিক্ত কোন পরিশোধ<br>*(ধারা ৯৯)* | সমগ্র বাংলাদেশ | বৃহৎ করদাতা ইউনিট |
| ১২। | বিমার কমিশনের অর্থ<br>*(ধারা ১০০)* | সমগ্র বাংলাদেশ | বৃহৎ করদাতা ইউনিট |
| ১৩। | সাধারণ বিমা কোম্পানির জরিপকারীদের ফি, ইত্যাদি হইতে<br>*(ধারা ১০১)* | সমগ্র বাংলাদেশ | বৃহৎ করদাতা ইউনিট |
| ১৪। | সঞ্চয়ী আমানত ও স্থায়ী আমানত, ইত্যাদির হইতে<br>*(ধারা ১০২)* | সমগ্র বাংলাদেশ | কর অঞ্চল-১, ঢাকা |
| ১৫। | পোষ্ট অফিস সঞ্চয় ব্যাংকে রক্ষিত অর্থের উপর সুদ<br>*(ধারা ১০৩)* | ঢাকা জেলা | কর অঞ্চল-৯, ঢাকা |
| | | চট্টগ্রাম জেলা | কর অঞ্চল-৪, চট্টগ্রাম |
| | | অন্যান্য জেলা | সংশ্লিষ্ট কর অঞ্চল |

| | | | |
|---|---|---|---|
| ১৬। | নিবাসীর সুদ আয়<br>*(ধারা ১০৪)* | সমগ্র বাংলাদেশ | কর অঞ্চল-১, ঢাকা |
| ১৭। | সঞ্চয়পত্রের মুনাফা<br>*(ধারা ১০৫)* | সমগ্র বাংলাদেশ | কর অঞ্চল-১০, ঢাকা |
| ১৮। | সিকিউরিটিজের সুদ বা মুনাফা<br>*(ধারা ১০৬)* | সমগ্র বাংলাদেশ | বৃহৎ করদাতা ইউনিট |
| ১৯। | বাংলাদেশ ব্যাংক বিলের প্রকৃত মূল্যের ছাড়ের উপর<br>*(ধারা ১০৭)* | সমগ্র বাংলাদেশ | বৃহৎ করদাতা ইউনিট |
| ২০। | আন্তর্জাতিক ফোন কলের জন্য প্রাপ্ত অর্থ<br>*(ধারা ১০৮)* | সমগ্র বাংলাদেশ | কর অঞ্চল-১৫, ঢাকা |
| ২১। | ভাড়া হইতে<br>*(ধারা ১০৯)* | ঢাকা জেলা | কর অঞ্চল-৭, ঢাকা |
| | | চট্টগ্রাম জেলা | কর অঞ্চল-২, চট্টগ্রাম |
| | | অন্যান্য জেলা | সংশ্লিষ্ট কর অঞ্চল |
| ২২। | কনভেনশন হল, কনফারেন্স সেন্টার, ইত্যাদি হইতে সেবা প্রদান<br>*(ধারা ১১০)* | ঢাকা জেলা | কর অঞ্চল-৪, ঢাকা |
| | | চট্টগ্রাম জেলা | কর অঞ্চল-৪, চট্টগ্রাম |
| | | অন্যান্য জেলা | সংশ্লিষ্ট কর অঞ্চল |
| ২৩। | সম্পত্তি অধিগ্রহণের ক্ষতিপূরণ হইতে<br>*(ধারা ১১১)* | ঢাকা জেলা | কর অঞ্চল-১৫, ঢাকা |
| | | চট্টগ্রাম জেলা | কর অঞ্চল-২, চট্টগ্রাম |
| | | অন্যান্য জেলা | সংশ্লিষ্ট কর অঞ্চল |
| ২৪। | নগদ রপ্তানি ভর্তুকির উপর<br>*(ধারা ১১২)* | সমগ্র বাংলাদেশ | কর অঞ্চল-৪, ঢাকা |
| ২৫। | পরিবহন মাশুল ফরওয়ার্ড এজেন্সি কমিশন<br>*(ধারা ১১৩)* | ঢাকা জেলা | কর অঞ্চল-৬, ঢাকা |
| | | চট্টগ্রাম জেলা | কর অঞ্চল-৩, চট্টগ্রাম |
| | | অন্যান্য জেলা | সংশ্লিষ্ট কর অঞ্চল |
| ২৬। | বিদ্যুৎ ক্রয়ের বিপরীতে পরিশোধ<br>*(ধারা ১১৪)* | ঢাকা জেলা | কর অঞ্চল-১৩, ঢাকা |
| | | চট্টগ্রাম জেলা | কর অঞ্চল-৩, চট্টগ্রাম |

| | | | |
|---|---|---|---|
| | | অন্যান্য জেলা | সংশ্লিষ্ট কর অঞ্চল |
| ২৭। | রিয়েল এস্টেট উন্নয়নকারীর (ডেভলপার) নিকট হইতে ভূমির মালিক কর্তৃক প্রাপ্ত আয় (ধারা ১১৫) | ঢাকা জেলা | কর অঞ্চল-৫, ঢাকা |
| | | চট্টগ্রাম জেলা | কর অঞ্চল-২, চট্টগ্রাম |
| | | অন্যান্য জেলা | সংশ্লিষ্ট কর অঞ্চল |
| ২৮। | বিদেশী ক্রেতার্ এজেন্টকে প্রদত্ত কমিশন বা পারিশ্রমিক (ধারা ১১৬) | ঢাকা জেলা | কর অঞ্চল-৬, ঢাকা |
| | | চট্টগ্রাম জেলা | কর অঞ্চল-৩, চট্টগ্রাম |
| | | অন্যান্য জেলা | সংশ্লিষ্ট কর অঞ্চল |
| ২৯। | লভ্যাংশ (ধারা ১১৭) | ঢাকা জেলা | কর অঞ্চল-১৩, ঢাকা |
| | | চট্টগ্রাম জেলা | কর অঞ্চল-৪, চট্টগ্রাম |
| | | অন্যান্য জেলা | সংশ্লিষ্ট কর অঞ্চল |
| ৩০ | লটারি, ইত্যাদি হইতে (ধারা ১১৮) | ঢাকা জেলা | কর অঞ্চল-৯, ঢাকা |
| | | চট্টগ্রাম জেলা | কর অঞ্চল-৩, চট্টগ্রাম |
| | | অন্যান্য জেলা | সংশ্লিষ্ট কর অঞ্চল |
| ৩১। | অনিবাসীর আয়: (ধারা ১১৯)<br>(১) উপদেষ্টা বা পরামর্শ<br>(২) প্রি-শিপমেন্ট পরিদর্শন<br>(৩) পেশাদার সেবা, প্রযুক্তিগত সেবা ফি, বা প্রযুক্তিগত সহায়তা ফি<br>(৪) আর্কিটেকচার, ইন্টেরিয়র ডিজাইন বা ল্যান্ডস্কেপ ডিজাইন, ফ্যাশন ডিজাইন বা প্রসেস ডিজাইন<br>(৫) সার্টিফিকেশন, রেটিং ইত্যাদি<br>(৬) স্যাটেলাইট, এয়ারটাইম বা ফ্রিকোয়েন্সি ব্যবহার বাবদ ভাড়া বা অন্য কোনো ব্যয়/চ্যানেল সম্প্রচার বাবদ ভাড়া<br>(৭) আইনি সেবা | সমগ্র বাংলাদেশ | কর অঞ্চল-১১, ঢাকা |

| | | | |
|---|---|---|---|
| | (৮) ইভেন্ট ম্যানেজমেন্টসহ ব্যবস্থাপনা সেবা<br>(৯) কমিশন<br>(১০) রয়্যালটি, লাইসেন্স ফি বা স্পর্শাতীত *(রহঃধহমরনষবং)* পরিশোধ<br>(১১) সুদ<br>(১২) বিজ্ঞাপন সম্প্রচার<br>(১৩) বিজ্ঞাপন নির্মাণ ও ডিজিটাল মার্কেটিং<br>(১৪) বিমান পরিবহন বা নৌ পরিবহন<br>(১৫) কন্ট্রাক্ট বা সাব-কন্ট্রাক্ট<br>(১৬) সরবরাহ<br>(১৭) মূলধনি মুনাফা<br>(১৮) বীমা প্রিমিয়াম<br>(১৯) যন্ত্রপাতি, সরঞ্জাম ইত্যাদি ভাড়া<br>(২০) লভ্যাংশ<br>১. কোম্পানি, তহবিল বা ট্রাস্ট<br>২. কোম্পানি, তহবিল বা ট্রাস্ট ব্যতীত অন্যান্য ব্যক্তি<br>(২১) শিল্পী, গায়ক/গায়িকা, খেলোয়াড়<br>(২২) বেতন বা পারিশ্রমিক<br>(২৩) পেট্রোলিয়াম অপারেশনের অনুসন্ধান বা ড্রিলিং<br>(২৪) কয়লা, তেল বা গ্যাস অনুসন্ধানের জন্য সমীক্ষা<br>(২৫) জেনারেল ইন্স্যুরেন্স কোম্পানির সার্ভেয়ার ফি ইত্যাদি<br>(২৬) তেল বা গ্যাসক্ষেত্রে এবং এর রপ্তানি পয়েন্টের মধ্যে | | |

| | | | |
|---|---|---|---|
| | সংযোগ স্থাপনের জন্য যেকোনো সেবা<br>(২৭) ব্যান্ডউইদ বাবদ পরিশোধ<br>(২৮) কুরিয়ার সার্ভিস<br>(২৯) অন্য কোন পরিশোধ<br>(ধারা ১১৯ ও উৎসে কর বিধিমালা, ২০২৩ এর বিধি ৫) | | |
| ৩২। | আমদানিকারকদের নিকট হইতে (ধারা ১২০ ও উৎসে কর বিধিমালা, ২০২৩ এর বিধি ৭) | ঢাকা জেলা | কর অঞ্চল-১৪, ঢাকা |
| | | চট্টগ্রাম জেলা | কর অঞ্চল-১, চট্টগ্রাম |
| | | অন্যান্য জেলা | সংশ্লিষ্ট কর অঞ্চল |
| ৩৩। | জনশক্তি রপ্তানি<br>(ধারা ১২১) | সমগ্র বাংলাদেশ | কর অঞ্চল-৪, ঢাকা |
| ৩৪। | ক্লিয়ারিং ও ফরওয়ার্ডিং এজেন্টদের নিকট হইতে (ধারা ১২২) | ঢাকা জেলা | কর অঞ্চল-১৫, ঢাকা |
| | | চট্টগ্রাম জেলা | কর অঞ্চল-৩, চট্টগ্রাম |
| | | অন্যান্য জেলা | সংশ্লিষ্ট কর অঞ্চল |
| ৩৫। | রপ্তানি বাবদ প্রাপ্তি<br>(ধারা ১২৩) | সমগ্র বাংলাদেশ | কর অঞ্চল-৪, ঢাকা |
| ৩৬। | সম্পত্তি হস্তান্তর, ইত্যাদি হইতে (ধারা ১২৫ ও উৎসে কর বিধিমালা, ২০২৩ এর বিধি ৬) | ঢাকা জেলা | কেন্দ্রীয় জরীপ অঞ্চল |
| | | চট্টগ্রাম জেলা | কর অঞ্চল-৪, চট্টগ্রাম |
| | | অন্যান্য জেলা | সংশ্লিষ্ট কর অঞ্চল |
| ৩৭। | রিয়েল এস্টেট বা ভূমি উন্নয়নকারীর নিকট হইতে (ধারা ১২৬) ও *(উৎসে কর বিধিমালা, ২০২৩ এর বিধি ৬ ক)* | ঢাকা জেলা | কর অঞ্চল-৫, ঢাকা |
| | | চট্টগ্রাম জেলা | কর অঞ্চল-৪, চট্টগ্রাম |
| | | অন্যান্য জেলা | সংশ্লিষ্ট কর অঞ্চল |
| ৩৮। | সরকারি ষ্ট্যাম্প, কোর্ট ফি, কার্টিজ পেপার বাবদ পরিশোধিত কমিশন (ধারা ১২৭) | ঢাকা জেলা | কর অঞ্চল-৩, ঢাকা |
| | | চট্টগ্রাম জেলা | কর অঞ্চল-১, চট্টগ্রাম |
| | | অন্যান্য জেলা | সংশ্লিষ্ট কর অঞ্চল |
| ৩৯। | সম্পত্তির ইজারা হইতে | ঢাকা জেলা | কেন্দ্রীয় জরীপ অঞ্চল |

| | | | |
|---|---|---|---|
| | (ধারা ১২৮) | চট্টগ্রাম জেলা | কর অঞ্চল-৪, চট্টগ্রাম |
| | | অন্যান্য জেলা | সংশ্লিষ্ট কর অঞ্চল |
| ৪০। | সিগারেট উৎপাদনকারী (ধারা ১২৯) | ঢাকা জেলা | কর অঞ্চল-১০, ঢাকা |
| | | চট্টগ্রাম জেলা | কর অঞ্চল-৪, চট্টগ্রাম |
| | | অন্যান্য জেলা | সংশ্লিষ্ট কর অঞ্চল |
| ৪১। | ইট প্রস্তুতকারক (ধারা ১৩০) | ঢাকা জেলা | কর অঞ্চল-৭, ঢাকা |
| | | চট্টগ্রাম জেলা | কর অঞ্চল-৪, চট্টগ্রাম |
| | | অন্যান্য জেলা | সংশ্লিষ্ট কর অঞ্চল |
| ৪২। | ট্রেড লাইসেন্স প্রদান বা নবায়নের সময় (ধারা ১৩১) | ঢাকা জেলা | কর অঞ্চল-৩, ঢাকা |
| | | চট্টগ্রাম জেলা | কর অঞ্চল-২, চট্টগ্রাম |
| | | অন্যান্য জেলা | সংশ্লিষ্ট কর অঞ্চল |
| ৪৩। | নিবাসী করদাতার জাহাজ ব্যবসা (ধারা ১৩২) | ঢাকা জেলা | কর অঞ্চল-১০, ঢাকা |
| | | চট্টগ্রাম জেলা | কর অঞ্চল-৪, চট্টগ্রাম |
| | | অন্যান্য জেলা | সংশ্লিষ্ট কর অঞ্চল |
| ৪৪। | প্রকাশ্য নিলামের বিক্রি হইতে (ধারা ১৩৩) | ঢাকা জেলা | কর অঞ্চল-৯, ঢাকা |
| | | চট্টগ্রাম জেলা | কর অঞ্চল-৪, চট্টগ্রাম |
| | | অন্যান্য জেলা | সংশ্লিষ্ট কর অঞ্চল |
| ৪৫। | অ-তালিকাভুক্ত কোম্পানির শেয়ার হস্তান্তর (ধারা ১৩৪) | সমগ্র বাংলাদেশ | সংশ্লিষ্ট কোম্পানি যে কর অঞ্চলে অধিক্ষেত্রাধীন |
| ৪৬। | বাণিজ্যিকভাবে পরিচালিত মোটরযানের অগ্রিম কর (ধারা ১৩৮) | সমগ্র বাংলাদেশ | কেন্দ্রীয় জরীপ অঞ্চল |
| ৪৭। | নৌযান পরিচালনা হতে অগ্রিম কর (ধারা ১৩৯) | ঢাকা জেলা | কর অঞ্চল-৫, ঢাকা |
| | | চট্টগ্রাম জেলা | কর অঞ্চল-৩, চট্টগ্রাম |
| | | অন্যান্য জেলা | সংশ্লিষ্ট কর অঞ্চল |

| | | | |
|---|---|---|---|
| ৪৮। | ব্যক্তিগত মোটরগাড়ির মালিকগণের নিকট হতে অগ্রিম কর ও পরিবেশ সারচার্জ (ধারা ১৫৩) | সমগ্র বাংলাদেশ | কেন্দ্রীয় জরীপ অঞ্চল |

(সৈয়দ মোহাম্মদ আবু দাউদ)
সদস্য (কর প্রশাসন ও মানবসম্পদ ব্যবস্থাপনা)
জাতীয় রাজস্ব বোর্ড

## অর্থ আইন, ২০২৩ এর তৃতীয় অধ্যায়

## আয়কর আইন, ২০২৩ (২০২৩ সনের ১২ নং আইন)

৮। **আয়কর।—**

(১) উপ-ধারা (৩) এর বিধানাবলি সাপেক্ষে, ২০২৩ সালের ১ জুলাই তারিখে আরদ্ধ কর বৎসরের জন্য কোনো কর নির্ধারণের ক্ষেত্রে এই আইনের তফসিল-২ এর প্রথম অংশে নির্দিষ্ট করহার অনুযায়ী আয়কর ধার্য হইবে।

(২) যে সকল ক্ষেত্রে আয়কর আইন, ২০২৩ (২০২৩ সনের ১২ নং আইন) এর তফসিল প্রযোজ্য হইবে (লটারি আয় সংক্রান্ত), সেই সকল ক্ষেত্রে আরোপণযোগ্য কর উক্ত তফসিল অনুসারেই ধার্য করা হইবে, কিন্তু করের হার নির্ধারণের ক্ষেত্রে উপ-ধারা (১) এর বিধান প্রয়োগ করিতে হইবে।

(৩) আয়কর আইন, ২০২৩ (২০২৩ সনের ১২ নং আইন) এর অংশ ৭ অনুসারে কর কর্তনের নিমিত্ত তফসিল-২ এ (আয়কর হার সংক্রান্ত) বর্ণিত হার ২০২৩ সালের ১ জুলাই তারিখে আরদ্ধ এবং ২০২৪ সালের ৩০ জুন তারিখে সমাপ্য বৎসরের জন্য প্রযোজ্য হইবে।

(৪) এই ধারায় এবং এই ধারার অধীন আরোপিত আয়কর হারের উদ্দেশ্যে ব্যবহৃত "মোট আয়" অর্থ আয়কর আইন, ২০২৩ (২০২৩ সনের ১২ নং আইন) এর বিধান অনুসারে নিরূপিত মোট আয়।

(৫) কোনো স্কুল, কলেজ, বিশ্ববিদ্যালয় বা এনজিওতে সেবা গ্রহণকারী প্রতিবন্ধী ব্যক্তিগণের সেবাস্থলে গম্যতার ক্ষেত্রে এবং সেবা প্রদানে দেশে বলবৎ আইনি বিধান অনুযায়ী উপযুক্ত ব্যবস্থা না রাখিলে ২০২৩ সালের ১ জুলাই তারিখে আরদ্ধ করবর্ষ হইতে উক্ত প্রতিষ্ঠানের ক্ষেত্রে প্রযোজ্য করের ৫% (পাঁচ শতাংশ) অতিরিক্ত কর ধার্য করা হইবে।

(৬) কোনো করদাতা নিয়োগকারী কর্তৃপক্ষ হিসাবে প্রতিষ্ঠানে কর্মরত মোট জনবলের অন্যূন্য ১০% (দশ শতাংশ) অথবা ২৫ (পঁচিশ) জনের অধিক কর্মচারী প্রতিবন্ধী ব্যক্তিগণের মধ্য হইতে নিয়োগ করিলে উক্ত করদাতাকে প্রদেয় করের ৫% (পাঁচ শতাংশ) অথবা প্রতিবন্ধী ব্যক্তি-কর্মচারীগণের পরিশোধিত মোট বেতনের ৭৫% (পঁচাত্তর শতাংশ), যাহা কম, কর রেয়াত প্রদান করা হইবে।

(৭) কোনো করদাতা নিয়োগকারী কর্তৃপক্ষ হিসাবে প্রতিষ্ঠানে কর্মরত মোট জনবলের ১০% (দশ শতাংশ) অথবা ২৫ (পঁচিশ) জনের অধিক কর্মচারী তৃতীয় লিঙ্গের ব্যক্তিগণের মধ্য হইতে হইতে নিয়োগ করিলে উক্ত করদাতাকে প্রদেয় করের ৫% (পাঁচ শতাংশ) অথবা তৃতীয় লিঙ্গের কর্মচারীগণের পরিশোধিত

মোট বেতনের ৭৫% (পঁচাত্তর শতাংশ), যাহা কম, কর রেয়াত প্রদান করা হইবে।

৯। **সারচার্জ।—**

আয়কর আইন, ২০২৩ (২০২৩ সনের ১২ নং আইন) এর আওতায় ২০২৩ সালের ১ জুলাই হইতে আরব্ধ করবর্ষের জন্য কোনো কর নির্ধারণের ক্ষেত্রে তফসিল-২ এর দ্বিতীয় অংশে ও তৃতীয় অংশে নির্দিষ্ট হার অনুযায়ী সারচার্জ ধার্য হইবে।

পরিশিষ্ট-২১

**তফসিল-২**

**প্রথম অংশ**

**(অর্থ আইন, ২০২৩ এর ধারা ৮ দ্রষ্টব্য)**

**১ জুলাই, ২০২৩ তারিখে আরব্ধ কর বৎসরের জন্য আয়করের হার**

**অনুচ্ছেদ-ক**

আয়কর আইন, ২০২৩ (২০২৩ সনের ১২ নং আইন) এর ধারা ২(৬৯) এ সংজ্ঞায়িত ব্যক্তিগণের মধ্যে অনিবাসী বাংলাদেশীসহ সকল স্বাভাবিক ব্যক্তি, হিন্দু অবিভক্ত পরিবার ও ফার্মের ক্ষেত্রে মোট আয়ের উপর আয়করের হার নিম্নরূপ হইবে, যথা:-

| মোট আয় | হার |
|---|---|
| (ক) প্রথম ৩,৫০,০০০/- টাকা পর্যন্ত মোট আয়ের উপর -- | শূন্য |
| (খ) পরবর্তী ১,০০,০০০/- টাকা পর্যন্ত মোট আয়ের উপর -- | ৫% |
| (গ) পরবর্তী ৩,০০,০০০/- টাকা পর্যন্ত মোট আয়ের উপর -- | ১০% |
| (ঘ) পরবর্তী ৪,০০,০০০/- টাকা পর্যন্ত মোট আয়ের উপর -- | ১৫% |
| (ঙ) পরবর্তী ৫,০০,০০০/- টাকা পর্যন্ত মোট আয়ের উপর-- | ২০% |
| (চ) অবশিষ্ট মোট আয়ের উপর -- | ২৫% |

:

তবে শর্ত থাকে যে,-

(ক) মহিলা করদাতা এবং ৬৫ বৎসর বা তদূর্ধ্ব বয়সের করদাতার করমুক্ত আয়ের সীমা হইবে ৪,০০,০০০/- টাকা;

(খ) তৃতীয় লিঙ্গের করদাতা এবং প্রতিবন্ধী স্বাভাবিক ব্যক্তি করদাতার করমুক্ত আয়ের সীমা হইবে ৪,৭৫,০০০/- টাকা;

(গ) গেজেটভুক্ত যুদ্ধাহত মুক্তিযোদ্ধা করদাতার করমুক্ত আয়ের সীমা হইবে ৫,০০,০০০/- টাকা;

(ঘ) কোনো প্রতিবন্ধী ব্যক্তির পিতামাতা বা আইনানুগ অভিভাবকের প্রত্যেক সন্তান/পোষ্যের জন্য করমুক্ত আয়ের সীমা ৫০,০০০/- টাকা অধিক হইবে; প্রতিবন্ধী ব্যক্তির পিতা ও মাতা উভয়েই করদাতা হইলে যেকোনো একজন এই সুবিধা ভোগ করিবেন;

(ঙ) মোট আয় করমুক্ত আয়ের সীমা অতিক্রম করিলে ন্যূনতম করের পরিমাণ কোনো ভাবেই নিম্নরূপে বর্ণিত হারের কম হইবে না, যথা:-

| এলাকার বিবরণ | ন্যূনতম করের হার (টাকা) |
|---|---|
| ঢাকা উত্তর সিটি কর্পোরেশন , ঢাকা দক্ষিণ সিটি কর্পোরেশন ও চট্টগ্রাম সিটি কর্পোরেশন এলাকায় অবস্থিত করদাতা | ৫,০০০/- |
| অন্যান্য সিটি কর্পোরেশন এলাকায় অবস্থিত করদাতা | ৪,০০০/- |
| সিটি কর্পোরেশন ব্যতীত অন্যান্য এলাকায় অবস্থিত করদাতা | ৩,০০০/- |

(চ) কোনো করদাতা যদি স্বল্প উন্নত এলাকা (less developed area) বা সবচেয়ে কম উন্নত এলাকায় (least developed area) অবস্থিত কোনো ক্ষুদ্র বা কুটির শিল্পের মালিক হন এবং উক্ত কুটির শিল্পের দ্রব্যাদি উৎপাদনে নিয়োজিত থাকেন, তাহা হইলে তিনি উক্ত ক্ষুদ্র বা কুটির শিল্প হইতে উদ্ভূত আয়ের উপর নিম্নবর্ণিত হারে আয়কর রেয়াত লাভ করিবেন, যথা :-

| | **বিবরণ** | **রেয়াতের হার** |
|---|---|---|
| (অ) | যেক্ষেত্রে সংশ্লিষ্ট বৎসরের উৎপাদনের পরিমাণ পূর্ববর্তী বৎসরের উৎপাদনের পরিমাণের তুলনায় ১৫% এর অধিক, কিন্তু ২৫% এর অধিক নহে | সেইক্ষেত্রে উক্ত আয়ের উপর প্রদেয় আয়করের ৫%; |
| (আ) | যেক্ষেত্রে সংশ্লিষ্ট বৎসরের উৎপাদনের পরিমাণ পূর্ববর্তী বৎসরের উৎপাদনের | সেইক্ষেত্রে উক্ত আয়ের উপর প্রদেয় আয়করের ১০%। |

পরিমাণের তুলনায় ২৫% এর
অধিক হয়

(জ) বাংলাদেশে অনিবাসী (অনিবাসী বাংলাদেশি ব্যতীত) এইরূপ সকল করদাতার জন্য এই অনুচ্ছেদ প্রযোজ্য হইবে না;

**ব্যাখ্যা।-** এই অনুচ্ছেদে-

(১) প্রতিবন্ধী ব্যক্তি (person with disability) বলিতে প্রতিবন্ধী ব্যক্তির অধিকার ও সুরক্ষা আইন, ২০১৩ (২০১৩ সনের ৩৯ নং আইন) এর ধারা ৩১ মোতাবেক প্রতিবন্ধী হিসেবে নিবন্ধিত ব্যক্তিকে বুঝাইবে; এবং

(২) ''সবচেয়ে কম উন্নত এলাকা (least developed area)'' বা ''স্বল্প উন্নত এলাকা (less developed area)'' অর্থ আয়কর আইন, ২০২৩ (২০২৩ সনের ১২ নং আইন) এর এর বিধান অনুসারে বোর্ড কর্তৃক নির্দিষ্টকৃত সবচেয়ে কম উন্নত এলাকা (least developed area) বা স্বল্প উন্নত এলাকা (less developed area)।

**"অনুচ্ছেদ-খ**

ব্যক্তিসংঘ, ট্রাস্ট, তহবিল এবং কোম্পানি, যাহাদের ক্ষেত্রে অনুচ্ছেদ-ক প্রযোজ্য হইবে না, সেই সকল প্রত্যেক করদাতা, যাহাদের ক্ষেত্রে আয়কর আইন, ২০২৩ (২০২৩ সনের ১২ নং আইন) অনুযায়ী আয়কর আরোপিত হয়-

(১) ''যে কোম্পানির রেজিস্ট্রিকৃত অফিস বাংলাদেশে অবস্থিত সেই কোম্পানি হইতে লব্ধ ডিভিডেন্ড আয় ব্যতিরেকে অন্য'' সর্ব প্রকার আয়ের উপর-

(ক) দফা (খ), (গ), (ঘ) এবং (ঙ) তে বর্ণিত কোম্পানিসমূহের ক্ষেত্র ব্যতীত-

| | | |
|---|---|---|
| (অ) | এইরূপ প্রত্যেকটি publicly traded company কোম্পানির যাহাদের পরিশোধিত মূলধনের ১০% এর অধিক শেয়ার IPO (Initial Public Offering) এর মাধ্যমে হস্তান্তরিত হইয়াছে তাহাদের ক্ষেত্রে- | উক্ত আয়ের ২০% :<br><br>তবে শর্ত থাকে যে, সকল প্রকার আয় ও প্রাপ্তি এবং প্রত্যেক একক লেনদেনে পাঁচ লক্ষ টাকার অধিক ও বার্ষিক সর্বমোট ছত্রিশ লক্ষ টাকার উর্ধ্বে সকল প্রকার ব্যয় ও বিনিয়োগ ব্যাংক ট্রান্সফারের মাধ্যমে সম্পন্ন করিতে ব্যর্থ হইলে উপরি-উক্ত করহার উক্ত আয়ের ২২.৫% হইবে; |
| (আ) | এইরূপ প্রত্যেকটি publicly traded company কোম্পানির যাহাদের পরিশোধিত মূলধনের ১০% বা ১০% এর কম শেয়ার IPO (Initial Public Offering) এর মাধ্যমে হস্তান্তরিত হইয়াছে তাহাদের ক্ষেত্রে- | উক্ত আয়ের ২২.৫% :<br><br>তবে শর্ত থাকে যে, সকল প্রকার আয় ও প্রাপ্তি এবং প্রত্যেক একক লেনদেনে পাঁচ লক্ষ টাকার অধিক ও বার্ষিক সর্বমোট ছত্রিশ লক্ষ টাকার উর্ধ্বে সকল প্রকার ব্যয় ও বিনিয়োগ ব্যাংক ট্রান্সফারের মাধ্যমে সম্পন্ন করিতে ব্যর্থ হইলে উপরি-উক্ত |

করহার উক্ত আয়ের ২৫% হইবে;

(ই) এক ব্যক্তি কোম্পানির ক্ষেত্রে — উক্ত আয়ের ২২.৫%: তবে শর্ত থাকে যে, সকল প্রকার আয় ও প্রাপ্তি এবং প্রত্যেক একক লেনদেনে পাঁচ লক্ষ টাকার অধিক ও বার্ষিক সর্বমোট ছত্রিশ লক্ষ টাকার উর্ধ্বে সকল প্রকার ব্যয় ও বিনিয়োগ ব্যাংক ট্রান্সফারের মাধ্যমে সম্পন্ন করিতে ব্যর্থ হইলে উপরি-উক্ত করহার উক্ত আয়ের ২৫% হইবে;

(ঈ) এইরূপ প্রত্যেকটি কোম্পানির ক্ষেত্রে যাহা publicly traded company নহে, এবং আয়কর আইন, ২০২৩ (২০২৩ সনের ১২ নং আইন) এর ধারা ২(৩১) এর আওতাধীন অন্যান্য কোম্পানির ক্ষেত্রে- — উক্ত আয়ের ২৭.৫%:

তবে শর্ত থাকে যে, সকল প্রকার আয় ও প্রাপ্তি এবং প্রত্যেক একক লেনদেনে পাঁচ লক্ষ টাকার অধিক ও বার্ষিক সর্বমোট ছত্রিশ লক্ষ টাকার উর্ধ্বে সকল প্রকার ব্যয় ও বিনিয়োগ ব্যাংক ট্রান্সফারের মাধ্যমে সম্পন্ন করিতে ব্যর্থ হইলে উপরি-উক্ত করহার উক্ত আয়ের ৩০% হইবে;

(খ) ব্যাংক, বীমা প্রতিষ্ঠান ও আর্থিক প্রতিষ্ঠানসমূহ (মার্চেন্ট ব্যাংক ব্যতীত):

(অ) এইরূপ প্রত্যেকটি কোম্পানির ক্ষেত্রে যাহা publicly traded company- — উক্ত আয়ের ৩৭.৫%;

| | | |
|---|---|---|
| (আ) | এইরূপ প্রত্যেকটি কোম্পানির ক্ষেত্রে যাহা publicly traded company নহে: | উক্ত আয়ের ৪০%; |
| (গ) | মার্চেন্ট ব্যাংক এর ক্ষেত্রে- | উক্ত আয়ের ৩৭.৫%; |
| (ঘ) | সিগারেট, বিড়ি, জর্দা, গুলসহ সকল প্রকার তামাকজাত পণ্য প্রস্তুতকারক কোম্পানির ক্ষেত্রে- | উক্ত আয়ের ৪৫%; |
| (ঙ) | মোবাইল ফোন অপারেটর কোম্পানির ক্ষেত্রে - | উক্ত আয়ের ৪৫%: |
| | | তবে শর্ত থাকে যে, মোবাইল ফোন অপারেটর কোম্পানি যদি উহার পরিশোধিত মূলধনের ন্যূনতম ১০% শেয়ার, যাহার মধ্যে Pre Initial Public Offering Placement ৫% এর অধিক থাকিতে পারিবে না, স্টক এক্সচেঞ্জের মাধ্যমে হস্তান্তর করত: Publicly traded company তে রূপান্তরিত হয় সেই ক্ষেত্রে করের হার হইবে ৪০%: |
| | | আরও শর্ত থাকে যে, যদি এইরূপ কোম্পানি উহার পরিশোধিত মূলধনের ন্যূনতম ২০% শেয়ার Initial Public Offering (IPO) এর মাধ্যমে হস্তান্তর করে, তাহা হইলে এইরূপ কোম্পানি উক্ত হস্তান্তর |

| | | |
|---|---|---|
| | | সংশ্লিষ্ট বৎসরে প্রযোজ্য আয়করের উপর ১০% হারে আয়কর রেয়াত লাভ করিবে; |
| (২) | কোম্পানি এবং ব্যক্তিসংঘ নহে, বাংলাদেশে অনিবাসী (অনিবাসী বাংলাদেশি ব্যতীত) এইরূপ অন্যান্য সকল করদাতার ক্ষেত্রে আয়ের উপর প্রযোজ্য কর- | উক্ত আয়ের ৩০%; |
| (৩) | কোম্পানি নহে, সিগারেট, বিড়ি, জর্দা, গুলসহ সকল প্রকার তামাকজাত পণ্য প্রস্তুতকারক এইরূপ করদাতার উক্ত ব্যবসায় হইতে অর্জিত আয়ের উপর প্রযোজ্য কর- | উক্ত আয়ের ৪৫%; |
| (৪) | কোম্পানি নহে, ট্রাস্ট, তহবিল, ব্যক্তিসংঘ এবং অন্যান্য করারোপযোগ্য সত্তার ক্ষেত্রে আয়ের উপর প্রযোজ্য কর- | উক্ত আয়ের ২৭.৫%:<br><br>তবে শর্ত থাকে যে, সকল প্রকার আয় ও প্রাপ্তি এবং প্রত্যেক একক লেনদেনে পাঁচ লক্ষ টাকার অধিক ও বার্ষিক সর্বমোট ছত্রিশ লক্ষ টাকার উর্ধ্বে সকল প্রকার ব্যয় ও বিনিয়োগ ব্যাংক ট্রান্সফারের মাধ্যমে সম্পন্ন করিতে ব্যর্থ হইলে উপরি-উক্ত করহার উক্ত আয়ের ৩০% হইবে। |
| (৫) | সমবায় সমিতি আইন, ২০০১ (২০০১ সনের ৪৭ নং আইন) অনুযায়ী নিবন্ধিত সমবায় সমিতির ক্ষেত্রে আয়ের উপর প্রযোজ্য কর- | উক্ত আয়ের ১৫%; |
| (৬) | বেসরকারি বিশ্ববিদ্যালয়, বেসরকারি মেডিক্যাল কলেজ, বেসরকারি ডেন্টাল কলেজ, বেসরকারি ইঞ্জিনিয়ারিং কলেজ বা কেবলমাত্র তথ্যপ্রযুক্তি বিষয়ে শিক্ষাদানে নিয়োজিত বেসরকারি কলেজ এর উদ্ভূত আয়ের উপর প্রযোজ্য কর- | উক্ত আয়ের ১৫%: |

**ব্যাখ্যা।-** এই অনুচ্ছেদে "publicly traded company"বলিতে এইরূপ কোনো পাবলিক লিমিটেড কোম্পানিকে বুঝাইবে যাহা কোম্পানী আইন, ১৯৯৪ (১৯৯৪ সনের ১৮ নং আইন) অনুসারে বাংলাদেশে নিবন্ধিত এবং যে আয় বৎসরের আয়কর নির্ধারণ করা হইবে সেই আয় বৎসর সমাপ্তির পূর্বে উক্ত কোম্পানিটির শেয়ার স্টক এক্সচেঞ্জে তালিকাভুক্ত হইয়াছে।

**দ্বিতীয় অংশ**

**(অর্থ আইন, ২০২৩ এর ধারা ৯ দ্রষ্টব্য)**

**সারচার্জের হার**

অনুচ্ছেদ ক

স্বাভাবিক ব্যক্তি করদাতার ক্ষেত্রে, আয়কর আইন, ২০২৩ (২০২৩ সনের ১২ নং আইন) এর ধারা ১৬৭ অনুযায়ী পরিসম্পদ ও দায়ের বিবরণীতে প্রদর্শিত নিম্নবর্ণিত সম্পদের ভিত্তিতে, এই অনুচ্ছেদ এর অধীন সারচার্জ পরিগণনার পূর্বে পরিবেশ সারচার্জ ব্যতীত নির্ধারিত প্রদেয় করের উপর নিম্নরূপ হারে সারচার্জ প্রদেয় হইবে, যথা:-

| সম্পদ | সারচার্জের হার |
|---|---|
| (ক)নীট পরিসম্পদের মূল্যমান চার কোটি টাকা পর্যন্ত- | শূন্য |
| (খ) নীট পরিসম্পদের মূল্যমান চার কোটি টাকার অধিক কিন্তু দশ কোটি টাকার অধিক নহে;<br>বা, নিজ নামে একের অধিক মোটর গাড়ি<br>বা, মোট ৮,০০০বর্গফুটের অধিক আয়তনের গৃহ-সম্পত্তি | ১০% |
| (গ) নীট পরিসম্পদের মূল্যমান দশ কোটি টাকার অধিক কিন্তু বিশ কোটি টাকার অধিক নহে- | ২০% |
| (ঘ) নীট পরিসম্পদের মূল্যমান বিশ কোটি টাকার অধিক কিন্তু পঞ্চাশ কোটি টাকার অধিক নহে- | ৩০% |
| (ঙ) নীট পরিসম্পদের মূল্যমান পঞ্চাশ কোটি টাকার অধিক হইলে | ৩৫% |

ব্যাখ্যা।-

এই অনুচ্ছেদে-

(১) "নীট পরিসম্পদের মূল্যমান" বলতে আয়কর আইন, ২০২৩ (২০২৩ সনের ১২ নং আইন) এর ধারা ১৬৭ অনুযায়ী পরিসম্পদ ও দায়ের বিবরণীতে প্রদর্শনযোগ্য নীট পরিসম্পদের মূল্যমান বুঝাইবে; এবং

(২) “মোটর গাড়ি” বলিতে বাস, মিনিবাস, কোস্টার, প্রাইম মুভার, ট্রাক, লরি, ট্যাংক লরি, পিকআপ ভ্যান, হিউম্যান হলার, অটোরিকশা ও মোটর সাইকেল ব্যতীত অন্যান্য মোটরযান অন্তর্ভূক্ত হইবে।

অনুচ্ছেদ খ

সিগারেট, বিড়ি, জর্দা, গুলসহ সকল প্রকার তামাকজাত পণ্য প্রস্তুতকারক করদাতার উক্ত ব্যবসায় হইতে অর্জিত আয়ের উপর ২.৫% হারে সারচার্জ প্রদেয় হইবে।

## তৃতীয় অংশ

**(অর্থ আইন, ২০২৩ এর ধারা ৯ দ্রষ্টব্য)**

## পরিবেশ সারচার্জের হার

কোন করদাতা যাহার নামে একাধিক মোটর গাড়ি, অতঃপর গাড়ি বলিয়া উল্লিখিত,থাকিলে তাহার একের অধিক প্রত্যেকটি গাড়ির জন্য নিম্নবর্ণিত সারণীতে উল্লিখিত হারে, নিম্নবর্ণিত শর্ত সাপেক্ষে, পরিবেশ সারচার্জ প্রদেয় হইবে, যথা:-

**সারণী**

| ক্রমিক নং | মোটর গাড়ির বর্ণনা | পরিবেশ সারচার্জের হার (টাকায়) |
|---|---|---|
| ১। | ১৫০০ সিসি বা ৭৫ কিলোওয়াট পর্যন্ত প্রতিটি মোটর গাড়ির জন্য | ২৫,০০০ |
| ২। | ১৫০০ সিসি বা ৭৫ কিলোওয়াটের অধিক কিন্তু ২০০০ সিসি বা ১০০ কিলোওয়াটের অধিক নহে এমন প্রতিটি মোটর গাড়ির জন্য | ৫০,০০০ |
| ৩। | ২০০০ সিসি বা ১০০ কিলোওয়াটের অধিক কিন্তু ২৫০০ সিসি বা ১২৫ কিলোওয়াটের অধিক নহে এমন প্রতিটি মোটর গাড়ির জন্য | ৭৫,০০০ |
| ৪। | ২৫০০ সিসি বা ১২৫ কিলোওয়াটের অধিক কিন্তু ৩০০০ সিসি বা ১৫০ কিলোওয়াটের অধিক নহে এমন প্রতিটি মোটর গাড়ির জন্য | ১,৫০,০০০ |
| ৫। | ৩০০০ সিসি বা ১৫০ কিলোওয়াটের অধিক কিন্তু ৩৫০০ সিসি বা ১৭৫ কিলোওয়াটের অধিক নহে এমন প্রতিটি মোটর গাড়ির জন্য | ২,০০,০০০ |
| ৬। | ৩৫০০ সিসি বা ১৭৫ কিলোওয়াটের অধিক এমন প্রতিটি মোটর গাড়ির জন্য | ৩,৫০,০০০ |

শর্তাবলি:

(ক) একাধিক গাড়ির ক্ষেত্রে যেই গাড়ির উপর সর্বনিম্ন হারে পরিবেশ সারচার্জ আরোপিত হইয়াছে সেই গাড়ি ব্যতীত অন্যান্য গাড়ির বিপরীতে পরিবেশ সারচার্জ পরিশোধ করিতে হইবে;

(খ) পরিবেশ সারচার্জ গাড়ির নিবন্ধন বা ফিটনেস নবায়নকালে নিবন্ধন বা ফিটনেস নবায়নকারী কর্তৃপক্ষ কর্তৃক উৎসে সংগৃহীত হইবে;

(গ) একাধিক বৎসরের জন্য গাড়ির নিবন্ধন বা ফিটনেস নবায়ন করা হইলে যেই অর্থ বৎসরে গাড়ির নিবন্ধন বা ফিটনেস নবায়ন করা হইয়াছে তৎপরবর্তী অর্থ বৎসরগুলোর ৩০ জুন তারিখের মধ্যে প্রযোজ্য হারে পরিবেশ সারচার্জ পরিশোধ করিতে হইবে;

(ঘ) যেইক্ষেত্রে কোন করদাতা শর্ত (গ) মোতাবেক উৎসে পরিবেশ সারচার্জ পরিশোধ করিতে ব্যর্থ হন সেইক্ষেত্রে নিবন্ধন বা ফিটনেস নবায়নকালে ***ক + খ*** নিয়মানুযায়ী পরিবেশ সারচার্জ হার নির্ধারিত হইবে, যেখানে-

***ক*** = বিগত বৎসর বা বৎসরগুলোতে অপরিশোধিত পরিবেশ সারচার্জের পরিমাণ,

***খ*** = যেই বৎসরে করদাতা পরিবেশ সারচার্জ পরিশোধ করছেন সেই অর্থ বৎসরের জন্য নির্ধারিত পরিবেশ সারচার্জের পরিমাণ;

(ঙ) একাধিক বৎসরের জন্য গাড়ির নিবন্ধন বা ফিটনেস নবায়ন করার ক্ষেত্রে প্রতিবৎসর আয়কর রিটার্ন দাখিলের পূর্বে পরিবেশ সারচার্জ পরিশোধ করা না হইলে উপকর কমিশনার আয়কর রিটার্ন প্রসেস বা কর নির্ধারণকালে উহা আদায় করিবেন;

(চ) এই অংশের অধীন প্রদেয় পরিবেশ সারচার্জ প্রত্যর্পনযোগ্য বা অন্যকোন প্রকারের কর বা সারচার্জের সহিত সমন্বয়যোগ্য হইবে না;

(ছ) এই অংশের উদ্দেশ্যে "**মোটর গাড়ি**" বলিতে বাস, মিনিবাস, কোস্টার, প্রাইম মুভার, ট্রাক, লরি, ট্যাংক লরি, পিকআপ ভ্যান, হিউম্যান হলার, অটোরিকশা ও মোটর সাইকেল ব্যতীত অন্যান্য মোটরযান অন্তর্ভূক্ত হইবে।

পরিশিষ্ট-২২

## সরকারি কোষাগারে আয়কর জমার জন্য কর অঞ্চলভিত্তিক একাউন্ট কোড

| কর অঞ্চল | আয়কর - কোম্পানি সমূহ | আয়কর - কোম্পানি ব্যতীত | অন্যান্য ফি সমূহ |
|---|---|---|---|
| কর অঞ্চল-১, ঢাকা | ১-১১৪১-০০০১-০১০১ | ১-১১৪১-০০০১-০১১১ | ১-১১৪১-০০০১-১৮৭৬ |
| কর অঞ্চল-২, ঢাকা | ১-১১৪১-০০০৫-০১০১ | ১-১১৪১-০০০৫-০১১১ | ১-১১৪১-০০০৫-১৮৭৬ |
| কর অঞ্চল-৩, ঢাকা | ১-১১৪১-০০১০-০১০১ | ১-১১৪১-০০১০-০১১১ | ১-১১৪১-০০১০-১৮৭৬ |
| কর অঞ্চল-৪, ঢাকা | ১-১১৪১-০০১৫-০১০১ | ১-১১৪১-০০১৫-০১১১ | ১-১১৪১-০০১৫-১৮৭৬ |
| কর অঞ্চল-৫, ঢাকা | ১-১১৪১-০০২০-০১০১ | ১-১১৪১-০০২০-০১১১ | ১-১১৪১-০০২০-১৮৭৬ |
| কর অঞ্চল-৬, ঢাকা | ১-১১৪১-০০২৫-০১০১ | ১-১১৪১-০০২৫-০১১১ | ১-১১৪১-০০২৫-১৮৭৬ |
| কর অঞ্চল-৭, ঢাকা | ১-১১৪১-০০৩০-০১০১ | ১-১১৪১-০০৩০-০১১১ | ১-১১৪১-০০৩০-১৮৭৬ |
| কর অঞ্চল-৮, ঢাকা | ১-১১৪১-০০৩৫-০১০১ | ১-১১৪১-০০৩৫-০১১১ | ১-১১৪১-০০৩৫-১৮৭৬ |
| কর অঞ্চল-৯, ঢাকা | ১-১১৪১-০০৮০-০১০১ | ১-১১৪১-০০৮০-০১১১ | ১-১১৪১-০০৮০-১৮৭৬ |
| কর অঞ্চল-১০, ঢাকা | ১-১১৪১-০০৮৫-০১০১ | ১-১১৪১-০০৮৫-০১১১ | ১-১১৪১-০০৮৫-১৮৭৬ |
| কর অঞ্চল-১১, ঢাকা | ১-১১৪১-০০৯০-০১০১ | ১-১১৪১-০০৯০-০১১১ | ১-১১৪১-০০৯০-১৮৭৬ |
| কর অঞ্চল-১২, ঢাকা | ১-১১৪১-০০৯৫-০১০১ | ১-১১৪১-০০৯৫-০১১১ | ১-১১৪১-০০৯৫-১৮৭৬ |
| কর অঞ্চল-১৩, ঢাকা | ১-১১৪১-০১০০-০১০১ | ১-১১৪১-০১০০-০১১১ | ১-১১৪১-০১০০-১৮৭৬ |
| কর অঞ্চল-১৪, ঢাকা | ১-১১৪১-০১০৫-০১০১ | ১-১১৪১-০১০৫-০১১১ | ১-১১৪১-০১০৫-১৮৭৬ |
| কর অঞ্চল-১৫, ঢাকা | ১-১১৪১-০১১০-০১০১ | ১-১১৪১-০১১০-০১১১ | ১-১১৪১-০১১০-১৮৭৬ |
| কর অঞ্চল-১, চট্টগ্রাম | ১-১১৪১-০০৪০-০১০১ | ১-১১৪১-০০৪০-০১১১ | ১-১১৪১-০০৪০-১৮৭৬ |
| কর অঞ্চল-২, চট্টগ্রাম | ১-১১৪১-০০৪৫-০১০১ | ১-১১৪১-০০৪৫-০১১১ | ১-১১৪১-০০৪৫-১৮৭৬ |
| কর অঞ্চল-৩, চট্টগ্রাম | ১-১১৪১-০০৫০-০১০১ | ১-১১৪১-০০৫০-০১১১ | ১-১১৪১-০০৫০-১৮৭৬ |
| কর অঞ্চল-৪, চট্টগ্রাম | ১-১১৪১-০১৩৫-০১০১ | ১-১১৪১-০১৩৫-০১১১ | ১-১১৪১-০১৩৫-১৮৭৬ |
| কর অঞ্চল- খুলনা | ১-১১৪১-০০৫৫-০১০১ | ১-১১৪১-০০৫৫-০১১১ | ১-১১৪১-০০৫৫-১৮৭৬ |
| কর অঞ্চল- রাজশাহী | ১-১১৪১-০০৬০-০১০১ | ১-১১৪১-০০৬০-০১১১ | ১-১১৪১-০০৬০-১৮৭৬ |
| কর অঞ্চল- রংপুর | ১-১১৪১-০০৬৫-০১০১ | ১-১১৪১-০০৬৫-০১১১ | ১-১১৪১-০০৬৫-১৮৭৬ |
| কর অঞ্চল- সিলেট | ১-১১৪১-০০৭০-০১০১ | ১-১১৪১-০০৭০-০১১১ | ১-১১৪১-০০৭০-১৮৭৬ |
| কর অঞ্চল- বরিশাল | ১-১১৪১-০০৭৫-০১০১ | ১-১১৪১-০০৭৫-০১১১ | ১-১১৪১-০০৭৫-১৮৭৬ |
| কর অঞ্চল- গাজীপুর | ১-১১৪১-০১২০-০১০১ | ১-১১৪১-০১২০-০১১১ | ১-১১৪১-০১২০-১৮৭৬ |
| কর অঞ্চল- নারায়ণগঞ্জ | ১-১১৪১-০১১৫-০১০১ | ১-১১৪১-০১১৫-০১১১ | ১-১১৪১-০১১৫-১৮৭৬ |
| কর অঞ্চল- বগুড়া | ১-১১৪১-০১৪০-০১০১ | ১-১১৪১-০১৪০-০১১১ | ১-১১৪১-০১৪০-১৮৭৬ |
| কর অঞ্চল- কুমিল্লা | ১-১১৪১-০১৩০-০১০১ | ১-১১৪১-০১৩০-০১১১ | ১-১১৪১-০১৩০-১৮৭৬ |
| কর অঞ্চল- ময়মনসিংহ | ১-১১৪১-০১২৫-০১০১ | ১-১১৪১-০১২৫-০১১১ | ১-১১৪১-০১২৫-১৮৭৬ |
| বৃহৎ করদাতা ইউনিট | ১-১১৪৫-০০১০-০১০১ | ১-১১৪৫-০০১০-০১১১ | ১-১১৪৫-০০১০-১৮৭৬ |
| কেন্দ্রীয় জরীপ অঞ্চল | ১-১১৪৫-০০০৫-০১০১ | ১-১১৪৫-০০০৫-০১১১ | ১-১১৪৫-০০০৫-১৮৭৬ |